বিজ্ঞাপন।

বিগত ১৩০০ সনে এই গ্রন্থখানির প্রথমখণ্ড রাবণবধকাব্য নামে আমি একবার মুদ্রিত করিয়া প্রকাশ করিতে চেষ্টা করিয়াছিলাম, কিন্তু দুঃখের বিষয় কি বলিব নিদারুণদৈবদুর্ব্বিপাকে আমার সমস্তপরিশ্রমই ব্যর্থ হইয়াছিল। আমার যে কিরূপ সর্ব্বনাশ হইয়াছিল তাহা পাঠকগণ ক্রমে জানিতে পারিবেন। গ্রন্থখানি প্রকাশ করা দূরে থাকুক মুদ্রাঙ্কণকার্য্যও সুষ্ঠুরূপে নির্ব্বাহ হইয়াছিল না। কেবলমাত্র ৫।৭ জনব্যক্তি ব্যতীত পুস্তকখানির কথা অপরে জানিয়াছিলেন কিনা সন্দেহ। দুর্ভাগ্যবশতঃ যে মুদ্রাযন্ত্রে গ্রন্থখানি দেওয়া হইয়াছিল তাহাও নিতান্তঅকর্ম্মণ্য যুটিয়াছিল; এমন কি কোন কোন স্থানে দুই একপৃষ্ঠা ছাপাই হয় নাই, কোন স্থানে যে লাইন আমি কাটিয়া দিয়াছি তাহাও মুদ্রিত হইয়াছে, অথচ যাহা সংশোধন করিয়া দিয়াছি তাহা অমুদ্রিত রহিয়াছে; তাহাতে আবার আমি প্রূফ্ দেখিতে না পারায় পুস্তকখানি সম্পূর্ণরূপে প্রকাশের অযোগ্য হইয়াছিল। যাহাহউক গ্রন্থখানি যে পুনশ্চ প্রকাশিত করিব এরূপ আশা ও বাসনা আমার মনে ছিল না, কিন্তু বন্ধুবান্ধবের একান্ত অনুরোধে ও উৎসাহে উৎসাহিত হইয়া পুনশ্চ প্রকাশ করিলাম, এক্ষণ পাঠকগণের নিকট সানুনয় নিবেদন এই যে পূর্ব্বমুদ্রিত অমার্জ্জিত ও অসংশোধিত গ্রন্থখানির বিষয় বিস্মৃত হইয়া এই নবপ্রকাশিত এবং পরিশোধিত গ্রন্থখানি অনুগ্রহপূর্ব্বক আদ্যোপান্ত পাঠ করিয়া আমার শ্রম সার্থক করুন্। আমার অজ্ঞতাবশতঃ পুস্তকখানিতে নানারূপভ্রমপ্রমাদ ও দোষাদি দৃষ্ট হইতে পারে, পাঠকগণ নিজগুণে ক্ষমা করিয়া দোষ পরিহারপূর্ব্বক

যদি গ্রহণোপযোগী যৎকিঞ্চিৎ গুণ থাকে তবে তাহা গ্রহণ করিয়া চরিতার্থ করুন্ এই প্রার্থনা।

বঙ্গভাষায় এপর্য্যন্ত যে প্রণালীতে কবিতা রচিত হইতেছে আমি সে প্রণালী অবলম্বন না করিয়া সম্পূর্ণরূপ ভিন্নপন্থা অবলম্বন করিয়াছি। বঙ্গভাষায় সংস্কৃতচ্ছন্দঃ চালাইতে অনেকেই যথেষ্ট চেষ্টা করিয়াছেন কিন্তু এপর্য্যন্ত কেহই প্রকৃতরূপে কৃতকার্য্য হইতে পারেন নাই; আমিও যে কৃতকার্য্য হইয়াছি এরূপকথা বলিনা; তবে ছন্দগুলি আমি এরূপভাবে গ্রথিত করিয়াছি যে বালক বৃদ্ধ যুবা যে কেহই হউন পাঠ করিতে পারিলেই ছন্দঃসমূহ অনায়াসে অনর্গল নির্গত হইবে, হ্রস্বদীর্ঘাদি উচ্চারণ করিবার জন্য কোন ক্লেশই করিতে হইবে না। বঙ্গভাষায় দীর্ঘ-উচ্চারণের ব্যবহার না থাকায় দীর্ঘস্বরশব্দগুলি টানিয়া পাঠ করিতে হয় যথা "দ্বিজ ভারত তোটকছন্দ ভনে" "রেসতি রেসতি কাঁদিল পশুপতি" ইত্যাদিতে 'ভা' 'তো' 'রে' 'কাঁ' ইত্যাদি শব্দ টানিয়া পাঠ করিতে হয় নচেৎ ছন্দরক্ষা হয় না; এবং এই জন্যই বঙ্গভাষায় এপর্য্যন্ত সংস্কৃতছন্দ লিখিয়া কেহ তৃপ্তিলাভ করিতে পারেন নাই। কিন্তু আমি দীর্ঘ-উচ্চারণ স্থানে কেবলমাত্র যুক্তাক্ষরের পূর্ব্ব-অক্ষর গুরু হয় এই নিয়মানুসারে দীর্ঘ-উচ্চারণ রক্ষা করিয়াছি যথা 'কর শীঘ্র বিবর্জ্জিত চিন্তভয়ে' এস্থলে 'শী' 'ব' 'চি' স্বতই দীর্ঘ উচ্চারিত হইবে, "শীঘ্র" শব্দ উচ্চারণ যে কেহই করুন 'শী' গুরু হইবেই হইবে। এইরূপ নিয়মে আমি সমস্ত গ্রন্থখানি রচনা করিয়াছি, তবে ক্বচিৎ কোনস্থানে ব্যক্তিগণের নাম ব্যবহারে অন্য উপায় না পাইয়া প্রতিজ্ঞাভঙ্গ করিতে হইয়াছে যথা "ভরদ্বাজ" "কৈকয়ী" এসবস্থলে ছন্দের গতি অনুসারে পাঠকগণ পাঠ করিবেন। তদ্ব্যতীত ভুজঙ্গপ্রয়াতচ্ছন্দেও আমি ইচ্ছাপূর্ব্বক দুই একস্থলে দীর্ঘস্বর ব্যবহার করিয়াছি কারণ ছন্দটী স্বতই বঙ্গ-

ভাষায় কিঞ্চিৎ কঠিন বলিয়া বোধ হইয়াছে। এইরূপ দুই একটি স্থানব্যতীত আর কোনখানেই দীর্ঘস্বর ব্যবহৃত হয় নাই; যদিও হইয়াছে তবু তার পশ্চাতে যুক্তাক্ষর নিশ্চয়ই আছে। বস্তুতঃ ভাষায় বর্ণবিন্যাসে দীর্ঘস্বর আছে অথচ উচ্চারণে নাই ইহা যুক্তিসঙ্গত নহে। লিখিতে 'নীরব' লিখিত হয় কিন্তু উচ্চারণে 'নিরব' হইবে ইহা কেমন কেমন লাগে, দীর্ঘস্বরব্যবহারের সার্থকতা থাকে না। অপর কেবল যে সংস্কৃতছন্দশাস্ত্রোক্তছন্দই ব্যবহার করিয়াছি তাহা নহে, আমার স্বরচিত ছন্দও বহু আছে, কিন্তু সেগুলিতেও হ্রস্বদীর্ঘ এবং মাত্রা ঠিকরূপে ব্যবহৃত হইয়াছে। তবলা পাখোয়াজ প্রভৃতির বোলের মাত্রানুসারেও কোন কোন ছন্দঃ রচিত হইয়াছে, যথা চৌতালের একটী পড়ন্ "ধাকেটে ধাকেটে তাকেটে তাকেটে তাকা থুন্ থুন্ গদিন ত্রান্ ধাত্রেকেট্ ধা কেটে গদিন ত্রাণ কৎ তেটে তেটে ঘেগে তেটে তেটে গদিন ত্রাণ" ইত্যাদিতে যোগচিহ্ন শব্দগুলিতে মাত্রা নির্দ্দিষ্ট আছে, তদনুসারে আমার কুরঙ্গনর্ত্তনচ্ছন্দটী রচিত হইয়াছে যথা "বিষম বিপদ অদ্য উদিত শত্রুকুল রণোন্মদে" ইত্যাদি। অপর আমি গ্রন্থোল্লিখিত প্রত্যেক ব্যক্তিকে এক একটী ভিন্নছন্দ প্রদান করিয়াছি এবং একবার যিনি যে ছন্দে বলিতে আরম্ভ করিয়াছেন তাঁহার উক্তি সমগ্রগ্রন্থেই সেই একই ছন্দে উক্ত হইয়াছে। ছন্দের আরম্ভের সময় নাম একবারমাত্র লিখিত হইয়াছে পুনঃপুন আর লিখিত হয় নাই। বর্ণনাস্থলে অর্থাৎ আমার স্বীয়-উক্তি-স্থলে গীতিচ্ছন্দ ব্যবহার করিয়াছি, এই ছন্দটী প্রসিদ্ধকবি জয়দেব-বিরচিত "ললিত-লবঙ্গলতা" প্রভৃতি গীতের অনুকরণে রচিত হইয়াছে। কিন্তু এইটী মাত্রাচ্ছন্দ বিধায় এবং কেবল যুক্তাক্ষর সমাবেশে দীর্ঘরক্ষা করাতে কিঞ্চিৎ সমাসবাহুল্য হইয়াছে তবে

আমার সাধ্যমতে সরল করিতে চেষ্টা করিয়াছি। গ্রন্থখানি সম্পূর্ণ নূতনধরণের হওয়ায় কতগুলি বিষয়ে অভিনবত্ব ঘটিয়াছে, পাঠকগণ সেগুলির প্রতি দৃষ্টি রাখিয়া পাঠ করিবেন; যথা অকারান্তশব্দগুলি স্পষ্টরূপে অকারান্ত উচ্চারণ করিতে হইবে। বঙ্গভাষায় এবিষয়ে কোন নির্দ্দিষ্ট নিয়ম পরিলক্ষিত হয় না যথা 'ভবন' 'গিরিশ' 'বিষয়' প্রভৃতি কতকগুলিশব্দ ভবন্ গিরিশ্ বিষয়্ এইরূপ উচ্চারিত হয় এবং "তব, ভব, নিস্পৃহ" প্রভৃতি শব্দগুলি অকারান্তই উচ্চারিত হয়। বাস্তবিক অকারন্ত শব্দগুলি অনর্থক ব্যঞ্জনান্ত করিয়া উচ্চারণ করা যুক্তিসঙ্গত বোধ হয় না, বিশেষতঃ সংস্কৃতছন্দের প্রকৃতি-অনুসারে স্পষ্ট অকার উচ্চারণ করাই উচিত নচেৎ শ্রুতিকটু শুনা যাইবে। কোন কোন স্থলে বিশেযণ বিশেষ্যের পশ্চাতে সন্নিবেশিত হইয়াছে এবং বিশেষণেই বিভক্তি যোগ হইয়াছে, যথা "উদগ্রকিরণে" স্থলে "কিরণ উদগ্রে" ইত্যাদি। অপর বঙ্গ-ভাষায় অধিকরণকারকে বহুস্থলে "এ" প্রত্যয় হইতে দেখা যায় যথা "ভবনে" "বিষয়ে" ইত্যাদি। অপিচ কর্ত্তৃকারকে ও কর্ম্মকারকে ও "এ" প্রত্যয় হইতে দেখা যায় যথা "সকলে চলিয়া গেলেন" "মনুষ্যগণে কখনও এরূপকার্য্য করেনা" ইত্যাদি কর্ম্মকারকেও হয় যথা "বধি রক্ষঃগণে" "তুষি জগজ্জনে" ইত্যাদি। সুতরাং আমার গ্রন্থেও ঐ ঐ কারকে উপরোক্তরূপ ব্যবহার হই-য়াছে যথা "নিরখি মুখচন্দ্রে" "চমকিত সর্ব্বে" ইত্যাদি, "উপরি" শব্দ কোন কোন স্থানে "উপর"রূপে ব্যবহৃত হইয়াছে এবং কোন কোন স্থলে উকারের লোপ হইয়াছে এবং তৎপরিবর্ত্তে ঊর্দ্ধে একটী 'কমা' সন্নিবেশিত হইয়াছে যথা "মঞ্চ উপরি" স্থলে মঞ্চ'পরি বা মঞ্চ'পর এইরূপ ব্যবহৃত হইয়াছে। বিসর্গান্ত শব্দেরও অনেক স্থলে বিসর্গের লোপ হইয়াছে এবং ঐরূপ 'কমা' ব্যবহৃত

হইয়াছে, যথা “ক্রমশঃ চলিত” স্থলে ক্রমশ’চলিত ইত্যাদি। বাস্তবিক বঙ্গভাষায় বিসর্গের উচ্চারণ আমার নিকট শ্রুতিমধুর বোধ না হওয়াতেই ঐরূপ করিয়াছি। ইন্‌ভাগান্ত শব্দগুলি কর্ম্মকারকে হ্রস্বইকারান্ত ব্যবহৃত হইয়াছে, কারণ কর্ত্তৃকারকে যখন দীর্ঘইকার হয় তখন কর্ম্মকারকে হ্রস্বইকারই সঙ্গত বোধ হইতেছে যথা ৩৭৯ পৃঃ ১০পংক্তি “বন্দি বিনিন্দি” অর্থাৎ বন্দিকে নিন্দা করিয়া ইত্যাদি। উৎপ্রেক্ষা প্রকাশার্থে “গণি, পরিগণি, চিন্তি, বিচিন্তি” ইত্যাদি শব্দ ব্যবহৃত হইয়াছে এবং উভয়পার্শ্বে ‘কমা’ আছে। অসমাপিকাক্রিয়াস্থলে “ই” প্রত্যয়ান্তশব্দ ব্যবহৃত হইয়াছে। যথা “করি, চলি, গঞ্জি, চমকি” ইত্যাদি। বর্ত্তমানে এরূপ স্থলে শব্দ গুলির উর্দ্ধে কেহ কেহ একটী ‘কমা’ ব্যবহার করেন যথা করি’ চলি’ ইত্যাদি কিন্তু ওরূপভাবে ‘কমা’ ব্যবহার করিলে পুস্তকখানি ‘কমায় কমায়’ সমাচ্ছন্ন হইয়া পড়ে; বিশেষত অসমাপিকাক্রিয়ার পশ্চাতে যখন সমাপিকাক্রিয়া স্পষ্টরূপে ব্যবহৃত থাকে তখন ভ্রম হওয়ার কারণ দেখা যায় না, তবে যে স্থলে ঐরূপ ‘ই’ প্রত্যয়ান্তক্রিয়ার পরে কোন সমাপিকাক্রিয়া নাই সে স্থলে উক্ত ক্রিয়াকেই সমাপিকা মনে করিতে হইবে, তবে এরূপ ব্যবহার খুব কম হইয়াছে। পরন্তু কোন কোন স্থলে অসমাপিকা ক্রিয়ার ণিজন্ত ও অণিজন্ত পদ একরূপ হইয়াছে যথা “চমকি বিশ্ব” এইস্থলে বিশ্ব চমকিত করিয়া কিন্তু “চমকি অবস্থিত” বলিলে চমকিত হইয়া “দশনপংক্তি পরিলক্ষি” অর্থাৎ দন্ত দেখাইয়া, ‘বদন-পরিলক্ষি’ বদন দেখিয়া ইত্যাদি। পিঙ্গল-চ্ছন্দঃশাস্ত্রোক্ত “প্র হ্রে রা” এই সূত্রানুসারে ‘প্র’ এবং ‘হ্র’ শব্দ পরে পূর্ব্বাক্ষর কোন কোন স্থানে লঘু উচ্চারিত হইয়াছে “প্র” পরে দুই তিনটী মাত্রস্থলে ঐরূপ লঘু হইয়াছে; কিন্তু “হ্র” পরে প্রায় অনেকস্থলেই পূর্ব্বাক্ষর লঘু উচ্চারণ করিতে হইবে, কারণ

'হ্র' শব্দের পূর্ব্বাক্ষর গুরু উচ্চারিত হইলে বঙ্গভাষায় তত শ্রুতিমধুর হয় না। পরন্তু যদি কাহারও উক্ত সূত্রানুসারে কার্য্য করিতে নিতান্তই অমত হয় তবে তিনি 'প্র" উপসর্গগুলির স্থলে "সু" অথবা "বি" প্রভৃতি উপসর্গ কল্পনা করিয়া লইবেন এবং "হ্রদ" শব্দ স্থলে "নদ" শব্দ কল্পনা করিবেন। 'সপদি' শব্দের প্রচলিত-অর্থ 'তৎক্ষণাৎ' কিন্তু ক্বচিৎ কোন স্থলে 'অকস্মাৎ' অর্থে ব্যবহৃত হইয়াছে। 'মন্দোদরী' 'সীতা' প্রভৃতিকে 'কর্ব্বুরমণি' 'রঘুমণি' ইত্যাদি বিশেষণদ্বারা ক্বচিৎ নির্দ্দেশ করা হইয়াছে কিন্তু অগ্রপশ্চাৎ কিঞ্চিৎ পাঠ করিলেই চিনিতে পারিবেন, বিশেষতঃ ছন্দের প্রতি দৃষ্টি করিলেই কে বলিতেছে তাহা বুঝিতে পারিবেন। "কিঙ্কিণি, সুরধুনি, শচি, সুরভিত, মহি" প্রভৃতি শব্দগুলি ক্বচিৎ কাহারও নিকট হঠাৎ অশুদ্ধ বোধ হইতে পারে, কিন্তু বাস্তবিক পদগুলি অশুদ্ধ নহে; আমি জ্ঞাতসারে ব্যাকরণদুষ্টপদ ব্যবহার করি নাই তবে ভ্রম প্রমাদ ভিন্নকথা। "রবহীন" অর্থে "নিরব" ব্যবহৃত হইয়াছে 'নি' উপসর্গও নঞ্ অর্থে বহুস্থলে প্রযুক্ত হইতে দেখা যায়। যথা "নিষেধ, নিখিল" ইত্যাদি। অপর সংস্কৃতচ্ছন্দঃ গুলির অধিকাংশেরই পশ্চাতে মিল নাই আমিও মিলসম্বন্ধে বড় অধিক চেষ্টা করি নাই। বিশেষতঃ যুক্তাক্ষর-ব্যতীতশব্দের মিল যেমন পূর্ব্বস্বরসহিত একরূপ না হইলে শ্রুতিকটু শুনায় যথা "কাল" শব্দের মিল "বেল" শব্দ দ্বারা হইলে বাস্তবিকই নিতান্ত শ্রুতিকটু হয়, কিন্তু "হর্ষ" শব্দের মিল "শীর্ন" শব্দ দ্বারা হইলে তত শ্রুতিকটু শুনায় না; যাহা হউক আমি একবারে মিল পরিত্যাগ করি নাই, কারণ বঙ্গভাষায় একবারে মিল না থাকিলে ছন্দগুলি কিঞ্চিৎ শ্রুতিকটু হয়। কাহারও কাহারও মতে বঙ্গভাষা সংস্কৃতের অনুযায়িনী হওয়া উচিত নহে, কিন্তু বাস্তবিকপক্ষে চিন্তা করিয়া

দেখিল বঙ্গভাষা সংস্কৃতের অনুগামিনী হওয়াই যুক্তিযুক্ত বোধ হয়, কারণ বঙ্গভাষায় কতগুলি ক্রিয়াপদ ব্যতীত প্রায় সমস্ত শব্দের জন্যই সংস্কৃতের মুখাপেক্ষা করিতে হয়। সংস্কৃতশব্দ পরিত্যাগ করিলে বঙ্গভাষা তিষ্ঠিতেই পারে না, অন্ততঃ পক্ষে আমার এইরূপ ধারণা ; একটী দৃষ্টান্ত দিতেছি, "এতেক কহিলা যদি নিকষানন্দন শূরসিংহ, সভাতলে বাজিল-দুন্দুভি গম্ভীর জীমূতমন্দ্রে"। উপরোক্ত কবিতাটীর মধ্যে 'এতেক' 'কহিলা' এবং 'বাজিল' এই তিনটী শব্দব্যতীত সমস্তই সংস্কৃতমূলক, তন্মধ্যে 'এতেক'শব্দও এতৎ শব্দের অপভ্রংশমাত্র ; এক্ষণ পাঠকগণ বিবেচনা করিতে পারিবেন্ বাঙ্গালা লিখিতে সংস্কৃতের সাহায্য কিরূপ আবশ্যক, অধিক লেখা বাহুল্য। কোন কোন ব্যক্তি আমাকে বলিতেছেন যে গ্রন্থখানি সংস্কৃতে লিখিলেই ভাল হইত, কিন্তু আমার যখন মেঘনাদবধ কাব্যের পরে একখানি রাবণবধ কাব্য রচনা করিতেই ইচ্ছা তখন বাঙ্গালাতেই লিখিতে আমি বাধ্য। অপর আমি গ্রন্থস্থিত ক্বচিৎ দুরূহ শব্দাদির সামান্য অর্থ নিম্নে দিয়াছি, অবশ্য পণ্ডিতমণ্ডলীর জন্য আমি টিপ্পনী করি নাই তবে ক্বচিৎ কেহ যদি অভিধান আলোচনা করা কষ্টপ্রদ মনে করেন তবে তাঁহাদের কথঞ্চিৎ উপকার হইতে পারে। এক্ষণ পাঠকগণের নিকট আমার বিনীতনিবেদন এই যে তাঁহারা অনুগ্রহপূর্ব্বক গ্রন্থখানি পুঙ্খানুপুঙ্খরূপে পাঠ করিয়া নিরপেক্ষভাবে স্বাভিমত প্রকাশ করেন, পুস্তক খানির কিঞ্চিৎ মাত্র দেখিয়া এবং বিশেষরূপে পর্য্যালোচনা না করিয়া কেহ যেন সমালোচনা না করেন ইহাই আমার সবিনয় প্রার্থনা ইতি।

১৩১০ সন,
তারিখ ১লা মাঘ।

বিনয়াবনত
গ্রন্থকার

আমার স্বরচিত ছন্দগুলির তালিকা নিম্নে প্রদত্ত হইল;

১। গীতিচ্ছন্দঃ।
২। দীর্ঘত্রিপদী।
৩। লঘুচৌপদী।
৪। লঘুত্রিপদী।
৫। দীর্ঘচৌপদী।
৬। কুরঙ্গনর্ত্তন।
৭। মধুমাধুরা।
৮। কলহ।
৯। পূতি।
১০। ভ্রমরগুঞ্জন।
১১। বাসন্তী।
১২। শিখিনর্ত্তন।
১৩। উগ্রচণ্ডা।
১৪। সজ্জনতোষিণী।
১৫। সুরধুনী।
১৬। কাঞ্চনমালা।
১৭। অনুতাপিনী।
১৮। সুধাসার।
১৯। পীযূষবল্লী।
২০। পবিত্রা।
২১। অমৃতকণিকা।

উপরোক্ত ছন্দগুলি ব্যতীত অবশিষ্ট ছন্দঃ সংস্কৃতছন্দঃ-শাস্ত্রোক্ত।

ভূমিকা।

সাহিত্যসভার অনুমত্যনুসারে
সাহিত্যসভার সম্পাদক বেঙ্গল লাইব্রেরিয়ান্
রায়চাঁদপ্রেমচাঁদস্কলার পণ্ডিতাগ্রগণ্য
শ্রীযুক্ত রায় রাজেন্দ্রচন্দ্র শাস্ত্রী
বাহাদুর এম্ এ মহাশয়
কর্ত্তৃক লিখিত।

সাহিত্যসভার অন্যতম সভ্য শ্রীযুক্ত বাবু হরগোবিন্দ লস্কর চৌধুরী মহাশয় সাহিত্যসভার ৪র্থ বার্ষিক ৫ম মাসিক অধিবেশনে স্বরচিত 'দশাননবধ' নামক মহাকাব্যের অংশবিশেষ পাঠ করেন। পাঠান্তে উপস্থিত সভ্যবর্গ সকলেই কবির রচনানৈপুণ্যের ভূয়সী প্রশংসা করেন, ও কার্য্যনির্ব্বাহক সমিতির অধিবেশনে কবির প্রার্থনানুসারে ঐ কাব্য প্রকাশ করিবার ভার সভা স্বহস্তে গ্রহণ করেন; তদনুসারে সভা এই মহাকাব্য প্রকাশ করিয়াছেন। কবি হরগোবিন্দ বাবু জমিদার শ্রেণীভুক্ত একজন সম্ভ্রান্ত ভূম্যধিকারী। কোর্ট অব্ ওয়ার্ডসের তত্ত্বাবধানে শিক্ষাসমাপনান্তে প্রথম যৌবনেই কবির পত্নীবিয়োগ হয়। পত্নীবিয়োগের পর একমাত্র পুত্রের মুখাবলোকন করিয়াই কবি দারান্তরপরিগ্রহে বিরত থাকেন। পরে সেই পুত্রের অকালমৃত্যুতে সংসারে বীতস্পৃহ হইয়া তিন বৎসরকাল সন্ন্যাসীর ন্যায় যাযাবরতা অবলম্বন করেন। পরে শোকাবেগ মন্দীভূত হইলে পুনর্ব্বার বন্ধুবান্ধবাদির অনুরোধে দারপরিগ্রহণান্তর সাহিত্যসেবায় মনোনিবেশ করিয়াছেন। আলোচ্যমান মহাকাব্যখানি কবির প্রথম স্ত্রী বিয়োগের পরে

রচিত ও ১৩০০ সনে রাবণবধকাব্য নামে প্রথম মুদ্রিত হয়। কিন্তু ঐ সময়েই কবিবরের পুত্রবিয়োগরূপ নিদারুণ দুর্ঘটনা ঘটায় কাব্যখানি বিশুদ্ধরূপে মুদ্রিত ও প্রকাশিত হইতে পারে নাই। বর্ত্তমান সংস্করণে বহুবর্ষব্যাপী চিন্তা ও পর্য্যটনের ফলস্বরূপ অনেক স্থল পরিবর্ত্তিত ও নূতনভাবে লিখিত হইয়াছে। যাঁহারা প্রথম সংস্করণ দেখিয়াছেন তাঁহারা এই বাক্যের যাথার্থ্য উপলব্ধি করিবেন। কাব্যখানি প্রথম হইতেই সংস্কৃতজ্ঞ পণ্ডিতমণ্ডলীর চিত্তাকর্ষণ করিয়াছিল ও ৺ রামগতি ন্যায়রত্ন ও পণ্ডিতবর শ্রীযুক্ত পঞ্চানন তর্করত্ন ও কবিবর শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন মহাশয় প্রভৃতি হরগোবিন্দ বাবুর কবিত্ব ও রচনানৈপুণ্যের স্পষ্টাক্ষরে প্রশংসা করিয়াছেন। তাঁহাদের উক্তির অংশবিশেষ নিম্নে নিবদ্ধ হইল। কবি একজন সংস্কৃতজ্ঞ ও কাব্যের অধিকাংশই গীতি, তূণক, তোটক, রথোদ্ধতা, মালিনী, দোধক প্রভৃতি সংস্কৃতচ্ছন্দে রচিত। স্বল্পপ্রাণ বাঙ্গালী চিরকালই দীর্ঘস্বরোচ্চারণে অক্ষম সুতরাং ছন্দানুরোধে দীর্ঘস্বরের উচ্চারণ আবশ্যক হইলে তাঁহাদের প্রযত্নবিশেষ অবলম্বন করিতে হয়। কবিবর স্বজাতীয়ের এইরূপ উচ্চারণদৌস্থ্য হৃদয়ঙ্গম করিয়াই স্বগ্রন্থে সংযুক্তবর্ণের প্রয়োগ দ্বারা দীর্ঘস্বরোচ্চারণ সুগম করিয়া দিয়াছেন। এইরূপ সকলস্থলেই সংযুক্তবর্ণের সমাবেশদ্বারা দীর্ঘস্বরের সৃষ্টি যে অসামান্য রচনাশক্তির পরিচায়িকা তদ্বিষয়ে সন্দেহ নাই। এইরূপ যুক্তাক্ষরপরতন্ত্রতাবশতঃ কবিকে স্থানে স্থানে ৺ মহাকবি মাইকেলের ন্যায় কিঞ্চিৎ দুরূহ সংস্কৃত শব্দের আশ্রয়গ্রহণ করিতে হইয়াছে ও তন্নিবন্ধন গ্রন্থেরও স্থলবিশেষ সাধারণ পাঠকের পক্ষে কথঞ্চিৎ দুর্ব্বোধ হইয়াছে। সুতরাংই বলিতে হইবে যে হরগোবিন্দ বাবুর কবিতা মহাকবি ভবভূতির কবিতার ন্যায় সংস্কৃতাভিজ্ঞ পণ্ডিত সম্প্রদায়েরই উপভোগ্য,

কেবল ইংরাজি ভাষায় কৃতবিদ্যগণ প্রথমদৃষ্টিতে উহার রসাস্বাদনে কতদূর সমর্থ হইবেন তাহা বলা যায় না; তবে কিঞ্চিৎ শ্রম স্বীকার করিয়া পাঠ করিলে তাঁহারাও যে সম্যক্ রসগ্রহণ করিতে পারিবেন তাহাতে কোন সন্দেহ নাই। কবি যে কেবল সংস্কৃত-চ্ছন্দে রচনা করিয়াই ক্ষান্ত হইয়াছেন তাহা নহে, কুরঙ্গনর্ত্তন, মধুমাধুরী, অমৃতকণিকা প্রভৃতি কতকগুলি নূতন বাঙ্গালাচ্ছন্দেরও সৃষ্টি করিয়াছেন। ঐ ছন্দগুলি অতীব মধুর ও রসভাবোপ-যোগী। কাব্যের প্রতিপাদ্যবিষয় নামেই প্রকাশিত হইতেছে। তৎসম্বন্ধে এইমাত্র বলিলেই পর্য্যাপ্ত হইবে যে উহা মহাকবি মাইকেল প্রণীত মেঘনাদবধ কাব্যেরই পরিশিষ্টরূপে রচিত ও তত্রত্য নায়ক নায়িকাগণ কাব্যে স্থান প্রাপ্ত হইয়াছেন। এতদ্ব্যতীত কবির স্বীয় প্রতিভাপ্রসূত বহু নায়ক নায়িকাও গ্রন্থে স্থান প্রাপ্ত হইয়াছেন। মহাকবি মাইকেল স্বপ্রণীত মেঘনাদবধকাব্যে শ্রীরামচন্দ্র এবং দশানন এই উভয়ের মধ্যে একটী সন্ধিবন্ধন করাইয়া ইন্দ্রজিতের প্রেতক্রিয়া সম্পাদন করাইয়াছেন। দশাননবধমহাকাব্যের প্রথম সর্গেই সন্ধির বিরতিজ্ঞাপন করা হইয়াছে ও তদনুসারে ঐ সর্গ সন্ধিবিরতি জ্ঞাপন এইরূপ আখ্যায় আখ্যাত হইয়াছে।

উপসংহারে আশা করা যায় কবিবর শ্রীযুক্ত হরগোবিন্দ বাবুর অসাধারণ প্রতিভা-প্রসূত কবিতাবলী দুঃখদুর্দ্দিনক্লিষ্ট বাঙ্গালীর হৃদয়ে নূতন আনন্দ ও ভাবুকের হৃদয়ে নূতন ভাব ও সৌন্দর্য্যের অবতারণা করিবে।

পণ্ডিতমণ্ডলীর মতামতের সংক্ষিপ্ত বিবরণ

পণ্ডিতকুলচূড়ামণি মহামহোপাধ্যায় শ্রীযুক্ত চন্দ্রকান্ত তর্কালঙ্কার মহাশয় লিখিয়াছেন—

* * * এই কাব্যে ছন্দঃ ও ভাষা সম্বন্ধে যে প্রণালী অবলম্বিত হইয়াছে তাহা বঙ্গসাহিত্যের গতি নূতন পথে প্রসৃত করিবে। * * * ইহাতে রচনার কৌশল ও কবিত্বশক্তির পরিচয় যথেষ্ট আছে। * * * গ্রন্থপাঠে সহৃদয় পাঠকগণ আহ্লাদিত হইবেন, * * * আশা করি এতদ্দ্বারা বঙ্গসাহিত্যের বিশেষ উন্নতি হইবে। * * * আশীর্ব্বাদ করি তুমি যশস্বী হও ইত্যাদি।

কবিবর শ্রীযুক্ত নবীনচন্দ্র সেন মহাশয় বহু প্রশংসা করণান্তর পরিশেষে লিখিয়াছেন (ইংরাজী হইতে অনুবাদিত)

* * * "আপনার গ্রন্থ আমি মহাসম্মান এবং মহাস্নেহের সহিত চিরদিন হৃদয়ে ধারণ করিব" * * * ইত্যাদি।—

বঙ্গভাষা ও সাহিত্যবিষয়ক প্রস্তাবলেখক পণ্ডিতাগ্রগণ্য-স্বর্গীয় রামগতি ন্যায়রত্ন মহাশয় লিখিয়াছেন।

* * * "আপনি গ্রন্থখানি লিখিতে যেরূপ পরিশ্রম করিয়াছেন তাহা ভাবিলে বিস্মিত হইতে হয় * * * আপনার কাব্য বুঝিতে পাণ্ডিত্য এবং পরিশ্রম উভয়েরই আবশ্যক। * * * * আমার মতে মেঘনাদবধকাব্য অপেক্ষা আপনার রাবণবধকাব্য অনেকাংশে ভাল হইয়াছে * * * * আপনি কালে বঙ্গীয় কবিগণমধ্যে সর্ব্বোচ্চ-আসন অধিকার করিতে পারিবেন তাহাতে কোন সন্দেহ নাই * * * ইত্যাদি।

*

ভট্টপল্লীর সুপ্রসিদ্ধ নৈয়ায়িক ও কবি পণ্ডিতকুলতিলক শ্রীযুক্ত পঞ্চাননতর্করত্ন মহাশয় লিখিয়াছেন।

* * * হরগোবিন্দবাবু পন্থা আবিষ্কারক সুতরাং নূতন কবি। * * * * পণ্ডিতকবি সম্বন্ধে হরগোবিন্দ বাবুর শক্তি সবিশেষ সম্মানিত হইবে। * * * তাঁহার ভাষা নূতন ছন্দ নূতন অনেক-স্থলে ভাবও নূতন * * * * পরিশেষে প্রধানকবি হরগোবিন্দ বাবুকে সর্ব্বান্তঃকরণে আশীর্ব্বাদ করিতেছি, তাঁহার নূতনভাষা নূতনছন্দ এবং নূতনপারিপাট্যের আরও উন্নতিসাধন করিয়া ভাষা ও দেশের মুখ আরও উজ্জ্বল করুন্ * * * ইত্যাদি।

সুপ্রসিদ্ধ লেখক এবং বর্দ্ধমানের খ্যাত নামা ব্যবহারাজীব শ্রীযুক্ত ইন্দ্রনাথ বন্দ্যোপাধ্যায় মহাশয় লিখিয়াছেন—

* * * "আপনার ছন্দরচনার এবং সুললিতপদবিন্যাসের অসাধারণশক্তি আমি সানন্দে স্বীকার করিতেছি * * * * আপনি যেরূপ কৃতিত্ব দেখাইয়াছেন সেরূপ কৃতিত্ব একালে আমি দেখিনাই * * * * আপনি বঙ্গসাহিত্যে নবযুগের প্রবর্ত্তনা করিবেন তাহাতে কোন সন্দেহ নাই। * * * ইত্যাদি।

পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত মহেন্দ্রনাথ বিদ্যানিধি মহাশয় লিখিয়াছেন—

* * * পাণ্ডিত্য ও কবিত্ব এই উভয় গুণের সমবায়-সঙ্ঘটন—একাধারে প্রায়ই দৃষ্ট হয় না। কিন্তু নৈসর্গিক-প্রতিভাসম্পন্ন-শ্রীযুক্ত বাবু হরগোবিন্দ লস্কর চৌধুরী মহাশয়ে ঐ উভয় গুণই, পূর্ণমাত্রায় বিদ্যমান। * * * হরগোবিন্দ বাবু, সংস্কৃত সাহিত্য-সাগর মন্থনপূর্ব্বক যে সকল ছন্দোরত্নের সমুদ্ধার করিয়াছেন, তদ্দ্বারা বঙ্গভাষা যে, অশেষরূপে অলঙ্কৃত হইয়াছে, তাহা বলা-ই

বাহুল্য এবং তাঁহার অসাধারণ কবিত্বশক্তি দেখিয়া পণ্ডিতমণ্ডলী যে, সবিশেষ সন্তোষলাভ করিবেন, তাহাতে কোন সন্দেহ নাই। * * * ইত্যাদি।

মেদিনীপুর জেলার অন্তর্গত মুগবেড়িয়া গ্রামের বিখ্যাত-পণ্ডিতপ্রবর শ্রীযুক্ত গোপীনাথ বিদ্যারত্ন মহাশয় লিখিয়াছেন—

* * * "অধুনাতন কাব্যগুলির মধ্যে আপনার কাব্য-ই যে উৎকৃষ্ট হইয়াছে ইহা আমার নিকট অবশ্য বোধ হইতেছে। * * * কাব্যখানি পাঠ করিয়া আপনাকে একখণ্ড উচ্চদরের প্রশংসাপত্র প্রদান করিব ইচ্ছা রহিল * * ইত্যাদি।

পাঠপরিবর্ত্তন ও শুদ্ধিপত্র।

পৃষ্ঠা	পংক্তি	অশুদ্ধ	শুদ্ধ
২২	১৯	বড়ব বহ্নি লভি	চৌদিশি মৃদুমৃদু
ঐ	২০	গণি, হতচিত্ত	পাংশুবিলিপ্ত।
৬১	৬	শক্তিবন্ত	শক্তিমন্ত
৮১	২০	জগদারাধ্য	ভুবনমধ্য
৮২	৫	সুমতিমন্ত	হৃদয়বন্ত
ঐ	৬	সুকৃতিবন্ত	সুকৃতিমন্ত।
৮৪	৬	শূন্যশকতি	শক্তিরহিত
৮৫	৮	সমুথিত	সমুত্থিত
ঐ	২০	কলহ	বলহ
৯৪	৩	বাহ্যিক	পার্থিব
৯৭	৪	বাহ্যিক	মৌখিক
১৩৮	৩	ছন্দ্রবর্ত্ম	চন্দ্রবর্ত্ম
১৬৩	২২	ভুবননয়ন	ভবননয়ন
২৪২	১৪	দুস্তর	বিস্তর
৩২৮	৬	বক্ষে	চক্ষে

পাঠকগণ অনুগ্রহপূর্ব্বক পূর্ব্বেই অশুদ্ধপদগুলি মিলাইয়া লইবেন এবং এতদ্ব্যতীত যদি আরও দুই চারিটী অশুদ্ধ থাকে তবে অনুগ্রহ পূর্ব্বক সংশোধন করিয়া পাঠ করিবেন।

শ্রীতৎসৎ

অথ

দশাননবধমহাকাব্য।

সর্ব্বদেবময়ং পূতং সর্ব্বতীর্থাদিসংযুতং
ব্রহ্মণঃসত্বসম্ভূতং নমামি দ্বিজসত্তমম্।

সিতশতদলকান্তি ভ্রান্তিসংহারকর্ত্রি
ত্রিভুবনসুখদাত্রি জ্ঞানসম্পদ্বিধাত্রি,
চরণকমলভৃঙ্গং পশ্য মাং শান্তিদাত্রি
স্থিরসদয়দৃগন্তৈ র্গ্রন্থসম্পূর্ণতায়ৈ।

প্রথমসর্গ।

গীতিচ্ছন্দঃ।

চমকি বিশ্ব নববীর্য্য-সূর্য্য-নৃপ রজনি-রাজ্য অবসন্নে,
উদিত উদয়গিরি-কনক-মঞ্চ'পরি গঞ্জি মঞ্জুমণিবর্ণে।
দীপ্তরশ্মিচয় সৈন্যনিচয়সম, (বিষমযুগাগ্নি বিনিন্দে)
ভস্মিল হতকর-পতিত-রজনিকর-যোদ্ধৃনিকর-উড়ুবৃন্দে।
ঝলমলরবিকরপুঞ্জ রঞ্জি ভব মঞ্জুলকিরণতরঙ্গে,
ধ্বজকুলসদৃশ সমুজ্জ্বলি সজ্জিত সুরপুর-শৃঙ্গ-বরাঙ্গে।

২। মঞ্চ=উচ্চাসন। মঞ্জু=মনোহর। ৪ উড়ু=নক্ষত্র। ৫ মঞ্জুল=সুন্দর।

তরুণদিবসবর পরমঅলঙ্কৃত কুসুম-মুকুট ধরি শীর্ষে,
রবি-নৃপতি-শ্রী-প্রকৃতি-অতুল-তনু সজ্জিত করিল সহর্ষে।
সুবর্ণগিরিবর উজ্জ্বলশীর্ষক, বিমলতুহিনকণ, রঙ্গে,
মৌক্তিক-অলকপুঞ্জসম ঝলকিত, রঞ্জিত রবিকরসঙ্গে।
রম্যবিহগগণ রত্নমাল্যসম সুললিত-সুমৃদুল-বক্ষে,
মধুকরগুঞ্জন কঙ্কণনিক্কণ, সুরধুনি কিঙ্কিণি-পক্ষে।
দ্রবকুঙ্কুমসম তরুণ-অরুণ-কর দর্শিল তনুবরবর্ণে,
সুরভিত সুন্দরতনু সরসিজ-রজ-উজ্জ্বল-সুগন্ধি-চূর্ণে।
দিনকর-নৃপবর বরিল যুবতি পরিসজ্জিত সমধিকযত্নে,
কুসুমিতপল্লবময়-নববল্লরি যদ্বিধ মধুঋতুরত্নে।
শিশির-সুচন্দন-রঞ্জিতফুলকুল কিসলয়-অঞ্জলিসঙ্গে,
অর্পিলি কুসুমবিটপিগণ দিনমণি-চরণ-উপরি চিতরঙ্গে।
কুবলয়পরিমলপূর্ণ-অনিল, চিরসহচরতুল্য সহর্ষে,
চলিত, দুলিত তনু ললিতনিরতিশয়, সৌরভময়মধুবর্ষে।
সুরববিহগগণ বন্দিবৃন্দসম বন্দিল সুস্বরসঙ্গে,
সুরগণ উত্থিত কিন্নর-বাঞ্ছিত-সুমধুররব শুনি রঙ্গে।
প্রবুদ্ধ শিখিশত, রথাঙ্গ পুলকিত, পিককুল কলরব বর্ষে,
মঞ্জুলকুঞ্জ সুরঞ্জি কুসুমকুল বিকসিল সমধিকহর্ষে।
ঝটিতি সুখিত অতি নর্ত্তিত-অন্তর অমরনগরসুরসর্ব্বে,
নিরখি গগনতল উজ্জ্বলি রথবর দিনকরগৌরব খর্ব্বে।
ঊর্দ্ধবদনসব অনিমিষদর্শন, অচলশৃঙ্গসমধৈর্য্যে,
সংস্থিত সুরগণ, কদম্বফুলসম পুলকিততনু সবআর্য্যে।

২। শ্রী=রাজলক্ষ্মী। ৬। পক্ষে=বিষয়ে, সম্বন্ধে। ১৭। প্রবুদ্ধ=জাগরিত।

মরকতবিরচিতগবাক্ষকুলযত বিমুক্ত হইল অগৌণে,
বিপুলনগর, গণি, বিকসিত-ঈক্ষণ রথবরবীক্ষণজন্যে।
অলকজড়িতমুখ-অমরযুবতিগণ উজ্জ্বলি সকলগবাক্ষে,
ঊর্দ্ধদৃষ্টিসহ দর্শনসুনিপুণ অর্পি মৃদুলকর বক্ষে।
মঞ্জুলনিশ্চলকুঞ্জ-কুসুমতরুপুঞ্জসদৃশ সুরসর্ব্বে,
চিত্রিতপটসম সমস্তসুরপুর চিত্তদুঃখ পরিখর্ব্বে।
ক্রমশ' চক্রিবর সজ্জিত করি দিগ্‌যুবতি সমুজ্জ্বলস্বর্ণে,
অবতরণ-নিরত সুমধুর নিঃস্বনি, অমৃতবর্ষি সুরকর্ণে।
স্নিগ্ধঅমরধনু' চিত্রিত করি বহু, বিমুগ্ধ করি সুরসর্ব্বে,
বিকশিতপুচ্ছ-শক্তিধর-শিখিবরসদৃশ চলিত রথ গর্ব্বে।
শিল্পিসম গগনপট রঞ্জিতকরি বিবিধবর্ণ-কর-পুঞ্জে,
বহুবিধমঞ্জুলফুলকুল অঙ্কিল নির্ম্মলগগন-নিকুঞ্জে।
ত্বরিত উপস্থিত তড়িৎ-প্রতিমরথ নগররত্নময়বর্ত্মে,
ভক্তজনার্চ্চিতসুরবর য়দ্বিধ উজলি উপস্থিত মর্ত্তে।
অগণিত-অভিনন্দন-বন্দিত হই, সুন্দর করি পুরসর্ব্বে,
গহন-চলিত- দবদহন-পুঞ্জসম চলিল গজ্জি গজগর্ব্বে।
সুরগণ সন্তুষি উপগত রথবর পুরবর-অঙ্গন-বক্ষে,
গগন পরিভ্রমি পূর্ণরজনিকর অস্তমহীধ্র-সমক্ষে।
পবন-নমিততরুসম নমি রক্ষক বর্জ্জিল সদন সুরম্যে,
অবতরি সুরপতি পশিল সূর্য্যসম জলনিধি-সম-মণিহর্ম্ম্যে।
বিম্বসদৃশ অনু সৌম্য-অমরগণ, রম্যপরিচ্ছদ অঙ্গে,
অনিল বরুণ যম পশিল পুরান্তর, পরিহরি রথ চিতরঙ্গে।

৭। চক্রিবর = রথশ্রেষ্ঠ। ২১। বিম্ব = ছায়া। অনু = পশ্চাৎ।

সঙ্গিনিচয়সহ সুরকুল-ঈশ্বর পশিল সৌধবর যত্নে,
জলনিধিসদৃশ ধরিল হৃদি, গৃহবর, সুরদল-অনুপমরত্নে।
সমধিকদৃঢ়তমদুর্গম-পুরবর নিন্দি দুর্গবরদর্পে,
নিবিড়বিপিনসমসমধিকনির্জ্জন, জগজনবিস্ময় অর্পে।
রক্তবর্ণকিংশুককুল ঋষিসম অবস্থিত স্থিরগাত্রে,
সুমৃদুলশষ্প তল্পসম বিস্তৃত, সুখ অতি দর্শনমাত্রে।
কাঞ্চনমঞ্জুসদৃশ গৃহ সজ্জিত উজ্জ্বলি সবসুররাজ্যে,
শৈলশিখরসমসৌম্যরক্ষিগণ অটলঅচল নিজকার্য্যে।
ভবনমধ্য অতিঅনুপমভাস্বর ভুবন-সুদুর্ল্লভকান্তি,
কষিতকনকসম সকল সমুজ্জ্বল, সুরপতি-হৃদয়-সুশান্তি।
গৃহবর-পটল সুসজ্জিত উজ্জ্বল-শশিসমসুললিতরত্নে,
চৌদিশি উড়ুদলসন্নিভসুবিমলমণিকুল বিখচিত যত্নে।
হস্তিদন্তকৃত-বিশদ-আস্তরণ বিস্তৃত গৃহতল-অঙ্গে,
চন্দন-সুগন্ধি-সলিল-বিন্দু ঘন বিকীর্ণ কৌশলসঙ্গে।
অনুপমকুসুম-পুঞ্জ পরিসজ্জিত মঞ্জুলমণিময়পাত্রে,
মলয়-অনিল জিনি মৃদুল-অনিলদল চলিত মার্জ্জি গৃহ-গাত্রে।
পূর্ণরজনিকরসদৃশমঞ্চবর অঙ্কিত কাঞ্চনপর্ণে,
পদ্মবর্ণমণি-বিখচিত, সুমিলিত সুন্দরমরকতবর্ণে।
অবিরত নির্গত ঝলসি রশ্মিকুল উজ্জ্বলি সুরপুরসর্ব্বে,
ললিততড়িৎকুল সমীক্ষি সুকিরণ, চঞ্চল, পরিহরি গর্ব্বে।
সম্মুখস্থ করি সুরগণ, সুরপতি বসিল মঞ্চ'পরি যত্নে,
কনককুসুমকুল নিপতিত, পরিগণি, কল্পবিটপি-পদরত্নে।

৬। তল্প=শয্যা। ১১। পটল=ছাদ। ১৭। অঙ্কিত=ভূষিত। পর্ণ=পত্র।

মুহূর্ত্ত নিরখি অমরমুখ, সুরপতি, পুলকিত অতুলিতহর্ষে,
স্মিতরুচি অর্পি সমুজ্জ্বলি গৃহবর কহিলেন্ মধু অভিবর্ষে।

চণ্ডীচ্ছন্দঃ।

খরতর-রবিকর-বর্ষণজন্যে,
অনলসদৃশমরু আশ্রয়-শূন্যে,
তৃষিতপথিক লভি অম্বুতরঙ্গে,
প্রমুদিতহৃদয় যথা স্থির-অঙ্গে।
তদধিকসুখ মম সম্প্রতি চিত্তে,
গিরিশ-অমৃতময়-বাক্যনিমিত্তে।
বিষম-অশিবময়রাত্রি বিনষ্টে,
সমুদিত সুখরবি আর্য্য-অদৃষ্টে।
কলুষতিমিরকুল অদ্য বিনষ্টে,
নবরবিসম পুন' ধর্ম্ম সুতিষ্ঠে।
মলিনভুবন পুনরুজ্জ্বল অদ্য,
দিনমণি-বিকসিত দুঃখিতপদ্ম।
সহিষ্ণু বিপদবহু ধর্ম্ম-নিমিত্তে,
ধনজন পরিহরি সুস্থিরচিত্তে;
প্রকটিতনিজবল ধর্ম্ম মহান্তে,
প্রখরনরকসমকল্মষ অন্তে।
শিখুক সকলজন অদ্য বিশিষ্টে,
সকলবিপদ হত ধর্ম্ম গরিষ্ঠে।
তনুপণ করি সব রক্ষহ ধর্ম্মে,
চিরশুভফল লভ ধর্ম্মসুকর্ম্মে।

প্রকৃতসুকৃতি সুধু নির্ম্মলমিত্র,
অপরবিষয়সব কল্পিতমাত্র।
ক্ষণিক অভুলভবদৃশ্য নিতান্ত,
স্বপনসদৃশ সববিশ্ব অনন্ত।
ধনজনতনুমন' নিষ্ফলসর্ব্বে,
অচিরবিলয়গত অন্তকগর্ব্ভে।
অহহ মনুজগণ মত্ত কি তত্ত্বে!
নিমিষ নিরখি ভব উন্মদচিত্তে!
কিফল বিফলসুখসম্পাদবৃন্দে?
পতিত সকল জন উৎকটধন্দে।
ক্ষণ পরিগণ অহ দুর্গতি আত্ম,
কি চপলমতি সব বিস্মরি সত্য!
সতত তৃষিত সুখসম্পাদজন্যে,
নিরত সতত কত কার্য্য জঘন্যে।
নিয়ত হসিতমুখ সজ্জিতগাত্র,
চটুলচটকসম নর্ত্তিত মাত্র।
নিমিষসময় কভু চিন্ত কি চিত্তে?
কি বিষমভবতল পূর্ণ অসত্যে!
ক্ষণিক ভুবনপট উজ্জ্বলি চক্ষে,
চমকি হৃদয় পুন' লুপ্ত অলক্ষ্যে!!
কনকসদৃশতনু দগ্ধ তদন্তে,
বিকটলুলিত-শিখ-বহ্নি দুরন্তে!
সকলি বিফল যত পুত্রকলত্র,
ক্ষণপর সমুদয় ভস্মই মাত্র!

পরিহর বুধগণ চিত্র অনিত্যে,
নিমগন রহ স্থধু সচ্চিতনিত্যে।
ক্রমশ' অমৃতকণনিন্দিমধুরতমবিমল-উক্তিচয়সঙ্গে,
হর্ষ-অশ্রু বহি সিক্তিল সমধিক সুরপতি-সুললিত-অঙ্গে।
ধবলঅভ্র-সম শুভ্র হইল তনু পূর্ণ গুরুত্বমহত্ত্বে,
প্রশান্ত মুখ-রুচি, মুদিত-নয়ন-মণি চিতসহ সুমিলিত নিত্যে।
পুলকজড়িততনু 'মৃদুরজ'-মিশ্রিত-কমল-মুকুল-সম কান্তি,
মৃদুমধুবিন্দুসদৃশমৃদুঘর্ম্ম সমুদ্গত সিঞ্চি সুশান্তি।
অপর-অমরগণ হইল বিভান্বিত সুরপতি-তনু-শশিবর্ণে,
সত্ত্বমগ্নচিত হইল সপদি সব, লগ্ন নিত্যপদ ধন্যে।
অনিল-তরল-কম-কুসুমবিটপিসম মৃদুমৃদুকম্পন অঙ্গে,
রুদ্ধ-নিঃশ্বসন, শুদ্ধশান্ত মন' বিস্মরি বিষয়তরঙ্গে।
স্নিগ্ধ-অচিন্ত্যশান্তিময়গৃহবর উজলিল সুললিতবর্ণে,
ঘূর্ণিত মস্তক, কি সাধ্য মম পশি অদ্ভুতসদন সুধন্যে!
সজ্জিত-কুসুম-মধ্যগত-সুমৃদুল-মুকুল-নিকর অবিলম্বে
বিকসিল সমুজলি, নিপতিত ঢলি ঢলি সুললিতকুসুমকদম্বে।
মঞ্জুল-অলিদল-গুন্‌গুন্‌গুঞ্জন বংশীস্বন পরিনিন্দে,
ব্রহ্ম-অমৃত-পরিপূর্ণ-ভবনবর, শান্তি কান্তি মিলি বন্দে।
বিমলতুহিনসম সদন-রশ্মিবর বিস্তৃত তখন সমন্তাৎ,
ক্রমশ' অনন্ত-বিশ্ব অতিবিশুভ্র, অনুপমদৃশ্য অকস্মাৎ!
অতুল-সমুজ্জ্বল-শশধর, পরিগণি, উজলিল ভুবন-বরাঙ্গে,
আপ্লুত, পরিগণি, অখিল-অবনিতল দুগ্ধ-সমুদ্র-তরঙ্গে।
বিশুদ্ধ-সিদ্ধ-মহর্ষি-সদন যত উজলিল সুবিশদবর্ণে,
দ্রবচন্দনসম লিপ্ত কিরণচয় মঞ্জুলমৃদু-তরু-পর্ণে।

সহর্ষ সমুদয়সরলঋষিরতন নিমগ্ন শান্তি পবিত্রে,
আশ্রম বন্দি অনিন্দ্যবিহগগণ গুঞ্জিল মুদ্রিতনেত্রে।
ভুঞ্জ জগজ্জন শান্তি-অমৃতফল ধর্ম্মকল্পতরুজন্যে,
সদয়হৃদয় হই অর্পিহ কিঞ্চিৎ কলুষিত-অকৃতি-অধন্যে।
বিমুগ্ধচিত অতি তখন সুরেশ্বর নিরখি সুরম্য-অপাঙ্গে,
পুনরপি কহিলেন্ মধুরবচনচয় সংপ্লাবি অমৃততরঙ্গে।

কলুষরজনিপরিমর্দ্দনজন্যে,
লভিনু গিরিশ-পদ-সূর্য্য সুধন্যে।
কহ সব জয় জয় ধর্ম্মমহত্ত্বে,
সতত নিরত রহ নির্ম্মলসত্ত্বে।
ঘটুক অতুলসুখ বিশ্ব-অদৃষ্টে,
অসুখসদনসমকল্মষ নষ্টে।
পরমসুকৃতি মম, অদ্য সযত্নে
লভিনু অভয়বর-দুর্ল্লভরত্নে।
বিপদতিমিরচয়নির্জ্জয়জন্যে,
লভিনু গিরিশ-পদ-রত্ন সুধন্যে।
বিমুখ যখন শিবশঙ্কর অদ্য,
প্রণিহত রিপুচয় নিশ্চয় সদ্যঃ;
ত্বরিত দলিত, মৃদু-ইঙ্গিতমাত্রে,
নিপতিত-তরুবর কর্ত্তিত-গাত্রে।
বিরহিত ভয় মম অন্তরমধ্যে,
তৃণকণ-সম গণি কৌণপ বধ্যে;
নিবসতি করি বিহগেশ্বরপক্ষে,
চকিত কি হয় চিত সর্পসমক্ষে?

সমুচিত গণি অতি সম্প্রতি চিত্তে,
রঘুপতি-দরশন যুক্তিনিমিত্তে।
বিদিত করিব শুভতত্ত্ব-সযত্নে,
নৃপকুলপতি-পদপঙ্কজরত্নে।
সুরপতি-বচননিচয় শুনি সুস্থিরবরুণ, বিনয় অবলম্বে,
করসরসিজ যুড়ি কহিল ধৈর্য্যসহ মধুরবাক্য-নিকুরম্বে।

পজ্ঝটিকাচ্ছন্দঃ।

অন্ধতিমিরময়-দুর্গম-কক্ষে,
ক্ষুদ্ররশ্মি-যুত-বর্ত্তি-সমক্ষে,
প্রমুদিতহৃদয়বন্দিজনতুল্য
চিত মম, শুনি শিববাক্য অমূল্য।
বিষমবিপন্ন শক্র তব শক্র,
রথিবরতুল্য রহিতরথচক্র;
বিহ্বলহৃদয় বিমত্তনিতান্ত,
দর্শন-ইচ্ছু মাত্র তব-অন্ত।
অর্চ্চি গিরিশপদ সহিসব মৌনে,
বর লভি সম্ভব সবল অগৌণে।
সতত তুষ্ট শিব নিজ-অনুরক্তে,
অতুলযত্ন পুন' রাক্ষস-ভক্তে।
প্রলয়মূর্ত্তিহর, সংহরকার্য্যে
সংরত অবিরত, ভৈরববীর্য্যে;

৬। নিকুরম্ব=সমূহ।   ৮। বর্ত্তি=দীপ।   ১১। শক্র=ইন্দ্র।

উপল নিন্দি শিব কর্কশচিত্ত,
কি শুভ সুসম্ভব শম্ভুনিমিত্ত ?
বিপদজলধি তব পূর্ণ সুরেন্দ্র,
তরণ-গৌণ বহু, বুঝহ রথীন্দ্র।
সম্প্রতি বিজ্ঞসদৃশ ধরি ধৈর্য্যে,
করহ সময় বুঝি সমুদয়কার্য্যে।
প্রণিধি জনৈক নিযুক্ত অগৌণে
করহ, শত্রুগতি-দর্শনজন্যে।
জলধরসম্বৃত-দিনমণিতুল্যে
সতত গুপ্তরহি বুদ্ধি অতুল্যে ;
রিপুকুলকার্য্যসহিত সবতত্ত্বে,
উচিত সমীক্ষণ সুস্থিরচিত্তে।
অর্চ্চন করি অরি শঙ্করপূজ্যে,
বিফল-চেষ্ট হয় যদ্বিধকার্য্যে,
উচিত যত্ন তদ্বিষয়সমগ্রে,
ইচ্ছ নিধন যদি শত্রু উদগ্রে।
সম্প্রতি গতিতব রঘুপতিপার্শ্বে,
ক্ষান্ত করহ নিজ ধৈরযদর্শে ;
করহ সমস্ত সুবুদ্ধি সুশান্তে,
দ্রুতগতিকার্য্য অশুভ অতি অন্তে।
সমধিক চিন্তি করহ সবকার্য্যে,
ইচ্ছ সুমঙ্গল যদি পুন আর্য্যে,

৫। প্রণিধি=গুপ্তচর। ১৩। সমগ্র=সমস্ত। ১৪। উদগ্র=ভয়ানক।

বহ্নিঅংশসমশত্রুঅনার্য্যে
প্রত্যয় সঙ্গত কভু ? বুঝ ধৈর্য্যে।
বরুণ-বাক্য শুনি শমন কুপিত অতি নয়ন ঘূর্ণি অবিলম্বে,
ঘনঘন কড়মড়ি বিকটদন্তকুল উত্থিত হইল সদম্ভে।
থরথর কম্পিত হইল জগৎত্রয় ভৈরবপদভরজম্ভে,
পূর্ণ-অসম্ভব গণিল বিশ্ব নিজ-সংস্থিতি সুবিপুলশূন্যে।
চমকিত সুরগণ নিরখি অকস্মাৎ ভাস্বরমূর্ত্তিকৃতান্তে,
চমকই যদ্বিধ নিখিলজগজ্জন নিরখি মহাগ্নি যুগান্তে।
থরথরকম্পন, বিকটনিঃশ্বসন, অনল বিনির্গত চক্ষে,
ঝলমলকঞ্চুক-মুকুট-রশ্মিকুল ঝলসিল গৃহবরকক্ষে।
লণ্ডভণ্ড করি বিপুলবিশ্বকুল অসখ্যমৃগপতি-গর্জ্জে,
গর্জ্জিল কৃতান্ত, কম্পিত অনন্ত নিতান্তপরিহরি ধৈর্য্যে।

তূণকচ্ছন্দঃ।

ধিক্ জঘন্যঘৃণ্য-উক্তি আত্মপক্ষমর্দ্দিনী,
ধৈর্য্যযুক্ত-আর্য্যচিত্ত-উগ্রবহ্নিবর্দ্ধিনী।
বিশ্ববন্দ্য-ইন্দুমৌলি নিন্দ্যবাক্য উক্তিবে ?
পূর্ণচন্দ্র অগ্নিতুল্য উগ্রবীর্য্য সম্ভবে ?
দুঃখমগ্নআর্য্যপক্ষ, শত্রুসৌখ্য ভুঞ্জিবে ?
কল্পবৃক্ষ মর্দ্দি শম্ভু তুচ্ছবৃক্ষ সিঞ্চিবে ?
যদ্যপি প্রবৃদ্ধিযুক্ত ইন্দুমৌলি-অর্চ্চনে,
সত্য শক্তিশূন্য আর্য্য শত্রুপক্ষমর্দ্দনে ;

১০। কঞ্চুক=বর্ম্ম। ১৫। ইন্দুমৌলি=শিব।

কিন্তু চিন্তি শান্ততুল্য নাস্তি লভ্য এক্ষণে,
আত্মকার্য্য নষ্টমাত্র তুচ্ছকল্পজল্পনে।
বহ্নিপুঞ্জতুল্যদুঃখ দীপ্ত দগ্ধ-অন্তরে,
সিঞ্চ শান্তিপূর্ণ-অম্বু মর্দ্দি শত্রু সত্বরে।
সুপ্রশস্তলগ্নলব্ধ পুণ্য-সূর্য্যসঞ্চরে,
গৌণবর্জ্জি তর্জ্জিগর্জ্জি সজ্জি শীঘ্র সঙ্গরে।
যদ্যপিপ্রশঙ্কিচিত্ত অপ্‌পতি, স্থিরান্তরে,
সংপ্রবিষ্ট হৌন সদ্য' গুপ্তদুর্গ-অন্তরে।
বৈরিমৃত্যু বাঞ্ছি অদ্য বর্জ্জি অন্যচিন্তনে,
দুঃখবৃক্ষ-শত্রুপক্ষ লক্ষ্যমাত্র এক্ষণে।
ধিক্ সহস্র শক্তিশূন্যঘৃণ্য-অম্বু-ঈশ্বরে,
অঙ্ঘ্রিঘৃষ্ট আর্য্যপক্ষ, ঈক্ষ সুস্থ-অন্তরে !!
পূজ্যবীর্য্যসূর্য্যপুত্র তুল্য নাস্তি বিক্রমে,
ধ্বংসিব প্রথর্ব্বি গর্ব্ব কর্ব্বুরেন্দ্রদুর্দ্দমে।
বজ্রতুল্যচণ্ডদণ্ডঅদ্যতূর্ণঘূর্ণনে,
মণ্ডিব প্রকাণ্ডবিশ্ব শত্রুরক্তরঞ্জনে।

সুস্থির হই অতি শমন-বাক্যশুনি সূক্ষ্মদর্শিসমধৈর্য্যে,
কহিল বচনচয় পবনবিজ্ঞবর, অবনমি সুরপতি-আর্য্যে।

দীর্ঘত্রিপদীচ্ছন্দঃ।

যত বাক্য বিতণ্ডিত, তর্ক বিতর্কিত,
নিষ্ফল নিশ্চিত চিন্তিমনে,

৭। অপ্‌পতি=বরুণ। ১৫। তূর্ণ=শীঘ্র। ১৬। রঞ্জন=রক্তচন্দন।

ভুলি রত্নসমর্জ্জন, অব্ধিস্থবিশ্বন,
বঞ্চনমাত্রে বিলুব্ধজনে।
অতি দুর্গতি উদ্গত, আর্য্য বিপদ্গত,
সম্প্রতি তর্কবিতর্ক দলে,
স্থধু মর্ম্ম-নিকৃন্তন, ধর্ম্মবিমর্দ্দন,
হর্ষণ নিশ্চিত শত্রুকুলে।
যত তর্ক উপস্থিত, বাক্য বিতণ্ডিত,
সম্প্রতি সন্ত্যজি শান্তচিতে,
শুন বাক্য, স্থরেশ্বর, পূর্ণশুভঙ্কর,
সঙ্গত নিশ্চিত আর্য্যহিতে।
করি সন্ধিবিবন্ধন, রাক্ষসতুর্জ্জন,
সন্ত্যজি যুদ্ধ নরেন্দ্রসনে,
গৃহমধ্য-অবস্থিত, তুঃখভয়ান্বিত,
বিশ্রুত নিশ্চিত সর্ব্বজনে।
কর বন্ধুবিনির্ণয়, সন্ধি-দিন-ক্ষয়-
বর্ণনজন্য অমিত্রগণে,
নতুবাত্য নরেশ্বর সন্ত্যজিবেস্থির,
ধর্ম্মবিরুদ্ধ-ঘৃণার্হরণে।
করিমাত্র স্থকীর্ত্তন সন্ধি-নিবর্ত্তন,
সর্ব্ববিপত্তি কি অন্ত হবে?
স্থধু অম্বুধিসন্নিধি তিষ্ঠি, মহন্নিধি-
তুর্ল্লভরত্ন স্থলব্ধ কবে?

৫। নিকৃন্তন=ছেদক। ১৬। অমিত্র=শত্রু। ১৯। নিবর্ত্তন=নিবৃত্তি।

দশকন্ধর-অন্তক- মূর্ত্তকৃতান্তক-
(চিন্তহ) কুন্ত-পরিগ্রহণে,
সুরশক্তি বিমর্দ্দিত, শক্রপুরস্থিত-
রাক্ষস-রক্ষিত-সংগ্রহণে।
যদি উদ্ধর বর্ণিত- কার্য্যসুসঙ্গত,
শৈব-অনুগ্রহ তুল্য রহে ;
গণি সম্ভব নিশ্চয়, রাক্ষস-সংক্ষয়,
ধর্ম্মমহত্ত্ব অসত্য নহে।
অতি সঙ্গত সম্প্রতি, গুপ্তচর-স্থিতি,
সৈন্য-সুসজ্জন পূর্ণমতে,
তব সঙ্গত এক্ষণ বান্ধব-দর্শন,
যুক্তিবিনির্ণয় সুস্থচিতে।
পবন-শুভঙ্করবচননিচয় শুনি সুরপতি সমধিকহর্ষে,
কহিলেন্ সুললিতবাক্যলহরি, জিনি সুমধুর-অমৃত-বিবর্ষে।
অমলসলিলপরিষিঞ্চনমাত্রে,
তরুবর, রবিকর-জর্জ্জর-গাত্রে,
পুনরপি অতুলমহৎসুখসঙ্গে,
দৃঢ়তমসবল যথাস্থির-অঙ্গে।
তদধিকসুখ মম উত্থিত চিত্তে,
পবনঅমৃতময়-বাক্যনিমিত্তে।
বিষমকঠিনতমকণ্টকপুঞ্জে,
লভিনু সুখ-সদন নিন্দি নিকুঞ্জে।

২। কুন্ত=বাণ বিশেষ।

অপগত সমুদয়বিঘ্নবিপত্তি,
সমুদিত সুরকুল-দুর্দ্দমশক্তি,
তবসম অনুপমবান্ধবজন্যে,
লভিনু পরমসুখ দুঃখ-অরণ্যে।
কথিতবিষয়চয় সুস্থিরচিত্তে,
সফল করহ অতিযত্নমহত্ত্বে।
অধিগতবিষমভয়ঙ্করদুঃখে,
সুরগণ পরমসুহৃৎ মমপক্ষে।
বরুণ বিমলমতি, সৎমতি-সঙ্গে,
প্রণিধি সদৃশ রহি সুস্থির-অঙ্গে,
অরিকুল-গতিবিধিদর্শনজন্যে,
নিরত হউন নিজবুদ্ধি সুধন্যে।
শমন অতুলবলসৈন্যসমক্ষে
ঝটিতি গমন করি উন্নতবক্ষে,
প্রখর-অনলসম-উৎকটবীর্য্যে,
বলদল করুন সুসজ্জিত শৌর্য্যে।
পবন সদয় হই সম্প্রতি হর্ষে,
মমসহ চলুন নরেশ্বরপার্শ্বে;
দ্রুতগতি-সুচতুর-বান্ধব-কার্য্যে,
অতুল পবন, মমবিস্তৃতরাজ্যে।
কথনান্তর সুরকুলপতি সুরগণ-বেষ্টিত হই অতিমৌনে,
উড়ুদল-বলয়িতশশধরসন্নিভ নির্গত হইল অগৌণে।

২২। বলয়িত=বেষ্টিত।

শমন বরুণ যুড়ি করযুগ অবনমি উজ্জ্বলসুরপতি-আর্য্যে,
চলিল বিশিখগতি সতর্কমতি অতি সুচিন্তি নিজনিজকার্য্যে।
সুরপতি সত্বর বসিল রথান্তর দিনকরসম অচলেন্দ্রে,
প্রবলপবন কনকাঙ্গদসজ্জিত বসিল সর্মার্থি সুরেন্দ্রে।
বিজুলি-চলন জিনি কৌশলময়-রথ, পরিহরি সুরপুরসর্ব্বে,
নিবিড়জলদদল-সম্বৃত হই অতি, চলিল ধরণিতল গর্ব্বে।
তপন-কনককরমাল্য-সুসজ্জিত হইল অবনি অবিলম্বে,
মরকত-কাঞ্চিসদৃশ পরিসজ্জিত, জলনিধি, বিপুল-নিতম্বে।
তখন সুবর্ণরচিত-লঙ্কাস্থিত-পুরহর-মন্দির-পার্শ্বে,
উপগত পুরজন, উৎসুক-অন্তর, কর্ব্বুরপতিপরিদর্শে।
সচিবনিচয় মিলি হইল উপস্থিত, বলদল উপগত সঙ্গে,
ক্রমশ উপস্থিত অগণিতকৌণপ, বিমলপরিচ্ছদ অঙ্গে।
জনগণবেষ্টিতসুন্দর-মন্দির ধরিল মূর্ত্তি চিতশান্তি,
সুরদল-বলয়িত-কনকপুষ্পময়-কল্পবিটপিসমকান্তি।
বহুবিধ-অতুলিতচিত্রে সুচিত্রিত, শিল্পকার্য্য অবিনিন্দ্য,
অঙ্কিতশিখিশুক যথার্থ গণি, কত উপগত হয় খগবৃন্দ।
ইন্দ্রমুকুট-সম-সুন্দরমন্দির ইন্দুকিরণ পরিনিন্দে,
অতুলসমুজ্জ্বলবিখচিত-মণিকুল নিন্দই সুবিজুলিবৃন্দে।
মন্দিরমধ্য-গমনপথ দৃঢ়তমরুদ্ধ সুকৌশলসঙ্গে,
আগ্রহসহ অতি অনিমিষ হই সব নিরখই মন্দির-অঙ্গে।
বচনরহিত সব, অচল অচলসম, পুলক-সমুদ্গম গাত্রে,
ব্যক্ত করই সব আত্মহৃদয়গত অঙ্গুলি-ইঙ্গিতমাত্রে।

৪। অঙ্গদ=বাহুভূষণ। ৮। কাঞ্চি—মেখলা। ৯। পুরহর=শিব।

ঝটিতি বিমুক্ত সুমন্দিরবর জিনি বজ্রভয়ঙ্কর-গর্জ্জে,
নির্গত ভৈরবরাক্ষস-অধিপতি ভাস্বরভাস্পাতিবীর্য্যে।
অঙ্গ-রশ্মিচয় ঝলসিল দশদিক্ ভস্মি ভুবন নিজ-ঊর্জ্জে,
উজ্জ্বল-কিরণ মধ্যগত-অবনিপ, নিন্দি পরিধিগতসূর্য্যে।
অভ্র-লঙ্ঘি-উন্নত-দশমস্তক পূর্ণ নিবিড়কচপুঞ্জে,
স্ফুরিত-বিকটজট-রুষ্ট-সিংহসম, শমনগর্ব্ব পরিভঞ্জে।
জ্বলিত মহোজ্জ্বল-বিংশনয়ন অতিনৃশংসদৃষ্টি বিসর্পে,
সূর্য্যবীর্য্য জিনি শৌর্য্যসমন্বিত, ঘূর্ণিত সতত সদর্পে।
বিকটবদন পরিমণ্ডিত অতিশয়কৃষ্ণকূর্চ্চকুলপুঞ্জে,
প্রচণ্ড-মদজল-মণ্ডিত-গজপতি-গণ্ডযুগল পরিগঞ্জে।
শমনদণ্ড জিনি সুদৃঢ়সমুজ্জ্বলবিংশতিভুজ-গুরুবীর্য্যে,
সহস্রকররবি বহূর্দ্ধগত হই ঘূর্ণিত সতত অধৈর্য্যে।
রক্তবসন, জিনি বহ্নি মহোজ্জ্বল, বদ্ধ সুদৃঢ়কটিকেন্দ্রে,
সব্য-অংস'পর পট্টবসনবর, ফণিবরসম অচলেন্দ্রে।
সান্ধ্যসূর্য্য জিনি চন্দনবিন্দু, স্ফুলিঙ্গ নির্গত চক্ষে,
রক্ত-কুসুমময়-মাল্য বিলম্বিত বিপুল-উপলসম-বক্ষে।
উদগ্রযমসম বিষমভয়ঙ্করমূর্ত্তি নিরতিশয়চণ্ড,
নিন্দি বিকটদিগ্-দহন-বিভাস্বর-যুগান্ত-জলধর-পিণ্ড।
গিরিবরভঞ্জক-বিকটবীর্য্যধর অদ্ভুতভুজবলবন্ত,
অনুপম-অবনিপ অদৃষ্ট-অশ্রুত, কম্পিত ভুবন অনন্ত।
লণ্ডভণ্ডভব খণ্ডিতদণ্ডিত উগ্রচণ্ডতমদর্পে,
স্ফুটিতমুণ্ডফণিপতি মূর্চ্ছিত ঘন ভৈরবচরণবিসর্পে।

৩। ঊর্জ্জ=তেজঃ। ৫। কচ=কেশ। ৯। কূর্চ্চ=শ্মশ্রু, ভ্রূ প্রভৃতি।

ধ্বংস করই সবশক্রবংশনিজ রুদ্র-অংশসমদর্পে,
দৃষ্টিমাত্র যতসুরনরকিন্নর মস্তক নত করি কম্পে।
অনুপমবিক্রমপুঞ্জ নিরখি রবি অস্তচলিত চিরদুঃখে,
বহু-অন্তর রহি সুধাংশু-উড়ুদল মৃদুলকিরণ পরিরক্ষে।
বিশ্ব চকিত হই ঘূর্ণিত, জলনিধি জল হই চলিত তরঙ্গে,
অচল অচলকুল, জড়বৎ তরুকুল, সময় চপল ভয়সঙ্গে।
কম্পিত অবিরত সকলজগজ্জন চিন্তি মৃত্যু অবিলম্বে,
দম্ভবীর্য্যবল নিরখি শম্ভু অতিনির্জ্জনগিরি অবলম্বে।
কিঙ্করসদৃশ সুচিন্তিত-অন্তর অন্তক অবনতশীর্ষে,
অনিলসলিলকুল সতত চলিত হয় অনুমতি লভি পদপার্শ্বে।
স্বতই ভয়ঙ্কর রাক্ষস-অধিপতি, সম্প্রতি পুন' দলখর্ব্বে,
জ্বলন্তবহ্নিসদৃশ অতিভৈরব, মূর্চ্ছিত জগজ্জনসর্ব্বে।
রহিত অন্যমতি, মাত্র শক্রকুল-নিধন-ইচ্ছু শর বর্ষি,
বীর্য্যতড়িৎযুত-সমগ্রতনুবর বজ্রমূর্ত্তিপরিদর্শী।
বিস্মৃতগুণগণ বিষম-ছন্নমতি, সুতকুলবিনিধনজন্যে,
কলুষ-অনলময়-তনুতরু দুর্ব্বহ বিষময়ভুবন-অরণ্যে।
প্রলয়সমুত্থিতভৈরবভাস্করসদৃশ চমকি ভবরাজ্যে,
সজ্জিত উজ্জ্বলকর্ব্বুর-অধিপতি বিকটবীর্য্য অনিবার্য্যে।
বাহ্যদৃষ্টিহত সতত কাঙ্ক্ষিচিত সুরনর-সমধিক-কষ্টে,
উৎকটহিংস্রকচিত্তমাত্র লই উদ্যত বিশ্ববিনষ্টে।
ভৈরবদৃশ্য ভুবনভয়বর্দ্ধক ভাস্কর নির্গত চক্ষে,
ক্রান্ত নিতান্ত মমান্তর সম্প্রতি চিন্তি ভবান্তকরক্ষেঃ।

১। রুদ্র = শিব। ২২। রক্ষঃ = রাক্ষস।

প্রণমিল সর্ব্বজন প্রবিশঙ্কিত দর্শি নিরতিশয়দাস্য,
উগ্রদৃষ্টিসহ, সমুদয়জনগণ, নিরখিল তখন দশাস্য।
চৌদিশি অগণিতসজ্জিতপুরজন অনুকরি জলধিতরঙ্গে,
মধ্য-অবস্থিত বিকটধরণিপতি বিনিন্দি মন্দর-অঙ্গে।
ঘূর্ণিতরক্ত-উদগ্রনয়নসহ অবনিপ নিরখই যত্র,
করযুড়ি অবনমি তিষ্ঠই সবজন অবশবিকম্পিতগাত্র।
দীর্ঘ বিনিঃশ্বসি নিরখি চতুর্দ্দিশি বহ্নিবর্ণ করি আস্য,
ঝলসি নয়ন নিকটস্থমহোজ্জ্বল-গৃহবর পশিল দশাস্য।
বহুবিধ চিন্তি মন্ত্রিবরসৌরণ পরিহরি অপরসমস্তে,
শুকসহ পশি গৃহ অবনত হই অতি রহিল কৃতাঞ্জলিহস্তে।
উচ্চমঞ্চ'পরি সংস্থিত দশমুখ উজ্জ্বলকিরণ বিবর্ষে,
পুরত উপস্থিত বিনতসচিবযুগ, তরুসম গিরিপদ-পার্শ্বে।
নিরবসদনবর বিস্ময়করঅতি, পূর্ণ নিরতিশয়ধৈর্য্যে,
বিনতভৃত্যসম চকিত অনিলদল চলিত সতত মৃদুবীর্য্যে।
মুহূর্ত্তপরি অতি-উষ্ণ বিনিঃশ্বসি উন্মদসদৃশ-অধৈর্য্যে,
তর্জ্জি কহিল দুর্জ্জয়রাক্ষসপতি বজ্রবিনিন্দকগর্জ্জে।

লঘুচৌপদীচ্ছন্দঃ।

অদ্ভুতঅভিনব দুঃসহপরিভব,
গৌরব হত সব, কহিব কি রুদ্রে!
বাক্য অচল হয়, চিন্তি বিষয়চয়,
চিত্ত মগন হয় গরলসমুদ্রে!!

৩। অনুকরি=অনুকরণ করিয়া। ৪। মন্দর—গিরিবিশেষ

কিঙ্কর-অনুগত শঙ্কর অবিরত,
অঙ্কনিকটগত, সকলসমক্ষে ;
আত্ম করিনু পণ, অর্চ্চিনু সযতন,
বঞ্চিত তবু পুন' দরশনপক্ষে !!
কিম্বিধ করি অহ, সহ্য করিব কহ,
দুর্ব্বহ-অবিসহ বিষম-অনিষ্টে ?
সত্যই সুসময় বান্ধব বহু হয়,
দুঃসময়-নিদয়, বুঝিনু বিশিষ্টে !!
কিন্তু শপথ মম, লক্ষ-অচলসম,
মৃত্যু-সমধিগম হয় যদি অগ্রে,
হিংস্রহৃদয়শিব- গৌরব বিদলিব,
অর্চ্চন বিলুপিব ভুবনসমগ্রে।
শীঘ্র বরষি শর দুঃসহখরতর,
দণ্ডিব শিবচর, যমসমদণ্ডে,
অম্বর-গৃহবর- দীপ্ত-উড়ুনিকর
নিশ্চয় হতকর, রবিকর চণ্ডে।
দুর্জ্জনপুরহর, উৎকটগুরুতর-
হিংস্র-অহিতকর হইল সগর্ব্বে,
দুঃখ মরমগত তীক্ষ্ণবিশিখমত,
শীঘ্র করহ হত সুরনরসর্ব্বে।
অর্দ্ধপলসময়, দুঃসহ অতিশয়,
উগ্র-অনলচয় দহিল মমাঙ্গে ;

২। অঙ্ক=ক্রোড়। ৬। অবিসহ=অসহ্য। ১১। বিলুপিব=লুপ্ত করিব।

বৃশ্চিক শতশত দংশই অবিরত,
বিহ্বল তনু চিত, গরলতরঙ্গে।
ধ্বংস করহ'রথি, শত্রু কুটিলমতি,
তদ্বিনু পরিণতি বুঝমম শীঘ্র ;
উগ্রবড়বসম দুঃখবিষমতম
দগ্ধিল চিত মম, উহু কি উদগ্র !!
অঙ্ঘ্রি-যুগলতল মর্দ্দিনু অবিরল,
সর্ব্ব-অমরদল, যমসমদর্পে,
ভৃত্য-অধম হই তুচ্ছশকতি লই,
দংশিল পুন অই জিনি শতসর্পে।
মৃত্যু-অধিক পুন, দুঃখনিকর, শুন,
অর্পিল রিপুগণ নিরদয়-চিত্তে,
সর্ব্ব-উপরি পদ অর্পিনু করি মদ,
সম্প্রতি কি বিপদ ঘটিল মহত্তে !!
ইন্দ্র বরুণ যম, কিঙ্করসম মম,
অর্চ্চিল সনিয়ম অবনতশীর্ষে,
অর্চ্চিল সমুদয় দিগ্‌যুবতিনিচয়,
ফুল্লকুসুমময়- উড়ু-কুলবর্ষে।
সংস্মরি যতযত পূর্ব্ববিষয়, তত
দুঃখ-অশনি গত হয় সুধু বক্ষে,
তীক্ষ্ণবিশিখশত ছিন্ন করিল চিত,
সহ্য করিব কত অবিসহদুঃখে !

৪। পরিণতি=শেষ। ৫। বড়ব=বাড়বাগ্নি। ১৩। মদ=গর্ব্ব।

সম্প্রতি সুধু মম শান্তি পরমতম,
যদ্যপি যমসম কর অরি-অন্ত ;
তদ্বিনু বুধগণ, শীঘ্রমমনিধন,
দুর্ব্বহতনুমন, কহিনু নিতান্ত।
সপদি ধরণিপতি রুদ্ধকণ্ঠ অতি সংস্থিতসুস্থিরমুণ্ডে,
ফুৎকৃতি-রবসহ দীর্ঘনিঃশ্বসন, বিবিধবর্ণ দশতুণ্ডে।
দুঃখদগ্ধকৃত বিগলিততরলিত নির্গতঅশ্রুতরঙ্গে,
সলিলনিমগ্ন-উপলসম মুখ-ছবি টলমলদর্শনসঙ্গে।
অন্তরনিহিত-তীব্রমৎসররিপু-দীপ্ত-পুনর্মুখ-কান্তি,
সজলজলদদলসম্বৃতদিনমণিসদৃশ সমর্পি অশান্তি ;
নিরবসদনবর পূর্ণ হইল অতিখিন্নরুষ্টমুখবিম্বে,
দুঃখ-অশনিপরিচূর্ণ হয় হৃদয়, সদন নিরখি অবিলম্বে।
তীব্র-উগ্রশিখ-বড়ববহ্নিময়-জলধিসদৃশ গৃহকান্তি,
টলমলতরিসম কম্পিত অবনিপ বিবর্ষি বিষম-অশান্তি।
বিপুল-অশ্রুচয় চলিত সলিলসম তরলিততুঙ্গতরঙ্গে,
বিষমবিকটতমদুঃখ বড়বসম মিলিত সলিলকুলসঙ্গে।
দগ্ধনক্রসমপৃথুলমন্ত্রিগণ নিপতিত পরম-অধৈর্য্যে,
অস্ফুটরবসহ ঘনঘন নিঃশ্বাসি হৃদয়দুঃখ সুবিসর্জ্জে।
রত্নপুঞ্জসমমঞ্জুমঞ্চকুল বড়ববহ্নি লভি দীপ্ত,
অন্যবস্তু যত মৎস্যকূর্ম্মসম নিপতিত, গণি, হতচিত্ত।
বিষণ্ণ অতিশয় সকলনগরবর মসিময় হইল অকস্মাৎ,
উগ্র-দুঃখ-দিগ্-দহন-ধূম্র, গণি, সতিমির করিল সমন্তাৎ।

৬। তুণ্ড=মুখ। ৯। মৎসর=দ্বেষ। ১৭। নক্র=কুম্ভীর।

অস্থির অতিশয় রাক্ষস-অধিপতি, বিকৃতবদন মন’দুঃখে,
বিলুপ্ত সমুদয়বিশ্বদৃশ্যচয়, তিমির দৃষ্ট সুধু চক্ষে।
বিকটবহ্নিসম কখন সমুত্থিত ভৈরবচীৎকৃতিসঙ্গে,
শিথিল-উপলসম ঝটিতি পতিত পুন’ নিমগ্ন অশ্রুতরঙ্গে।
উভয়পার্শ্বতলনিপতিত ঘনঘন পাংশুবিলুণ্ঠিতবস্ত্রে,
ছটফটি বিহ্বল, মৃগপতি যদ্বিধ বিক্ষত হই অনলাস্ত্রে।
দংশি অধর কভু, কভু কর-অঙ্গুলি, আপ্লুত রুধিরতরঙ্গে,
বক্ষউপরি কভু মুষ্টি বর্ষি ঘন অস্ফুটতমরবসঙ্গে,
স্তব্ধ হইল দশকন্ধর নিঃশ্বসি, বিস্ময়ি মন্ত্রিকদম্বে ;
করযুগ সম্পুটি কহিল সচিবশুক পূর্ণদন্তঅবলম্বে।

(লঘুত্রিপদীচ্ছন্দঃ)।

শঙ্কিতঅতি কিঙ্কর, তব-
চিন্তিতমতিদর্শনে,
নিদ্রিতজন যদ্বিধ অতি
শঙ্কিত মহিকম্পনে।
দুঃখিতচিত রাক্ষস পতি,
গর্হিত-অনুচিন্তনে,
সঙ্গত নয়, কর্ব্বুরপতি-
দুর্ব্বলমতি এক্ষণে।
ধূর্জ্জটি যদি নির্দ্দয় অতি,
কিক্ষতি তব সম্ভবে ?

৫। পাংশু=ধূলি। ৯। কদম্ব=সমূহ। ১৯। ধূর্জ্জটি=শিব।

বিন্দুরহিত সিন্ধু বিকল,
অদ্ভুত সুবৃহদ্ভবে !
দুর্দ্দমতব- দুর্জ্জয় বল,
নিষ্ফল পরবিক্রমে,
ভাস্করকর উষ্ণ কখন,
কিঞ্চিদনলসঙ্গমে ?
ইঙ্গিত তব সক্ষম কত-
অন্তকপরিমর্দ্দনে,
উদ্যম তব সঙ্গত কভু,
ভিক্ষুকশিব-অর্চ্চনে ?
শঙ্কিত অতি কিঙ্কর, তব-
অন্তর পরিমার্জ্জিতে,
অক্ষম জল- বিন্দু সতত,
ইন্দু-অমৃত অর্পিতে।
উৎকটগতি সম্প্রতি, নিজ-
উদ্যম শুভ অর্পিবে,
ভাস্পতি যিনু, অন্ধতিমির,
অন্য কি কভু মর্দ্দিবে ?
গর্হিতভয়- চিন্তনসব,
বর্জ্জন করি এক্ষণে,
সিংহসদৃশ বিক্রমসহ
আক্রম অরিদুর্জ্জনে।
শঙ্কিতজন, বেষ্টিত সুধু,
শঙ্কটবনদুর্গমে,

বিদ্রুতমৃগ, দুর্দ্দমহরি
নিশ্চিত অধিকাক্রমে।
সচিববাক্য শুনি দুঃখিত হই অতি বর্জ্জি তখন নিজমৌনে,
সৌরণ সুমতি মন্ত্রিবর অবনমি, করযুড়ি কহিল অগৌণে।

প্রহরণকলিকাচ্ছন্দঃ।

কহিব কি অধুনা, বুধবরবচনে,
বিষমবিষ-অসি প্রহিত মমমনে।
সুরগুরুসদৃশ- স্থিরমতিসচিবে,
বিরহিতসুমতি, প্রতিজন কহিবে।
শতপবি সহসা মমশির'উপরে
পতিত গণি চিতে, কহিব কি অপরে!!
বিপদকুল যথা ক্রমশ' অতিঘন,
স্থিরচিতসহিতে, সমুচিত কথন।
অধিগতবিপদে, শিবপদকরুণা,
গতি তব সমরে, পরিগণি অধুনা।
পবন বহি যবে ভুবন পরিদলে,
পরিচিতবিটপী গতি বিহগদলে।
পরিহরি অচিরে সমুদয়বিষয়ে,
ভজহ পুরহরে, সরলশুচি হ'য়ে।
শিবপদবিহনে ননিরখি নয়নে,
অপরগতি ভবে, বুঝহ নিজমনে।

১। বিদ্রুত=পলায়িত। হরি=সিংহ। ৬। প্রহিত=নিহিত। ৯। পবি=বজ্র।

অতিশয়যতনে তুষি পুন' গিরিশে,
লভি বর অচিরে বধ রিপু হরিষে ;
যদি শিবকরুণা লভি পুন' ভুবনে,
কি ভয় নরগণে ? অবগণি শমনে।

চিন্তিত হইল মন্ত্রিবর নিতান্ত, শুকসহ বচন-অনৈক্যে,
পুনরপি দশমুখ কহিল বিনিঃশ্বসি, দুঃখবিমিশ্রিতবাক্যে।

সত্য সচিবগণ, সৌরণ-সুবচন,
দুর্ব্বল মমমন' গিরিশনিমিত্তে,
কর্ব্বুরশুভ যত, শঙ্কর-অনুগত,
মঙ্গল সুবিতত, গিরিশমহত্ত্বে।
যদ্যপি সমুদয়- বিশ্ব-বিলয় হয়,
নিশ্চয় তবু নয় মম চিত আর্ত্ত,
পূজ্যগিরিশপ্রতি, কিঞ্চিত অভকতি,
দুঃসহ গণি অতি, কহিনু যথার্থ।
কিন্তু সুদিন গত, সম্প্রতি অবিরত
দুঃখ সমধিগত, পুরহরজন্যে,
সৌরকর-মিলন-. উদ্গত-জলকণ
সংলভি কর পুন' অবনি নিষণ্ণে।
রত্ন গণি বিফল, শম্ভুপদকমল,
রক্ষিণু অবিচল, নিজহৃদিমধ্যে,
কিন্তু ফলিল ফল দুঃসহগরল,
উগ্র-অনলদল- সম চিত দগ্ধে।

৪। অবগণি=অগ্রাহ্য করি। ১০। বিতত=বিস্তৃত। ১২। আর্ত্ত=ব্যথিত।

দীপ্তদহনসম তীব্রবিষমতম-
বিক্রম যত মম হত মমপক্ষে,
নিশ্চয় কহি, শুন, দুর্লভ গণি পুন,
শঙ্করসকরুণ- নয়নকটাক্ষে।
সম্প্রতি যত যত ধূর্জ্জটি-অনুগত
তিষ্ঠিব, তত তত ডুবিব সমুদ্রে,
উগ্রদিবসকর- সন্নিধি তরুবর
নিশ্চয় কৃশতর খরতররৌদ্রে !!
উজ্জ্বলমণিমতি তুচ্ছক গণি অতি,
যদ্যপি অবনতি হয় মমগর্ব্বে,
গর্ব্বিহৃদয়জন, গর্ব্ব যদি নিধন,
তুচ্ছ গণই পুন' ধনজনসর্ব্বে।

চিন্তিতচিতসব নিশ্চলনিষ্প্রভ সমুপবিষ্ট নত-অংসে,
রজনি-বসনবৃত-কমলনিচয়সম অচপলজলনিধিঅংশে।
সপদি তখন অতিশঙ্কিত-অন্তর কুম্ভসদৃশগতিসঙ্গে,
উপগত সৌবল বিকটরজনিচর জলদবর্ণবৃহদঙ্গে।
বজ্রখণ্ড জিনি পঞ্চমুণ্ডবর সক্ষম শৈলবিভঙ্গে,
অনলপিণ্ডসমপঞ্চ-অক্ষিবর চমকই কিরণতরঙ্গে।
বিকট-অষ্টভুজ ফণীন্দ্রতনু জিনি কর্কশপৃথুল নিতান্ত,
লক্ষ-অচলসম বক্ষ' বিপুলতম, মূর্ত্তি বিনিন্দি কৃতান্ত।
কনকবর্ম্মপরিসজ্জিত-তনুবর, মুকুট সমুজ্জ্বল শীর্ষে,
মণিময়চর্ম্মসহিত অসি লম্বিত ঝলমলি দক্ষিণপার্শ্বে।

২২। চর্ম্ম=ঢাল।

বিস্তৃত করি অতি নয়ন ধরণিপতি, পরিহরি সমুদয়ধৈর্য্যে,
সুধিল তথ্য যত, চিত্ত চমৎকৃত, অভিনবজলধরগর্জ্জে।

সম্প্রতি অসময়,	সন্নিধি কি বিষয় ?
সত্বর সমুদয়	কহ পরকাশ্যে,
চঞ্চলচমকিত-	দুঃখিততমচিত,
সম্প্রতি সুবিদিত	হয় তব-আস্যে।
কৌন বিপদ, বল,	উত্থিত পুন' হ'ল,
কৌণপহতবল-	হননিমিত্তে ?
চিন্তিতঅতিশয়	অদ্য মমহৃদয়,
বর্জ্জি সকলভয়,	কহ সবতত্ত্বে।

প্রণমি সুসত্বর দুর্জ্জয়সৌবল সূর্য্যবীর্য্যধররক্ষেঃ,
করযুগ সম্পুটি অবনত হই অতি কহিল বিকম্পিতবক্ষে।

কুরঙ্গনর্ত্তনচ্ছন্দঃ।

তব-অনুমতি শীর্ষ-উপরি ধার্য্য করি সসম্ভ্রমে,
নিরখি সতত শত্রুচলন গুপ্ত রহি মহোদ্যমে।
চতুরমৃগয়ু যদ্বিধ বিপিনান্তর রহি নির্জ্জনে,
মৃগকুলগতি ঈক্ষই অতিযত্নসহ শনৈঃসনে।
নিরখি বিষমকার্য্যনিচয় অদ্য সুরপুরান্তরে,
উপগত তব অঙ্ঘ্রি-নিকট ভৃত্য বিকল-অন্তরে।
বিকটজলদবিদ্যুতময় যদ্বিধ পরিদর্শনে,
তরুবরপদসন্নিধিগত শঙ্কিতপথিক ক্ষণে।

৭। কৌন=কোন। ১৫। মৃগয়ু=ব্যাধ।

সুরকুলপতি অর্চ্চি গিরিশ অদ্য রজনি সংগতে,
লভি শুভবর হৃষ্টহৃদয় ফুল্লবদন সুস্মিতে।
দ্রুতগতি পশি মন্ত্রভবন মন্ত্রিনিচয়সংহতি,
স্থির করি কৃতসপ্তদিবসিসন্ধি-বিরতি সম্প্রতি,
প্রণিধিকরম নির্দ্দিশি পুন' ধূর্ত্তবরুণ দুর্জ্জনে,
তবগতিবিধিকার্য্যনিচয় সর্ব্বত'পরিদর্শনে ;
অনুমতি পুন অর্পি ঝটিতি দুষ্টশমন দুর্দ্ধরে,
সুরগণ লই সৈন্যগঠনজন্য অতি সুসত্বরে ;
মৃগপতিসম বিক্রমি উঠি চক্রি-উপরি সম্প্রতি,
চলিত নৃপতিসন্নিধি কুটিলাত্মপবনসংহতি।
যদি খলমতি সত্বর অতি সংধৃত হয় অম্বরে,
ধ্রুব চিররিপু সম্প্রতি হয় বদ্ধ তবপুরান্তরে।
নিরখিনু যত শক্রবিষয় বর্ণিনু সব এক্ষণে,
করহ ঝটিতি যদ্বিধ তব বাঞ্ছিত হয় সংমনে।
প্রবলপবন-পরিবর্দ্ধিত-দুর্দ্দম-দহন-পুঞ্জ-মদখর্ব্বে,
গর্জ্জিল দশমুখ মূর্চ্ছিত করি ভব ভৈরবযমসমগর্ব্বে।

নিশ্চিত সমুচিত সম্প্রতি সুবিদিত,
শঙ্কর বিকুপিত- চিত কি নিমিত্তে,
দুষ্ট-অমরপতি নষ্ট করিল মতি,
অর্পি গরল অতি- সুবিমলচিত্তে।
গুপ্তদহনসম দগ্ধিলকুলমম,
দুষ্ট-অধমতম, নরপশুসঙ্গে,

৪। সপ্তদ্দিবসি=সপ্তদিনব্যাপী। বিরতি=বিরাম। ১২। ধ্রুব=নিশ্চয়।

ক্রুদ্ধ হই সতত, কুগ্রহকুলমত
চেষ্টই অবিরত, মমসুখভঙ্গে।
উগ্র-অনলসম দগ্ধি অধমতম,
দর্শিব বলমম, অমরকদম্বে,
দণ্ডিব সমুচিত, শীঘ্র চল সহিত,
সজ্জিত অতুলিত হই অবিলম্বে।
সূর্য্যকিরণসম- অস্ত্রসহিত মম,
সংগ্রহ অনুপম- রণ-অবতংসে,
সত্বর রথবর অশ্বনিযুতকর,
গৌণ গরলধর- ফণিসমদংশে।
স্তব্ধ হইল দশকন্ধর নবরবিবর্ণ-বদন অতিদম্ভে,
নিরখি ভয়ঙ্করমূর্ত্তি সচিবগণ বচনরহিত অবিলম্বে।
জ্বলিতবহ্নিসম অস্ত্রবস্ত্রসহ থরথর কম্পিত-অঙ্গে,
অনুচর জনৈক উপগত করযুড়ি সত্বর সুবিনয়সঙ্গে।
ঝটিতি ধরণিপতি হইল সুসজ্জিত উজ্জ্বলসঙ্গরসজ্জে,
বিশ্বভস্মকর-চণ্ডদণ্ডধর-কৃতান্ত নতমুখ লজ্জে।
রত্নখচিত-কমকাঞ্চন-কঞ্চুক ঝলকিত সুবিপুল-অঙ্গে,
উড়ুকুল-বিখচিত-অম্বর-সন্নিভ উজলিল কিরণতরঙ্গে।
মণিময়মুকুটশীর্ষ'পরি সজ্জিত সূর্য্যসদৃশ নগশৃঙ্গে,
তদুপরি মৌক্তিকগুচ্ছ-রশ্মিচয় ঝলসি সমুত্থিত তুঙ্গে।
শশধর নিন্দি সমুজ্জ্বলকুণ্ডল পরিধৃত বিস্তৃতকর্ণে,
বিজুলি-নিচয়সম উজলিত সুকিরণ বদনজলদসমবর্ণে।

৮। অবতংস=ভূষণ। ৯। নিযুত=যুক্ত। ১৫। সঙ্গর=যুদ্ধ।

বহ্নিবরণকটিবন্ধ সুদৃঢ় বিনিবদ্ধ কঠিনকটি-অগ্রে,
স্ফুরিতবীর্য্য-ফণিপতি-পরিবেষ্টিত-মন্দরসদৃশ সমগ্রে।
সব্যপার্শ্বগত-ফলক বৃহত্তম জলদ-কান্তি অভিবর্ষে,
অচলবিলম্বিত-বিষবল্লরিসম অসিবর দক্ষিণপার্শ্বে।
সব্যকর-বিধৃত ভৈরবকার্ম্মুক হরধনু' জিনি বলযুক্ত,
রত্ননিষঙ্গ পৃষ্ঠ'পরি, শরগণ শমনবিমর্দ্দনশক্ত।
সৌরণ শুক সৌবল রণমণ্ডন-মণ্ডিত হইল সশস্ত্রে,
ভুবনভস্মকর-বিষধর যদ্বিধ চিত্রিত-কঞ্চুক-বস্ত্রে।
বেষ্টিল দুর্দ্ধরযোদ্ধৃপুরুষগণ কর্ব্বুর-অধিপ অধৃষ্যে,
দিনকরবেষ্টিপরিধিসম ঝলকিল উজ্জ্বলি সমুদয়বিশ্বে।
সদর্প বিক্রমি উঠিল সর্ব্বজন চক্রি-উপরি অবিলম্বে,
উচ্চ-অচল'পরি গজদলসংহতি গজপতিসদৃশ সদম্ভে।
উৎকট নিঃস্বনি উদ্গাত রথবর উজ্জ্বলি অবনি সমগ্রে,
প্রলয়-সমুত্থিত-বহ্নিপুঞ্জসম ঝলমলি কিরণ উদগ্রে।
ঝটিতি জলদদল বিদীর্ণ করি রথ উত্থিত সমধিকশৌর্য্যে,
আগ্নিক-নগগণ সুবিদরি উদ্গাত-অনলপুঞ্জসমবীর্য্যে।
তখন ধরণিপতি ঊর্দ্ধ সমীক্ষিল, (বিষম চকিত করি সূর্য্যে)
বিদলিত-অঞ্জনপুঞ্জসদৃশ-ঘনপুঞ্জ চলিত অতি-ঊর্জ্জে।
বিজুলিরশ্মিসম গুপ্তরথকিরণ বিস্তৃত ঘনচয়গাত্রে,
বিকসিত-সুবিরল-খদ্যোৎফুলসম বিটপি-উপরি কুহুরাত্রে।
মুহূর্ত্ত চিন্তি সুরান্তক অগণিতদুরন্ত-মৃগপতিগর্ব্বে,
ঝটিতি আক্রমিল লক্ষিতঘনচয়, মূর্চ্ছি বিশ্বজনসর্ব্বে।

২। সমগ্রে=সর্ব্বপ্রকারে। ৩। ফলক=ঢাল। ৬। নিষঙ্গ=তূণ।

যুগান্তরবি জিনি উগ্রকুন্তকুল বর্ষি সমুন্নতমুণ্ডে,
ছিন্নকরিল করিকুম্ভসদৃশ-অতিদৃঢ়তম-অম্বুদপিণ্ডে।
মৌক্তিক-পুঞ্জসদৃশ পরিনির্গত সুরপতি-রথ অবিলম্বে,
মঞ্জুলকিরণ বিসর্পি চতুর্দ্দিশি রঞ্জিল জলদকদম্বে।
অভিনবরবি গণি অখিলজগজ্জন চমকিত বিস্মিতচিত্তে,
চিত্রবিচিত্রিত হইল ভুবনতল অদ্ভুতকিরণনিমিত্তে।
ক্বচিৎ বহ্নিচয়সদৃশমহোজ্জ্বল ঝলমলভৈরবকান্তি,
ক্বচিৎ বিমল-মরকত-মণিসন্নিভ অর্পই জগজ্জনশান্তি।
ক্বচিৎ সুরক্তিমকিংশুকফুলসম উজ্জ্বলরশ্মি বিবর্ষে,
ক্বচিৎ দ্বিরদরুধিরাক্ত-সিংহসট-সদৃশদৃশ্য পরিদর্শে।
পুলকিততনু অতি দিগ্‌যুবতিনিচয় বরষিল ফুলকুল হর্ষে,
অভিনন্দিল মিলি সুরববিহগগণ কলকলরব অভিবর্ষে।
অতুলসমুজ্জ্বলবীর্য্যবিভবযুত-শক্র নিরখি অবিলম্বে,
গর্জ্জিল বিকটধরণিপতি দশদিক্ কম্পিত করি অতিদম্ভে।

ধিক্ কলুষিতমতি নির্ঘৃণসুরপতি,
চৌরসদৃশ গতি করিলি সহর্ষে!
ভৃত্যসদৃশ হই, তৃপ্তহৃদয় লই,
ইঙ্গিত লভি, অই নরপশুপার্শ্বে!
অদ্ভুত তবগুণ, দণ্ডিত হই পুন'
চিন্তহ অনুদিন, সুজন-অনিষ্টে,
সর্প-অধিকখল- চিত্ত তব, চপল,
হিংস্রক অবিরল পরসুখ দৃষ্টে।

৪। বিসর্পি—বিস্তৃত করি। ১০। দ্বিরদ=হস্তী। সট=কেশর।

সহ্য করিনু কত দুষ্কৃতি অবিরত,
অব্ধিসম সতত বড়বকদম্বে ;
কর্ম্ম-উচিতফল অদ্য লভিবি খল,
বান্ধিব হতবল করি অবিলম্বে।
তর্জ্জি গর্জ্জি বর্জ্জিল দশকন্ধর, লক্ষি্য সুরেশ্বরমুণ্ডে,
ব্যাঘ্রবদন-অতিরিকট-অস্ত্রবর, বহ্নি বিনির্গত তুণ্ডে।
মৃদুলশষ্পসম ভস্মি অস্ত্রবর অদ্ভুতভৈরববীর্য্যে,
কহিলেন্ সুরপতি পবনযুদ্ধরতজলধিসদৃশগুরুগর্জ্জে।
ঘৃণিত দলিত হ'লি সর্ব্বসমক্ষে,
কলুষিতমতি তবু সংস্থিত বক্ষে ?
নরকহৃদয় শতধিক্ তবচিত্তে,
জনম লভিলি সুধু চৌর্য্যনিমিত্তে !!
বিকট-অনলসমকল্মষসর্ব্বে,
দহিলি অবনি অতিদুর্ম্মদগর্ব্বে।
সুবিকটনিপট-বিধুন্তুদতুল্যে,
বধিলি বিধুসদৃশধর্ম্ম অমূল্যে।
সুখ বিরহিত সবধার্ম্মিকশিষ্টে,
ব্যথিত সকলজন দুঃসহকষ্টে ;
বিষমবিপদ সববিশ্ব সুধন্যে,
জ্বলিত ধরণি তব কিল্বিষজন্যে।
সমধিকগুরুতরশাস্তি সমর্পে,
বধিব অধম অতিশীঘ্র সদর্পে।

১৫। বিধুন্তুদ=রাহু। ২০। কিল্বিষ=পাপ।

প্রতিফল লভ মম-উৎকটখড়্গে,
স্মরহ কুমতি নিজবান্ধববর্গে।
বাক্যসহ তখন তীক্ষ্ণবিশিখকুল বর্ষিল ঘনবিষপূর্ণ,
ক্রুদ্ধসর্পচয়সদৃশ চলিল জিনি বজ্রগমন অতিতূর্ণ।
ঝটিতি ধরণিপতি ভস্মি সকলশর কহিল তুচ্ছি সববিশ্বে,
দম্ভঘৃণাব্যঞ্জক-অতিসুবিকট-অট্টহাস্যযুত-আস্যে।

কৌতুক গুরুতর, ভৃত্যসহ সমর,
হর্ষ অসহতর, উপজিল চিত্তে,
ঈক্ষিণু অভিনয় অদ্ভুত অতিশয়,
চঞ্চলগতিময়- সময়নিমিত্তে !!
স্বপ্নসদৃশ সব- কার্য্য বিবিধ তব,
সম্প্রতি অনুভব করিনু বিমৌনে,
ভৃত্য-অধমজন অদ্য করিল রণ,
বিস্মরি বিবরণ সকল অগৌণে !!
কিম্বিধ করি, বল, যুদ্ধ করিব, খল ?
চিত্ত বিগতবল হ'ল মম অদ্য,
চিন্তি বিষয় সব অদ্ভুত অভিনব,
বিস্ময়ময়ভব নিরখিনু সদ্যঃ।

নয়নবহ্নি-বিদ্যুৎপ্রকটিত করি গর্জ্জি বজ্র জিনি দম্ভে,
সত্বর আক্রমণার্থ নির্দ্দিশিল (অরি ধৃত হয় অবিলম্বে)।
তখন বিশিখগতি চলিল ভয়ঙ্করযোদ্ধৃবর্গ রিপুলক্ষ্যে,
নিরখি উরগগতি খগপতিসন্নিভ বেষ্টিল সুরপতিপক্ষে।

৩। বিশিখ=বাণ।

ঝটিতি ধরণিপতি বহ্নিবৃষ্টিসম-ভৈরবখরশরবৃন্দে,
করিল সুসম্বৃত সুরপতিরথবর সজ্জিত রত্ন অনিন্দ্যে।
রুদ্ধসিংহসম গর্জ্জি সুরেশ্বর মুহুর্মুহুঃ স্থিরশৌর্য্যে,
বর্ষিল রিপু'পরি বিষমতীক্ষ্ণতমশরকুল বিনিন্দি সূর্য্যে।
অদ্ভুতসঙ্গর উপজিল তৎক্ষণ, কম্পিত ভুবন অধৈর্য্যে,
বিশিখ পরস্পর বিন্ধিল খরতর, উভয় তুল্য বলবীর্য্যে।
ক্ষতবিক্ষততনু হইল যোদ্ধৃগণ মণ্ডিত রুধিরতরঙ্গে,
উজলিল যোদ্ধৃনিচয় রবিরঞ্জিত-জলদসদৃশ-অরুণাঙ্গে।
অযুতবজ্রজিনি গর্জ্জি অবনিপতি বিন্ধিল পবন-বরাঙ্গে,
প্রবলপবন নিজবল বিস্ফূর্জ্জিল গর্জ্জি জলদরবসঙ্গে ;
ভৈরবসঙ্গর অধিকভয়ঙ্কর অদৃষ্ট অশ্রুত বিশ্বে,
অগ্নিপুঞ্জসম ছুটিল অস্ত্রকুল সংদহি রবিরথ-অশ্বে।
শঙ্কিতদিগ্‌গজনিচয় বিনিশ্চল জড়বৎ মুদ্রিতচক্ষে,
দিগ্‌যুবতিনিকর বধিরিল সুরনর আর্ত্তনিনদি অতিদুঃখে।
শরবন-সম্বৃত হইল নভস্তল, তমিস্র ভুবন-অরণ্যে,
শিথিল হইল দিগ্‌বন্ধ, চতুর্ম্মুখ বিদগ্ধ-চিত ভবজন্যে।
উজ্জ্বলশশিরবি দীপ্ত-উড়ুনিকর নিপতিত হইল অধৈর্য্যে,
অনন্তবিশ্ব বিচূর্ণিত, উত্থিত মহাপ্রলয় ভবরাজ্যে।
তখন সুরেশ্বর ভৈরব-দুর্দ্দম-মত্তগজেশ্বর-গর্ব্বে,
কহিলেন্‌ পুনরপি তীব্রবাক্যচয়, মূর্চ্ছি নভশ্চরসর্ব্বে।

নিপট কপট শঠ লম্পট দুষ্ট,
ত্যজিবি ঘৃণিততনু শীঘ্র নিকৃষ্ট।

৮। অরুণ = রক্তবর্ণ। ১১। বিস্ফূর্জ্জিল = বিস্তার করিল।

বিচলিতচিত হ'লি মৃত্যুসমক্ষে ?
ভুলিলি অমরবলবীর্য্য অলক্ষ্যে ?
কলুষিত-মতি, সুবিচূর্ণিতমুণ্ডে
ঝটিতি পতিত হ'বি রৌরবকুণ্ডে ;
ক্ষণপর হইবি বিলুপ্ত দুরন্ত,
'ধনজন তনুমন' বর্জ্জি নিতান্ত।
ত্যজিলি কি সমুদয়বুদ্ধি বিশুদ্ধে ?
নিরত হইলি অমরেন্দ্র-বিরুদ্ধে !!
ঘৃণিতমশক হই সন্ত্যজি লজ্জা,
গজপতি-বিধৃতি-নিমিত্ত সুসজ্জা !!

বিকটতড়িৎযুত-অশনি সুরেশ্বর ধরিলেন্ ভৈরবগর্ব্বে,
অসঙ্খ্যভাস্কর-কিরণ-বিভাস্বর হইল ককুভকুলসর্ব্বে।
গগনলঙ্ঘি-উত্তরল-তরঙ্গিত-জলধিসদৃশ যুগ-অন্তে,
গর্জ্জি সুরেশ্বর বর্জ্জিল পবিবর, মূর্চ্ছিল বিশ্ব-অনন্তে।
ছিন্নভিন্ন করি বন্ধ-ছন্দ যত বহ্নিসদৃশ তৃণপুঞ্জে,
পিঞ্জরনির্গতসিংহসদৃশ পুন' চলিল বজ্রগতি গঞ্জে।
দ্রুতগতি রাক্ষসপতি দলবলসহ দৌড়িল সুরপতিজন্যে,
কিন্তু ঝটিতি রথ দৃষ্টিবহির্গত ঝলমলি সুবিপুলশূন্যে।
করবিচ্যুত-অরি নিরখি ধরণিপতি বিদীর্ণ হই অতিদুঃখে,
ভাস্পাতিসদৃশ সমুজ্জ্বলি দশদিক্ চলিল আত্মপুরলক্ষ্যে।
প্রবলপবন ঘন অনুপমকৌশল ঘূর্ণিত করিল সহর্ষে,
ঝটিতি চক্রিবর হইল উপস্থিত নৃপতিশিবিরবরপার্শ্বে।

১০। বিধৃতি—বিধারণ। ১২। ককুভ=দিক্।

অবতরি সুরপতি অনিলসহিত অতিসুখিতচিত্তসহ হর্ষে,
পশিল সকৌতুক সুবিপুলসুকঠিনশিবিরমধ্য নতশীর্ষে।
উপলবপ্র-পরিবেষ্টিতসুশিবির. জলধিসদৃশ তটসর্ব্বে,
অগণিত-অশনিগর্ব্ব হরি সংস্থিত পর্ব্বতসদৃশ সগর্ব্বে।
অভ্রবিচুম্বি-শিখরবর উত্থিত গগনবিলঙ্ঘনরঙ্গে,
ধ্বজবর তদুপরি রঞ্জি নভস্তল গঞ্জই গাঙ্গতরঙ্গে।
কর্ব্বুরগর্ব্ব খর্ব্বি, বহুসৈনিক বপ্র-উপরি পরিতিষ্ঠে,
দুর্জ্জয়গজপতি সজ্জিত যদ্বিধ উজ্জ্বলগিরিবরপৃষ্ঠে।
যোদ্ধৃবর্গ যত যুদ্ধসুপদ্ধতি শিক্ষই সমতলবক্ষে,
কম্পিত ধরণি, চরণরজ’ উত্থিত দবাগ্নিধূম্রসদৃক্ষে।
বর্ষণজন্য অচল বহু সজ্জিত সক্ষম বজ্রবিভঞ্জে,
উদ্ধতজলনিধি-তরলিত-তুঙ্গ-তরঙ্গ-নিকর পরিগঞ্জে।
প্রলয়জলদসম-উপলপুঞ্জ বহু রক্ষিত রিপুবধজন্যে,
দীর্ঘবিটপি-কুল নিপতিত অগণিত অজগরসদৃশ অরণ্যে।
শমনদণ্ড জিনি চণ্ডকিরণযুত-অসিকুল কতরবি স্পৃষ্টে,
সকলইরম্মদ সুমিলিত, পরিগণি, সমুদয়বিশ্ব বিনষ্টে।
অনল-অর্চ্চি’সমভল্লনিচয় পরিসজ্জিত উন্নতমস্তে,
স্ফুরিতকিরণযুত অরুণবর্ণ অতি রিপুকুলরক্তসমস্তে।
পুঞ্জপুঞ্জ কত চর্ম্মবর্ম্মকুল ঘর্ম্মরশ্মি পরিগঞ্জে,
বিকটবিশিখ কত বজ্রবীর্য্যময়, কার্ম্মুককুল গৃহরঞ্জে।
অমৃতপিণ্ডসমমণ্ডপ বিরচিত শিবিরমধ্যগতখণ্ডে,
পূর্ণরজনিকরসদৃশ সুসজ্জিত সমুদয়দুর্গ বিমণ্ডে।

৩। বপ্র=প্রাচীর। ১০। সদৃক্ষ=সদৃশ। ১৯। ঘর্ম্মরশ্মি=সূর্য্য।

রঘুকুল-নলিন-দিনেশ্বর সংস্থিত বর্ণিত-অতুলিতহর্ম্ম্যে,
স্নিগ্ধ-অসিতমণি জিনি তনু-সুকিরণ সিঞ্চই অমৃত সুরম্যে।
ললিতশিখণ্ড-সদৃশমুখমণ্ডল, বিমলগণ্ড অবিনিন্দ্য,
বিকচপদ্মসম সরসনেত্রযুগ, ভুরুযুগ মধুকরবৃন্দ।
নির্ম্মলনিবিড়জলদ জিনি সুন্দর মরকতরশ্মি বিসর্পে,
স্নিগ্ধশুদ্ধতমসুবিমল-অবয়ব সুরনর-মঙ্গল অর্পে।
শান্তসুধাম্বুধিসদৃশ-অঙ্গবিধু নিরখি পুণ্যময়সর্ব্বে,
মূর্ত্তধর্ম্মসম পবিত্র-সকরুণ, বিশ্বকলুষকুল খর্ব্বে।
নিরুপম অবয়ব (বিষ্ণু বিষ্ণু সম) সিদ্ধপুরুষচিতহংস,
মূর্ত্তি-সুবর্ণন-অক্ষম মহর্ষি, মতি মম পরমনৃশংস।
দুঃখ-অনল-পরিদগ্ধ-ভুবনতল-রক্ষণজন্য, সযত্নে,
নির্ম্মল-অমৃতসদৃশ অবতীর্ণ জগৎপতি, রঘুপতি-রত্নে।
তৃণসম সমুদয় বর্জ্জি আত্মসুখ নিরখি জগজ্জনকষ্টে,
শুদ্ধসরলচিত নিরত সতত অহ জনগণ-দুঃখবিনষ্টে !!
যদিচ শক্তি নিজ বিশ্বসুবিস্ময়-অনুপমতম ভবরাজ্যে,
বিনয়মূর্ত্তিসম তবু অতিবিনম্র, সকরুণদৃষ্টি বিসর্জ্জে।
মমত্বময়চিত দুঃখিত অতিশয় রাক্ষসকলুষিতকর্ম্মে,
স্নিগ্ধভুবন পুন’দর্শনজন্য সমুৎসুক নরপতি মর্ম্মে।
ত্রিভুবনমঙ্গল-গাঙ্গসলিলসম রঘুপতিচরিতসমস্তে,
অধমমনুজ হই সাধ্য কি মম, কহ, চিত্রি কলুষময়হস্তে ?
অখিল-অবনিতল পুণ্য-অমৃতময় অনুপমচরিতনিমিত্তে,
বিশ্বশীর্ষমণি-রঘুমণি-পদ লভি ধরণি ধন্য নিজচিত্তে।

৩। শিখণ্ড—ময়ূরপুচ্ছ। ১৭। মমত্ব—দয়া, মায়া।

কষিতকনক-কমকান্তি-বিনিন্দক-লক্ষ্মণ সংস্থিত সব্যে,
স্ফুরিতকিরণযুত-তনু-তরু সজ্জিত বল্কলকুল অভিনব্যে।
প্রখরদিবসকরমণ্ডল-নির্গত, পরিগণি, যোদ্ধৃ সুধন্যে,
অনুমিত হয় তনু বিজুলি-বিনির্ম্মিত, বিশ্বসুবিস্ময়জন্যে!
কর্ব্বুরকুল-বন-দহন-হবির্ভুজ সংস্থিত কি মনুজ-অঙ্গে?
জ্বলিত-দবাগ্নি-বিপিনসম গৃহবর উজ্জ্বল কিরণতরঙ্গে!
অতুলজিতেন্দ্রিয় অতুলপরাক্রম সুদৃঢ়নিপুণ সবকার্য্যে,
সত্যনিরত অতি ভক্তিপূর্ণমতি, অগ্রজরঘুপতি আর্য্যে।
পুরত' অবস্থিত মিত্রপুলস্ত্যজ ঋক্ষ-অধীশ্বরপার্শ্বে,
নৃপতিপরিচ্ছদ-রঞ্জিততনুবর, অঞ্জলি বিনিহিত শীর্ষে।
ব্রহ্মলগ্ন-সম মগ্ন সকলজন চিন্তনজলনিধিগর্ভে,
জনগণসংযুত তবু নির্জ্জনসম অনুমিত হয় গৃহ সর্ব্বে।
অবনতমৌলি-সুরেশ্বর কর যুড়ি অর্পণ করি নিজবক্ষে,
বিনত-পবনসহ তখন উপস্থিত নৃপকুলসূর্য্যসমক্ষে।
সম্ভ্রমসহ উঠি রঘুকুলরঞ্জন অঞ্জলি লই নিজশীর্ষে,
অভিনন্দন করি, রত্নমঞ্চবর অর্পণ করিলেন্ হর্ষে।
পরমতুষ্ট হই সমুপবিষ্ট সবসুরনর সমধিকযত্নে,
মণিময়কুণ্ডল-কিরণ মহোজ্জ্বল উজলিল সদনসুরত্নে।
দ্রুতগতি রঘুপতি-অনুচরগণ অতিসুগন্ধিজলকণবর্ষি-
ব্যজন রত্নময় বিধুনিল অবিরল, অতুলবিনয় পরিদর্শি।
বিপুলশিবিরবর-উচ্চশিখর'পর সুমধুররব অভিবর্ষে,
মঙ্গলবাদ্য উদিত অতিসত্বর, বিমুগ্ধি চিত্ গুরুহর্ষে।

২। অভিনব্য=নূতন। ৯। ঋক্ষ=ভল্লুক। ২০। বিধুনিল=সঞ্চালিল।

ধ্বজকুল মণিযুত উত্থিত অগণিত রঞ্জি গগন কমদৃশ্যে,
ভৈরব-অয়স্কণপকুল গর্জ্জিল মূর্চ্ছিত করি সববিশ্বে।
পূর্ণবিনয়সহ তখন নরেশ্বর কর যুড়ি সমধিকযত্নে,
কহিলেন্ মধুময়বিমলবচনচয়, সমর্চ্চি সুরকুলরত্নে।

দীর্ঘচৌপদীচ্ছন্দঃ

দুঃখিত অতি হইনু অদ্য, ঈক্ষি হৃদয়নিলয়মধ্য,
বহ্নিসদৃশ-অসুখ সদ্য' ইন্দুনিহিতবক্রিমা!
ফুল্লকমল শিশিরপূর্ণ, তুল্যসলিলকণ বিকীর্ণ
আস্য-উপরি, ধবলবর্ণ- বস্ত্রবরণরক্তিমা!!
উষ্ণ অথচ ঘন নিতান্ত নিঃশ্বসিত সুদমিত-অন্ত,
শীর্ণবদন, চিত অশান্ত, খিন্ননয়নভঙ্গিমা,
স্বর্গ-অধিপ অসুখমগ্ন ঈক্ষি ভুবন-হৃদয় ভগ্ন,
অদ্য কি মহিতলবিলগ্ন উচ্চ-অচলতুঙ্গিমা!!
ক্ষুদ্র-অধমমনুজজন্য, দুঃখিত সুরপতি সুধন্য,
সম্প্রতি তববিষমদৈন্য দুঃসহ মম-অন্তরে,
মার্জ্জহ মমকলুষ-ছদ্ম, সুস্থির কর হৃদয়পদ্ম,
'সহ্য করই জলধিসদ্ম উগ্রবড়ব দুর্দ্ধরে।
দগ্ধ বিকট-অনলমধ্য অন্তর মম অমররাধ্য,
রক্ষ সদয়হৃদয় অদ্য দুঃখিতচিরকিঙ্করে,
সত্বর কহ সুরকুলেন্দ্র, কিম্বিধ করি বদনচন্দ্র
সম্বৃত অহ, বিষমসান্দ্র- দুঃখজলদ-অন্তরে?

২। অয়স্কণপ—বন্দুক। ১৬। সদ্ম—গৃহ। ১৭। রাধ্য=পূজ্য। ২০। সান্দ্র=গাঢ়।

সজ্জনগণহিতনিমিত্ত চিন্তিত অতি সতত চিত্ত,
অর্পিত মমতনু অনিত্য, সর্ব্বভুবন-মঙ্গলে,
ব্রাহ্মণ-ঋষি-অমরপক্ষ- রক্ষণ মমচরমলক্ষ্য,
দুর্গতি তব মমসমক্ষ বজ্রসম হৃদিস্থলে !!

নিরব নরেন্দ্র অনিন্দ্য-বচন-অভিনন্দিত করি অমরেন্দ্রে,
অবনমি সুরপতি করকুবলয় যুড়ি কহিলেন্ সুললিতমন্দ্রে।

তব-অনুগতজন বিশ্ব বিনষ্টে,
সকলবিপদ তরি নির্ভয় তিষ্ঠে ;
মৃগপতি গত যদি পর্ব্বতশৃঙ্গে,
সভয় কি জলনিধি-তুঙ্গতরঙ্গে ?
অপগত সমুদয়বিঘ্নবিপত্তি,
বিদলিত গণি সবশাত্রবশক্তি ;
তবপদ-অতুলমহদ্গুণজন্যে,
সমুদয়শুভ পরিলব্ধ অধন্যে।
গিরিশ-চরণ ধরি অদ্য সযত্নে,
লভিনু অভয়বর দুর্লভরত্নে ;
সদয় যখন হর হর্ষিতচিত্তে,
অপগত গণি সববিঘ্নবিপত্ত্যে।
অনুমতি কর নিজবন্ধু সুদক্ষে,
ঝটিতি গমন করি শক্রসমক্ষে,
বিদিত করুন গতসন্ধি অগৌণে,
অনুচিত গণি তব সম্প্রতি মৌনে।

৬। মন্দ্র = শব্দ। ১২। শাত্রব = শত্রুসম্বন্ধীয়।

কথিতদিবসসব নিশ্চিত অন্ত,
দমন করহ রিপু দুষ্টদুরন্ত,
মমসহ যুঝি লভি শাস্তি সমগ্র,
পশিল অধম গৃহ-অন্তর শীঘ্র ।
অবহিত হই পুন' কল্য সযত্নে,
লভ রিপু-বিনশন-কুন্তকরত্নে ;
বিতরিল শরবর কর্ব্বুর-দুর্গে,
সকরুণ হই বিধি রাক্ষসবর্গে ।

সহর্ষ হইল সকলজন সুরপতি-বচন শুনি স্থির-অঙ্গে,
করকিসলয় যুড়ি কহিল সুলক্ষণলক্ষ্মণ সুবিনয়সঙ্গে ।

মালিনীচ্ছন্দঃ ।

বিগত অশুভ সম্যক্, বিঘ্ননির্ম্মুক্তসর্ব্বে,
অমরপতিসমক্ষে দুঃখ সম্পূর্ণ খর্ব্বে ।
অমৃতনিধিসমক্ষে তিষ্ঠি সন্তুষ্টিসঙ্গে,
কভু কি তৃষিতশঙ্কা চিত্তশান্তি প্রভঙ্গে ?
অতিহিতকরবাক্য ব্যক্ত আর্য্যেন্দ্র-আস্যে,
করহ কথিতকার্য্যে, শৌর্য্যবীর্য্যে প্রকাশ্যে ।
অমরপতিপদাব্জ প্রাপ্ত পর্য্যাপ্তপুণ্যে,
তদনুমতি সযত্নে রক্ষ সংসিদ্ধিজন্যে ।
যদিচ বিরত সদ্যঃ সন্ধি-বন্ধ প্রকর্ষে,
তবু উচিত অগৌণে উক্তি তৎ শত্রুপার্শ্বে ;

১৭। পর্য্যাপ্ত=প্রচুর। ১৯। প্রকর্ষে=প্রকৃষ্টরূপে

সমরনিয়মসম্যক্ রক্ষি নিঃশঙ্কচিত্তে,
বধিব রিপুকুলেন্দ্রে ব্যাঘ্রবৎ ক্ষুদ্রসত্ত্বে।
ত্রিভুবন যদি যুদ্ধে পুত্রবৎ শত্রু রক্ষে,
অণুপরিমিতশঙ্কা নাস্তি সৌমিত্রিপক্ষে;
কপটসমর কিন্তু, ক্ষাত্রধর্ম্মপ্রঘৃণ্য,
বিষমভয় সমর্পে, চিন্তি তৎ চিত্ত খিন্ন।
অনুচর অবিলম্বে নির্দ্দিশ স্নিগ্ধচিত্তে,
সমুচিত গণি চিত্তে অঙ্গদে স্থৈর্য্যযুক্তে;
অতুলিত বলবীর্য্যে, সিংহবৎ শত্রুরাজ্যে,
সমধিকশুভকর্ম্মা অঙ্গদ প্রোক্তকার্য্যে।
লঘুমতিদশমৌলী, অত্রবংশস্থদক্ষে,
শশকসমসশঙ্ক, স্থৈর্য্য বর্জ্জি প্রকম্পে;
নিরখি রিপু অকস্মাৎ যোদ্ধৃরত্নে স্থিরাক্ষে,
নয়নজলবিবর্ষে তিষ্ঠিবে স্তব্ধবক্ষে।
শরহরণনিমিত্তে, মিত্রপৌলস্ত্য পূজ্যে,
অনুপম-উপদেষ্টা চিন্তি বিশ্বস্থরাজ্যে;
তদনুমতি-অপেক্ষা যুক্ত উক্তস্বকার্য্যে,
বিদিত সকলবার্ত্তা মিত্রপৌলস্ত্য আর্য্যে।
কৌণপকুলরবি-সৌম্যবন্ধুবর কর যুড়ি মধুময়বাক্যে,
লক্ষ্মণ-অভিহিত-বচন সমর্থিল সমধিকপুলকিতবক্ষে।

২। সত্ত্ব=প্রাণী। ১৩। স্থিরাক্ষ=স্থিরদৃষ্টি।
১৪। স্তব্ধ=স্পন্দহীন। ২০। অভিহিত=কথিত।

অনুকূলাচ্ছন্দঃ।

সঙ্গতবাক্যে, উপজিল চিত্তে,
শান্তি নিতান্ত, প্রখরবিপত্তে;
উগ্রসমুদ্রে সুপবনতুল্য,
উক্ত সযত্নে বচন অমূল্য।
বর্ণিতকার্য্যে, অতি-উপযুক্ত
অঙ্গদ যোদ্ধা স্থির-অনুরক্ত।
বর্জ্জি বিলম্বে, অকপটচিত্তে,
নির্দ্দিশ শিষ্টে, গমননিমিত্তে।
আত্মমহত্ত্বে ফল লভি কার্য্যে,
অঙ্গদ অদ্য প্রণমুন আর্য্যে।
শঙ্কর-আজ্ঞা যখন সুলব্ধ,
নিশ্চয় দুষ্টে বিদলিব সদ্যঃ।
স্পষ্ট সমক্ষে নিরখিনু চক্ষে,
বজ্র নিষক্ত প্রভু-রিপু-বক্ষে।
আঞ্জনি ধন্যে, বিশিখনিমিত্তে,
নির্দ্দিশ কল্য, স্থিরতমচিত্তে।
উক্তসুকার্য্যে, কথিতবলীন্দ্র
যোগ্য বিশিষ্টে, কহিনু নৃপেন্দ্র।

ইঙ্গিতমাত্র ভৃত্যবরজনৈক নির্গত হই অতিমৌনে,
দুর্জ্জয়-অঙ্গদসহিত উপস্থিত রঘুপতিনিকট অগৌণে।
অতুলশক্তিধর-কপিকুলভাস্কর মৃগপতিগর্ব্ব বিভঞ্জে,
বিদ্যুদগ্নিপরিপূর্ণ-বিকটতম-যুগান্ত-জলধর গঞ্জে।

১৪। নিষক্ত—নিবদ্ধ। ১৫। আঞ্জনি=হনুমান্।

কনকপরিচ্ছদসজ্জিততনুবর ঝলমলি কিরণ বিবর্ষে,
দিনকরখরকর-রঞ্জিতগিরিবরসদৃশকান্তি পরিদর্শে।
প্রবলযোদ্ধৃপতি অবনত হই অতি নমিল নৃপতিপদরত্নে,
তখন নরেশ্বর কহিলেন্ সুবচন পরমবিনয়সহ যত্নে।

স্তম্ভিত করি সব-অনার্য্য, সম্প্রতি করি কঠিনকার্য্য,
কীর্ত্তিত সুর-অধিপ আর্য্য সর্ব্বমনুজবর্ণনে;
শত্রু সবল শিবনিমিত্ত, অদ্য গিরিশ নিদয়চিত্ত,
দুর্জ্জয়রিপু হতমহত্ত্ব, নির্জ্জিত গণি এক্ষণে।
সম্প্রতি মত হইল এই দৌত্যবিষয় বিদিত যেই,
শত্রুবসতি চলুন সেই, সন্ধিবিরতিকীর্ত্তনে,
বান্ধবগণ করিল ধার্য্য, ঈক্ষহ তুমি রিপু অনার্য্য,
পূর্ণকরহ কথিতকার্য্য, আর্য্যবিপদভঞ্জনে।
দুঃখকতই দিনু অনন্ত, সহ্য করিছ হই সুশান্ত,
বর্ণিত-উপকৃতি নিতান্ত, অদ্য করহ সত্বরে,
বন্ধুনিচয়সুকৃতিজন্য, সর্ব্ব-অশুভ গণি নগণ্য,
দুর্ল্লভ অতি সুগতি অন্য, চিন্তি বুঝহ অন্তরে।
যদ্বিধ রবি-করতরঙ্গ, সত্বর করি তিমিরভঙ্গ,
সজ্জিত করি ধরণি-অঙ্গ, অর্চ্চিত ভুবনান্তরে,
তদ্বিধ নিজ-অতুলপুণ্য বিস্তৃত করি করহ ধন্য,
অর্চ্চন লভ জগতমান্য কার্য্য সফলি সত্বরে।
শ্রেষ্ঠতনয়নিধনজন্য দগ্ধহৃদয়রিপু-অধন্য,
নিষ্ঠুর অহ! সমরজন্য উদ্যম পুন' সম্প্রতি,
দুঃখিত মম সতত মর্ম্ম, চিন্তি বিষয় গলিতঘর্ম্ম,
কিন্তু কি করি অতি-অধর্ম্ম- কর্ম্মনিরত দুর্ম্মতি।

নিরব নরেশ্বর সবিনয় সুমৃদুল সমীক্ষি অঙ্গদতুণ্ডে,
মঞ্জুল-অঞ্জলি বিরচি যোদ্ধৃপতি কহিল বিনততমমুণ্ডে।

মত্তগজগামিনীচ্ছন্দঃ।

সার্থক সমর্থি অতি জন্ম মম এক্ষণে,
অদ্য তবদুর্ল্লভ-সদুক্তি শুনি সুক্ষণে।
সিদ্ধি লভি শুদ্ধজন হর্ষিত যথান্তরে,
তৎসদৃশ ভৃত্য তব তৃপ্ত ভব দুস্তরে।
ভৃত্য গণি অক্ষুভিতচিত্তসহ সর্ব্বদা,
অর্প তবদুর্ল্লভকৃপা প্রকৃতশর্ম্মদা।
সত্বর সমস্তশুভ উদ্ধরিব সৎমনে,
পূজ্যতমকার্য্য মম ধার্য্য গণি এক্ষণে।
শক্রপুর তুচ্ছ অতি মৃত্যুপুর দুর্গমে,
আর্য্যপদ চিন্তি পশি সিংহসমবিক্রমে।
সর্ব্বভয় অন্ত হয় কান্তপদচিন্তনে,
ত্বৎপদ-বিলগ্ন রহি শঙ্কি কি বিপদ্গণে?

প্রফুল্লচিত অতি ঋক্ষ-অধীশ্বর যোগ্যবচন শুনি হর্ষে,
পূর্ণবিনয়সহ কহিল হস্ত যুড়ি সুমধুরমধু অভিবর্ষে।

তামরসচ্ছন্দঃ।

সকলশুভোদ্গম নিশ্চিত অদ্য,
সুরপতি-আশ্রয় মঙ্গল সদ্যঃ।
অতিশয়সঙ্গতসুন্দরবাক্যে,
বিষয় সমর্থিত ঈপ্সিতলক্ষ্যে।

১। সমর্থি—বিচিন্তি। ৯। অক্ষুভিত=প্রশান্ত। ১০। শর্ম্মদা=সুখদা।

অনুপমহর্ষ সমুত্থিত চিত্তে,
স্থিরমতি-অঙ্গদ-বাক্যনিমিত্তে।
কথিতসুকার্য্য সমুদ্ধরি যত্নে,
লভুন মহোজ্জ্বলকীর্ত্তিসুরত্নে।
রত হই অদ্য মহোৎকটকার্য্যে,
হইল বলীন্দ্র মহান্ নিজবীর্য্যে।
ভুবন সমুজ্জ্বলি রশ্মি অনিন্দ্যে,
সুযশ' উপস্থিত ইন্দু বিনিন্দে।

সর্ব্বসুসম্মতিমত নৃপ অর্পিল চন্দনসহফুলমাল্যে,
উজলিল অঙ্গদ-হৃদয় নিন্দি উড়ু-বিখচিত-গগন অতুল্যে।
কৃতার্থ হই অতি সপুলক-অঙ্গদ নমিল বিনয়নতমুণ্ডে,
তরুবর-কুসুম-কান্তিসম বিকসিল হর্ষ সকলজনতুণ্ডে।
অনলসমোজ্জ্বলখরতর-অসি লই শৈলসমোন্নতবক্ষে,
চলিল যোদ্ধৃপতি ভৈরববিগ্রহ, দুর্গমরিপুপুরলক্ষ্যে।
তখন সুরেশ্বর সম্ভ্রমসহ লভি অনুমতি নরপতিপার্শ্বে,
চলিল অনিলসহ সত্বর সুরপুর ফুল্লহৃদয় অতিহর্ষে।
নিন্দি বিশিখগতি দলপতি-অঙ্গদ চমকি জগজ্জনসর্ব্বে,
কর্ব্বুর-সুবিপুল-কনকনগরবর-নিকট উপস্থিত গর্ব্বে।
দ্রুতগতি জনৈককৌণপ উপগত মন্ত্রভবনবরকক্ষে,
দশমুখ-সন্নিধি অঙ্গদ-তত্ত্ব কহিল অতি-অবনতচক্ষে।
বহ্নিপিণ্ড জিনি রক্তবদনযুত-অবনিপ অনিমিষনেত্রে,
নিরখিল সত্বর সচিবনিচয়মুখ, সমধিকসুস্থিরগাত্রে।

২। ঈপ্সিত=বাঞ্ছিত। ১৬। বিগ্রহ=শরীর।

মন্ত্রিকুলেশ্বরসৌরণ কর যুড়ি কহিল বচন সুবিশুদ্ধে,
সমুচিত চরপরিদর্শন সম্প্রতি, পূর্ণসভাস্থলমধ্যে ।
বহুবিধ চিন্তি ধরণিপতি সম্মত শান্তমন্ত্রিবরবাক্যে,
মুহূর্ত্তপর সববিষয় সুকীর্ত্তিত বিস্তৃতনগরসমক্ষে ।
দিব্য-অশ্বযুত-রত্নশকটবর ঝটিতি উপস্থিত রঙ্গে,
গমনযোগ্য যত অপরসমুদ্যম হইল বাদ্যরবসঙ্গে ।
বিকটতূর্য্যরব ঝটিতি সমুত্থিত বিনিন্দি ধূর্জ্জটিশৃঙ্গে,
ত্রিভুবন কম্পিত, সুরনর বিস্মিত চমকিত থমকিত-অঙ্গে ।
সরলপংক্তি রচি কনকশৈলসম সৈনিকগণ পথপার্শ্বে,
ঝকমকি অসিকুল অতুলপরিচ্ছদ দিনকর জিনি কর বর্ষে ।
মন্ত্রিনিচয়সহ সুরনর-অন্তক উঠিল শকটবরকক্ষে,
উজ্জ্বলি দশদিক্ সজ্জিতরথবর চলিল সভাস্থললক্ষ্যে ।
অসিকুল ঝঞ্ঝনি অশ্বসৈন্যগণ চলিল পুরত' অতিগর্ব্বে,
পশ্চাৎ চলিল অপর যত সহচর কতমতসজ্জিত সর্ব্বে !
অতুলসুসজ্জ-তুরগগজকতশত চলিল দম্ভ অবলম্বে,
চমকিত কম্পিত মুখরিত সমুদয়বিপুলনগর অবিলম্বে ।
ঝটিতি সভাস্থল সমুপস্থিত হই বসিল ধরণিপতি গর্ব্বে,
যোগ্যমঞ্চ'পরি বসিল বিনত হই পাত্রমিত্রগণসর্ব্বে ।
তরুণ-অরুণ-ঝলকিত-উপবনসম সমিতিসদন অবিলম্বে
হইল সমুজ্জ্বল অনুপমসুন্দর হৃদি ধরি যোদ্ধৃকদম্বে ।
জনগণমণিময়-অস্ত্রবস্ত্রকর উজলিল সমুদয়হর্ম্ম্যে,
নিন্দি উগ্রতর-উজ্জ্বলরবিকর নির্ম্মলগগন সুরম্যে ।

১। তূর্য্য = ভেরী। শৃঙ্গ = শিঙ্গা।

অতুলিতসজ্জিত-বিপুলসভাস্থল সুরপতিহৃদয়-অশান্তি,
কুসুমিত-কল্পবিটপিময়-নন্দন নিন্দি অতুলতমকান্তি।
কিন্নরসদৃশবন্দিগণ বন্দিল পিকজিনি সুস্বরসঙ্গে,
সুরধনু'সদৃশবিবিধবরণান্বিত-মণিময়কঞ্চুক অঙ্গে।
উৎসুক হই অতি সংস্থিত সবজন রঘুপতি-চর-পরিদর্শে,
প্রতিজনসম্মুখ অসিবর নিপতিত, ফণিসম তরুবরপার্শ্বে।
সপদি উপস্থিত ভৈরব-অঙ্গদ বিপুলসমিতিযুতহর্ম্ম্যে,
গ্রহপতিসন্নিভ চমকি সকলজন বহ্নিসমোজ্জ্বলবর্ম্মে।
রত্নমুকুটবর বিজুলিপুঞ্জসম ঝলসিল রাক্ষসবৃন্দে,
কটিতটলম্বিত-উলঙ্গ-অসিবর অনল-অর্চ্চি' পরিনিন্দে।
মুহূর্ত্ত দশমুখ-বদন নিরীক্ষণ করি অতিতীক্ষ্ণ-অপাঙ্গে,
গর্জ্জি কহিল দুর্জ্জয়-অঙ্গদ অতি-উন্নত-উত্তম-অঙ্গে।

সপ্তদিন অন্ত তবসন্ধিমত এক্ষণে,
অদ্য তবসন্নিকট তদ্বিষয়বর্ণনে।
নিশ্চিত সমস্তদিন অন্ত তবু এক্ষণে,
চৌরসম গুপ্ত হই সুপ্ত রহ নির্জ্জনে ?
ঈক্ষি তব-ছন্নমতিদুর্গতি রণাঙ্গনে,
ঈশ্বর দয়ার্দ্র হই সন্ধিরত সদ্‌গুণে ;
বিশ্রুত মহাত্মগণ-সচ্চরিত সর্ব্বতঃ,
দুর্ব্বল-অমিত্রজন রক্ষই সযত্নতঃ।
কিন্তু তব কার্য্যকুল চৌর্য্যসমধৃষ্টতা-
ব্যঞ্জক, বিনিন্দ্য অতি নির্ঘৃণবিমূর্খতা।

২। নন্দন=নন্দনবন। ৮। গ্রহপতি=সূর্য্য। ২২। ব্যঞ্জক=প্রকাশক।

ধিক্ যত মহত্ত্ব তব, ধিক্ যত সুযোগ্যতা,
দুষ্টজনতুল্য সুধু চেষ্ট. যত ধূর্ত্ততা ?
মত্ত রঘুসৈন্য রণজন্য পুন এক্ষণে,
শীঘ্রগতি অস্ত্রসহ সঞ্চর রণাঙ্গনে।
যোদ্ধৃকুলপূজ্যজন হৃষ্ট হই সঙ্গরে,
শ্রেষ্ঠ হয় শত্রুসহ যুদ্ধ করি সত্বরে।
কিন্তু যদি চিন্ত তুমি চৌরসম অন্তরে,
অঞ্জলি নিবদ্ধ করি রঞ্জ নৃপ-ঈশ্বরে।
নিশ্চয় পুনশ্চ অতি তুষ্ট হই অন্তরে,
ক্ষান্ত করিবেন্ত তব-অন্ত সমরাধ্বরে।
যদ্বিধ অভীপ্সু তুমি উক্তি কর সত্বরে,
বর্ণিব সমস্ত মনুজেন্দ্রপদ সুন্দরে।

অঙ্গদরুক্ষবাক্য শুনি দশমুখ উন্মদসদৃশ-অধৈর্য্যে,
দশন ঘর্ষি ঘন বর্ষিল করতল জঙ্ঘ-উপরি ঘনগর্জ্জে।
পটপটসুবিকটশব্দ সমুত্থিত বজ্রশব্দ পরিনিন্দে,
মুখরিত দিগ্‌দশ, চকিত জগজ্জন, পবন চলিত মৃদুমন্দে।
থরথরকম্পিত রুষ্টধরণিপতি, তনুরুহ উত্থিত অঙ্গে,
প্রলয়মূর্ত্তিবর নিরখি সর্ব্বজন নয়ন মুদিল ভয়সঙ্গে।
তখন জগজ্জন মূর্চ্ছিত করি অতি উগ্রহবির্ভুজগর্জ্জে,
তর্জ্জি উত্তরিল কর্ব্বুর-অধিপতি গর্ব্বসহিত গুরুবীর্য্যে।

সত্বর ধরধর, বিক্রমি খরতর,
শীঘ্র হনন কর কপিকুলষণ্ডে,

১০। অধ্বর=যজ্ঞ। ১৪। জঙ্ঘ=উরু। ১৭। তনুরুহ=লোম।

মুণ্ড ছিঁড়ি ঝটিতি চর্ব্বণ কর অতি,
যদ্বিধ মৃগপতি মৃগশিশুমুণ্ডে।
তুচ্ছমনুজচর, দর্দ্দুর লঘুতর,
সর্পসদনবর পশিল সদন্তে!
ভক্ষহ পরিদলি, রাক্ষসগণ মিলি,
মর্কটতনুবলি লহ অবিলম্বে।
ধিক্ কপিকুলখল, কিম্বিধ করি, বল;
চিন্তিলি হতবল সুরনরমান্যে?
মক্ষিকুল কুপিত ঈক্ষি সভয়চিত
সিংহ কি হয় গত বিজন-অরণ্যে?
বিশ্রুত ভবতল ভৈরবভুজবল,
সম্প্রতি অবিরল হতবিধিচক্রে,
ঘৃণ্যবচন শুনি, দুষ্ট বুঝহ গণি,
বন্য-অধম গণি নিরখিনি অগ্রে।
ক্ষুদ্রজনসহিত বাক্য সমনুচিত,
দুর্যশ' নিপতিত হয় সুমহত্ত্বে;
হস্ত যুড়ি অধম তিষ্ঠ নফরসম,
চুম্বি চরণ মম চমকিতচিত্তে।
বক্রকণ্ঠসহ কপিকুলভাস্পতি মুহূর্ত্ত শুনি সববাক্যে,
ক্রমশ' বৃহৎতনু হইল রুষ্ট হই বিনিন্দি পর্ব্বতলক্ষে।
বিটপিনিকরসমবিপুলচিকুরকুল সপদি সমুত্থিত শীর্ষে,
পৃথুলধমনিকুল অভিব্যক্ত হই সরিৎমূর্ত্তি পরিদর্শে।

৩। দর্দ্দুর—ভেক। ৬। বলি—উপহার। ১৭। নফর—ভৃত্য।

বিস্তৃতঘূর্ণিতবিকটনয়নযুগ রক্তবর্ণ-অতি-উগ্র।
প্রলয়সূর্য্য জিনি অধিকসমুজ্জ্বল ঝলমলকিরণ উদগ্র!
ধক্‌ধক্ নির্গত তীব্রবহ্নিচয় যুগাগ্নিকুলসমদৃশ্যে,
দগ্ধ সভাস্থল, মূর্চ্ছিত সবজন, মহাগ্নি নর্ত্তিত বিশ্বে!!
প্রলয়পবন জিনি বিকটনিঃশ্বসন শরজ্জলদসম গর্জ্জে,
ঘনঘন কম্পিত বিপুলসমিতিগৃহ মড়মড়শব্দ বিসর্জ্জে।
বিশ্ব বিচূর্ণি অযুতমৃগপতিরব নিন্দিত ক'রি অবিলম্বে,
গর্জ্জিল অঙ্গদ কপিকুলভাস্কর যুগান্তযমসমদম্ভে।

ধিক্ শত ঘৃণার্হ গৃহমধ্যগত নির্জ্জনে,
উৎকটকুবাক্য তবু উক্তি কর এক্ষণে?
ভস্ম হ'বি মূর্খ নয়নাগ্নি-অভিবর্ষণে,
তুচ্ছতরু যদ্বিধ উদগ্রদবধর্ষণে।
বিস্মিত নিতান্ত চিত দুঃসহকদুক্তিতে,
ঈক্ষিণু কৃতঘ্ন তবদুশ্চরিত নিশ্চিতে।
রক্ষি নিজ মস্তক মহজ্জন-অনুগ্রহে,
গর্ব্ব কর পর্ব্বত বিনিন্দি পুন আগ্রহে?
সত্য অতি দুষ্টজন বিস্মরি মহত্ত্বকে,
তুষ্ট হয় তুচ্ছ গণি শিষ্টচিতবন্ধুকে।
সর্ব্ববিধবাক্য পরিবর্জ্জি চল এক্ষণে,
বাঞ্ছি নিজমৃত্যু, অতিশীঘ্র সমরাঙ্গনে।
ধিক্ শতসহস্র তবঘৃণ্যতম-অন্তরে,
চৌরসম গুপ্ত রহ যদ্যপি গৃহান্তরে।

ধর্ষণ — নির্যাতন।

দ্বন্দরণ ইচ্ছ যদি অন্য মমসংহতি,
শীঘ্রগতি সজ্জ, পরিবর্জ্জি সবদুর্ম্মতি।
যুদ্ধ করি বুদ্ধিমত শাস্তি তুগি সম্প্রতি,
শীঘ্র লভ মৎ-জনক-পূর্ব্বকৃতদুর্গতি।
অন্তর বিদ্ধি মন্ত্রিবরসৌরণ দুরন্ত-অঙ্গদতুণ্ডে
দৃষ্টি করি ক্ষণ, কহিল রুষ্ট হই, বিশিষ্ট-উন্নতমুণ্ডে।

ত্রিভুবনবিজয়ি- প্রভুপদনিকটে;
করিছ চপলতা স্থির হই দপটে?
অধমমৃগহ'য়ে, মৃগপতিসদনে,
কহি ঘৃণিত কথা, গরব কর মনে?
স্থিরমতি সহিতে গণ নিজহৃদয়ে,
উপগত অধুনা কি বিষমনিলয়ে!
সুরপতি সভয়ে যুড়ি করযুগলে,
উপগত বিনয়ে বসন লই গলে।
অবনতবদনে নমি পদকমলে,
কর যুড়ি যতনে কহ সব বিরলে;
পরিহরি বিনয়ে অনুচিতকথনে,
সুধু নিজলঘুতা প্রকটিত ভুবনে।
অতিশয়চপলা- কুমতি তব গণি,
কহ বচন বৃথা, শিশুসমচলনী।
চর হই অধুনা উপগত ভবনে,
রহিত কি নতুবা তনু তব ভুবনে?

৮। দপটে—দর্পে। ২০। চলনী—ব্যবহার।

বুধবরবাক্য তুচ্ছি অতি অঙ্গদ কহিল গর্জ্জি গুরুদর্পে,
দংশিল দশমুখ-হৃদয় বচনচয় বিনিন্দি খরতরসর্পে।
গৌণ মম অৰ্দ্ধপল রৌরবসভাস্থলে,
নিশ্চয় অমান্যকর রত্নসম পল্বলে।
প্রস্থিত নিমিত্ত করি যদ্বিষয় অন্তরে,
সিদ্ধ মম তদ্বিষয়, চিন্তি বুঝ সত্বরে।
নিশ্চয় অদূষ্য অরি-আক্রমণ এক্ষণে,
পূর্ব্বকৃত-সর্ব্ববিধসন্ধি-বিনিবর্ত্তনে।
যৎসময় বাঞ্ছি রিপু আক্রমিব তৎক্ষণে,
ন্যায্যতমকাৰ্য্য বলি ধার্য্য হ'ল এক্ষণে।
কথনান্তর অঙ্গদ অতিসত্বর নির্গত চমকি সমগ্রে,
উগ্রমূর্ত্তিশুক কহিল তদন্তর কর যুড়ি অবনিপ-অগ্রে।
চৌরচলন বৰ্জ্জি, অধম,
ভৃত্যসম মৃদুস্বরে,
সন্ধিবিরতি বর্ণিল, শুনি,
তুষ্ট হইনু অন্তরে।
দুর্ব্বলনর গর্ব্বিত অতি,
খর্ব্ব করহ সত্বরে ;
ঈক্ষুক রিপু, রাক্ষস কভু
দুঃখিত নয় সঙ্গরে।
দৈবগতিক দুঃস্থ যদিচ
কৌণপগণ এক্ষণে,

পল্বল—ক্ষুদ্রসরোবর। বিনিবর্ত্তন—বিরাম।

তুচ্ছমনুজ, নিশ্চয় তবু,
নির্জ্জিত হয় গর্জ্জনে।
মর্দ্দিত অতি কর্ব্বুরগণ
যদ্যপি রণ ভৈরবে,
অক্ষমনর- বিক্রম স্থধু
সক্ষম কভু সম্ভবে?
সম্পদবিপ- দুর্গত হয়,
যদ্বিধ দিনশর্ব্বরী,
ভাগ্যলিখন খণ্ডিত নয়,
কর্ম্মফল অনুদ্ধরি।
সম্ভব পুন' উন্নতি তব,
দুর্গতি রিপুমণ্ডলে,
বিক্ষতভরু সজ্জিত হয়
পল্লবফুল উজ্জ্বলে।
সম্প্রতি অতি- বিজ্ঞসদৃশ,
দুঃখনিকরবর্জ্জনে,
বিক্রমসহ, উদ্যম কর,
দুর্দ্দমরিপুমর্দ্দনে।
দুঃসহ অতি শত্রুবচন,
বহ্নিসদৃশ অন্তরে,
চেষ্টহ পুন' শীঘ্র সকল-
কর্ব্বুরযশ' উদ্ধরে।
গৌরব তব, উজ্জ্বল পুন
ঈক্ষিব সবভূস্থলে,

নিন্দিত করি বন্দিতপদ-
সুন্দরশশিমণ্ডলে।
কিঞ্চিদ্‌বক্রকণ্ঠ হই অনিমিষ ধরণি নিরখি অতিধৈর্য্যে,
সুযোগ্যবচন কহিল দশকন্ধর সুমৃদুলজলধরগর্জ্জে।

সম্প্রতি সমুচিত- সঙ্গত অনুমিত,
সঙ্গর মমহিত পরিগণি চিত্তে;
যুদ্ধসমবগত- যোদ্ধৃপুরুষ যত,
শীঘ্র কর নিরত, সমরনিমিত্তে।
যুদ্ধবিষয়সব গচ্ছিত হ'ল তব,
বিজ্ঞসদৃশ সব কর নিজকর্ম্মে;
বর্জ্জি সকলজন, সঞ্চরিব, সুজন,
উদ্ভট-গুণিজন- ভবন সুরম্যে।
বন্ধুবচনচয়, উৎকট-অসময়,
সক্ষমতম হয় মমশুভপক্ষে,
সম্প্রতি অতিশয়- যুক্ত গণি বিষয়,
বান্ধব-অনুনয়, গমন সমক্ষে।

সম্মত হইল সকলজন দশমুখবাক্যনিচয় শুনি মৌনে,
ভঙ্গ হইল অনুপমপরিষৎ শরদম্বুদসদৃশ অগৌণে।
চলিল ধরণিপতি পরিহরি সহচর, সত্বর উঠি সুশতাঙ্গে,
ছুটিল অশ্বগণ পবনগমন জিনি অতুলললিতগতিসঙ্গে।
সুরম্যসুবিপুলমণিময়গৃহকুল, উজ্জ্বলবিপণিকদম্বে,
জনগণ-সম্বৃত-বিস্তৃত-পথকুল বর্জ্জন করি অবিলম্বে;

১৪। উদ্ভট=রাক্ষসের নাম। ২০। পরিষৎ=সভা। ২১। শতাঙ্গ=রথ

উপগত শকট বিকটতম নিঃস্বনি শর জিনি গমন অতুল্যে,
পূর্ব্বপুরুষকৃত-কীর্ত্তিসমন্বিত-জনবিরহিত-উপশল্যে।
অর্দ্ধভগ্ন কত মন্দির, মণ্ডিত কুসুমিত-বল্লরিমাত্রে,
সুন্দরমূর্ত্তি-বিহগগণ কতশত আশ্রিত হয় কুহুরাত্রে।
কমলকুমুদময়-শৈবলপরিবৃত সংস্থিত সরস অগণ্য,
ক্ষুধার্ত্তবককুল উপগত অবিরত চটুলমৎস্যকুলজন্য।
ললিতবল্লি কত ঝিল্লিস্বরবযুত ঝঞ্চনশব্দ বিসর্পে,
স্নিগ্ধমৃদুলতম-অনিল সতত বহি জনগণশান্তি সমর্পে।
দ্রুততর সে স্থল পরিহরি সুন্দর-অনুপম-উপবনরত্নে,
সমুপস্থিত হই, পশিল অবনিপতি মধুঋতুসদৃশ সযত্নে।
মধুকরগুঞ্জন-মুখরিত-মঞ্জুলকুসুমপুঞ্জ উড়ু গঞ্জে,
মধুরবাদ্যরতসজ্জিতকিন্নরসদৃশ কুঞ্জ চিত রঞ্জে।
বিমলকুসুমরজ'সহিতসুমিশ্রিতশিশির-অনিল, অতিশান্তে,
ককুভযুবতি-চঞ্চল-অঞ্চলসম বিস্তৃত গগন অনন্তে।
শুভ্র-অভ্রসম-উপলফলক ছিল নিপতিত উপবনমধ্যে,
দ্রুত অপসৃত করি পশিল ধরণিপতি সুবিপুলসুড়ঙ্গমধ্যে।
কিঞ্চিদগ্রসরি কর্ব্বুর-অধিপতি বিস্মিত হই অতি চিত্তে,
শুনিল বিবিধমতসমধিক-অদ্ভুত-অভিনবশব্দ সমুখে।
কখন হৃদয়হরমধুরবাদ্যরব মিশ্রিত মুরজ সুমন্দে,
কখন বিকটতমমৃগপতিগর্জ্জন ঘনগর্জ্জন পরিনিন্দে।
কখন উচ্চতম-আর্ত্তনিনদ, কভু অট্টহাস্য শুনি কর্ণে,
দুগ্ধপোষ্যশিশুরব কভু, কভু জলপতনরব চ্যুতপর্ণে।

২। উপশল্য—নগরান্ত। ৫। সরস=সরোবর। ১৫। ফলক=পাটা।

ক্রমশ' ধরণিপতি বিস্ময়সহ অতি উপগত উদ্ভটহর্ম্ম্যে,
অদ্ভুতগৃহবর ঘন পরিবর্ত্তিত বহুবিধকান্তি সুরম্যে।
কখন সমুজ্জ্বলবর্ণসমন্বিত মণ্ডিত মণিময়মাল্যে,
কখন সুসম্বৃত অমরদৃষ্টিহরসমধিকতিমির অতুল্যে।
কখন দৃষ্টহয় বহূর্দ্ধগত, কভু অবনিনিম্নতমগর্ত্তে,
ত্রিতল চতুস্তল সুবৃত্তম কভু, মরুসম কখন মুহূর্ত্তে।
বর্ণিত গৃহবর উজ্জ্বল করি উপবিষ্ট কুহকিকুলসূর্য্য,
উদ্ভট-আখ্যরজনিচর অদ্ভুত, যম জিনি অনুপমবীর্য্য।
কখন সুচিত্রিততনু অতি-উজ্জ্বল সুন্দরমদনমহত্ত্বে,
বিকটমূর্ত্তি কভু বিষমকৃষ্ণতম, রক্ত-অক্ষিযুগ গর্ত্তে।
প্রখরসূর্য্যসম উষ্ণ কখন; কভু জলসমশৈত্য বিবর্ষে,
কখন বৃহত্তমপর্ব্বতসম, কভু বিন্দুমূর্ত্তি পরিদর্শে।
ত্রিভুবনবিস্ময়জনকশক্তিযুত, মৃদুতমনয়নকটাক্ষে,
বিপুলনগরকুল রত্নসৌধময়, সৃষ্টি করই নিজকক্ষে।
বাঞ্ছিতমত কতসুখাদ্য অবিরত সংগ্রহ করই সযত্নে,
সৃষ্টি করই কত পরমহৃদয়হর-অতুলযুবতিকুলরত্নে !!
শূন্যগমনপটু, নিমিষমধ্য সবভব ভ্রমই নিজসত্ত্বে,
নখদর্পণ'পরি নিরখই সমুদয়বিগতভবিষ্যতত্ত্বে !!
অসাধ্যকার্য্যসুসক্ষম সমধিক, কতশতবিঘ্নবিপত্ত্যে
রক্ষিল সমুদয়রাক্ষসদলবল, অনুপম-আত্মমহত্ত্বে।
চকিত জগজ্জন নিরখি অতুলতমশক্তিযুক্ত ভবরাজ্যে,
অদ্ভুত উদ্ভট ! অদ্ভুত তবগুণ, ধন্ধ হইনু তবকার্য্যে !!

মুহূর্ত্ত পরপর কণ্টকযুততনু কিরণতন্তু অভিসর্পে,
চমকি সকলজন বিজুলিপুঞ্জসম ঝকমকি রশ্মি সমর্পে।
ঝটিতি কুহকিবর অর্পি মঞ্চবর কর যুড়ি অবনতশীর্ষে,
অসমবদ্ধ-বহু-যন্ত্রশব্দসম কহিল মহাদ্ভুতহর্ষে।

রথোদ্ধতাচ্ছন্দঃ।

সুপ্রসন্নমমভাগ্য এক্ষণে,
সর্ব্ব সিদ্ধ মম অদ্য সুক্ষণে।
স্বর্গমর্ত্তজয়ি-কর্ব্বুরেশ্বরে,
প্রাপ্ত হৈনু বসি আত্মবিষ্টরে !!
বিশ্ববন্দ্যরবি নিম্নভূস্থলে
সংগতাদ্য গণি বিশ্বমঙ্গলে।
সর্ব্বপূজ্যতব-অঙ্ঘ্রি দর্শনে,
লব্ধপুণ্য কত ভৃত্য এক্ষণে।
ঈপ্সিতার্থ কহি অদ্য সত্বরে,
হৃষ্ট পুষ্ট কর ভৃত্য-অন্তরে।
শৈল লঙ্ঘি, পশি অব্ধি নির্ভয়ে,
সর্ব্ব তুচ্ছ গণি পূজ্য-আশ্রয়ে।

মণিময়মঞ্চ-উপরি বসি দশমুখ অতিশয়চঞ্চলচিত্তে,
কহিল বিনয়সহ নিরখি মিত্রমুখ সমুদয়বিঘ্নবিপত্ত্যে।

ঈক্ষি বিপদগতি, দুঃখিত হই অতি,
সম্প্রতি মমগতি, তবমণিহর্ম্ম্যে,

১। তন্তু—তার। ৮। বিষ্টর = আসন।

সুস্থির হই, গুণি, শীঘ্র বচন শুনি,
চেষ্টহ সুযতনি, সমুচিতকৰ্ম্মে।
বিশ্রুত সমুদয়, সপ্তদিনসময়-
সন্ধি বিহিত হয়, রিপুকুলসঙ্গে,
অদ্য অধমমন' মর্কট লঘুজন,
সন্ধিবিরতি পুন' নিগদিল রঙ্গে।
সম্ভব অতিশয়, ভৈরবরিপুচয়
উত্থিত পুন' হয়, মমবলভঙ্গে,
অদ্য তিমিরময়- মধ্যনিশিসময়,
সম্বলসুরচয় লই নিজসঙ্গে।
ইন্দ্র অমরগণ সংহতি লই পুন,
শক্রসহমিলন- বিষয় সুধার্য্যে,
সম্প্রতি অতিশয়- উৎসহিতহৃদয়
পূর্ণগরবময়, গত নিজরাজ্যে।
কিম্বিধ করি, বল, সম্বধি রিপুদল ?
পূর্ণবিগতবল- মমবল অদ্য,
অর্দ্ধরজনিময় লব্ধ যদি সময়,
নির্জ্জিত সমুদয় করি রিপু সদ্যঃ।
দুস্তরকতশত- শঙ্কট অবিরত
লঙ্ঘিনু অবিহত, তবশুভকার্য্যে,
অদ্য যতন করি, রুদ্ধ করহ অরি,
রক্ষ বিপদ হরি, ধনজনরাজ্যে।

৬। নিগদিল—কহিল। ১৬। বল—শক্তি ও সৈন্য।

দশমুখবাক্যনিচয় শুনি অতিশয়নিশ্চল রহি অবশাঙ্গে,
কহিল বচনচয় উদ্ভটরাক্ষস সমধিকস্থবিনয়সঙ্গে।

ভর্তৃবাক্য শুনি অদ্য সত্বরে,
লব্ধ বুদ্ধি মম্তুচ্ছ-অন্তরে।
সত্য শক্রগণ ইন্দ্র-আশ্রয়ে
শক্তিবন্ত অতি বিশ্বনির্জ্জয়ে।
কিন্তু শীঘ্র মমযত্নকৌশলে,
রুদ্ধ ইন্দ্রগতি অদ্য ভূস্থলে;
রজ্জুবদ্ধগজতুল্য এক্ষণে,
শক্তিশূন্য করি অঙ্ঘ্রিসর্পণে।
শক্রপক্ষ যদি দৈবসংশ্রবে
হৃষ্ট পুষ্ট নয় যুদ্ধ ভৈরবে,
স্বল্পমাত্র মমশক্তিসঞ্চরে,
ছত্রভঙ্গ হই লুপ্ত সত্বরে।
তীব্রবীর্য্যমম-অস্ত্রবর্ষণে,
ছিন্নভিন্ন গণি শক্র এক্ষণে,
বিন্দুমাত্র তবদুঃখবর্দ্ধনে,
শক্তিশূন্য করি শত্রু দুর্জ্জনে।

অনলপরাক্রম নিরখি অনিলপতি যদ্বিধ নিমগ্ন হর্ষে,
তদ্বিধ দশমুখ হৃষ্টহৃদয়সহ কহিল বচনমধুবর্ষে।

অম্বুধিনিপতিত- দুঃস্থমনুজচিত্ত
যদ্বিধ বিমুদিত হয় তরি দৃষ্টে,

১০। অঙ্ঘ্রিসর্পণ=পদক্ষেপ। ১৩। সঞ্চর=চালনা। বিমুদিত—আনন্দিত।

তদ্বিধ মমমন অদ্য শুনি বচন,
শান্তিলভিনু পুন' ভুলিনু অনিষ্টে।
ঈক্ষিণু সমুদয়, উৎকৃট-অসময়,
নিশ্চয় অতিশয় তুমি চিরসঙ্গী,
যদ্যপি মমগণ মর্দ্দিত করি রণ,
অদ্য দশবদন সুহৃদনুসঙ্গী।
যদ্বিধ হিতকর উক্ত বচনবর,
সত্বর সব কর, মমশুভজন্যে,
নির্দ্দম অরি মম বর্ষি বিষমতম-
অস্ত্র শমনসম, নিজবলধন্যে।
সঞ্চরি সমুদয়- ঊর্দ্ধগগনময়,
রুদ্ধহ সুরচয়, শকতি বিসর্পে,
সুস্থির করি মন, সম্প্রতি সযতন,
শক্রকুলদমন করহ সদর্পে।
সৈন্য শমনসম, সংহতি লই মম,
অদ্য তব পরম হইব সুসঙ্গী,
বর্জ্জি অপরমত, তিষ্ঠিব অনুগত,
মিত্র, হ'ব্ব সতত তব-অনুসঙ্গী।
কথনান্তর কর্ব্বুরকুল-ঈশ্বর অপগত হইল অগৌণে,
দুর্জ্জয়-উদ্ভট তখন বিঘূর্ণিল কুহকচক্র বসি মৌনে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে সন্ধিবিরতি-
জ্ঞাপনং নাম প্রথমঃ সর্গঃ।

দ্বিতীয়সর্গ।

ভক্তবৃন্দ-পরিবেষ্টিতমুরহরসদৃশ বন্ধুগণসঙ্গে,
রঘুকুলকুঞ্জর রঞ্জি শিবিরবর সংস্থিত সুস্থির-অঙ্গে।
ফণি-ফণসম-রিপুপুর করি বিদীর্ণ, মণিসমশরকুলরত্নে
পরিহরণবিষয় কথিত মুহুর্মুহু' অতিশয়-অতুলিতযত্নে।
তখন অকস্মাৎ তরঙ্গকম্পিততরণিসদৃশ অবিলম্বে,
কম্পিত হইল শিবিরবর ঘনঘন বিস্ময়ি নৃপতিকদম্বে!
ভৈরবকম্পন সজলস্থল, সব অস্থির ভুবন অনন্ত,
অচলশৃঙ্গকত, কত গৃহমন্দির পতিত বিচূর্ণ নিতান্ত।
অভিনবভৈরব-অসহমহদ্রব উপজিল কম্পনসঙ্গে,
শ্রবণমাত্র সমুপস্থিত কম্পন অমর-অসুরনর-অঙ্গে।
বিনিন্দি বজ্রশব্দ-করিবৃংহিত-উদ্ধতজলনিধিগর্জ্জে,
জিনি ভব-অন্তক-রুষ্ট-দিগম্বর-কার্ম্মুকরব-গুরুবীর্য্যে,
বিকটশব্দময়-অখিলভুবনতল বিহ্বল বিপদ নিমিত্তে,
সকলজগজ্জন চীৎকৃতি করি ঘন মূর্চ্ছিত শঙ্কিতচিত্তে।
জলদসমুদ্গতবিজুলিসদৃশ অতিসত্বর রঘুকুলসূর্য্য
শিবিরবহির্গত হই নিজগণসহ নিরখি বিবর্জ্জিতধৈর্য্য।
লক্ষলক্ষখরভাস্কর-ভৈরবদবাগ্নি জিনি অতিদর্পে
সমগ্রবিশ্ব সমুজ্জ্বলি সুবিকট-অগ্নিপুঞ্জ অভিসর্পে।
ক্রুদ্ধদিগম্বর-নেত্রবহ্নি জিনি দুঃসহ-অনল সমস্তে,
শলভতুল্যরঘুসৈনিকগণ অহ পতিত দগ্ধপদহস্তে।

১। মুরহর = বিষ্ণু। ১১। বৃংহতি = হস্তিশব্দ। ২০। শলভ = পতঙ্গ।

বজ্রখণ্ডসম-অনলপিণ্ডকুল নিপতিত হইল অগণ্য,
ছিন্নভিন্ননৃপসৈন্যনিচয় অতি-উৎকটবর্ষণজন্য।
ধরণি দীর্ণকরি উত্থিত ভৈরববহ্নিপুঞ্জ গুরুগর্ব্বে,
সংদহি গগন সুবিস্তৃত দশদিশি দগ্ধি অমরনরসর্ব্বে।
উৎকটবৃষ্টিবর্ষসমপবিকুল, দৃষ্টি নষ্টি অবিলম্বে,
অজস্র নিপতিত বিচূর্ণ করি যত রঘুপতিসৈন্যকদম্বে।
মুহূর্ত্তপর সব পরিবর্ত্তিত হই ভৈরব-অন্ধতমিস্রে,
সম্বৃত হইল সমস্তধরণিতল নিশিসম জলদবিমিশ্রে।
সম্মুখস্থজনদর্শন সুকঠিন হইল তিমিরচয়জন্যে,
বর্ণিত-উৎকটতিমির অলক্ষিত দুর্গমনরক জঘন্যে।
বিষবল্লরিসহবিষধরমিশ্রণসদৃশ তখন অবিলম্বে,
'বহিল বিকটতমপবন মুহুর্মুহু' চূর্ণি নগেন্দ্রকদম্বে।
তীব্রগরলমিশ্রিতদুঃসহতম-অনিল, ভয়ঙ্করগর্জ্জে,
প্রচলিত অবিরত সুরনরতনুতরু বিদ্ধি বিশিখসমবীর্য্যে।
শৈত্য ভয়ঙ্কর উপজিল তৎসহ পরিভবি হিমগিরিশৈত্যে,
পুঞ্জপুঞ্জ ঘনতুহিনবৃষ্টিপুন' বিনষ্টি সমুদয়মর্ত্ত্যে।
রঘুপতিসৈন্যনিচয় অতিলাঞ্ছিত নিহতসদৃশঅবশাঙ্গে,
পতিত অবনিতল, জড়িতহস্তপদ বিরহিত রুধির অপাঙ্গে।
দুঃসহদুর্গতি অবিদিত অশ্রুত, মহাপ্রলয় পরিরব্ধে
অদৃষ্ট বর্ণিত-অনুপম-উৎকটদুঃখ বিশ্বকুলমধ্যে।
অখিলভুবন পরিবর্ত্তিত, পরিগণি, শমনভয়ঙ্কররাজ্যে,
স্বয়ং মৃত্যু অবতীর্ণ অবনিতল অসময়বিনশনকার্য্যে।

১৫। পরিভবি—পরাভবকরি। ১৯। পরিরব্ধে=আরম্ভে।

কথিতভয়ঙ্কর-অভিনবদুস্তরবিপদমহাব্ধিতরঙ্গে,
মগ্নতরণিসম রঘুপতি-লক্ষ্মণ নিপতিত বিশীর্ণ-অঙ্গে।
অনুচরসৈনিক অল্পসখ্য, দবদগ্ধবিটপিসমগাত্রে,
প্রখরকষ্ট সহি কম্পিতকর যুড়ি বেষ্টি অবস্থিত মিত্রে।
মহাক্লান্ত হই রঘুকুল-আশ্রয়, দুঃখবিমিশ্রিতবাক্যে,
কহিলেন্ নিরখি পুলস্ত্যজমুখবর করযুড়ি সকরুণচক্ষে।

মৃত্যু ঘটিত হইল সদ্য, দুর্ল্লভ অতি সুগতি অদ্য,
দুঃখবিপদজলধিমধ্য রক্ষহ সব সত্বরে,
শঙ্কটকুল-অনলপুঞ্জ- ভস্ম সকলভবনিকুঞ্জ,
বান্ধব তববদনকঞ্জ আশ্রয় সুধু দুস্তরে।
দগ্ধ হইল হৃদয়গাত্র ঈক্ষি ভুবনবিপদ অত্র,
ছিন্ন হইল মরমসূত্র, শান্তি রহিত অন্তরে,
যদ্যপি মম বিদরি বক্ষ' রক্ষিত হয় স্বজনপক্ষ,
শীঘ্র বলহ মমসমক্ষ, বর্জ্জি তনু সুসত্বরে।
নিশ্চিত কহ সকলমর্ম্ম, সংঘটিত কি ঘৃণিতকর্ম্ম,
কিম্বিধ করি হ'ল অধর্ম্ম, শীঘ্র বলহ এক্ষণে,
যদ্বিধ করি অশিব অন্ত, বৈমুখবিধি হয় সুশান্ত,
শীঘ্র সুপথ কর নিতান্ত উগ্রবিপদভঞ্জনে।
যদ্যপি তুমি বুঝহ মর্ম্ম, শত্রুনিচয়কৃতকুকর্ম্ম,
সত্বর পুন' সঁপহ শর্ম্ম, মিত্র সদয়-অন্তরে,
কৌণপকুল কুহকবন্ত, সর্ব্ব বিদিত অবনিকান্ত,
রক্ষ সদয় হই, অনন্ত- দুঃখজলধি দুস্তরে।

১০। কঞ্জ=পদ্ম। ১৫। মর্ম্ম=তাৎপর্য্য। ২০। শর্ম্ম=সুখ।

দুঃসহ অতি গতি নিতান্ত, দুর্ব্বলতনু চিত অশান্ত,
বাক্যকথনসময় অন্ত, চিন্তি বুঝহ এক্ষণে,
রক্ষহ বিপদুদধিমধ্য দুঃস্থঅমরমনুজ অদ্য,
স্নিগ্ধ সলিল সঁপহ সদ্য, দগ্ধ ভুবনতর্পণে।
রঘুপতি-সকরুণবাক্যনিচয় শুনি বান্ধবগণ অতিমৌনে,
দবাগ্নিদগ্ধবিহংগসম ছটফটি মূর্চ্ছিত হইল অগৌণে।
তখন স্বচিন্তি ধৈর্য্যসহ ঋষিসম অবগত বিষয় সমস্তে,

চিন্তি অকস্মাৎ বিপদ-নিমিত্তে,
দুর্ব্বহশঙ্কা উপজিল চিত্তে ;
নিশ্চিতবাক্যে কহিব অগৌণে,
সুস্থিরচিত্তে শুন সব মৌনে।
উদ্ভট আখ্যা কুহকিকুলেন্দ্র,
কর্ব্বুরদুর্গে অতুলবলীন্দ্র,
তজ্জনজন্যে ঘটিত অকস্মাৎ
উৎকটদুঃখ প্রচুর সমন্তাৎ।
অদ্ভুতশক্তি- প্রকৃতরথীন্দ্র,
উদ্ভটরক্ষঃ কুহকিকুলেন্দ্র,
ইঙ্গিতমাত্রে ভুবন বিনষ্টে,
দুর্দ্ধরসৈন্যে দ্রুতগতি স্রষ্টে।
মূর্চ্ছিত সর্ব্বে নিরখি দুরন্তে,
যদ্বিধ ঈক্ষি প্রখরকৃতান্তে।

৩। উদধি=সমুদ্র। ৪। তর্পণ=তৃপ্তি। ৮। শুক্তি=ঝিনুক।

সর্পপপার্শ্বে লভি বর যত্নে,
প্রাপ্ত অধর্ম্মী কুহকস্থরত্নে।
যদ্যপি উদ্যৎ- বিপদ, মুহূর্ত্ত
সৈন্য বিমর্দ্দে মরণভয়ার্ত্ত,
শূন্য অগৌণে নিজবল অদ্য
নিশ্চয় সম্যক্ নিরখিব সদ্যঃ।
সর্পপ-অর্চ্চা- বিনু, ভবরাজ্যে:
নাস্তি কথঞ্চিৎ- গতিবিধি আর্য্যে ;
নির্দ্দিশ ভৃত্যে, সমধিকধৈর্য্যে,
সঞ্চরি হর্ষে, ফণিপতিরাজ্যে।
অর্চ্চি ফণীন্দ্রে কুসুমস্থরত্নে,
শীঘ্র দুরন্তে দমিব সযত্নে ;
নিশ্চয় সম্যক্- শুভফল কার্য্যে
সংলভি অদ্য, প্রণমিব আর্য্যে।

সুস্থির হই অতি বাক্যনিচয় শুনি লক্ষ্মণ, সকরুণচক্ষে
মিত্ররত্নমুখ নিরখি হস্ত যুড়ি কহিল হৃদয়হরবাক্যে।

নিরখি বিপদ সম্যক্ বিশ্ববিস্তীর্ণবক্ষে,
হত সুমতি অকস্মাৎ, ত্রস্তবিত্রস্ত দুঃখে।
সমধিকদুরবস্থা অদ্য সম্প্রাপ্ত আর্য্যে,
জ্বলিত বিপদবহ্নি, প্রস্ফুরদ্‌বজ্রগর্জ্জে !!
গতি অনুচিত সম্যক্ শীঘ্র সর্পেন্দ্ররাজ্যে,
কঠিন যথন রক্ষা, দুর্গমধ্যস্থ-আর্য্যে।

১। সর্পপ = বাসুকি। ৩। উদ্যৎ = উত্থিত। ২০। প্রস্ফুরৎ = প্রকাশশীল।

ঘটিতবিপদপুঞ্জে ধ্বংসিতে ব্যগ্রচিত্তে,
অপর-অধিকদুঃখে অর্পিব শ্রেষ্ঠমিত্রে ?
নিরখি বিষমবিঘ্নে, সর্ব্বথা প্রোক্তকার্য্যে,
নিজ-অনুমতি-অর্পে ক্ষান্তি সংদৃষ্ট আর্য্যে।
বিজড়িতমমজিহ্বা, উক্তবাক্যপ্রসঙ্গে,
বুঝি করহ সমস্ত, স্থৈর্য্যসদ্বুদ্ধিসঙ্গে।
সুযুকতিযুতপন্থা কিন্তু দুর্ল্লভ্য অন্য,
ননিরখি গতি কিঞ্চিৎ, আত্ম সংবর্জ্জি সদ্যঃ।
উচিত অথচ সম্যক্, বিশ্বদুঃখপ্রভঙ্গে
করহ শুভদচেষ্টা, শীঘ্র সদ্বুদ্ধিসঙ্গে।
অতি-অবহিতচিত্তে, পূর্ণশক্তিপ্রদর্শে,
করহ কথিতকার্য্যে, শৌর্য্যবীর্য্যপ্রকর্ষে।
অরিপুরমরুমধ্যে, মাত্র সুস্নিগ্ধবক্ষে,
তরুবর তুমি শান্ত, শ্রান্তবিভ্রান্তপক্ষে।

পরমবিজ্ঞতমঋক্ষকুলেশ্বর তখন সমবনতমস্তে,
অতিশয়যোগ্যবচনচয় উক্তিল ভক্তিসহিত যুড়ি হস্তে।

সমধিকসুন্দরযুক্তিবিতর্কে,
কহিল সুবান্ধব চিত্ত সতর্কে ;
বিপদমহার্ণবলঙ্ঘনজন্যে,
লভিনু মহাশ্রয় বন্ধু সুধন্যে।
যখন সমুত্থিত বিশ্ব-অদৃষ্টে,
প্রলয় ভয়ঙ্কর সর্ব্ব বিনষ্টে,

৭। সুযুকতি- সুযুক্তি। ১১। অবহিত=সাবধান।

তখন পুলস্ত্যজ উৎকটকার্য্যে
রত হই অদ্য, সুরক্ষিল আর্য্যে।
ধনজন বর্জ্জি মহত্তমচিত্তে,
প্রভুপদ-আশ্রিত ধর্ম্মনিমিত্তে,
করিল সুসার্থক অদ্য নিজাঙ্গে,
হই পতনোদ্যত সিন্ধুতরঙ্গে।
হিতকর-কৌণপ-বান্ধব পূজ্যে,
গণি অতি দুর্ল্লভ ভূস্থিতরাজ্যে;
ভুবন সুসজ্জিত উজ্জ্বলবর্ণে,
অনুপমধার্ম্মিককীর্ত্তিসুবর্ণে।
কথিতসদুক্তি সমস্ত অগৌণে,
প্রসব করুক্ ফল মঙ্গলজন্যে;
বুঝিনু সুনিশ্চিত বান্ধবযত্নে,
লভিব পুনঃ স্থিরশান্তিসুরত্নে।
অতিশয়দুষ্কর-উৎকটকার্য্যে,
অতুল বিচিন্তি পুলস্ত্যজ-আর্য্যে;
অধিগতদুর্দ্দমদুঃখ উদগ্রে,
সবজন বিহ্বল বিশ্বসমগ্রে।
চলুন সুসত্বর বর্ণিতকার্য্যে,
ফণিপতিসন্নিধি মিত্র সধৈর্য্যে,
পরহিত উদ্ধরি সজ্জন তৃপ্ত,
খমুখ সমুজ্জ্বলি ইন্দু সুদীপ্ত।

২২। খ = আকাশ।

প্রশান্ত হই অতি মন্ত্রিবচন শুনি দীর্ঘ বিনিঃশ্বসি দুঃখে,
কহিলেন্ সবিনয় নৃপকুলভাস্কর নিতান্তচিন্তিতবক্ষে।

বান্ধববর-অতুলপুণ্য- জন্য সকল-অশুভ শূন্য,
কিম্বিধ করি কহিব তূর্ণ সঞ্চর অতিদুর্গমে !!
দুঃখ সহিব কত অনন্ত, বিঘ্নজলধি রহিত-অন্ত,
জন্ম বিফল গণি নিতান্ত, ধিক্ মমবলবিক্রমে।
দুঃসহঘন-অশনিমন্দ্র, কম্পিত ভব অরবিচন্দ্র,
অস্ত্রনিচয়পতন সান্দ্র, মূর্চ্ছিত সব এক্ষণে,
কিম্বিধ করি কহিব, শান্ত, সত্বর চল অবনিকান্ত,
দুর্গমতমফণিপুরান্ত, তুচ্ছি সকলযন্ত্রনে।
চিন্তিত মমচিত নিতান্ত, কিম্বিধ করি অথচ, শান্ত,
রক্ষিব দলবল অনন্ত, দুঃখজলধি দুস্তরে ;
যদ্বিধ তব হয় বিচার্য্য, শীঘ্র করহ কহিনু আর্য্য,
সম্বল তব-অতুলকার্য্য, চিন্তি বুঝহ অন্তরে।

নিরব হইল মনুজেশ্বর সবিনয়সরলদৃষ্টি করি ধৈর্য্যে,
কহিল মিত্রবরকৌণপকুলরবি অবনমি নৃপকুলসূর্য্যে।

আর্য্যপদাব্জে রহি অনুরক্ত,
দুঃস্থ কি বিশ্বে কভু তবভক্ত ?
ইন্দুসমক্ষে রহি সুখিচিত্তে,
দুঃখ কি জন্মে তিমিরনিমিত্তে ?
সর্ব্ববিপত্তি প্রহত মুহূর্ত্তে,
কান্তপদান্তে হৃদয় নিযুক্তে,

৪। সঞ্চর — গমনকর।

যদ্বিধ কিঞ্চিৎ- অমৃতমহত্ত্বে,
মৃত্যুই সম্যক্ বিজিত অমর্ত্ত্যে।
সুস্থিরচিত্তে রহ অতিধৈর্য্যে,
রক্ষি সমস্তে অনুপমবীর্য্যে,
যদ্বিধ শৌর্য্যে, নিজভুজ দক্ষে,
বিহ্বলসৈন্যে দলপতি রক্ষে।
আশ্রিত সর্ব্বে তবপদপার্শ্বে,
রক্ষহ অদ্য স্বগুণবিবর্ষে,
আত্মপদান্তে উপচিতবৃক্ষে,
যদ্বিধ ধৈর্য্যে তরুপতি রক্ষে।
শীঘ্র সযত্নে ফণিপসমক্ষে,
সঞ্চরি সদ্যঃ স্থিরতমবক্ষে।
পুণ্যসুকার্য্যে, ভুবনবৃহত্ত্বে,
দুঃখ কি দগ্ধে তবচিরভৃত্যে ?

কথনান্তর উঠি সম্ভ্রমসহ সব বেষ্টি মিত্রবররত্নে,
ঝটিতি উপস্থিত সুবিপুলজলনিধিসন্নিধি সমধিকযত্নে।
পংক্তিবদ্ধ হই রহিল সৈন্যগণ অম্বুধিতট'পরি ধৈর্য্যে,
নৃপতি অনুজসহ জলধিবন্ধ'পরি উঠিলেন্ বেষ্টিত আর্য্যে।
প্রণমি নৃপতিপদ কৌণপকুলরবি সিদ্ধপুরুষসমসত্ত্বে,
হইল নিমগ্ন সকলজন বিস্ময়ি, উদ্ধতজলধিবৃহত্ত্বে !!
ধন্য ধরণিপতি ধর্ম্মনিরতমতি, বান্ধবদুর্গতিভঙ্গে,
আত্মবিসর্জ্জন করিল ধৈর্য্যসহ ভৈরবসিন্ধুতরঙ্গে !!

২। অমর্ত্ত্য=অমর। ৫। দক্ষ=সমর্থ। ৯। উপচিত=বৃদ্ধিপ্রাপ্ত।

ক্রন্দন করি ঘন হৃদয়বন্ধুগণ অধৈর্য্যযুক্ত মুহূর্ত্তে,
করযুগ যুড়ি সব করিল পরিস্তুতি শঙ্করপদ যতচিত্তে।
কিন্তু ধর্ম্মফল সমধিক-অদ্ভুত, ভৈরবজলনিধিবক্ষে,
নিজগৃহসদৃশ শান্তিসুখ উপজিল শুদ্ধ-অবনিপতিপক্ষে !!
নিবিড়জলদচলদিন্দু সদৃশ করি দীর্ণ জলধিসুবৃহত্ত্বে,
চলিল তখন কর্ব্বুররবি বহুবিধদৃশ্য নিরখি সুখিচিত্তে।
সুন্দরচিত্রিততনুযতমৎস্য বিজুলিসম জলধর-অঙ্গে,
পংক্তিরচন করি অচপলগতিসহ চলিত মহোৎসবরঙ্গে।
কতশতমৎস্য বদনজল উদ্গিরি অস্ফুটমৃদুরবসঙ্গে,
অলস-অবশ হই লোষ্ট্রখণ্ডসম নিম্নগ সুসরল-অঙ্গে।
পংক্তিবদ্ধকতমকরনক্রগণ, গর্জ্জি ভয়ঙ্করবীর্য্যে,
কখন যুদ্ধকরি, সুমিলিত হই কভু চলিত সদলবলশৌর্য্যে।
বৃহৎ-শৈলসমতিমিকুল নিপতিত শুভ্রকিরণ অভিসর্পে,
কতশতসিন্ধুগজেন্দ্র সলিল মথি উত্থিত সমধিকদর্পে।
কর্কট বহুবিধ বিবিধকূর্ম্মকুল নবঘনসম গগনাঙ্গে,
জলধিমাল্যসমধবলকম্বুকুল চলিত পংক্তি রচি রঙ্গে।
অপরজগৎসম বিস্তৃত জলনিধি, পূর্ণ বিবিধমতসত্ত্বে,
বহুবিধদৃশ্য নিরখি অতিসস্মিত বিস্মিত অবনিপ চিত্তে।
ক্রমশ' সুমতি অবতীর্ণ অবনি'পরি মণিগণ যত্র সুরঞ্জে,
শৈবল-ছন্নকমলসম বিমলিন, উড়ুকুলসম ঘনপুঞ্জে।
ভগ্নতরণি কত অর্দ্ধনিহিত, কতনরশির' উপলসধর্ম্ম,
উচ্চনিম্নকত-অংশ কঠিনমৃদু, সমতল কত অতিরম্য।

২। যত=সংযত। ৯। উদ্গিরি=বমনকরি। ২১। সধর্ম্ম=তুল্য।

কিঞ্চিৎ ভ্রমি অবনিপ সমুপস্থিত নগরগমনপথপার্শ্বে,
রত্নবিমণ্ডিতগহ্বর নিরখিল রবি জিনি রশ্মি বিবর্ষে।
প্রহরিবিকটদুইসর্প ভয়ঙ্কর সমবস্থিত দুইপার্শ্বে,
রক্তনয়ন, অতি-উগ্রনিঃশ্বসন অনল-অর্চ্চি' অভিবর্ষে।
পরিচয় সংলভি অবনমি সত্বর বর্জ্জিল পথ নতশীর্ষে,
সতর্ক হই অতি পশিল অবনিপতি সুড়ঙ্গমধ্য' সহর্ষে।
প্রবিশি নগর কর্ব্বুররবি নিরখিল সমধিকসুস্থিরচিত্তে,
চলিত ইতস্তত' উরগনিচয় মিলি নিজনিজকার্য্যনিমিত্তে।
সুদীর্ঘসুসরলনগরবর্ত্মকুল মণ্ডিত সু-উপলপুঞ্জে,
উভয়পার্শ্ব পরিসজ্জিত অনুপমসুললিতকুসুমনিকুঞ্জে।
অসঙ্খ্যপথ যুড়ি অগণিতফণিগণ চলিত বিনিন্দি তরঙ্গে,
বর্ত্ম রঞ্জি কতসর্প মিলিত হই কৌতুকরত চিতরঙ্গে।
মণিময়গর্ত্তমধ্য রহি ফণিগণ দর্শই উজ্জ্বল-আস্যে,
অর্দ্ধবিনির্গত কতশত, কত পুন' সুদীর্ঘ হই পথপার্শ্বে।
শন্‌শন্‌শব্দসহিত সম্প্রচলিত ফণিগণ বিবিধবিভঙ্গে,
শতদলপদ্ম-সুসজ্জিতমস্তক চলিত উরগ কতরঙ্গে।
প্রতিপথ উজ্জ্বলি উদ্ধত-অহিগণ শান্তিসুরক্ষণজন্য,
খাদ্য বিবিধ লই ঊর্দ্ধশীর্ষ হই ফণিকুল চলিত অগণ্য।
অবনিগর্ভগতনির্ম্মলমণিময়-গর্ত্তনিচয় চিত রঞ্জে,
বহুবিধরত্নকিরণযুত সুললিত শশধরতনু পরিগঞ্জে।
সতত মহোৎসবলগ্ন-উরগগণ মগ্ন সুখাম্বুধিবক্ষে,
পরমহৃদয়হরমধুরশব্দ সুধু উত্থিত সতত অলক্ষ্যে।
নিরখি নগরবর হৃষ্টচিত্ত অতি অবনিপ উপগত হর্ষে,
ফণিপভবনমুখসদৃশ-রত্নময়সুবিপুলগহ্বরপার্শ্বে।

রক্ষককর্ত্তৃক-অভিবন্দিত হই, নন্দিত হই চিতমধ্যে,
ঝটিতি উপস্থিত কর্ব্বুরকুলরবি ফণিপসভাস্থলমধ্যে।
উজ্জ্বলসমিতি বিপিনবর যদ্বিধ উগ্রদবাগ্নিনিমিত্তে,
অদ্ভুত-অনুপমসদন সুদুর্লভ সমুদয়বিশ্ববৃহত্ত্বে।
প্রদীপ্তমণিময়যক্ষভবন জিনি, নির্ম্মলগগন সুধন্যে
সহস্রশতরবিচন্দ্র উদিত যদি বঞ্চিত বর্ণিতবর্ণে।
বিনিন্দি সুন্দরনন্দনবন, জিনি অপ্সর'চিকুরসুগন্ধে,
স্নিগ্ধমৃদুলপরিমল করি বিকীর্ণ অনিল চলিত মৃদুমন্দে।
উরগনিচয়যত চিত্রবিচিত্রিত সুরধনু' জিনি তনুকান্তি,
মস্তকমণিকুল অতুলসমুজ্জ্বল নবরবিহৃদয়-অশান্তি।
সুমধুরবাদ্যযন্ত্রকুল শব্দিত অনুপমকৌশলসঙ্গে,
'রঞ্জিত করি সব-উরগ সভাস্থিত, গঞ্জি মধুররবভৃঙ্গে।
অদ্ভুত-অভিনবসকলদৃশ্য অতি-অনির্ব্বাচ্য মমপক্ষে,
দুর্ল্লভ অতিশয় কথিতসভাস্থল সমুদয়বিশ্বসমক্ষে।
প্রকাণ্ডকুণ্ডল বিরচি ফণীশ্বর সংস্থিত মঞ্চ সুরম্যে,
সহস্রমস্তক-উপরি রত্নকুল চমকই সমুদয়হর্ম্ম্যে॥
রঘুপতিঘটিতবিষয় পরিচর্চ্চিত বিপুলসভাস্থলমধ্যে,
উক্তবিষয়বর মাত্র বিশ্বময় সম্প্রতি কথিত বিশুদ্ধে।
নিরখি নৃপতিসখ ঝটিতি ফণীশ্বর সমভিনন্দি নিজপার্শ্বে
সমবস্থিত করি সম্ভ্রম সহ অতি কহিল বিনয় পরিদর্শে।

তারকচ্ছন্দঃ।

সুখ-ইন্দু সমুত্থিত চিত্ত পবিত্রে,
অভিনন্দি নরেন্দ্র-মহত্তমমিত্রে।

গৃহ শুদ্ধ তবাঙ্ঘ্রিরজঃস্থিতিসঙ্গে,
ভুবনান্তর যদ্বিধ গাঙ্গতরঙ্গে।
দ্রুত নির্দ্দিশ মিত্র তুষি প্রতি-আর্য্যে,
শুভভাগ্য বিচিন্তি নরেশ্বরকার্য্যে।
কৃতসন্ধিসমস্ত বিলুপ্ত কি অদ্য ?
সুরসর্ব্ব সমুদ্যত কিম্বিধ সদ্যঃ ?
কহ সত্বর আত্মসুমঙ্গলতত্ত্বে,
কহ সর্ব্বসুহৃজ্জন-মঙ্গলতথ্যে।
দশকন্ধর কিম্বিধ সংস্থিত হর্ম্ম্যে ?
রত দুর্ম্মদশত্রুসমস্ত কি কর্ম্মে ?
কহ বান্ধব সত্বর বাঞ্ছিত-অর্থে,
রহি সর্ব্বত' উৎকচিত শ্রবণার্থে।

অমৃতপুঞ্জসমসুরনররঞ্জন-ফণিকুলপতিবচনান্তে,
অবনমি সৌম্যমিত্রকৌণপরবি কহিল সমস্ত-উদন্তে।

দুর্গতিচক্রে	হই হতচিত্ত,
অদ্য সমক্ষে	উপগত ভৃত্য।
তত্ত্ব যথার্থে	কহি পদপার্শ্বে,
সুস্থিরচিত্তে	শুন গুণ বর্ষে।
শঙ্কর-আজ্ঞা	লভি অতিযত্নে,
উক্তিল ইন্দ্র	প্রভু-নৃপরত্নে ;
সন্ধিবিভঙ্গে,	বিশিথনিমিত্তে,
উক্তিল যত্নে,	হরষিতচিত্তে।

১। রজঃ=ধূলি। ১২। উৎকচিত=উৎকণ্ঠিত। ১৪। উদন্ত=সংবাদ।

শীঘ্র তদন্তে গতি করি গর্ব্বে,
অঙ্গদ যোদ্ধা, রিপুপুরসর্ব্বে,
সন্ধিনিবৃত্তি, প্রবল-অনার্য্যে,
উক্তিল সম্যক্, সুবিপুলবীর্য্যে।
তৎপর সর্ব্বে বসি নৃপপার্শ্বে,
কুম্ভনিমিত্তে, কহিনু সহর্ষে ;
উৎসুক সর্ব্বে, বিশিখনিমিত্তে,
তূর্ণ অকস্মাৎ পড়িনু বিপত্ত্যে !!
ঈক্ষি সমন্তাৎ ভুবনসমগ্রে,
ভৈরববীর্য্যে অনল উদগ্রে ;
ঈক্ষিনু চণ্ড- প্রলয় দুরন্ত,
বিশ্ব অনন্ত প্রহত নিতান্ত !!
ভগ্ন অগৌপে গগন অনন্ত,
মগ্ন সমুদ্রে অবনি নিতান্ত,
ধ্বংস অকস্মাৎ ভুবন অনন্তে,
যদ্বিধ উগ্র- প্রলয় দুরন্তে।
চিন্তি কথঞ্চিৎ, নিরখিনু অন্তে,
উদ্ভট-আখ্য- প্রবল দুরন্তে,
সংলভি বীর্য্যে, তবপদপার্শ্বে,
দুর্দ্ধরযোদ্ধা স্ববল বিবর্ষে।
আশ্রয় অর্পি, স্থিরতমচিত্তে,
রক্ষহ সর্ব্বে, স্বগুণমহত্ত্বে,
উৎকট-দুঃখে, তবপদভিন্ন,
শূন্য নরেন্দ্রে শুভগতি অন্য।

অবনিপবাক্যনিচয় শুনি অবনমি সৎমতিফণিপতিমন্ত্রী,
যৌবর-আখ্য-উরগবর নিগদিল নিন্দি সুধাস্বরতন্ত্রি।

দ্রুতবিলম্বিতচ্ছন্দঃ।

তব-উদগ্রবিপৎ শুনি সত্বরে,
উদিত দুঃখ মমস্থির-অন্তরে।
নিরখি বীর্য্য অধৃষ্য নরেশ্বরে,
কুহক শত্রু বিসর্পিল সঙ্গরে !!
কহ কিজন্য মহৎসমরাঙ্গনে,
অমরবর্গ অলক্ষিত এক্ষণে ?
উচিত সৈন্যসহস্থিতি সঙ্গরে,
সতত রক্ষি সবন্ধুনরেশ্বরে।
অমর সঙ্গগুণে প্রভু নিশ্চয়ে,
অতি-অধৃষ্যমহান্, বুঝ চিন্তিয়ে।
প্রলয়দৃপ্ত-মরুৎ যদি আক্রমে,
দ্রুত বিচূর্ণিত বিশ্ব অণুক্রমে।
অবিদিত ধ্রুব বর্ণিতদুর্দ্দশা,
দমিত শীঘ্র হবে স্থির রাক্ষসা।
শুভ নিতান্ত উপস্থিত সজ্জনে,
দলিত শত্রু সুনিশ্চিত এক্ষণে।
ফণিপ-আত্মসুযত্নসমর্পণে,
ধ্রুব নিবৃত্তি সমস্তবিপদ্‌গণে ;

৫। অধৃষ্য=দুর্দ্ধর্ষ। ১৩। দৃপ্ত=উত্তেজিত। ১৪। অণুক্রমে=পরমাণুন্যায়।

পরবিপদ্দমনপ্রতিমব্রতে,
ফণিপতুল্য সুদুর্ল্লভ নিশ্চিতে।
প্রশান্ত হই অতি মন্ত্রিবচন শুনি সমধিক-অবনতশীর্ষে,
কহিল অবনিপতি বিনম্রচিত অতি বিশুদ্ধবচনবির্ষে।

মন্ত্রিসদুক্তি, স্থিরশুভ অর্পে,
বিঘ্ন-অরণ্যে সুপথ সমর্পে।
সংলভি সম্যক্ যদি সুরসঙ্গে,
সত্য সমর্থ, ত্রিভুবনভঙ্গে।
কিন্তু সুরেন্দ্র- প্রভৃতি কি জন্যে
রুদ্ধ অকস্মাৎ, কহি, শুন, মৌনে।
উদ্ভটকার্য্যে অনুবল অর্পে,
পূর্ণসহর্ষে সমধিকদর্পে,
কৌণপসম্রাট্- সুরগতিভঙ্গে,
উত্থিত শূন্যে দলবলসঙ্গে।
উদ্ভট বিশ্বে প্রবলবিপত্তি,
সম্বল সঙ্গে রিপুপতিশক্তি,
উগ্রসমুদ্রে বড়ব দুরন্ত
মিশ্রিত সম্যক্, বুঝহ নিতান্ত।
উৎকটবীর্য্যে দশদিশি বেষ্টি,
উদ্গত সম্যক্ বিপদসমষ্টি।
সর্পপ অদ্য স্বগুণ বিবর্ষে,
রক্ষুণ সদ্যঃ প্রণিহতবিশ্বে;
তৎপদভিন্ন, প্রবলবিপত্তি-
খণ্ডনকার্য্যে, শিব হতশক্তি।

অবনিপবাক্যনিচয় শুনি ফণিপতি চমকি সভাস্থসমস্তে,
সপদি সুবিস্তৃত করিল আত্মফণ বিনিন্দি অন্তকহস্তে !!
দবাগ্নিগর্জ্জননিন্দিনিঃশ্বসন ভস্ম হইল, গণি, বিশ্ব,
তীক্ষ্ণবিশিখসমরসন বিনির্গত লক্‌লক্ ভৈরবদৃশ্য।
জলন্ত-উড়ুকুলসদৃশমহোজ্জ্বলরক্ত-অক্ষিকুল দীপ্তে,
মস্তকমণিকুল-কিরণ ঊর্দ্ধশিখ ঝলসি গগন অসমাপ্তে।
প্রলয়সমুত্থিত-বিকটশব্দ জিনি, অদ্ভুত-অভিনবগর্জ্জে
তর্জ্জিল ফণিপতি রুষ্টহৃদয় অতি উজ্জ্বলি গৃহ নিজবীর্য্যে।

বিপদদ্য সমুত্থিত যজ্জনজন্যে,
পরিমর্দ্দিব শীঘ্র জঘন্যনগণ্যে ;
ধ্রুব চূর্ণিব গৌরব সংহরি শক্তি,
দিব দুষ্টমতিপ্রতি উগ্রবিপত্তি।
লভি মূর্খ মহদ্বর মৎপদপার্শ্বে,
সুধু উৎকটকার্য্যনিযুক্ত সহর্ষে ?
অতিসত্য, অসজ্জন তুষ্ট সদর্পে
নিজবান্ধব-সজ্জনকষ্ট সমর্পে।
অনুতপ্ত মমস্থিরচিত্ত মুহূর্ত্তে,
বর অর্পি মদোৎকটনির্ঘৃণধূর্ত্তে।
পরিমর্দ্দিব সত্বর দুর্দ্দমমূর্খে,
বিপদব্ধি বিশুষ্ক হবে প্রভুপক্ষে।
হত-আত্মপরাক্রমবহ্নিসধর্ম্মে,
অতি-অক্ষম দুষ্ট হবে প্রতিকর্ম্মে।

৪। রসন=জিহ্বা। ৬। অসমাপ্ত=অশেষ। ১৮। মদোৎকট=মদমত্ত।

লভি যদ্ধন উদ্ভট দুর্দ্ধর যুদ্ধে,
দিব অদ্য পুনস্তব অন্তরমধ্যে,
তুমি যদ্বিধ ইচ্ছহ সঙ্কর রঙ্গে,
পুন' অর্পি সুহৃজ্জনবিঘ্নবিভঙ্গে।

বাক্যসহ অমনি কিরণ সমুজ্জ্বল বেষ্টিল ফণিপতি-অঙ্গে,
তীব্ররশ্মিময়পরিধি মহোজ্জ্বল যদ্বিধ দিনমণিসঙ্গে।
নিমিষমধ্য পুন' কিরণচক্রবর পশিল ফণীশ্বরগাত্রে,
দিনান্তসময় দিবসকর যদ্বিধ বিপুলসলিলনিধিপাত্রে।
সহাস্য-আস্য তখন ভুজগেশ্বর পরমহৃষ্টচিতসঙ্গে,
বিস্তৃত করি তনু পরশিল সত্বর কৌণপকুলরবি-অঙ্গে।
ঝটিতি কিরণ পুন' উজ্জ্বলি গৃহবর পশিল মিত্রবরগাত্রে,
বিজুলিপুঞ্জ জলধর পশি যদ্বিধ লুপ্ত নিমিষপলমাত্রে।
শতগুণ-উজ্জ্বল হই কর্ব্বুররবি, রত্ন লব্ধ গণি, হর্ষে
পরমবিনয়সহ করকুবলয় যুড়ি কহিল অমৃত অভিবর্ষে।

ধন্য মহাত্মন্ তবগুণপুঞ্জ,
ধন্যধরিত্রী, লভি পদকঞ্জ।
বিশ্ব সমস্তে সমুজলি অদ্য,
দীপ্ত সমস্তাৎ যশ'রবি সদ্যঃ।
দুঃস্থনৃপেন্দ্রে উপকৃতিজন্য,
দুর্ল্লভ বিশ্বে তবসম অন্য।
ঈক্ষি সহর্ষে তবসুমহত্ত্ব,
তৃপ্ত মহাত্মন্ অনুগতভৃত্য।

৩। সঙ্কর—ব্যবহারকর।

কথনান্তর পুন' বন্দি ফণিপপদ ভক্তিসহিত নতশীর্ষে,
চলিল মিত্রবর সত্বরগতিসহ বিপন্ননরপতিপার্শ্বে।
যত্র নৃপতিবর নিজদলবলসহ নিমগ্ন দুঃখ অনন্তে,
বিষমতিমিরময়বিকটশব্দযুত-উদ্ধতজলধিতটান্তে।
সপদি সমুত্থিত জলস্তম্ভসম কর্ব্বুররবি বৃহদঙ্গে,
যদ্বিধ অবনি বিদীর্ণি গর্ভগতবাষ্প উদিত বলসঙ্গে।
ত্রিভুবন উজ্জ্বলি অতুলকিরণচয় নির্গত হইল বরাঙ্গে,
বিগত সমস্তবিপদময়বিঘটন তিমির সদৃশ নিশি ভঙ্গে।
প্রকৃতি অনিলসহ শান্ত হইল পুন, গত ঘন গগনবৃহত্ত্বে,
পুলকপূর্ণ পুন অখিলজগজ্জন ভুলিল সমস্ত মুহূর্ত্তে।
নর্ত্তিত শিখিগণ পুচ্ছ বিতত করি, পিককুল কলরব বর্ষে,
বিকসিল চৌদিশি ললিতকুসুমকুল, অলিকুল গুঞ্জিল হর্ষে।
সম্ভ্রমসহ অতি বেষ্টি নৃপতি কৃতকার্য্য-মিত্র অনবদ্যে,
বিজয়শব্দসহ উপগত সত্বর সুদৃঢ়দুর্গবরমধ্যে।
হৃষ্টহৃদয়সহ সমুপবিষ্ট সব কর যুড়ি সমধিকযত্নে,
পরমবিনয়সহ কহিলেন্ নরপতি নিরখি মিত্রমুখরত্নে।

সর্ব্বস্বফল লভিনু, আর্য্য, অদ্ভুত তববিমলশৌর্য্য,
মূল্য রহিত অতুলকার্য্য সিদ্ধ হইল এক্ষণে;
সার্থক গণি জনম অদ্য, সংলভি অতি পরমহৃদ্য-
বন্ধুরতন জগদারাধ্য, দক্ষ বিপদভঞ্জনে।
সজ্জনগণসুকৃতিজন্য, দুর্গতজন সতত ধন্য,
দুঃস্থ যদিচ তবু অগণ্য- মঙ্গল লভি নিশ্চয়ে,

১৩। অনবদ্য = অনিন্দনীয়। ১৯। হৃদ্য = মনোজ্ঞ। ২১। দুর্গত = দুর্দ্দশাগ্রস্ত।

দুঃখরজনি হইল অন্ত, অদ্য লভিনু সুখ অনন্ত,
শত্রুনগর গণি পুরান্ত' মিত্ররতন-আশ্রয়ে।
ধন্য হইল ধরণিসদ্ম সংলভি তবচরণপদ্ম,
দগ্ধভুবন-তুমিসুবৈদ্য, অদ্য বুঝিনু নিশ্চয়ে,
দুর্ল্লভ তবসমসুশান্ত সত্যনিরতসুমতিমন্ত,
ধন্যপুরুষ সুকৃতিবন্ত, ধর্ম্মনিরতচিত্ত যে।

রঘুপতিবাক্যসমাপ্তির পূর্ব্বত' কহিল মিত্র নতচক্ষে,
স্বতই শিষ্টজন লজ্জিত হয় শুনি আত্মবিকত্থনবাক্যে।

সর্ব্ববিপত্তি, প্রভুপদপুণ্যে,
মর্দ্দিত সম্যক্, ভবহিতজন্যে।
শক্তি কি ভৃত্যে সুকঠিনকার্য্যে,
সংলভি সম্যক্- ফল নিজশৌর্য্যে;
মন্দরশৈলে কিশকতি কার্য্যে,
বর্জ্জি সুরেন্দ্রে অমৃত উপার্জ্জে?
প্রাপ্ত হিতার্থে, মমশুভভাগ্যে,
কান্ত-পদাব্জে মুকতিসুযোগ্যে,
বিশ্ব বিনষ্টে, শমনমুখাগ্রে,
মঙ্গল লব্ধ প্রভুপদ-অগ্রে।
অদ্য অকস্মাৎ শুভ, গণি চিত্তে,
উত্থিত বিশ্বে, ফণিপনিমিত্তে,
ধ্বংস বিশিষ্টে, কুহকিকুলেন্দ্র-
শক্তি অতুল্যা, বুঝিনু নরেন্দ্র।

২। পুরান্তঃ = অন্তঃপুর। ৮। বিকত্থন = শ্লাঘা। ১৬। মুকতি = মুক্তি।

ঈপ্সিতকার্য্যে সময় সুযোগ্যে,
ঈক্ষি নিতান্ত, প্রভুতবভাগ্যে।
দৈবসুশক্তি প্রহত নিতান্ত
রাক্ষসপক্ষে; কহিল অনন্ত।
সত্বর কান্ত স্বগুণ গরিষ্ঠে,
নির্দ্দিশ পূর্ব্ব- প্রকথিতশিষ্টে,
রাক্ষসদুর্গে, বিশিখনিমিত্তে,
বর্জ্জি বিলম্বে, স্থিরতমচিত্তে।

অনুমতিমত উঠি অনুচরজনৈক গত হই অবনতচক্ষে,
পবনতনয়সহ হইল উপস্থিত নৃপকুলসূর্য্যসমক্ষে।
কপিলবর্ণতনুসুদৃঢ়-অনিলসুত সুস্থিরদৃষ্টি বিসর্পে,
বিনম্র অতিশয় ধর্ম্মপূর্ণমতি সহৃদয়-ভক্তি সমর্পে।
প্রণমি নৃপতিপদ রহিল যোদ্ধৃপতি করযুড়ি অবনতশীর্ষে,
সম্ভ্রমসহ অতি কহিলেন্ রঘুপতি মধু জিনি বচন বিবর্ষে।

মিত্ররতন-সুকৃতিজন্য, অদ্য লভিনু সুখ অগণ্য,
সর্ব্বভুবন বিগতদৈন্য, বান্ধববর-আশ্রয়ে;
দগ্ধজগত হইল শান্ত, মৃত্যু রহিত গণি নিতান্ত,
বন্ধুরতনগুণ অনন্ত, ধন্য হইনু নিশ্চয়ে।
সম্প্রতি শুন, কহি বিশিষ্ট, সর্ব্বসুমতিজন-নিদিষ্ট,
অদ্যই তুমি হই নিবিষ্ট শত্রুসদন দুর্গমে,
সত্বর অতি ভুবনমান্য, দুর্জ্জয়রিপুহননজন্য,
সংগ্রহ কর শর সুধন্য, আত্ম-অতুলবিক্রমে।
লঙ্ঘিনু কত বিপদগণ্য অদ্ভুত তবগুণ-অরণ্য,
অদ্য করহ পরমপুণ্য, বিশ্ব-অশিবভঞ্জনে;

রক্ষহ হই সদয়চিত্ত, সত্বর চল শরনিমিত্ত,
দুঃখনিচয় কর নিবৃত্ত, আত্মসুগুণবর্ষণে।
যোগ্যসময় হইল ধার্য্য, সংপরিহরি অপরকার্য্য,
দর্শহ নিজ-অতুলশৌর্য্য, উক্তবিষয়-উদ্ধরে,
কর্ব্বুরবল করহ খর্ব্ব, রক্ষহ নর-অমরগর্ব্ব,
শূন্যশকতি-অপরসর্ব্ব, শক্রসদনসঞ্চরে।
রঘুপতিমধুময়বাক্যনিচয় শুনি কর যুড়ি বিনয় সমগ্রে,
কহিল অনিলসুত খগকুলপতিসম মুররিপুসমনৃপ-অগ্রে।

পঞ্চচামরচ্ছন্দঃ।

অতুল্যসৌখ্য এক্ষণে, অতুল্যশান্তি কিঙ্করে,
সুধাব্ধিতুল্যসৎকথা শুনি প্রশান্ত-অন্তরে।
মহেন্দ্রতুল্য সর্ব্বথা মহত্ত্ব লব্ধ নিশ্চয়ে,
সুধন্য হৈনু এক্ষণে, নৃপেন্দ্র-অঙ্ঘ্রি-আশ্রয়ে।
অভীপ্সুচিত্ত সর্ব্বদা নরেন্দ্রকার্য্য-উদ্ধরে,
অপেক্ষি মাত্র এক্ষণে নৃপোক্তি সুস্থ-অন্তরে।
দিনেন্দ্র-ইন্দু সর্ব্বদা ভ্রমন্ত কান্তকৌশলে,
নৃপেন্দ্রকার্য্য বর্জ্জিয়ে, কি কার্য্য বিশ্বমণ্ডলে?
অবশ্য শক্রসদ্মনে প্রসর্পি আত্মশক্তিতে,
প্রলুণ্ঠিব স্ব-উদ্যমে প্রসিদ্ধকুন্ত ইঙ্গিতে।
নরেন্দ্র-উক্তিসম্বলে, সুযোগ্য ভৃত্য এক্ষণে,
বিমর্দ্দি তৎকৃতান্তকে, কৃতান্তদণ্ডকর্ষণে।
সমগ্রবিশ্ব যদ্যপি দ্বিষৎসদৃক্ষ সঞ্চরে,
কিসাধ্য রুদ্ধিবে প্রভো তবপ্রসিদ্ধকিঙ্করে।

৮। মুররিপু = বিষ্ণু। ১৭। প্রসর্পি = গমনকরি। ২১। দ্বিষৎ = শত্রু।

জগৎ বিকম্পি যেক্ষণে পবি প্রগর্জ্জি সঞ্চরে,
নিরুদ্ধ কি প্রণর্ত্তিত- প্রচণ্ড-অম্বুদস্তরে ?
পবনতনয়বচনান্তর করযুড়ি ঋক্ষ-অধিপ নতশীর্ষে,
পরমহর্ষসহ বিজ্ঞসদৃশ অতি কহিল অমৃত অভিবর্ষে।
সুরসুখ যদ্বিধ যজ্ঞনিমিত্তে,
পরমসুখোদ্ভব তদ্বিধ চিত্তে।
তবগুণ অদ্ভুতমঙ্গল অর্পে,
নিহত পুনশ্চ সমুত্থিত দর্পে।
যমসম-উৎকটশত্রুমুখাগ্রে,
তুমি পরিরক্ষিছ বীর্য্য উদগ্রে।
কর গতি সম্প্রতি বাঞ্ছিতকার্য্যে,
শর লভি সংবধ শত্রু অনার্য্যে।
করহ সুকীর্ত্তি অনিন্দিতসত্ত্বে,
রবি জিনি দীপ্তহ আত্মমহত্ত্বে।
বহুতরদুঃখিত রাক্ষসরাজ্যে,
সফল গণি শ্রম অদ্য সুকার্য্যে ;
যদি শর সম্প্রতি লব্ধ সমক্ষে,
বিদলি সুনিশ্চিত রাক্ষসমুখ্যে।
সলিলপরিচ্যুতমৎস্য নিকৃষ্টে,
কলহ কতক্ষণ সম্বিত তিষ্ঠে ?
স্ববলসুসম্বলসহ অবিলম্বে,
করহ বিড়ম্বিত শত্রুকদম্বে।
করি নতি সর্ব্ব-অমর্ত্ত্যসমক্ষে,
হউন তবাশ্রয় হর্ষিতবক্ষে ;

করুন সুরক্ষণ শত্রুসমক্ষে,
জলনিধি যদ্বিধ রত্ন সুরক্ষে।
পরমহৃষ্টচিত পবনতনয় শুনি ঋক্ষ-অধীশ্বরবাক্যে,
প্রণমি মান্যজন গমনসমুদ্যত হইল সমুন্নতবক্ষে।
তখন মিত্রবরকৌণপকুলরবি পরশিল অনিলজগাত্রে,
ঝটিতি পশিলতনু ফণিপতি-দত্ত-সুবস্তু উজলি অতিমাত্রে।
শতগুণ উজ্জ্বল হইল অনিলসুত নিন্দি দিবসকর-আস্যে,
প্রণমি মিত্রপদ চলিল তদন্তর বদন ফুল্ল মৃদুহাস্যে।
ধন্যধন্য কহি উত্থিত সবজন পরমপুলকযুত-অঙ্গে,
শিবিরবহির্গত হইল হর্ষসহ অনিলতনয়বরসঙ্গে।
ক্রমশ উগ্ররব-সৈন্যশিবিরসব পরিহরি উন্নতবক্ষে,
ক্ষেত্র অতিক্রমি মৃদুলশষ্পময় চলিল শত্রুপুরলক্ষ্যে।
সপদি পবনসুত হইল চমৎকৃত সমীক্ষি বিস্মিতচিত্তে,
বর্ত্ম রুদ্ধ করি সংস্থিত অনুপমনদবর বিপুলমহত্ত্বে !!
অনন্তবিস্তৃতি, দৈর্ঘ্য অনন্ত, অলঙ্ঘ্য অমরনরযক্ষে,
শতশত-অবনি নিমজ্জিত হয়, গণি, সুবৃহৎ-নদবরবক্ষে।
উচ্চনিম্নকতভূস্থল তরুময়, সজ্জিত তদুভয়পার্শ্বে,
বনজজন্তু কত সলিল পিবই, কত জলজ পশই বন হর্ষে।
শশিকরমিশ্রিত-তরঙ্গচয় রচি চক্র অমরধনু' নিন্দে,
বিম্বিত-উড়ুমণিমাল্য উরসি ধরি চলিত সতত মৃদুমন্দে।
সুললিততরিকুল বিপুলপক্ষ তুলি চলিত অনিলগতিসঙ্গে,
চলিত বাষ্পতরি বাষ্প উগরি বহু বংশীধ্বনি করি রঙ্গে।
তরঙ্গ-অভিহততরণি মগ্ন কত জনগণচীৎকৃতিসঙ্গে,
বিকটজন্তু কত উত্থিত অবিরত উদ্ধততুঙ্গতরঙ্গে !!

চিন্তিল তখন অনিলসুত নিশ্চিত রিপুকৃতকুহক নিতান্ত,
উত্থমি অতিশয় করিল আত্মতনু সুদৃঢ়-অমিতবলবন্ত।
সন্তরি তরিব সলিল গণি অনিলজ সমধিকনির্ভয়চিত্তে,
ঝম্প সমর্পি হইল নিপতিত তথি রঘুপতিকার্য্যনিমিত্তে!
সপদি অনিলসুত হই অতিবিস্মিত উপগত অসিক্তগাত্রে,
নদপরিবর্ত্তিরতনমণিমণ্ডিত-অনুপমমন্দির মাত্রে!!
ফুল্লকুসুমময়-উপবনবেষ্টিত-মন্দিরবর চিত রঞ্জে,
উড়ুদলবলয়িত-পূর্ণরজনিকর-মঞ্জুলতনু পরিগঞ্জে।
ধনপতিনির্ম্মিত-শিবমন্দির জিনি সুন্দর সুরমন' মুগ্ধে,
অনুপমবিষ্ণুসদনসম সুললিত জগজনহৃদয় বিমুগ্ধে।
চমকি অনিলসুত মন্দির-অন্তর নিরখিল বিস্মিতদৃষ্টে,
অমরযুবতি জিনি সুন্দরসুযুবতি মন্দির সমুজলি তিষ্ঠে।
অর্দ্ধনিম্নতল সর্পতনুসদৃশ লক্‌লক্ বিলুলিত নিম্নে,
ঊর্দ্ধ-অর্দ্ধ পুন' ললিতযুবতিসম হৃদয়তৃপ্তিকরবর্ণে।
মৃদুকিসলয় জিনি মৃদুলচতুর্ভুজ অর্দ্ধসমুত্থিত যত্নে,
সুস্থিরদৃষ্টি কিরণময় অতিশয় বিনিন্দি সুললিতরত্নে।
শীর্ষ-উপরি মণিমুকুট রশ্মিকুল অর্দ্ধচন্দ্রসম দীপ্তে,
ঝলমলি তনুকর ঝলসই দশদিশি, চমকিত করি সবচিত্তে!!
উড়ুকুলবিখচিতনির্ম্মল-অম্বরসম-অম্বর কটি রঞ্জে,
মণিময়কিঙ্কিণি রুণুঝুনু ঝঞ্জনি মধুকরঝঙ্কৃতি গঞ্জে।
অনুপমফণিমণিমাল্য উরসি জিনি ফুলময়মৃদুলতরঙ্গে,
মণিময়কঙ্কণ মণিবন্ধ-উপরি ফুলসম পল্লবসঙ্গে।

২। অমিত = অপরিমিত। ১৯। অম্বর = আকাশ ও বস্ত্র। মণিবন্ধ = হস্তকব্জা।

শশিকরসদৃশবসনবর অর্পিত কুমুদসদৃশকুচযুগ্মে,
মণিময়কুণ্ডল ঝলমল-উজ্জ্বল সজ্জিত কর্ণ সুযোগ্যে।
স্তম্ভিত হই পবনাত্মজ সংস্থিত, বচন রহিত নিজ-আস্যে,
তখন হস্ত তুলি, অভয় অর্পি বহু, কহিল যুবতি মৃদুহাস্যে।

তোটকচ্ছন্দঃ।

কর শীঘ্র বিবর্জ্জিত চিত্তভয়ে,
শুন বাক্য শুভঙ্কর শান্তহ'য়ে ;
তব-ইষ্টনিমিত্ত উপস্থিত হে,
নয় কৈতব, সংশয় সন্ত্যজহে।
ছিল সর্পপ বাঞ্ছিত আত্মচিতে,
তবকার্য্যসুসম্বল অদ্য দিতে ;
উপযুক্ত বিচিন্তি অধন্যজনে,
কহিলেন্ তবসন্নিধি সঞ্চরণে।
কহিলেন্ পুন অঙ্গুরি শীঘ্র দিতে,
তবশুদ্ধকরে স্থিরগুপ্তমতে।
লই সত্বর অঙ্গুরি আত্মসনে,
কর ঈপ্সিতকার্য্য সধৈর্য্যমনে।

বাক্যনিচয় শুনি হৃষ্টচিত্তসহ পুলকিতস্তনধর-অঙ্গে,
করযুড়ি অবনমি কহিল অনিলসুত সুমধুরবচনতরঙ্গে।

সুতৃপ্ত ভৃত্য অন্তরে, সদুক্তিজন্য এক্ষণে,
সমর্থচিত্ত সর্ব্বথা, সমস্তকার্য্য-অর্জ্জনে।

৮। কৈতব=ছল। ১৭। স্তনধর=লাবণ্যযুক্ত।

স্বধন্যপন্নগেশ্বর স্বকীর্ত্তিপুঞ্জ-উদ্ভবে,
অতুল্যপুণ্য সঞ্চিলা, সমর্থি অদ্য বান্ধবে।
তবাঙ্গুরিপ্রতিষ্ঠিত- প্রসিদ্ধযৎপ্রকর্ষতা,
সমস্ত শীঘ্র নির্ণয়ে, অধন্য ইচ্ছু সর্ব্বথা।
মমপ্রগল্‌ভতা ক্ষমা করি, প্রবর্ণি এক্ষণে,
কহ স্ব-অঙ্গুরিপ্রভা, সুরম্যবাক্যবর্ষণে।
সমর্থ ভৃত্য যন্মতে, প্রদত্তবস্তুসঞ্চরে,
সুযুক্তি সম্বদ ত্বরা স্ব-উদ্যমে স্থিরান্তরে।
মধুময়বাক্যনিচয় শুনি, উজ্জ্বলযৌবনময়ফণিকান্তা,
কহিল মধুরতরবাক্যলহরি, জিনি অমৃতলহরি অতিশান্তা।
তববাক্য মহৎ শুনি হৃষ্টমনে,
কহি শীঘ্র সমস্তবিশিষ্টগুণে।
মমসুন্দর-অঙ্গুরি বর্ণ্য কিহে ?
রতনান্বিত-অম্বুধি-লভ্য নহে।
ধর যদ্যপি অঙ্গুরি অঙ্গুলিতে,
নিজবাঞ্ছিতমূর্ত্তি সুলব্ধ ইথে !!
পশ সম্প্রতি রাক্ষসদুর্গবরে,
রিপুবংশগুরুপ্রতিমূর্ত্তি ধ'রে ;
তুমি তৎসমমূর্ত্তিপরিগ্রহণে,
লভিবে স্থির অস্ত্র অমূল্যধনে।
লভি কুম্ভক (কিন্তু বিপদ্ ঘটিবে)
তব-আত্মসুমূর্ত্তি পুনর্লভিবে।

১। পন্নগেশ্বর=বাসুকি। ৭। সঞ্চরে=ব্যবহারে। ১৩। বর্ণ্য=বর্ণনীয়।

শিবশক্তিসমন্বিত, তুচ্ছ নহে,
ছলকর্ম্ম কি কুন্তসমক্ষ রহে ?
পড়িবে, প্রিয়, যদ্যপি মন্দফলে,
লভিবে স্থির অদ্ভুতবীর্য্যবলে ;
শতলক্ষমৃগেন্দ্রসদৃক্ষ হবে,
অবরুদ্ধ নিতান্ত ন তত্র রবে।
পুরনির্গত যদ্যপি মর্দ্দি সবে,
তবমূর্ত্তি অবশ্য অদৃশ্য হবে।
নিজবাঞ্ছিত সংলভি হর্ষসনে,
হই গুপ্ত সুসঞ্চর তৃপ্তমনে।
কর সুস্থ চিতে স্থিরকার্য্যবরে,
গুরুকর্ম্ম সমর্পিত অদ্য করে।
যদি অঙ্গুরি হস্তবিমুক্ত হবে,
তব-উগ্রবিপত্তি অবশ্য তবে।

অগ্রসরি তখন সুমতিযোদ্ধৃপতি সমধিক অবনতশীর্ষে,
কহিল বচনচয় সরল নিরতিশয়, অমল-অমৃত অভিবর্ষে।

তৃষার্ত্তচিত্ত সত্বরে সুতৃপ্ত বাক্যবর্ষণে,
অনন্তশান্তি অন্তরে নিতান্ত লব্ধ এক্ষণে।
কি অন্য পন্নগেশ্বরে প্রশংসি কীর্ত্তিবর্ণনে,
ন ঈক্ষি তৎসমস্থির- প্রকৃষ্টশিষ্টসজ্জনে !
বিপন্নবন্ধুরক্ষণে, উদগ্রশত্রুনির্জ্জয়ে,
ফণীন্দ্র অদ্য সঞ্চিলা অতুল্যপুণ্যসঞ্চয়ে।
সুধাংশু নিন্দি সর্ব্বদা, কি কৃষ্ণশুক্লশর্ব্বরী,
অবশ্য বৃদ্ধিসংযুতা ফণীন্দ্র-সৌখ্যবল্লরী।

সশঙ্ক কিন্তু অন্তরে অধন্য, বাক্যরক্ষণে,
অভীপ্সুচিত্ত সর্ব্বদা অধর্ম্ম-ছদ্মবর্জ্জনে।
স্ববিক্রমে প্রসর্পিয়ে দ্বিষদ্‌গৃহে স্থিরান্তরে,
(নৃপেন্দ্র অদ্য উক্তিলেন্) স্বকার্য্যসদ্যউদ্ধরে।
বিশিষ্টবিশ্রুত স্বয়ং নরেন্দ্র-সচ্চরিত্রতা,
ঘৃণার্হনিন্দ্যকৈতবে, বিরক্ত কান্ত সর্ব্বথা।
সমর্প বাক্য সত্বরে, প্রসর্পি দুর্গ দুর্গমে,
বিলুণ্ঠি শীঘ্র এক্ষণে, সুকুন্ত আত্মবিক্রমে।

বিস্মিত যুবতি অনিলসুতসঙ্গত-উক্তিনিচয় শুনি কর্ণে,
অবনত হই অতি কহিল হস্ত যুড়ি সমধিকসুমৃদুলবর্ণে।

তুমি সক্ষম কুন্তপরিগ্রহণে,
পশি শত্রুপুরান্তর আত্মগুণে ;
লহ কিন্তু তবু প্রিয় রত্ন সনে,
নহি কল্মষ দৈবতদত্তধনে।
শরনির্ণয় দুষ্করকার্য্য হবে,
অতি-অশ্রুত মর্ত্ত্য-অমর্ত্ত্যসবে ;
যদি রক্ষহ অঙ্গুরি আত্মসনে,
লভিবে স্থির কুন্তক শান্তমনে।

বিবিধ চিন্তি পবনাত্মজ সবিনয় অঞ্জলি রচিল নতাঙ্গে,
অর্পিল তখন যুবতি মণি-অঙ্গুরি ফুলসম জলধি-তরঙ্গে।
রশ্মিপূর্ণ অতি অঙ্গুরিবর জিনি দিনকর-পরিধিমহত্বে,
জ্বলিতবহ্নি জিনি দীপ্তকিরণ, জিনি ফণীন্দ্রমণিবরসত্বে।
লইল যত্নসহ রত্নময়াঙ্গুরি পবনতনয় হই শান্ত,
সপদি অমনি পুন' নিরখি পূর্ব্বমত বিস্মিত হইল নিতান্ত।

অদৃশ্য ঝটিতি যুবতিমণিমন্দির, অপগত কুহক
ক্ষেত্রনিকর পুন' মৃদুলশষ্পময় দর্শিল সুবিপুল-অঙ্গ।
চলিল তখন অনিলাত্মজ সত্বর পরিক্রমণ করি গর্ব্বে,
নগরনিকট হই পরিল সু-অঙ্গুরি দৃঢ়তম-অঙ্গুলিপর্ব্বে।
সপদি অমনি নিজ-অবয়ব পরিহরি ধরিল বস্তুগুণজন্যে,
কর্ব্বুরকুলগুরুমূর্ত্তি অনিলসুত অতিশয় কান্তি অভিন্নে !!
অংসবিলম্বিত বিপুলচিকুরকুল, চন্দন ঝলকিত অঙ্গে,
কটিতটপরিহিত পট্টবসনবর রঞ্জিত হিঙ্গুলরঙ্গে।
তরুণ-অরুণ জিনি উজ্জ্বলতনুবর তপস্কিরণ অভিসর্পে,
ত্রিপুণ্ড্রদীপ্ত-অলিকবর, খরতরনয়ন বিশ্বভয় অর্পে !!
সতর্ক হই অতি নিরখি চতুর্দ্দিশি, মৃদুল পরিক্রমি যত্নে,
পশিল তখন অনিলাঙ্গজ দশমুখ-কনকপুরান্তররত্নে।
চমকিত হই পবনাত্মজ নিরখিল, অতিশয়দৃঢ়তমবীর্য্যে,
পুর পরিরক্ষই যুবতিসৈন্যগণ সংস্থিত রহি অতিধৈর্য্যে।
সজ্জিতসশস্ত্র সতত সুবিক্রম দর্শই সমধিকগর্ব্বে,
নয়নখড়্গ-অসি ঘূর্ণিত যুগপৎ, ভ্রমিত ইতস্তত' সর্ব্বে।
স্ফুরিতকিরণযুত-অযুতসূর্য্য জিনি মুকুটরশ্মি অভিসর্পে,
দবাগ্নি জিনি অতি-উগ্রসৈন্যগণ কৃতান্ত-অন্ত সমর্পে।
তরুণজলদসমমরকতকঞ্চুক পরিহিত সুবিপুল-অঙ্গে,
বিদ্যুৎসমকটিবন্ধ মহোজ্জ্বল, মণিকুল ঝলকিত সঙ্গে।
কার্ম্মুকবিশিখফলক-অসিপট্টিশ বিবিধ-অস্ত্রকুল অঙ্গে,
অস্ত্রভবনসমভৈরবদর্শন, ভাস্বর কিরণতরঙ্গে।

৪। পর্ব্ব = গাঁইট। ১০। অলিক = ললাট। ১৬। যুগপৎ = এককালে।

কুলগুরু নিরখি, প্রণতি করি সত্বর, বর্জ্জিল পথ নতশীর্ষে,
তখন অনিলসুত বিপুলপুরান্তর পশিল নিরতিশয়হর্ষে।
চমকিতবিস্মিত হই অনিলাত্মজ নিরখিল বিস্তৃতনেত্রে,
ত্রিতলচতুস্তলহর্ম্ম্যপংক্তিকুল সজ্জিত সুললিতচিত্রে !!
ভাস্বরমণিময়কনকসদনগণ ভাস্করতনু পরিগঞ্জে,
বিনিন্দি সুরপতিরত্নমঞ্চবর, বিনিন্দি বিধু চিত্তরঞ্জে।
স্ফটিকবিনির্ম্মিতসুন্দরসিঁড়ি যত খচিত রত্নমণি অঙ্গে,
গাঙ্গতরঙ্গসদৃশ-অভিভঙ্গিত, সজ্জিত ফুলতরুসঙ্গে।
বহুবিধমঞ্জুলকুঞ্জ হৃদয়হর সজ্জিত সম্মুখ-অংশে,
চন্দ্রসূর্য্যযুত-বিবিধচিহ্ন কত সৌধশিখর অবতংসে।
বিস্মিতচমকিতশঙ্কিতচিতপবনাত্মজ চলিত সুমন্দে ;
তখন পুরযুবতিজনৈক নিরখিল গুরুবরমুখ-অরবিন্দে।
দ্রুতগতি উপগত হই অভিবন্দিল গুরুবরপদযুগপার্শ্বে,
চলিল তদন্তর গুরুসহ সত্বর ময়দুহিতৃনিকট হর্ষে।
বহুবিধ-অদ্ভুত নিরখি, বিবিধ শুনি ভবনবিহগরব রম্যে,
ক্রমশ' উপস্থিত অমরসদনসমললিতরত্নময়হর্ম্ম্যে।
মণিময়শয়ন-উপরি কর্ব্বুরমণি অর্দ্ধশয়িত হই তিষ্ঠে,
ব্যজননিরত বহুযুবতি ললিততনু, সজ্জিত বস্ত্র বিশিষ্টে।
রত্নবিনির্ম্মিতখট্টকিরণ মিশি কনকসুকুট্টিমসঙ্গে,
শশিসহশশিমণিমিশ্রণ জিনি অতি-উজ্জ্বল কিরণতরঙ্গে।
ফুলপরিমল লই মৃদুল-অনিলদল নিরত সতত নিজকর্ম্মে,
নন্দনগন্ধনিন্দি-অতিসুন্দরগন্ধ পূর্ণ মণিহর্ম্ম্যে।

১০। চিহ্ন=পতাকা। ১৯। কুট্টিম=মেজে। ২০। শশিমণি=চন্দ্রকান্তমণি।

বর্ণিতগৃহগত যুবতিশীর্ষমণি তবু অতিনিমগ্ন দুঃখে,
সুস্থদৃষ্টি, উর-উপরি হস্তযুগ, পূর্ণসুসংযত বাক্যে।
দগ্ধহৃদয়জন কভু কি মুগ্ধচিত সমুদয়বাহ্যিকবিত্তে?
নিরখি সুনির্ম্মলচন্দ্র-উদয় কভু নলিন সুখিত হয় চিত্তে?
মৃদুলনধরতনুকিরণ চতুর্দ্দিশি ধবলিত করি গৃহ রঞ্জে,
দুগ্ধ-উদধিপরিমগ্ন-রজনিকর-মঞ্জুলতনু পরিগঞ্জে।
আত্মসুবিস্মৃত মাত্র ভর্ত্তৃপদমঙ্গলজন্য, বিচিন্তি,
প্রার্থই করযুড়ি ধর্ম্মনিকট সুধু ভর্ত্তৃসুমঙ্গলশান্তি।
সজলকমলসমসাশ্রুনয়নযুগ হৃদয়দুঃখ অভিসর্পে,
অমলসরলতমমৃদুলসুতনুবর সুবনরবিস্ময় অর্পে।
স্থৈর্য্যধৈর্য্যময়-অনুপম-অবয়ব নিরখি পবন, নতশীর্ষে,
বিস্মিত হই অতি চলিত অর্চ্চি পদ, সমধিকভক্তিবিবর্ষে।
সপদি সমীক্ষি উপস্থিত গুরুবর সুরগুরুসদৃশমহত্ত্বে,
ঝটিতি পরিত্যজি শয়ন সমুত্থিত হইল সরলতমচিত্তে।
পাদ্য-অর্ঘ্য সঁপি বন্দি চরণযুগ সংস্থিত করি গৃহ রম্যে,
কহিল বচনচয় যুবতিশীর্ষমণি কর্ব্বুরকুলগুরু সৌম্যে।

কমলচ্ছন্দঃ।

কি গণি সদয়ান্তরে গৃহগত অনুগ্রহে?
অনুমতি সমর্পণে, বিমল কর বিগ্রহে।
নিমগন বিপজ্জলে সকলজন এক্ষণে,
তবপদসমীক্ষণে, ভুলিনু তবু যন্ত্রনে।
হত কলুষ সর্ব্বথা, তবচরণদর্শনে,
কহ সদয়-অন্তরে, বিবরি সব এক্ষণে।

অতুলরবি সর্ব্বদা তুমি হৃদয়-অম্বরে,
বিপদতিমিরার্দ্দিতা হইনু তবু অন্তরে ?
বিষমতমশঙ্কটে, অসহতমলাঞ্ছনা,
সহিব কত সর্ব্বদা. মরণ জিনি যন্ত্রণা ?
কতদিন বিলুণ্ঠিবে অসু মমহৃদন্তরে ?
ক্ষততনুবিহঙ্গমী অনলময়পিঞ্জরে !!

নিরব হইল অতি দীর্ঘ বিনিঃশ্বসি ছিন্নতন্ত্রিসম রাজ্ঞী,
সুস্থির হই অতি কহিলেন্ গুরুবর অতুলিতসুচতুরবাগ্মী।

অনন্তদুঃখ এক্ষণে যথার্থ কৌণপেশ্বরি,
অশান্তি-অম্বুদান্বিতা সুখেন্দুদীপ্তশর্ব্বরী।
অদৃষ্টচক্রঘূর্ণনে, সুপদ্-বিপদ্ সমুদ্ভবে,
অবশ্যভাব্যখণ্ডনে কি আত্মশক্তি সম্ভবে ?
সুবিজ্ঞতুল্য সর্ব্বথা স্ববুদ্ধি দর্শি সংমনে,
অনিত্য সর্ব্ব চিন্তিয়ে, মুহূর্ত্ত বর্জ্জ চিন্তনে।
সুযোগ্যকর্ম্ম এক্ষণে কর প্রশান্ত-অন্তরে,
অসাধ্যকার্য্য তৎপরে প্রপূর্ণিব স্থিরান্তরে।
মমাত্মতুল্য সর্ব্বদা সুরক্ষি রাক্ষসেশ্বরে,
বিবর্জ্জ সর্ব্বসংশয়ে, মহাপ্রফুল্ল-অন্তরে।
উপস্থিত স্ব-উদ্যমে, তবাত্মহর্ম্ম্য নির্জ্জনে,
শুন প্রশান্ত-অন্তরে, সমস্ত বর্ণি এক্ষণে।
অবশ্য বিশ্রুত স্বয়ং, দশাস্য অদ্য উৎকটে
প্রবৃত্ত শত্রুনির্জ্জয়ে, সমর্থি বন্ধু-উদ্ভটে।

২। অর্দ্দিতা=ব্যথিতা। ৫। অসু=প্রাণ। ১২। অবশ্যভাব্য=অবশ্যম্ভাবী

পদর্পি সদ্য আশ্রমে, সমুক্তিলেন্ সতর্কিতে,
স্বমৃত্যুযুক্তকুন্তকে নিতান্ত অদ্য অর্চ্চিতে।
স্বয়ং প্রচণ্ড সর্ব্বথা দশাস্য আত্মবিক্রমে,
পুনশ্চ যদ্যপি ক্রিয়া প্রপূর্ণ বর্ণিতক্রমে ;
কি সাধ্য তুচ্ছবিদ্বিষে সমীক্ষিবে স্থিরান্তরে,
মহোন্নতি-স্থিত-স্ফুরৎ- সুবীর্য্য-রাক্ষসেশ্বরে।
বিলম্ব বর্জ্জি এক্ষণে, প্রদর্শ কুন্ত সত্বরে,
সমর্চ্চি শীঘ্র, তৎপরে সমর্থি কর্ব্বুরেশ্বরে।
স্বচিহ্ন জন্য মৎসনে সমর্পিলাত্ম-অঙ্গুরি,
সমীক্ষ সুস্থ-অন্তরে ক্ষণৈক কৌণপেশ্বরি।
ঝটিতি পবনসুত পরিদর্শিল নিজ-অঙ্গুরি কিরণতরঙ্গী,
দৈবমুগ্ধ হই তখন সমীক্ষিল ভর্ত্তৃচিহ্নসম রাজ্ঞী !!
মুহূর্ত্ত নিরখি সুস্থ হই অতিশয় করযুড়ি অবনতশীর্ষে,
কহিল তখন নমি যুবতিশীর্ষমণি বচন-অমৃত-অভিবর্ষে।
পবন-অনুসঙ্গিনী তরিসদৃশ অব্ধিতে,
তবচরণ-আশ্রয়ে চলি সতত নিশ্চিতে।
তবসদৃশ অন্য কে মমকুলসুরক্ষণে ?
যতন করি রক্ষহে সদয় হই এক্ষণে।
অমরপতি যদ্বিধ স্থিরস্বরূপ নরেশ্বরে,
সতত পরিরক্ষহে সুরসম হৃদীশ্বরে।
প্রখররবিসংশ্রবে তৃষিতখগ, সত্বরে
লভিল জল এক্ষণে, ভ্রমি ভুবন দুস্তরে।
চল ঝটিতি অর্চ্চহে বিশিখ সদয়ান্তরে,
বিপদনল উৎকটে দমন কর সত্বরে।

তুমি বিনু মহৎ-শরে সঁপিব কি সদাশ্রয়ে ?
বিমলজল সুন্দরে, ˙ বিধি কমল অর্পয়ে।
সরলবাক্য শুনি অনিলতনয় হই দুঃখিত বস্তুত’ পক্ষে,
বাহ্যিকহর্ষ দর্শি অতিসত্বর,কহিল অমৃতময়বাক্যে।

সমীক্ষি রাজ্ঞি এক্ষণে তবপ্রশুদ্ধ-অন্তরে,
মমপ্রবৃত্তি সর্ব্বথা . সমস্তকার্য্য-উদ্ধরে।
মহীন্দ্ররাক্ষসেশ্বরে তবাত্মভক্তি বিশ্রুতা,
স্বভর্ত্তৃরক্ষণোদ্যমে অশঙ্কচিত্ত সর্ব্বদা।
অতুল্য-আত্মসদ্‌গুণে, সুরক্ষিলা স্থিরান্তরে,
অশান্তিপূর্ণ-অব্ধিতে, বিপন্নকৌণপেশ্বরে।
অতুল্য রাজ্ঞি সুস্থিরা, বিশুদ্ধসদ্‌গুণান্বিতা,
সমগ্রবিশ্ব উজ্জ্বলি প্রদর্শ আত্মশিষ্টতা।
সুশীঘ্র কুন্ত-অর্চ্চনে প্রসর্প সুস্থ-অন্তরে,
মমাদ্য ঈক্ষ হৃদ্যতা রথীন্দ্রকর্ব্বুরেশ্বরে।
সমর্চ্চি উক্তকুন্তকে নিতান্তশান্ত-অন্তরে,
সমস্তদুঃখ সর্ব্বথা বিমর্দ্দি অদ্য সত্বরে।

অনুপমহিতকরবাক্যনিরত উভ সমধিকসুস্থিরচিত্তে,
সপদি তখন পুর উজলিল ঝলকিল অতুলিতকিরণনিমিত্তে!
হিঙ্গুলবর্ণ হইল দিনকরকর অতিশয়-অতুলমহত্ত্বে,
রক্তকমলকুলপক্ষ্ম সুবিস্তৃত, পরিগণি, পুরসুবৃহত্ত্বে।
ভবনসমভিনবকান্তি নিরখি অতিবিস্মিত-অন্তরসঙ্গে,
মণিময়পিঞ্জর রঞ্জি বিহগগণ গুঞ্জিল সমধিকরঙ্গে।

১৩। প্রসর্প=গমনকর। ১৭। উভ=উভয়। ২০। পক্ষ্ম=পরাগ।

মৃগমদসৌরভ জিনি অতিসুললিতসুগন্ধ তখন মুহূর্ত্তে
হইল সুবিস্তৃত ভবনমধ্যময়, মুগ্ধ করিল সবচিত্তে।
বিশ্রুত হইল পুনশ্চ মধুরতরঘুঙ্গুররব গগনান্তে,
যদ্বিধ অপ্সর’নর্ত্তনসময় সুরব হয় সুরসদনান্তে।
অতিশয়-অক্ষম সকলপৌরজন নিমিত্ত-অনুমিতিপক্ষে,
জনৈককঙ্কুভযুবতি উপগত যে স্থিরমতি-সুরপতিবাক্যে ;
কৌণপকুলকমলা-প্রতিমবচন কহি অতিশয়মৃদুবর্ণে,
ময়দুহিতৃহৃদয়-ছলননিমিত্ত অবস্থিত গগনসুনিম্নে।
বিস্মিত হই অতি যুবতিশীর্ষমণি নিরখিল গুরুমুখলক্ষ্যে,
শুনিল তখন অতি-অতুলশুভঙ্কর মধু জিনি সুমধুরবাক্যে।

দোধকচ্ছন্দঃ।

শীঘ্র মহৎ-শর-অর্চ্চনজন্যে,
সঞ্চর সম্প্রতি রাজ্ঞি সুধন্যে ;
প্রাপ্ত মহত্তমসদ্গুরু পূজ্যে,
বর্জ্জহ শীঘ্র বিলম্বন কার্য্যে।
নিশ্চিত কৌণপ-ঈশ্বর অদ্য
রক্ষিত রাজ্ঞি সমীক্ষিণু সদ্যঃ।
দুঃখ পুনস্তব নাস্তি অদৃষ্টে,
প্রাপ্ত হবে স্থির সৌখ্য গরিষ্ঠে।
উত্থিত সম্প্রতি কৌণপলক্ষ্মী,
অদ্যসুমঙ্গলচিহ্ন সমীক্ষি।
পূর্ব্ব-অনন্তমহত্তমপুণ্যে,
সৌখ্য পুনস্তব দুঃখ-অরণ্যে।

তখন যুবতিমণি বচনমুগ্ধ হই কহিল সরলতমচিত্তে,
অমৃতলহরিচয় পশিল পবনসুত-কর্ণ সদুক্তিনিমিত্তে

নিদয়বিধি সত্বরে সদয় গণি এক্ষণে,
অমৃত-অভিষিঞ্চনে নিহতজনরক্ষণে।
বহুসুকৃতি সর্ব্বথা ছিল মম সুনিশ্চিতে,
তরিণু পড়ি উদ্ধত- প্রবলবিপদব্ধিতে।
মমহৃদয়তুল্য ঐ প্রিয়শরসুহৃদ্বরে,
চলুন পরিদর্শনে, ঝটিতি সদয়ান্তরে।
মমহৃদয়-ঈশ্বরে কুশলি গণি দুস্তরে,
নব-উদিতচন্দ্রমা সদৃশ ভরসান্তরে।
নিরখিনু মহত্তম- প্রভুচরণ যৎক্ষণে,
বুঝিনু মমদুর্দ্দশা বিগত হ'ল তৎক্ষণে ;
পুন' যখন এক্ষণে নিরখিনু সুলক্ষণে,
লভিনু শুভসংক্ষণে অতুলমণিকাঞ্চনে।

তখন যুবতিগণবেষ্টিত হই, লই অনিলতনয় নিজ-অগ্রে,
চলিল শমনসহ কৌণপকুলমণি, শুভ গণি মুগ্ধ সমগ্রে।
ভবনমধ্যগত-মরকতময়সিঁড়ি বিখচিত সুললিতরত্নে,
তৎপথ ধরি সব চলিল চতুস্তলহর্ম্ম্য-উপরি অতিযত্নে।
ক্রমশ উপস্থিত হইল সকলজন রত্নরচিতগৃহ রম্যে,
মণিময়গবাক্ষ-বিম্বিতমঞ্জুলরবিকর রঞ্জই হর্ম্ম্যে।
গৃহতলমধ্য সুরঞ্জি অবস্থিত রত্নবিনির্ম্মিতরম্য-
স্তম্ভ বিপুল ধরি বিশিখ আত্মহৃদি ঘনসম বিজুলি অদম্য।

৯। কুশলী = মঙ্গলযুক্ত। ১৪। মণিকাঞ্চন = যোগবিশেষ।

করযুড়ি যুবতিশীর্ষমণি দর্শিল শরবর অকপটচিত্তে,
সচলসর্প গণি অতুলযোদ্ধৃপতি চকিত মুহূর্ত্তনিমিত্তে।
ক্ষণৈক নিরখি বিশিখ অনিলাত্মজ কহিল সমর্চ্চনজন্য,
সংগ্রহ করিল যুবতিকুল সত্বর শুভ-উপকরণ অগণ্য।
শঙ্খকাংস্যঘড়িঘটপট অতুলিত দিব্যকুশাস্তরসঙ্গে,
পুষ্পবিল্বদলচন্দনমৃদুতৃণবর্ত্তি-অগুরু লই রঙ্গে,
সুবর্ণ-অঙ্গুরি রম্য অতুলতম, তিলফলসহ মধুপর্কে,
আম্র-অরুণতমপল্লব সুললিত পট্টবসন জিনি অর্কে ;
নৈবেদ্য বিবিধ ঘৃতমধুশর্কর বিশুদ্ধতণ্ডুলসঙ্গে,
বহুবিধভোজ্যবস্তু লই উপগত যুবতিনিচয় চিতরঙ্গে।
পবিত্র হই অতি বসিলেন্ গুরুবর বিমলকুশাস্তর রম্যে,
রহিল কতকজন, চলিল অপরবহু নিযুক্ত হই কতকর্ম্মে।
সত্বর রব্ধ হইল শর-অর্চ্চন, গর্জ্জিল গুরুতরশব্দে,
শঙ্খকাংস্যঘড়িপটহযন্ত্রকুল পূর্ণি ভবন কলশব্দে।
অগুরু অনলযুত করিল অনিলসুত সতিমির করি গৃহ ধূম্রে,
নিবিড়জলদ জিনি ধূম্রপটল পরিমণ্ডিল মণিময়হর্ম্ম্যে।
ব্যস্ত সর্ব্বজন বিবিধবিষয়, পুর পূর্ণ সুমঙ্গলশব্দে,
সত্বর তখন হরিল শর হরিবর সদয়দৈব পরিলব্ধে।
ঝটিতি অমনি উঠি মণিময়গবাক্ষ চূর্ণি কঠিনপদদণ্ডে,
যত্নসহিত লই বিশিখরত্নবর সুদৃঢ়হস্ত পরচণ্ডে ;
বজ্রসদৃশ-অনিবার্য্যবীর্য্যসহ উদ্যমি যদ্বিধ যুদ্ধে,
লম্ফঝম্ফ করি পড়িল যোদ্ধৃপতি সুবিপুল-অঙ্গনমধ্যে।

৬। মৃদুতৃণ—দূর্ব্বা। ১৩। রব্ধ—আরম্ভ। ১৬। পটল—সমূহ। ১৮। হরি—বানর

পতনমাত্র পুরজন নিরখি সকল দৌড়িল অস্থিরচিত্তে,
দুর্দ্দমদস্যুসদৃশ-অনিলাত্মজ-গতিপরিদমননিমিত্তে।
ভৈরবকলরবপূর্ণভুবনবর টলমল টলিল নিতান্ত,
মুখর দিগন্ত বিদীর্ণ ধরণিতল চীৎকৃতিশব্দ অনন্ত।
অবনিপতিত যত পুরন্ধ্রিগণ মুখ বিশুষ্ক সমধিকদুঃখে,
অরিকরগতশর নিরখি যুবতিমণি মূর্চ্ছিত বিদগ্ধবক্ষে।
কিঞ্চিদগ্রসরি তখন অনিলসুত নিপতিত যুদ্ধতরঙ্গে,
বেষ্টিল সত্বর যুবতিসৈন্যগণ দুর্দ্দমতমরণরঙ্গে।
তীক্ষ্ণতীক্ষ্ণশর বিদ্ধিল অবিরল বক্ষ-উপরি অতিসত্বে,
ক্ষতবিক্ষততনুরুধিরসমাপ্লুত হইল বলীন্দ্র মুহূর্ত্তে।
অশনিবৃষ্টিসমশরকুল নিপতিত অবিরত বিদগ্ধি গাত্রে,
ক্ষণৈকমধ্য অনিলসুত অতিশয়বিহ্বল আত্মচরিত্রে।
তখন অকস্মাৎ সংলভি সম্বিত উন্মদকর্ব্বুরকর্ত্রী
দৌড়িল সত্বর গর্জ্জি ভয়ঙ্কর সুরনরবিস্ময়দাত্রী !!
স্রস্ত চিকুরচয় বস্ত্র অসম্বৃত, পাংশুসমন্বিতগাত্র,
উষ্ণনিঃশ্বসন বিস্ফুলিঙ্গময়, যুগান্তরবি জিনি নেত্র !
বহ্নিপুঞ্জসমরক্তবর্ণতনু নিরখি ভয়ার্ত্তকৃতান্ত,
কম্বুমমৃদুলভুজ বজ্র নিন্দি দৃঢ়, পদভরচকিত-অনন্ত।
দৌড়িল শতশতযুবতি মত্তসম তপ্ত-অশ্রুময়-অঙ্গে,
মুহূর্ত্তমধ্য ঘিরিল পবনাত্মজ দবাগ্নিসদৃশ কুরঙ্গে।
গর্জ্জি জলধি জিনি কৌণপকর্ত্রী, প্রলয়বজ্রসমহস্তে,
ছিণ্ডি বৃহত্তমসৌধশৃঙ্গবর বর্ষিল অনিলজমস্তে।

৫। পুরন্ধ্রি=অন্তঃপুররমণী। ১৫। স্রস্ত=আলুলায়িত। ২০। কুরঙ্গ=হরিণ।

শমনসদন পশি শমনদণ্ড-পরিহরণ সহজ কভু বিশ্বে ?
ছিন্নভিন্নতনু হইল যোদ্ধৃবর নিরখিল সতিমিরদৃশ্যে !!
তখন পরন্তপ দশনঘর্ষি ঘন ছুটিল শত্রুকুললক্ষ্যে,
কঠিনমুষ্টিদৃঢ়চরণ ঘৃষ্টি মুহু' বধিল বহুলরিপুপক্ষে।
দৈবদত্তবল অদ্য যোদ্ধৃপতি সাধ্য কি বিদমনজন্যে,
সিংহবীর্য্য ধরি হইল বিনির্গত জর্জ্জর করি সবসৈন্যে।
নিরখি অনিলস্থত দৃষ্টিবহির্গতি, থরথরকম্পিত-অঙ্গে
পুনরপি মূর্চ্ছিত হইল যুবতিমণি ভৈরবচীৎকৃতিসঙ্গে।
বহির্গমনমাত্রই অনিলাত্মজ অদৃশ্য হইল অগৌণে,
বিস্মিতপুরজন চিত্রপুতলিসম রহিল অবস্থিত মৌনে।
সুস্থহৃদয়সহ তখন যোদ্ধৃপতি চিন্তিল চিত্ত সুধন্যে,
পরমশক্তিসমজনকদুহিতৃ-পদপঙ্কজদর্শনজন্যে।
পরিহরি ঝটিতি দুঃখপরিপূর্ণপুরান্তর চিরসুখসঙ্গে,
চলিল অরিন্দম বিশিখরত্ন লই কৌণপ-উপবন রঙ্গে।
জনগণসহ মিলি নগর অতিক্রমি উপগত উপবনপার্শ্বে,
রক্ষি-অলক্ষিত হই অতিসত্বর পশিল সমুন্নতশীর্ষে।
যখন পশিল অতি অতুলসুসৌরভ লভিল অনিলসুত হর্ষে,
নিরখিল অদ্ভুতদৃশ্যসকল অতিবিস্ময়রস অভিবর্ষে।
শতশত-উপবন সজ্জিত চৌদিশি কিরণ অর্পি তুষি নেত্রে,
বহুবিধকুসুম সুরম্যমৃদুলদল চিত্রিত চিতহরচিত্রে।
শশিকরসহ মিশি কুসুমকান্তি অতিসুললিত জিনি রতিহাস্যে,
অমর-অন্ন জিনি সুগন্ধ অবিরত নির্গত উপবন-আস্যে।
মরকতমাল্যসদৃশ পরিসজ্জিত চৌদিশি মধুপ অনন্ত,
ললিত-অসিতমণি জিনি অধিকোজ্জ্বলচটুলপক্ষযুগবন্ত।

কিন্নরকঙ্কণঝঙ্কৃতিসমগুণগুণরব সতত বিসর্পে,
শ্রবণমাত্র তনু পুলকিত সমধিক, চিত্তনিত্যসুখ অর্পে।
উপবন-উপরি অবস্থিত অতুলিতমধুরযন্ত্র অতিরম্য,
মণিকুলখচিতযন্ত্রবর উড়ুদল-বিখচিতগগন সুরম্য।
অবিরল অনিল পরশি হয় সুস্বর অমৃতলহরি অভিবর্ষে,
সতত সপ্তস্বর নির্গত হয়, চিত বিমুগ্ধ করি গুরুহর্ষে।
মৃদুলগণ্ড করমণ্ডিত করি বসি চৌদিশি অমরবরাঙ্গী,
শ্রবণ করই অতিমুগ্ধহৃদয়সহ সুমধুরবাদ্যবিভঙ্গী।
পুঞ্জপুঞ্জকতমঞ্জুলবঞ্জুলকুঞ্জ রঞ্জি বন তিষ্ঠে,
মণিমণ্ডিতসমসপুষ্পবল্লরি-মণ্ডপকুল পরিতিষ্ঠে।
মণ্ডপমধ্য সুকুঙ্কুমরঞ্জিত, অঙ্গন চন্দনসঙ্গে,
ফুল্লকুসুমময়তরুকুল সজ্জিত কুঞ্জ সমুজ্জ্বলি রঙ্গে।
পুচ্ছক উচ্ছসি অবিরল শিখিকুল নৃত্যনিরত চিতরঙ্গে,
সুললিতচন্দ্রকবলয় সুবিস্তৃত নিন্দি ইন্দ্রধনু-অঙ্গে।
বকুলতরু-উপরি সংস্থিত পিককুল পঞ্চম কুহরই রঙ্গে,
দিগন্তবিশ্রুতমধুময়সুস্বর, কিন্নরগর্ব্ব বিভঙ্গে।
কখন কখন অতি-অদ্ভুত-অভিনয়-উদ্ভব হয় বন রম্যে,
নিমিষমাত্র দর্শনকরি সমুদয়জনগণ বিস্মিত মর্ম্মে।
বনদেবতগণ তরলবিজুলিসম উজলি বিপিনবর রঞ্জে,
খদ্যোৎসন্নিভ উড়ুকুল অবিরল অঙ্গনগত কতপুঞ্জে।
মূর্ত্তিসমন্বিতমলয়-অনিলবর সুনিরত কৌতুকরঙ্গে,
জলধর বর্ষই অমৃতপুঞ্জ কমকল্পকুসুম সঁপি সঙ্গে।

৯। বঞ্জুল = বেত্র। ১৩। উচ্ছসি = বিকসি।

নিরখিল নির্ম্মলবহুলসলিলগৃহ অনিলতনয় সুখিচিত্ত,
বিশদবসন বিস্তীর্ণ করিল, গণি, সুখময়-উপবনভৃত্য।
ঊর্ম্মিনিচয়সহ চটুলমৎস্যকুল চলিত কিরণযুত-আস্যে,
চঞ্চলনয়নসলিলচয়, পরিগণি, নিরখি কুমুদবনহাস্যে।
প্রস্রবণ বিমল কুসুমবিটপিসম জলগৃহমৃদুহৃদয়াঙ্গে,
কুসুমসদৃশজলবিন্দু সতত উৎক্ষিপ্ত ললিততমরঙ্গে।
সুমধুররবসহ সলিল পতিত পুন অনুকরি মৌক্তিকপুঞ্জে,
উড়ুগণ, পরিগণি, কৌতুকরত হই ভুবননয়ন পরিরঞ্জে।
সুললিতকদম্বতরুগণ সজ্জিত নির্ম্মলতটকুল রঞ্জি,
বিমলসলিলহৃদি বিম্বিত তরুচয় সুন্দরমন্দির গঞ্জি।
বিম্বিতশশিরবি পতিত ঊর্ম্মিসহ বিম্বিতসুবিটপিবৃন্দে,
মন্দির উজলি পূজ্যতমদৈবত চিন্তি সকলজন বন্দে।
শতশত-আম্রবৃক্ষ গিরিসমতনু সংস্থিত সুললিতকান্তি,
সুরম্যসুপক্কফলকুল সজ্জিত, নিরখি উদিত হৃদি শান্তি।
কনকবস্ত্রবৃত সমুদয়তরুগণ সাধ্য কি ফলফুল নষ্টে,
লুব্ধবিহগগণ বিফলযত্ন হই দুঃখিত সমধিককষ্টে।
খর্জ্জুরবিটপিনিকর পরিসজ্জিত সুমধুরফল লই সঙ্গে,
বনদৈবতগণ উত্থিত, পরিগণি, নন্দনদরশনরঙ্গে।
দাড়িম্বতরুকুল সুললিতফলসহ বৃহৎক্ষুদ্রতমগাত্রে,
বনদুহিতৃনিচয়সদৃশ অবস্থিত, কুসুমহাস্যময়বক্ত্রে।
অপরবিবিধবহুবৃক্ষ সমীক্ষিল পংক্তিবদ্ধ অতিরম্য,
বকুলবিটপিকুল মৃদুলকুসুমদল অনুপমকান্তি সুসৌম্য।
নিরখি দৃশ্যচয় বিস্ময়সহ অতি অনিলজ উপগত তত্র,
রঘুকুলরতন ধরণিনিপতিত হই মূর্চ্ছিত মৃতসম যত্র।

ক্ষুদ্রবিটপিকুল কণ্টকময়তনু বিস্তৃত চৌদিশি নিম্নে,
সমল-অমার্জ্জিত-অবনি, যোগ্য নয় চরণসমর্পণজন্যে।
প্রস্তরকঙ্কর পতিত চতুর্দ্দিশি কর্কশ-অবয়বসঙ্গে,
বিষমকঠিনমৃৎপুঞ্জ অবস্থিত বৃহৎক্ষুদ্রতম-অঙ্গে।
দগ্ধবিটপিসম-ছিন্নভিন্নতনু, ভৈরবদর্শনগাত্রে,
শাল্মলিতরুকুল বেষ্টি অবস্থিত অবনি-অংশ-বিষপাত্রে।
বিরলসুরক্তিমবনফুল অবিরল নিষ্ঠুরসম রত হাস্যে,
শুষ্কপর্ণবৃতভূস্থল অতিশয়-উষ্ণবাষ্প অভিবর্ষে।
ক্বচিৎ মৃদুলতমবিহগকরুণরব মর্ম্ম বিদরি অভিসর্পে,
বনদৈবতগণ অদৃশ্য রহি সুধু নিঃশ্বসি দুঃখ বিসর্পে।
স্তব্ধসুনির্জ্জনপবনবিবর্জ্জিত (ভয়সহদুঃখ বিবর্ষে)
নিবিড়তিমিরপরিবৃতসেস্থল অতিমলিনমূর্ত্তি পরিদর্শে !!
অলক্ষ্য রহি অতিসতর্ক হই অনিলাত্মজ বিদীর্ণমর্ম্মে,
নিরখিল নন্দনকুসুম বিমর্দ্দিত দুষ্ট-অসুরকৃতকর্ম্মে।
বদ্ধ হস্তপদ বিষমবিমূর্চ্ছিত ঘর্ম্ম সমুদ্গত গণ্ডে,
দগ্ধহরিণশিশু নিবদ্ধ যদ্বিধ সুকঠিনশৃঙ্খলদণ্ডে।
বিগত নিঃশ্বসিত, নয়ন বিমুদ্রিত, দশন লগ্ন অতিকষ্টে,
স্নিগ্ধজলদ জিনি চিকুরগুচ্ছ পরিলুণ্ঠিত অবনি নিকৃষ্টে।
বিশীর্ণতনুবর রুধিরবিবর্জ্জিত জড়সম পতিত অযত্নে,
পাংশুসমন্বিত-ছিন্নবসন অহ পরিহিত রঘুকুলরত্নে !!
শুষ্ককুসুমসম সমধিকবিমলিন, শশিসম জলধরবৃন্দে,
দৈবপুতলি, মরি, পতিত ভয়ঙ্কর-অসুরহস্ত অতিনিন্দ্যে।
ললিতশশাঙ্ক বিধুন্তুদকবলিত, কমল দলিত গজদন্তে,
কুমুদমৃদুলতনু রবিকরমর্দ্দিত, মরিমরি দুঃখ অনন্তে !

অনুপমধৈর্য্যপুতলিরঘুকুলমণি আত্ম সমর্পি সযত্নে,
দুঃসহদুঃখনিবহ সহি নিপতিত হৃদি ধরি পতিপদরত্নে।
কণ্টকতরুবৃতশীর্ণঋষিবদন যদ্বিধ বিস্ময় অর্পে,
তদ্বিধ মৃদুমুখ, যদিচ মলিন অতি, সতীত্বকিরণ বিসর্পে।
ধন্যধৈর্য্য তব জননি অমৃতময়ি, শতশত নমি পদপার্শ্বে,
ত্রিভুবন উজ্জ্বল হইল জননি তবসুচরিতবিধুকরবর্ষে।
তবপদবহনযোগ্য নয় ভবতল, অচিন্ত্যতবগুণবৃন্দ,
বিশুদ্ধসুচরিত কিসাধ্য জনগণ বুঝই বুদ্ধি লই মন্দ।
ভ্রান্তযুবতিগণ বিষয়মুগ্ধমতি কিশক্তি বুঝই তবার্থে,
ক্ষুদ্রবুদ্ধি লই দম্ভপূর্ণ হই উন্মদ সতত সুখার্থে।
বর্জ্জি চপলমতি পরমবিজ্ঞসম সৌম্যমূর্ত্তিসহ ধৈর্য্যে,
দৈবচরিত তব অনুভব-অক্ষম যুবতিবৃন্দ ভবরাজ্যে।
ধরণি শুদ্ধকরি জননি অমৃতময়ি দর্শহ অতুলচরিত্রে,
বিষমদুঃখ সহি রক্ষি ধর্ম্মধন অনুপমহৃদয় পবিত্রে।
বিকটমনুজভুক্‌যুবতিনিচয় যত কড়মড়ি ভৈরবদন্তে,
খড়্গভল্ল লই লম্ফ ঝম্ফ করি কম্পিত করই অনন্তে।
মৃতাস্থিপঞ্জরসদৃশবিকটতম সুকৃশ-উদরমসিবর্ণা,
দীর্ঘকণ্ঠ অতি কণ্টকসমকচ লঘুনস্‌কর্কশকর্ণা।
প্রমত্ত উলঙ্গ নর্ত্তিত অবিরল অট্টহাস্য করি রঙ্গে,
ভৌতিকতনুসমঘৃণিতমূর্ত্তি অতি কদর্য্যগন্ধ কু-অঙ্গে।
ক্ষুধিততৃষার্ণিতসিংহপতিযুবতি যদ্বিধ শশক অধন্যে,
তদ্বিধ আক্রমণার্থসমুদ্যত রঘুমণিনিহনন জন্যে।

২। নিবহ=সমূহ। ১৮। লঘুনস্=খর্ব্বনাসিকা।

নিরখিল অনিলজ সপদি উপস্থিত অনুকরি সুরপতিহস্তে,
শমনদণ্ড জিনি রশ্মি চণ্ডতম নিরুদ্ধ করই সমস্তে !!
তখন অনিলসুত বিস্মিত হই অতি নতি করি অমরপদাব্জে,
মুষ্টিমধ্য লই অঙ্গুরিবর, নিজমূর্ত্তি ধরিল গুরুগর্জ্জে।
হুঙ্কৃতি করি ঘন নিপতিত হই সবকলুষিতযুবতিসমক্ষে,
খগপতি যদ্বিধ বিকট গর্জ্জি হয় পতিত সর্পকুললক্ষ্যে ;
নিমিষমধ্য সব করিল বনান্তর মুষ্টি বর্ষি দৃঢ়হস্তে,
ছিণ্ডিল চিকুর বদনতনু ঘর্ষিল কর্কশ-উপলসমস্তে।
ক্রন্দন করি ঘন রক্তবমন করি দৌড়িল সব নততুণ্ডে,
নরকনিহিতভৌতিকতনু যদ্বিধ শমনভৃত্যকুলদণ্ডে।
ক্রন্দনরব শুনি সম্বিত লভি মৃদু, সকরুণরঘুকুললক্ষ্মী,
নিরখি যুবতিগণদুর্গতি অতিশয়, দগ্ধহৃদয়সজলাক্ষী।
চেষ্টিল অনিলজ দর্শনজন্য সমুৎসুকসশঙ্কচিত্তে,
কিম্বিধ করি খররশ্মি উদিত হই দুষ্টনিচয় বিনিবৃত্তে।
সপদি তখন সমুপস্থিত সরমা স্থৈর্য্যরহিতগতিসঙ্গে,
খুলিল ঝটিতি রঘুমণিতনুবন্ধন সুমৃদুল পরশি কৃশাঙ্গে।
তুহিনসলিল পরিষিঞ্চি মুহুর্মুহু' সুস্থ করিল অতিযত্নে,
বসিল তদন্তর চুম্বন করিপদ সুরনরদুর্ল্লভরত্নে।
স্নিগ্ধমৃদুলতম অমৃতপুতলিসম সুললিতকৌণপকান্তা,
দুঃখপূর্ণসেস্থল তবু কিঞ্চিৎ করিল শান্তিযুত শান্তা।
বিস্মিত হই অতি নিরখি ধৈর্য্যসহ সরমাস্থিরমুখলক্ষ্যে,
কহিল অনিলসুত করযুগ সম্পুটি অতিশয়সবিনয়বাক্যে।

সমীক্ষি কার্য্য এক্ষণে তব, প্রশান্ত-অন্তরে,
অতুল্যহর্ষলব্ধ এ অধন্যখিন্ন সত্বরে।

সুরক্ষ অম্ব সর্ব্বদা প্রদর্শি শক্তি এস্থলে,
অচিন্ত্যকার্য্য সম্ভবে তবপ্রকৃষ্টকৌশলে !
অতুল্যসৎমতিস্থিরা, অতুল্যশক্তিসম্বলে,
অতুল্যবুদ্ধি সদ্‌গুণে, সুধন্য অম্ব ভূস্থলে।
প্রবৃত্ত অম্ব যদ্বিধ প্রশস্তকার্য্য-উদ্ধরে,
কি সাধ্য চেষ্টি সর্ব্বথা নিতান্ততুচ্ছ-অন্তরে।
দ্বিষৎকুরাজ্যরৌরবে প্রদর্শি নির্ম্মলপ্রভা,
সুতিষ্ঠ মাত্র শর্ম্মদে, প্রসন্নমুক্তিসন্নিভা।
সুধন্যভৃত্য নিশ্চিতে, তবাঙ্ঘ্রিপদ্মদর্শনে,
অনন্তপুণ্যলব্ধ এ অধন্যঘৃণ্য এক্ষণে।
বিনম্র হই অতি করসরসিজ যুড়ি রঘুকুলকমল সযত্নে,
কহিলেন্ সুবচন ললিতমাল্যসম বিরচিত চিতহররত্নে

মধুমাধুরীচ্ছন্দঃ।

অতুলসদয়ান্তরা অতুলসরমা স্থিরা,
শক্তি তব, কহ, কি গুণবর্ণে ?
অমরনরবাঞ্ছিতা- বিমলচরিতান্বিতা,
সাধ্য মম শুনি কি গুণ কর্ণে !!
সুতনুচরণার্পণে, অবনিতল এক্ষণে
শুদ্ধতম হইল গণি চিত্তে,
অমরগুরু যেক্ষণে বিকল গুণবর্ণনে,
ক্ষুদ্রজনমনন কি নিমিত্তে ?

১। অম্ব = জননি। ২১। মনন = অভিলাষ।

হৃদয়পতিহৃদ্ব্যথা গণি সতত, সর্ব্বথা
মৃত্যু মম হইত অবিলম্বে,
সদয়সরমাশ্রয়ে .রহিনু সুধু নির্ভয়ে,
দগ্ধখগসম তরুকদম্বে।
অনল জিনি যন্ত্রণে, বচনমধুষিঞ্চনে,
স্নিগ্ধচিত করিত অই ধন্যা,
কহ, তব কি এক্ষণে . শকতি গুণবর্ণনে,
অর্চ্চই সুপদ অমরকন্যা।
সমধিকনত হই কৌণপকুলবিধু সম্পুটি মৃদুকরযুগ্মে,
কহিল বিনয়সহ বংশীধ্বনি জিনি মধুময়বচন সুযোগ্যে।

ত্বরিতগতিচ্ছন্দঃ।

শকতি কিবা মম লভিতে অবনিসুতা- পদকমলে!
অধমজনে কভু কি লভে বিমলসুধা ধরণিতলে?
সুর সকলে অতিযতনে নিরখই যে পদরতনে,
সুকৃতিবিনা পরশি কিসে ঘৃণিত হ'য়ে অতুলধনে।
উচিত নহে মমবিষয়ে বচনমধু- প্রসর করা,
অণুতুলনে অরচিনু না কভু জগতে প্রকৃতিপরা।
ভবকলুষে পরিহরিতে বিপদগতা ধরণিসুতা,
নিজসুগুণে সব সহিছে অতুলতমা-. .দমিতচিতা।
ধরণিসমা ধরণিরমা সহনরতা বিপদগণে,
অতুলতমা কুসুমসমা জনকসুতা ভুবনবনে।

১৫। প্রসর = বিস্তার।

কহ কি মনে করি অধুনা তুমি পশিলে অরিনিলয়ে ?
রিপুসহিতে কিমত সদা কশ্বিছ সবে রণবিষয়ে ?
কহ বিবরি প্রভুকুশলে. সরলচিতে, মৃদু-অধরে,
সতত মহা- কুলহৃদয়ে রহি কুশল- শ্রবণতরে।

সপুলকতনুসহ অনিলতনয় নমি অতিশয়-অবনতশীর্ষে,
কহিল হস্তযুড়ি সুমৃদুলসুবচন বিগলিতচিত গুরুহর্ষে।

নরেন্দ্র সংপ্রতিষ্ঠিত, প্রশান্তবন্ধুমণ্ডলে,
নৃপেন্দ্রদুঃখবর্দ্ধনে, সমর্থ নাস্তি ভূস্থলে ;
প্রতপ্তরশ্মি সর্ব্বদা প্রসর্পি বিশ্বমণ্ডলে,
প্রদীপ্ত সূর্য্য সর্ব্বথা, অতুল্যগৌরবোজ্জ্বলে।
বিচিন্তি যৎ নিজান্তরে প্রবিষ্ট শত্রুসদ্মনে,
সুসিদ্ধি লব্ধ সর্ব্বথা, দয়ার্দ্রদৈবসদ্‌গুণে।
দশাস্যমৃত্যু নিশ্চিতে, সমীক্ষ কুন্ত এক্ষণে,
বিশিষ্টকষ্টকৌশলে সুলব্ধ অদ্য সুক্ষণে।
অবশ্য বিদ্বিষৎপতি প্রণষ্ট কুন্তবর্ষণে,
কি শক্তি আত্মবিক্রমে অদৃষ্টকষ্টখণ্ডনে ?
সমর্প শীঘ্র সৎকৃপা, বিনষ্টি দুষ্টদুর্জ্জনে,
অসাধ্য সাধ্য সম্ভবে, সতীস্থিরোক্তিসদ্‌গুণে।

পূর্ণ-অমৃতকরগলিত-অমৃতসমমধুময়বচন সযত্নে,
কহিলেন্ তখন সূর্য্যকুলপঙ্কজ নিরখি সুনমি শররত্নে।

মমহৃদয়বহ্নিতে অমৃতচয় নিশ্চিতে
সঞ্চরিত, তবমধুর-বাক্যে,
তবশকতিদর্শনে, লভিনু সুখ এক্ষণে,
শান্তি পুনরুদিত হতবক্ষে।

শিবসদৃশ সত্বরে জিনি মরণ দুর্দ্ধরে,
কীর্ত্তিযশ’ লভ সতত বিশ্বে,
অমরনরকিন্নরে উদিত সুখ সত্বরে,
অদ্য তববিমলমুখদৃশ্যে।
বিপদদব দুর্দ্ধরে, সতত মনুজেশ্বরে
উদ্ধরিছ নিজ-অতুলকার্য্যে,
কতসুকৃতিসদ্‌গুণে, লভিনু গণি এক্ষণে,
বন্ধু তবসদৃশ ভবরাজ্যে।
তব-অতুলশক্তিতে, লভিব পুন’ নিশ্চিতে,
শীঘ্র অতি হৃদয়পতিরত্নে;
কহিব কত এক্ষণে তবচরিতসদ্‌গুণে,
বিশ্ব গুণকথনরত যত্নে।
সরলহৃদয়সহ করকুবলয় যুড়ি অতিশয়-অবনতশীর্ষে,
কহিল তখন সরমা স্থিরমতিসহ পরমবিনয়পরিদর্শে।
অমরপতি স্থগিত চিতে সুকঠিন যে বিষয়তরে,
অতিসহজে করিল উহা অনিলসুত প্রবিশি পুরে।
লভিল ভবে অতুলযশঃ স্থিরমতিএ করমফলে,
অপরদিবা- করসদৃশ প্রকটিতএ যশ’ উজলে।
হইল মনে ধ্রুবভরসা নিরখি শরে সুজনকরে,
রিপুহননে অপরবিপদ্‌ ননিরখিএ অবনি’পরে।
অনিলসুত- স্বগুণবলে তরিনু সবে গরলজলে,
বুঝিনু মনে পবনসুত প্রকৃতসুহৃদ্‌ ধরণিতলে।

১৫। স্থগিত = নিবৃত্ত

যতন ক'রে জনকস্থতে করি রচনা কুস্থমসরে,
প্রভুচরণে প্রণতিতরে সঁপ অধুনা স্থজনকরে।
লভি বিশিখে স্থখিতচিতে প্রভু পুনএ হৃদয়হরে
তবরচিত- প্রকৃতসরে অধিকস্থখী হউন পরে।
কথনান্তর উঠি পুষ্পচয়ন করি করযুড়ি সুমৃদুলচক্ষে,
হইল উপস্থিত কৌণপকুলবিধু রঘুকুলকুমুদসমক্ষে।
বিনম্র হই অতি রঘুকুলশশধর রচিল মৃদুলফুলমাল্য,
অশ্রুসিক্ত করি করিল গলদমৃতশশাঙ্কমণ্ডলতুল্য।
পরমবিনয়সহ যুবতিশীর্ষমণি মাল্যসমর্পণজন্যে,
উত্থিত হই, কহিলেন্ করযুগ যুড়ি মধু জিনি বাক্য সুধন্যে।
লহ নিজ-অনুগ্রহে, অধমজনদত্ত হে,
ক্ষুদ্রতমসমলফুলমাল্যে,
যতনসহ সত্বরে সঁপহ সরলান্তরে,
পূজ্যতমনৃপপদ অমূল্যে।
চিরবিপদমজ্জিতা, ধনজনপরিচ্যুতা,
সাধ্য মম কহ কি তুষি চিত্তে?
ঘৃণিততমরৌরবে, কহ, কভু কি উদ্ভবে
স্বর্গমধু স্থরস্থখনিমিত্তে?
বিনয়বচন কহি অতুলমান্যসহ সঁপিলেন্ মাল্য অমূল্যে,
গ্রহণ করি তখন্ কহিল অনিলস্থত মধুময়বাক্য অতুল্যে।
কৃতার্থ ভৃত্য এক্ষণে প্রফুল্লচিত্ত সত্বরে,
অমূল্যরত্ন সংলভি, প্রশান্তিপূর্ণ-অন্তরে।

১। সর—মালা।

অতুল্যমান্য দর্শিয়ে, তবপ্রদত্তসৎসরে,
নরেন্দ্র-অঙ্ঘ্রিপঙ্কজে সমর্পিব স্থিরান্তরে।
তৃষার্ত্তচিত্ত যদ্বিধ প্রফুল্ল অম্বুদর্শনে,
তথাপ্রহৃষ্ট নিশ্চিতে নৃপেন্দ্র অদ্য সুক্ষণে।
তবপ্রদত্তমাল্যবৎ কি অন্যবস্তু সম্ভবে
নরেন্দ্রশান্তি-অর্পণে, অনন্তদুঃখরৌরবে।

কথনান্তর নমি শক্তিচরণ, তুষি কৌণপকুলমণিরত্নে,
চলিল ঝটিতি নিজশিবির লক্ষ্য করি অনিলজ সমধিকযত্নে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে শায়কাহরণং
নাম দ্বিতীয়ঃ সর্গঃ।

তৃতীয়সর্গ।

দক্ষিণজলধি দীর্ণ করি উত্থিত চিত্রবর্ণগিরি ধন্য,
সহস্রফণফণিপতি উত্থিত, গণি, 'গগন-বিলঙ্ঘনজন্য।
অবিরত-ঊর্ম্মিরচিত গিরিচৌদিশি বুদ্বুদকুল ফুল-ছন্দে,
অমলধবলসঁর অর্পই অম্বুধি গিরিবরপদ্ম-অরবিন্দে।
অতিশঁয়নির্জ্জনশান্ত-অচলযর বঞ্চিত সমুদয়শব্দে,
জলনিধি-মন্ত্রভবনসম সংস্থিত সমধিকশান্তি সুলব্ধে।
ভৈরবমৃগপতি-মদকলগজপতি দুর্ল্লভ গিরিবরপক্ষে,
অমরযুবতিকচসদৃশপুচ্ছযুতচমর রহিত গিরিবক্ষে।
বিবিধবিহগপরিসজ্জিততরুকুল দীর্ঘবিটপভুজবন্ত,
অথবাস্নিগ্ধমৃদুলদলমণ্ডিত দুর্ল্লভ বিপিন অনন্ত।
মাত্র কিরণময়-ঔষধতরুকুল অচল সমুজ্জ্বলি রঞ্জে,
মঞ্জুলকিরণসুদীপ্তশৈলবর শশাঙ্কতনুবর গঞ্জে।
পুঞ্জপুঞ্জবহুমঞ্জুরত্নমণি বপ্র রঞ্জি পরিদীপ্তে,
জলদৈবতগণ রত্নমুকুট খুলি রক্ষিল কার্য্য সমাপ্তে।
গাত্রবসনসমসরিৎ-নিচয় যত চলিত বিবিধমতরঙ্গে,
সুললিতমতি কত অবিরত নিঃসৃত সুবিমলতরঙ্গসঙ্গে।
ভৈরবগহ্বর-নিহিতসলিলচয় ঘূর্ণিত ভৈরবদর্পে,
কতশতনির্ঝর নিপতিত অবিরত সুললিতদৃশ্যবিসর্পে।
পরিহরি বর্ণিত-অনুপমনগবর তুহিনপূর্ণগিরিপৃষ্ঠে,
ভ্রান্তহৃদয়সুরকিন্নরগণ অহ কিজন্য অবিরত তিষ্ঠে !!

৮। চমর=মৃগ। ১৩। বপ্র=পর্ব্বতের কটিদেশ

বিজুলিজড়িতজলধরদল সজ্জিত তুঙ্গশৃঙ্গকুল-অঙ্গে,
আত্মসমুন্নতি বিচিন্তি গিরিবর হাস্যনিরত চিতরঙ্গে।
বর্ণিতনগবর-উচ্চশিখর’পর সুবিতরি কৌণপশান্তি,
কর্ব্বুরকুলগুরু-আশ্রম সংস্থিত শম্ভুসদনসমকান্তি।
বহ্নিবর্ণ-অতি-অদ্ভুতফুলকুল সজ্জিত সমুদয়পার্শ্বে,
বিষম-উগ্রতপ’ উজ্জ্বলফুল হই, পরিগণি, কিরণ বিবর্ণে।
কঠিনসুরক্তিমবল্লরিকুল পরিসজ্জিত পল্লবসঙ্গে,
স্বয়ংপ্রকৃতি রচি অঞ্জলি, পরিগণি, সংস্থিত অবনত-অঙ্গে।
অসিতবর্ণ-অতিদৃঢ়তমতরুকুল মরকত-ছত্রসদৃক্ষে,
খরতররবিকর সংরুধি সযতন অনুপম-আশ্রম রক্ষে।
বিটপিপত্রচয় বিদরি রজনিকররশ্মি সমুপগত রাত্রে,
সমধিকচিতহর তখন শুভাশ্রম রচিতখচিত মণিমাত্রে।
সিদ্ধপুরুষচিতসদৃশসমুজ্জ্বলসলিলনিলয় পুর-অংশে,
আশ্রমসুবিমলদর্পণসন্নিভ মণ্ডিত কত-অবতংসে।
অনুপমরক্তিমকুমুদসুসজ্জিত গগনসদৃশ উড়ুবৃন্দে,
চিত্রিতমৎস্যনিচয় কৌতুকরত সুবিমলসলিল অনিন্দ্যে।
সুবিশদ-ঔষধবিটপিসহিত মিলি রক্ত-উপলকুল রঞ্জে,
জলধর-উপরিসুসজ্জিত-উজ্জ্বলবিজুলিপুঞ্জ পরিগঞ্জে।
সুমৃদুল-অনিল সশঙ্কমনুজসম চলিত সতত স্বল্পবীর্য্যে,
প্রকৃতি সুপ্তিগত শান্তসুনিশ্চল, নিন্দি রজনিকুলধৈর্য্যে।
বর্ণিত-আশ্রম অধিদৈবত করি কর্ব্বুরগুরু পরিতিষ্ঠে,
রশ্মিজড়িততনু, অতনুবিমর্দ্দকশম্ভুসদৃশ গিরিপৃষ্ঠে।

২১। অধিদৈবত=দেবতাধিষ্ঠিতসদৃশ। ২২। অতনু=মদন।

সুদৃঢ়বন্ধ করি বিকটশব-উপরি সমুপবিষ্ট যমতুল্য,
মুদ্রিতনয়ন, দক্ষকরতলধৃতনৃদন্তবিরচিতমাল্য ।
প্রলয়সূর্য্য জিনি উজ্জ্বলতনুকর নয়ন দগ্ধি অভিসর্পে,
দীপ্ত চতুর্দ্দিক্ তীক্ষ্ণকিরণ লভি বিপিনসদৃশ দবদর্পে !!
রক্তসিক্তসম-উজ্জ্বলরক্তিমপট্টবসন কটিপট্টে,
রবিকররঞ্জিতবিপুলজলদকুল যদ্বিধ গগনসুপট্টে ।
রক্তবসনকৃত-উত্তরি, পবিত্রসূত্রসদৃশ তনুবদ্ধ,
প্রলয়জলদদল-উপরিমহোজ্জ্বলতড়িৎপুঞ্জ বিনিবদ্ধ ।
জলধিসদৃশগুরুহৃদয় বিমণ্ডিত রক্তকুসুমকুলমাল্যে,
উজ্জ্বলবর্ত্তি সুসজ্জিত যদ্বিধ গাঙ্গতরঙ্গ অতুল্যে ।
বহ্নিপুঞ্জসমসমধিকরক্তিমচন্দনবিন্দু সুসজ্জে,
ক্রুদ্ধদিগম্বর-উর্দ্ধনয়নবর যদ্বিধ যুগলয়কার্য্যে ।
সূর্য্যরশ্মিসমকূর্চ্চ তীক্ষ্ণতম, বিভক্ত হই দুই-অংশে,
শ্রবণযুগল পরিবেষ্টি পতিত পুন উন্নতদৃঢ়তম-অংসে ।
সুবিপুলচিকুরপুঞ্জ পরিসজ্জিত কন্ধর-উপরি বিভঙ্গে,
নিবিড়জলদদল যদ্বিধ পিণ্ডিত হিমগিরি-উন্নতশৃঙ্গে ।
অক্ষমাল্য পরিবেষ্টি যুগলভুজ বক্ষউপরি পরিমণ্ডে,
উদ্ধৃতফণফণিবৃন্দ অবস্থিত মস্তককন্ধরগণ্ডে !!
ভৈরবমূর্ত্তি, অনন্তভুজগ জিনি, নিন্দি রুদ্রবলবীর্য্যে,
প্রলয়বহ্নিপরিসজ্জিতদুর্জ্জয়শমন সশঙ্ক অধৈর্য্যে ।
প্রচণ্ড অতিশয় দুর্ম্মদগুরুবর তন্ত্রলিখিতখলকার্য্যে,
ত্রিভুবন-উপরি বিভুত্বনিমিত্ত সচেষ্ট যত্ন অনিবার্য্যে ।

---

৫ । পট্ট—রেশম, পাটা ও পট । ৭ । পবিত্রসূত্র—উপবীত ।

অনুপমশক্তি বিশ্বজনদুর্ল্লভ, সুরপতিচমক সমর্পে,
কুটিলকুচক্রিচতুররচিত অতিশয় পূর্ণ ভয়ঙ্করদর্পে।
ত্রিপদমঞ্চ’পর তাম্রপাত্রবর রক্ষিত সম্মুখ-অঙ্গে,
তন্ত্রবিহিতবহুযন্ত্র বিবিধমত অঙ্কিত বিশুদ্ধিসঙ্গে।
সুরক্তকুসুমপুঞ্জ পরিসজ্জিত কুসুমপাত্র সুবিচিত্রে,
সুললিতসুমধুরবিবিধভোজ্য যত সজ্জিত কতশতপাত্রে।
জ্বলিত অগুরু বহু উগরি ধূম্রচয় নিবিড়জলদ জিনি দর্পে,
অগ্নিগর্ভপর্ব্বতবর যদ্বিধ ধূম্রপুঞ্জ অভিসর্পে।
শতশতখর্পরপূর্ণ-উষ্ণতমমদ্য সুরক্ষিত দক্ষে,
তীব্রগরলময়-উগ্রসলিলনিধি যদ্বিধ শম্ভুসমক্ষে।
হননজন্য বিনিবদ্ধমনুজযুগ পরিবৃত সুরক্তবস্ত্রে,
বিশুষ্কতনু অতি মুমূর্ষুসন্নিভ পতিত জড়িতপদহস্তে।
ভৌতিকতনু কত অট্টহাস্যকরি নৃত্যনিরত অতিদক্ষে,
ঘটিত মুহুর্মুহু’ ভৌতিক-অভিনয়, ঘনঘন গিরিবর কম্পে।
গন্ধকমিশ্রিতবহ্নিসদৃশ কভু কৃষ্ণ-অনল অভিসর্পে,
ভৈরবমৃতনরমুণ্ড চতুর্দ্দিশি কড়মড়ি দন্ত বিসর্পে!!
ক্ষিতিতলনিহিতজঙ্ঘ যুড়ি করযুগ অতিশয়-অবনতশীর্ষে,
সমুপবিষ্ট দশমৌলি বিরসমুখ সকরুণদৃষ্টি বিবর্ষে।
সজ্জিত তনুবর শশধরকরসমধবলসমুজ্জ্বলসজ্জে,
বিশদতুহিনপরিমণ্ডিতহিমগিরি-উচ্চশিখরবর লজ্জে।
দীপ্ত উরঃস্থল পৃথুলসরসতম-উজ্জ্বলগজমতিমাল্যে,
মণিময়-অঙ্গদসজ্জিতভুজকুল ঝলকিত কিরণ অতুল্যে।
শ্রবণযুগল পরিমণ্ডিত করি মণিকুণ্ডলযুগল সুরঞ্জে,
দিনকরশশধরমধ্যগতজগৎসদৃশবদন মন’ রঞ্জে

শুভ্রবসনকৃতবিশদসমুন্নতশীর্ষক শশিতনু গঞ্জে,
নিন্দই সুরধুনিবুদ্বুদরঞ্জিতগিরিশসরসজটপুঞ্জে।
অবনত হই অতি উদ্ভটরাক্ষস সংস্থিত দক্ষিণপার্শ্বে,
দুর্ব্বলতনু অহ মলিন তিমিরসম আত্মশক্তি-অপকর্ষে।
শুষ্কহস্তপদকণ্ঠউরঃস্থল কম্পিত অনিলবিসর্পে,
গর্ত্তনিহিত-অতিরক্তনয়নযুগ অজস্র-অশ্রু সমর্পে।
ভাস্করসদৃশদুরীক্ষ্যবিকটতনু সম্প্রতি বীর্য্য বিনষ্টে,
দগ্ধকাষ্ঠসমমলিন নিরতিশয়, ঘৃণিতমূর্ত্তি অতিকষ্টে।
বাক্যরহিতসব চিত্রপুতলিসম সুস্থিত অবিচলগাত্রে,
জ্বলিত-অকম্পিতবর্ত্তি ঊর্দ্ধশিখ উজলি তিমিরময়রাত্রে
মুহূর্ত্তপর খুলি বিকটনয়নযুগ, সূর্য্যগর্ব্ব পরিখণ্ডে,
নিরখিল গুরুবর তীব্রদৃষ্টিসহ নতমুখদশমুখতুণ্ডে।
প্রণমি ধরণিপতি করপঙ্কজ যুড়ি কিঙ্করসমনতশীর্ষে,
কহিল বাক্যচয়, কম্পিতবিগ্রহ, সকরুণদৃষ্টিবিবর্ষে।

শঙ্কট অতিশয় ঈক্ষি ভুবনময়,
সম্প্রতি অসময়, তবপদপার্শ্বে,
শীঘ্র হই সদয়, রক্ষহ সমুদয়-
দুর্ব্বলদলচয়, অভয়বিবর্ষে।
বান্ধব ছিল যত, অন্তকপুরগত,
বহ্নি হৃদয়গত, সুতকুলজন্যে;
দগ্ধবিটপিসম মাত্র কুতনু মম
সংস্থিত সুবিষম- ভুবন-অরণ্যে।
অদ্য ঘটিল পুন' যদ্বিধ কুঘটন,
সত্বর পুরজন হইল অশান্ত,

তথ্য শুনি তখন অস্থির হ'ল মন,
শীঘ্র মমনিধন বুঝিনু নিতান্ত।
সর্ব্ব তত্ত্ববিদিত, মৃত্যুশর নিশিত,
মধ্যপুরনিহিত ছিল অতিযত্নে,
অদ্য অধমহরি, মূর্ত্তি তবই ধরি,
অদ্ভুতছল করি হরি নিল রত্নে।
মৃত্যু গণি কখন চিন্তিত নয় মন,
সম্প্রতি রহি পুন' কিসুখ সমস্তে!
কিন্তু রহিল বড় দুঃখ অসহতর,
মৃত্যু ঘটিল নর- কলুষিতহস্তে!!
নিরব ধরণিপতি রুদ্ধকণ্ঠ অতি বিষমদুঃখ পরিলব্ধে,
উগ্রমূর্ত্তি ধরি গর্জ্জি কহিল গুরু বজ্রবিনিন্দকশব্দে।

কুসুমবিচিত্রাচ্ছন্দঃ।

অভিহিতবাক্যে, উপজিল চিত্তে,
সমধিকদুঃখ, স্বদলনিমিত্তে।
কি কহিব ধিক্‌ধিক্ বিফলমমাত্মা,
হত মমশক্তি প্রভৃতিমহত্তা।
অবিরত অর্চ্চি প্রকৃতি অনাদ্যা,
লভিনুকি মাত্র স্বমরণবিদ্যা!!
ধিগতিকুদুর্গা- প্রচুরকু-অর্চ্চা,
ত্যজিব অগৌণে ধরমকুচর্চ্চা।
শমন সশঙ্ক প্রবিশই যত্র,
পশু পুন অদ্য প্রবিশিল তত্র?

হরিল সুরত্বে স্ববলবিসর্পে,
পরিছলি সর্ব্বে ছলবলদর্পে !!
নিরখিব সম্যক্, রিপুকুলশক্তি,
করিব অগৌণে প্রবলবিপত্তি।
শুন সব শীঘ্র, স্থিরতমচিত্তে,
কহি তব-অগ্রে, অনুপমতত্ত্বে ;
অরিহতি-আখ্যা অভিনববিশ্বে,
হরিমুখ-আখ্যে অচল সুদৃশ্যে,
খরতরচণ্ডী- স্থির হই তিষ্ঠে,
লভহ সমক্ষে, যতন বিশিষ্টে।
যদি লভ চণ্ডী ভকতিনতাঙ্গে,
সবল অবশ্য, ত্রিভুবনভঙ্গে ;
অগণিতরুদ্র- প্রতিমসুবীর্য্যে,
ঝলসহ বিশ্বে, বধ সব-আর্য্যে।
কি শকতি, ঘৃণ্য- প্রকৃতিমনুষ্যে
তববল নষ্টে, লই পশুপোষ্যে,
লঘুতনুখদ্যোৎ কভু কি সমর্থে,
দিনমণিবীর্য্য- প্রবিদমনার্থে ?

গুরুবরবাক্যনিচয় শুনি দশমুখ সমধিক-উৎসুকচিত্তে,
প্রণমি ভক্তিসহ হইল সমুদ্যত অরিহতিগমননিমিত্তে।
ঝটিতি তখন গিরি বিদীর্ণ করি অতি-উৎকটসকরুণশব্দে,
ছিন্নবিটপিসম উদ্ভটকৌণপ নিপতিত গুরুপদপদ্মে।
অশ্রুসলিলসহ সিক্তি চরণযুগ অতিশয়দুঃখ বিলব্ধে,
কহিল বচনচয় হৃদয়নিকৃন্তন সকরুণগদ্গদশব্দে।

রক্ষ রক্ষ তবদুঃখিকিঙ্করে,
দগ্ধ অঙ্গ মম দুঃখ দুর্দ্ধরে ;
শান্তি-অম্বু পরিষিঞ্চি সত্বরে,
স্নিগ্ধচিত্ত.কর আর্ত্তকিঙ্করে।
বিশ্বভস্মিমমশক্তি সম্প্রতি,
প্রাপ্তপূর্ণতমঘৃণ্যদুর্গতি,
সূর্য্যতুল্যমমকান্তি এক্ষণে,
ভস্মপুঞ্জসম ঈক্ষ নির্জ্জনে !!
পূর্ব্বশক্তি যদি নাদ্য সঞ্চরে,
বর্জ্জি আত্মতনু অত্র সত্বরে,
নাস্তি কার্য্য মম-আত্মরক্ষণে,
মৃত্যু বাঞ্ছি শতলক্ষ এক্ষণে।
অঙ্ঘ্রিপদ্ম ধরি শীর্ষবিষ্টরে,
রক্ষ কান্ত তবমূর্খকিঙ্করে,
দুঃখ-অগ্নিনিধিমগ্নকিঞ্চনে,
রক্ষ ইষ্ট নিজদৃষ্টি-অর্পণে।

উদ্ভটবাক্যনিচয় শুনি গুরুবর অতিশয়সুস্থির-আস্যে,
মুহূর্ত্ত তন্মুখ নিরখি বচনচয় কহিল শান্তি-অভিবর্ষে।

তবদুরবস্থা নিরখি সমক্ষে,
নিপতিত আত্মা সমধিকদুঃখে ;
বিধি কি অকস্মাৎ সুমতিবিবর্জ্জে,
অপকৃতিপক্ষে নিরত অধৈর্য্যে !!
কি করিব বৎস, স্বগুণসুবীর্য্যে,
মমবল নাস্তি স্থির তবকার্য্যে।

পরকৃতকর্ম্মে, কহ কি মহত্ত্বে,
বিফলি অকস্মাৎ ? বুঝ নিজচিত্তে।
ফণিপতিজন্যে, হত তবশক্তি,
ফণিপতিভিন্ন, প্রবলবিপত্তি,
কি শকতি অন্যে ঝটিতি নিরুদ্ধে ?
বুঝহ বিতর্কি স্বমতি বিশুদ্ধে।
পরিহর দুঃখ, স্থির কর চিত্তে,
কহি শুন যত্নে, অভিনবতত্ত্বে,
যদিচ অকস্মাৎ হত তবশৌর্য্য,
তবু মমকার্য্যে লভ নববীর্য্য।
দিব তবহস্তে অনুপমচূর্ণ,
ধর যদি নেত্রে ভকতিস্থপূর্ণ,
সকলসমক্ষে, তবনিজমূর্ত্তি
ঝটিতি অদৃশ্যা, কহিনু সুযুক্তি।
সুরগণতুল্য প্রচলহ শূন্যে,
অপর-অলক্ষ্যে, সুনিরখি অন্যে।

কথনান্তর মুদি নেত্রযুগল, করি মন্ত্রশুদ্ধ অতিধৈর্য্যে,
অর্পিল অঞ্জনপাত্র কিরণময় জিনি নব-উজ্জ্বলসূর্য্যে।
করযুগ সম্পুটি ভৃত্যসদৃশ নমি উদ্ভট পুলকিতগাত্রে,
গ্রহণ করিল আগ্রহসহ অতিশয়, তৃষিতসদৃশ জলপাত্রে।
চন্দনকুসুমসহিত পদপঙ্কজ অর্চ্চি ভক্তিসহ যত্নে,
চলিল ধরণিপতিসহ সহচরসম পরিহরি আশ্রমরত্নে।
উভয় তখন উঠি অচলশৃঙ্গ'পরি সিংহসদৃশগুরুবীর্য্যে,
রত্নখচিতকটিবন্ধ অবনিপতি বান্ধিল অতুলিতশৌর্য্যে।

ক্ষণৈক নিরখি গগনতল অনিমিষদৃষ্টিসহিত, অবিলম্বে
চলিল চমকি দিগ্‌গজকুল অভিনবগরুড়সদৃশগুরুদম্ভে।
উদ্ভট তখন নয়নযুগ অঞ্জনরঞ্জিত করি সুখহর্ষে,
কন্দুকসদৃশ উঠিল অতিসত্বর কর্ব্বুরকুলপতিপার্শ্বে !!
মুহূর্ত্ত উজলি দিগন্ত যোদ্ধৃযুগ শশিসমবসন বিশুভ্রে,
শশধরভাস্করসদৃশ পিহিততনু হইল নিবিড়তম-অভ্রে।
সুরপতিনিযুক্ত-বরুণগুপ্তচর নিরখি সকল নিজচক্ষে,
শঙ্কিত হই অতি ঝটিতি বিশিখগতি চলিল অমরপুরলক্ষ্যে।
যখন জলধিপতি হইল উপস্থিত অমরনগর সুবিশিষ্টে,
স্নিগ্ধরজনি অতিমধুরকান্তিময়শান্তমূর্ত্তি হই তিষ্ঠে।
দ্রবচন্দনসম গলিতরজতসম শিশিরবিমলকরবর্ষে,
ভুবন পূর্ণ করি চলিত ললিতগতিশশধর বিগলিত হর্ষে।
সুমৃদুলমৃগবর অমৃতভুঞ্জি বহু বিধুবরহৃদয় সুমিষ্টে,
অমৃতপঙ্কপরিলগ্নচরণ অতিনিশ্চল হই পরিতিষ্ঠে।
সুনিরব নিরখি অবনি মৃদু-উড়ুদল অধিক উজলি কর বর্ষে,
নির্জ্জনগৃহ লভি, সত্য, যুবতিগণ বদন পূর্ণ পরিদর্শে।
বিশদশুদ্ধতনুসপ্তর্ষিনিচয় শিব-দর্শনমতিসঙ্গে,
চলিত কথঞ্চিত হিমগিরিসজ্জিত-উত্তরদিশি চিতরঙ্গে।
চটুলবিহগকুল পিবই শিশিরকণ উড়ি উড়ি গগনবৃহত্ত্বে,
গগনকুসুমকুল বিচলিত, পরিগণি, সুমৃদুল-অনিলনিমিত্তে।
বিরলশুভ্রতম-অভ্রখণ্ডকুল চলিত চতুর্দ্দিশি রঙ্গে,
ধবলহংসগণ যদ্বিধ গতিযুত সুললিতসলিলতরঙ্গে।

৪। কন্দুক = গোলা। ৬। পিহিত = আচ্ছাদিত। ১১। শিশির = শীতল।

স্তব্ধভুবনবর সুস্থিত ঋষিসম পরিহরি সমুদয়কার্য্যে,
ললিতবিটপিকুল অচলশৃঙ্গসম সংস্থিত সমধিকধৈর্য্যে।
জলনিধি-উরসি সুষুপ্ত মৎস্যগণ, ফণিগণ সুবিপুলগর্ত্তে,
সিংহ-অশ্বগজ বিবিধজন্তুগণ পর্ব্বত়বিপিনবৃহত্ত্বে।
উৎকটদৈত্য-অসুরনরকর্ব্বুরসকল সুপ্ত নিজকক্ষে,
কুসুমমৃদুলতমতল্প-উপরি নৃপ, ভিক্ষু ধরণিগতবক্ষে।
রত্নবিমণ্ডিতকনকসৌধকুল, অমরনগর অসমাপ্তে,
ইন্দুকিরণ লভি অধিকসমুজ্জ্বল রত্ন-অচলসম দীপ্তে।
সুদীর্ঘবিস্তৃতনগরবর্ত্মকুল নির্জ্জন বিস্ময় অর্পে,
অপগত-ঊর্ম্মিসরিৎকুলসন্নিভ অনুপমশান্তি সমর্পে।
ক্বচিৎ স্বল্প-অবমুক্তবিপণি-মণিবর্ত্তি মৃদুল পরিদীপ্তে,
ক্বচিৎ কুত্র অতিটলিতমত্তসুর চলিত ভয়ান্বিতচিত্তে।
বর্ত্মপার্শ্বগতবিজুলিবর্ত্তিদল ইন্দু নিন্দি কর বর্ষে,
প্রহরিনিচয় ধরি বিবিধ-অস্ত্রবর চিত্রিতসম পথপার্শ্বে।
ক্বচিৎ ত্রিতলগৃহনির্গতমধুময়বংশীধ্বনি মন'রঞ্জে,
হৃদয় বিদ্ধ করি, চিত্তরত্ন হরি বিলুপ্ত গগননিকুঞ্জে !!
ক্বচিৎ ভবনবর-অলিন্দসংস্থিতখগগণ পিঞ্জর রঞ্জে,
'সব্যচরণ তুলি পৃষ্ঠ-উপরি মুখ রক্ষি সুপ্তিসুখ ভুঞ্জে।
শান্তিভঙ্গভয়চকিত-অনিলদল চলিত নিরতিশয়ধৈর্য্যে,
বিতরি কুমুদবনগন্ধ, বিতরি ঘন শিশিরসলিল মৃদুবীর্য্যে।
ক্রমশ' উদধিপতি উপগত সুরপতিসুন্দরসদনসমক্ষে,
ঝলমলি পুরবর উজলি দিগন্তর ঝকমকি ঝলসই চক্ষে !!

১৭। অলিন্দ - বারান্দা।

সুললিতমণিময়বর্ম্মসুসজ্জিতরক্ষিনিচয়, চিতহর্ষে
সত্বর অবনমি বর্জ্জিল পুরপথ, বরুণ পশিল নতশীর্ষে।
ক্রমশ অতিক্রমি সুবিমলমণিময়গৃহকুল, পুলকিত-অঙ্গে,
হইল উপস্থিত ইন্দ্রশয়নগৃহসন্নিধি মৃদুগতিসঙ্গে।
নিরখি আত্মতনু শুদ্ধশান্ত হই, সমধিক-অবনতশীর্ষে
পশি সদনান্তর, নিরখিল গৃহবর অনুপমকিরণ বিবর্ষে !!
অতুলবর্ত্তিকুল দীপ্ত ইতস্তত উজ্জ্বল করি সবকক্ষে,
নিরখি কিরণ, গণি, মণিখনি সমুদয় অবনিগর্ভগত দুঃখে।
সরসবসন্তহৃদয়সহবিরচিত, পরিগণি, সদনসুরত্নে,
সুখময়মনসিজচিত্তসহিত, গণি, বিরচিত গৃহ অতিযত্নে।
অর্দ্ধসুপ্তমৃদুবিহগললিতপদঘুঙ্গুর রুণুঝুনু গুঞ্জে,
শান্তিসৌখ্যময়-অতুলহৃদয়হরগৃহবর মুনিমন’রঞ্জে।
অদ্ভুতমঞ্চ-উপরি সুর-ঈশ্বর দীপ্ত সমুজ্জ্বলসজ্জে,
সুললিতগগনসুসজ্জিতশশধরমধুরকান্তি সুবিলজ্জে।
ত্রিভুবনবিস্ময়জনকমূর্ত্তিবর নিন্দি অপরসুরসর্ব্বে,
সুন্দরতম যত অমর ভৃত্যসম, আত্মগর্ব্বপরিখর্ব্বে।
অনুপমকান্তিশক্তিধর অবিরল সংস্থিত সৈনিকসঙ্গে,
বিশ্ববিজয়িশরপঞ্চশর সতত ফুলসর বিরচই রঙ্গে।
কনককুসুমময়কল্পবিটপিকুল উপবন দীপ্তি সমর্পে,
সুরধনু উজ্জ্বলসুরেন্দ্রকর লভি দর্শই কান্তি সদর্পে।
দনুজগহনবনদহনপুঞ্জ মিলি সুস্থির হই কি সুতিষ্ঠে ?
অথবা স্থিরতনুদিনমণি সংস্থিত নিরখি রজনি অপকৃষ্টে !
সব্যপার্শ্ব পরিসজ্জিত করি উপবিষ্ট শচী স্থির-অঙ্গে,
সকলরত্নমণিকিরণ মলিন করি তনুমণিকিরণতরঙ্গে !!

অনুপমমণ্ডনমণ্ডিতপদযুগ সতত অমরচিত রঞ্জে,
সরসিজদলসমসুমৃদুল-অঙ্গুলি উজ্জ্বল নখমণিপুঞ্জে।
কুসুমমৃদুলতমললিতজঙ্ঘযুগ মুগ্ধ করই সুরকান্তে,
ত্রিভুবনবিরচকবিধিকৃতকীর্ত্তিস্তম্ভসদৃশ চিত শান্তে।
জঘনবিষয় পরিচিন্তি কণ্টকিত অবশ অমরপতিগাত্র,
ঘূর্ণিত মস্তক, বিস্মৃত সমুদয়ধনজন-আত্মচরিত্র।
সুগুরুনিতম্ব অধিক গুরুতর পুন' সুরপতিচিত্তসমর্পে,
দিনকরকরসম কনককাঞ্চিবর কিরণতন্তু সুবিসর্পে।
অতিশয়সূক্ষ্মকটিস্থল সুমৃদুল সদৃশশূন্য ভবমধ্যে,
অন্যসমীক্ষণ অসহ্য গণি বিধি অদৃশ্য গঠিল সুমধ্যে !!
অতুলকুচযুগল বেষ্টিত অনুপমসুললিতমরকতমাল্যে,
নিন্দই সুন্দর-অলিদলবলয়িতশতদলকান্তি অতুল্যে।
সুমৃদুলবিসসমভুজযুগ মণ্ডিত মণিকুলকিরণতরঙ্গে,
মধুঋতুসময় বল্লিবর যদ্বিধ সজ্জিত ফুলকুলসঙ্গে।
নিবিড়কৃষ্ণকচপুঞ্জ সুরঞ্জিত অতুলিতমৌক্তিকপুঞ্জে,
অসিতকুমুদবন যদ্বিধ অনুপমসুললিতশশিকর রঞ্জে।
রতিমদভঞ্জনসুরপতিরঞ্জনবদন মদনমন'শান্তি,
খঞ্জনগঞ্জনকঞ্জনয়নযুগ মঞ্জুল-উজ্জ্বলকান্তি।
কনকপুতলিসমললিতযুবতিগণ রুণুঝুনু কঙ্কণশব্দে,
ব্যজননিরত ঘন সুগন্ধিজলকণ বর্ষি পরমসুখ লব্ধে।
বহুবিধবিভ্রমসহ তুষি দম্পতি, সুস্থিত সমধিকযত্নে,
চলিতদৃগঞ্চল চঞ্চলখঞ্জন গঞ্জই মরকতরত্নে।

৫। জঘন = তলপেট। ১৩। বিস = মৃণাল। ২২। দৃগঞ্চল = অপাঙ্গ

মণিময়যন্ত্রনিকর অভিশব্দিত অনুপমকৌশলসঙ্গে,
মৃদুলমধুরতমস্বরব বিনির্গত; অমৃতগর্ব্বপরিভঙ্গে।
সুষুপ্তিযুত হয় চিত্ত স্বরব শুনি, বিস্মরি সমুদয়কার্য্যে,
ব্রহ্মলগ্নসম হৃদয় মগ্ন হয় অনুপমশান্তিসুধৈর্য্যে !!
বিমুগ্ধ হই অতি নমিল সলিলপতি কিঙ্করসদৃশনতাঙ্গে,
অবনতমৌলিশিথিলমণিগুচ্ছক চুম্বিল গৃহতল-অঙ্গে।
বিস্মিতচিত অতি অমর-অধীশ্বর নিরখি বরুণমুখচন্দ্রে,
কহিলেন্ মধু জিনি মধুরবাক্যচয় সমধিকসুমৃদুলমন্দ্রে।

কহ কিবিষয়, সুর, উৎকটরাত্রে,
গতি তব সুরপুর কম্পিতগাত্রে ?
ঝটিতি বিবরি কহ সর্ব্বনিমিত্তে,
ঘটিত বিকৃতি মম নির্ম্মলচিত্তে !
লভিল কি রিপু পুন’ শাম্ভবসম্বন্ধে।
হইল সবল অথবান্যমহত্ত্বে ?
কহ, সববিবরণ শীঘ্র সমক্ষে,
বিতরহ সুখ মমচঞ্চলবক্ষে।

করকুবলয় যুড়ি সলিল-অধীশ্বর অতিশয়গদ্গদশব্দে,
কহিল বিনত হই সমুদয়বিবরণ সমধিকদুঃখ বিলম্বে।

ক্ষমহ সুরেশ্বর আত্মমহত্ত্বে,
অপ্রিয়কথন-নিরত-নিজভৃত্যে ;
উপগত, কিঙ্কর কম্পিত-অঙ্গে,
সম্প্রতি তবগৃহ শান্তিবিভঙ্গে।

১৩। শাম্ভব—শিবসম্বন্ধীয়।

কহিব সমস্তবিষয় অবিলম্বে,
নিরখিনু যদ্বিধ শক্রকদম্বে ;
সত্বর শুনি সব অবহিতচিত্তে,
করহ বিহিত নিজশক্তিমহত্ত্বে।
অদ্য বন্ধুসহ দশমুখ হর্ষে,
হইল উপস্থিত নিজগুরুপার্শ্বে,
কহিল সমস্ত সুদুঃখিতচিত্তে,
শঙ্করনিগ্রহ শরবরতত্ত্বে।
শুনি বিবরণ, অতি ভৈরবগর্জ্জে
কহিল ভণ্ডগুরু উৎকটকার্য্যে ;
বিশুষ্ক হইল রুধির মমগাত্রে,
হইনু উপস্থিত সমধিকরাত্রে।
অরিহতি-আখ্য-অপরভববক্ষে,
অচল অবস্থিত হরিমুখ-আখ্যে,
সুবিকটচণ্ডী স্থিত গিরিপৃষ্ঠে,
শক্তি অতুল্যা, ত্রিভুবন নষ্টে !!
নিজগুরুসন্নিধি শুনি সব অদ্য,
প্রচুর সমুদ্যমি দশমুখ সদ্যঃ,
উদ্ভটরাক্ষসসহিত সদম্ভে
গত সুবিষম-অরিহতি অবিলম্বে।
বুঝহ কি উৎকট ঘটিত অকস্মাৎ,
অতুলবিপত্তি সমীক্ষি সমন্তাৎ ;
মহাপ্রলয়সমভৈরববীর্য্যে,
ধ্বংস উপস্থিত সবভবরাজ্যে।

বরুণবচন শুনি শিহরি সুরেশ্বর সমধিকশঙ্কিতচিত্তে,
কহিল বাক্যচয় কম্পিততনুতরু অশান্তি-অনিলনিমিত্তে।

অবশ হইনু তব-উৎকটবাক্যে,
উপগত বিষম্‌বিপৎ সুরপক্ষে।
অগতি হইনু অতি দুঃখসমগ্রে,
পতিত অমরনর বহ্নি উদগ্রে!
ক্ষণপর সমুদয় সৃষ্টিবিভস্মে,
প্রলয় উদিত হইবে প্রতিবিশ্বে!
রিপুকুল রত হইবে স্থিরচিত্তে,
সুরনরসকলবিমর্দ্দনিমিত্তে।
বিলয় লভিনু অহ অদ্য সমস্তে,
দলিত হইনু খলরাক্ষসহস্তে!!
উহু কি বিষমগতি উত্থিত বিশ্বে,
শিথিল হইল তনু চিন্তি ভবিষ্যে।
নিজ-অনুপমতমসংমতিসঙ্গে,
করহ সুপথ সুরবিঘ্নবিভঙ্গে।
ঝটিতি বিবরি কহ, কিম্বিধকার্য্যে,
বিফলযতন করি শক্র অনার্য্যে।

মুহূর্ত্ত চিন্তি জলধিপতি কর যুড়ি সমধিক-অবনত-অঙ্গে,
কহিল সময়-উপযুক্তবচন পুন' পরমযুক্তিচয়সঙ্গে।

নিপতিত যদ্বিধ বিষমবিপত্ত্যে,
ঝটিতি যত্ন কর দুঃখনিবৃত্তে।
চিন্তি বহুলতম হই সুস্থিরচিৎ,
নিরখিনু সম্প্রতি সদ্গতি কিঞ্চিৎ।

অমরজনৈক গমন করি শৌর্য্যে,
সুবিদিত করি সব রঘুপতি আর্য্যে,
জনৈক-অনুবল লই নিজসঙ্গে,
গমন করুন রিপুকার্য্যবিভঙ্গে।
বিষম সমাক্রমি শত্রু অনার্য্যে,
বিমুখ করুন অতি-উৎকটকার্য্যে।
কহিনু সুযুক্তি বিচিন্তি বিশিষ্টে,
নির্দ্দিশ সম্প্রতি পবন গরিষ্ঠে।

বরুণসুসঙ্গতবাক্যনিচয় শুনি, সুরপতি সুবক্রশীর্ষে
কহিলেন্ সুবচন মধু জিনি সুমধুর, সুস্থিরদৃষ্টিবিবর্ষে।

অতিহিতকরতববাক্যনিমিত্তে,
লভিনু অভয় পুন' শঙ্কিতচিত্তে ;
বিষমবিকটতমদুঃখ অনন্তে,
তুমি অতি-অতুলসুহৃৎ সুরকান্তে।
রঘুপতিনিকট, মরুৎপতিধন্যে,
কহিব ঝটিতি অতি, সংগতিজন্যে।
করিব কথিতসবকার্য্য অলক্ষ্যে,
সমুচিত গণি তবসুন্দরবাক্যে।

কথনান্তর সুরপতি মুদি সুনয়ন বসি ঋষিসম অতিধৈর্য্যে,
স্মরিল সুসত্বর সুস্থহৃদয়সহ পবন অমিতবলআর্য্যে।
মুহূর্ত্তপর অবতীর্ণ অনিলপতি শুভ্রবসনচয় অঙ্গে,
প্রণমিল যত্নসহিত সুরপতিপদ ভক্তিবিনয়চয়সঙ্গে।
স্নিগ্ধসমুজ্জ্বল হইল সদনবর তুহিনধবলতনুবর্ণে,
পদ্মবর্ণমণি-বিরচিতশীর্ষক, সুবর্ণকুণ্ডল কর্ণে।

সুস্থির হই অতি সুরকুল-ঈশ্বর নিরখি অনিলমুখচন্দ্রে,
কহিলেন্ সবিনয় বিঘ্নবিষয়সব সমধিকসুমধুরমন্দ্রে।
অতিশয়বিষমবিপত্তিনিমিত্তে,
স্মরিনু, অমরবর, শঙ্কিতচিত্তে;
সদয়হৃদয়সহ উদ্ধর শৌর্য্যে,
বিপদসলিলনিধিমজ্জিত-আর্য্যে।
গত অরি অরিহতিবিশ্বসমক্ষে,
বিষমবিকটরমণীপ্রতি লক্ষ্যে;
যদি হয় দশমুখ সার্থক কার্য্যে,
বুঝহ কি হয় সব দুর্ব্বল আর্য্যে !!
ঝটিতি করহ গতি বান্ধবপার্শ্বে,
কহ সববিবরণ সংনতশীর্ষে;
লই অনুবল অতি-উত্তম সঙ্গে,
গমন করহ রিপুকার্য্যবিভঙ্গে।
সুরগণ গতি তুমি উগ্রবিপত্ত্যে,
তরিব বিপদ তব কর্ম্মমহত্ত্বে;
অবিদিত তবসম সক্ষম কার্য্যে,
অপর-অমর মম বিস্তৃতরাজ্যে।
সুরপতিবাক্যনিচয় শুনি সমধিকশঙ্কিতদৃষ্টিবিবর্ষে,
কহিল মরুৎপতি গলদঘর্ম্ম অতি কম্পিত-অবনতশীর্ষে।
অতি-উৎকট নিশ্চিত বিঘ্ন উপস্থিত,
কম্পিত বিগ্রহ শক্রভরে;
শুনি বাক্য ভয়ঙ্কর, অদ্য সুরেশ্বর,
দগ্ধ মমান্তর দুঃখশরে।

নৃপসন্নিধি সত্বর সঞ্চরি, তৎপর
বর্ণিব ভৈরববিঘ্নগতি,
করি আত্মসমর্পণ, পূর্ণিব এক্ষণ
কার্য্য সুরেশ্বর শীঘ্র অতি।
পরিবর্জ্জি বিলম্বন, বৈরিবিমর্দ্দন,
উদ্যমি সম্প্রতি শুদ্ধমনে,
রিপুকার্য্য ভয়ঙ্কর ভঞ্জিব সত্বর,
তিষ্ঠহ ইষ্ট সুশান্তিসনে।

কথনান্তর অতি অবনত হই সুরপতিপদ বন্দি সযত্নে,
দ্রুতগতি নির্গত পবন গমনপটু সজ্জিত অতুলিতরত্নে।
সুন্দররথবর উঠিল শীঘ্রতর উদ্যত হই গতিপক্ষে,
শশধরসন্নিভ উজলি নভঃস্থল চলিল অবনিতললক্ষ্যে।
মৃদুলসুগন্ধ সমর্পি চতুর্দ্দিশি বিভঞ্জি দিগ্‌গজগর্ব্বে,
চলিল অনিলপতি চকিতচপলগতি চমকি নভশ্চরসর্ব্বে
মুহূর্ত্তপর রথ হইল উপস্থিত রঘুপতিকটকসমক্ষে,
নিরখিল পবন বিকটসৈনিকগণ সংস্থিত উন্নতবক্ষে।
জ্বলিত অসংখ্যসুবর্ত্তি ইন্দু জিনি উজ্জ্বলকিরণ বিশিষ্টে,
অগণিতমণিমণ্ডিতফণিগণ, গণি, উপগত রিপুপুরনষ্টে।
তুঙ্গবিটপিসমসৈনিকমণ্ডল দর্শই বীর্য্য গরিষ্ঠে,
ক্রুদ্ধ-সমুদ্ধতশমননিচয়, গণি, পুর পরিবেষ্টি সুতিষ্ঠে।
ভৈরবহুঙ্কৃতি অসিকুলঝঙ্কৃতি কার্ম্মুকটঙ্কৃতিশব্দে,
স্তব্ধ দিগন্ত, অনন্তসলিলনিধি সুস্থিত বিস্ময় লব্ধে।
নিরখি অমররথ বন্দিল সবজন নন্দিতচিত অতিহর্ষে,
ক্রমশ উপস্থিত হইল ললিতরথ নৃপতিশিবিরবরপার্শ্বে।

প্রবলরক্ষিগণ হস্তযুগল যুড়ি বন্দিল সুবিনয়সঙ্গে,
অবতরি পবন শিবির পশি সত্বর নিরখিল পুলকিত-অঙ্গে।
প্রশান্তমূর্ত্তিসূর্য্যকুল-ঈশ্বর সমুপরিষ্ট মণিহর্ম্ম্যে,
অভিনবজলদ সুসজ্জিত যদ্বিধ নির্ম্মলগগন সুরম্যে।
চম্পকপুঞ্জসদৃশমঞ্জুলতনুলক্ষ্মণ সুস্থিত হর্ষে,
পূর্ণরজনিকর সংস্থিত যদ্বিধ অভিনবজলধরপার্শ্বে।
ঋক্ষ-অধিপসহ মিত্রপুলস্ত্যজ, সজ্জিত মণি-অবতংসে,
অবনত হই অতি সুস্থিত কর যুড়ি রঘুপতিসম্মুখ-অংশে।
অপরযোদ্ধৃগণ সংস্থিত চৌদিশি সজ্জিত রত্ন গরিষ্ঠে,
সুবর্ণগিরিবর বেষ্টি বিটপিকুল যদ্বিধ অবিরত তিষ্ঠে।
জ্বলিত বর্ত্তিকুল সমধিক-উজ্জ্বল সূর্য্যকিরণ পরিনিন্দে,
সুগন্ধি গৃহবর নিন্দি অমরপুর-চন্দন-অগুরুসুগন্ধে।
অবনত হই অতি পবন অমরবর নমিল নিরতিশয়যত্নে,
খগকুল-অধিপতি বন্দই যদ্বিধ মুরহরপদযুগরত্নে।
সম্ভ্রমসহ উঠি পার্ষদগণসহ রঘুপতি সমধিকহর্ষে,
মঞ্চ-উপরি করি সংস্থিত কহিলেন্ বাক্য অমৃত-অভিবর্ষে।

সর্ব্ববিপদ তরিণু সদ্য, সংলভি তবচরণপদ্ম,
শুদ্ধ হইল ধরণিসদ্ম, অদ্য তবপদার্পণে;
বাঞ্ছিতমত কর নিদিষ্ট, তৃপ্ত করহ হৃদয়, শিষ্ট,
শীঘ্র সকল কহ বিশিষ্ট, আত্মসুগুণবর্বণে।
দৈবতশুভ কহ সমস্ত, বাঞ্ছিতধন মন্দলস্থ,
আশ্রয় মম অমরহস্ত, বিশ্রুত ভবমণ্ডলে;
পূজ্য-অমরপদনিমিত্ত, সর্ব্বমনুজ সবলচিত্ত,
সম্প্রতি পুন' কহি সুতত্ত্ব, শান্ত করহ চঞ্চলে।

মধু জিনি মধুরবাক্য শুনি সুরবর সমধিক-অবনতশীর্ষে,
করকুবলয় যুড়ি কহিল বিনয়সহ সুললিত-অমৃতবিবর্ষে।

তবভৃত্য উপস্থিত, উগ্রবিপদ্গত,
সম্প্রতি, আর্য্য, মহৎ-নিশিতে,
শুন শীঘ্র বিপদ্‌গণ, শত্রুবিমর্দ্দন,
বর্ষি অনুগ্রহ সুস্থচিতে।
নরদৈবত-অশ্রুত- ভিন্নজগৎ-গত-
দুর্জ্জয়শক্তি কৃতান্তময়ী,
যদি লব্ধ তদাশ্রয়, সর্ব্ব সুনিশ্চয়
সর্ব্বত' নির্ভয় বিশ্বজয়ী।
রিপু দুর্ম্মদ সম্প্রতি, আত্মগুরুপ্রতি
ভক্তিবশাৎ শুনি সর্ব্বকথা,
গত এক্ষণ উদ্ভট- সংহতি কর্ম্মঠ,
শক্তিসমর্চ্চনজন্য তথা।
বুঝ কিম্বিধ ভৈরব- দুর্গতি-উদ্ভব,
দুঃখিত-মর্ত্ত্য-অমর্ত্ত্যদলে,
যদি শক্তিসমর্জ্জন- সক্ষম দুর্জ্জন,
ভস্ম সমস্তই বিশ্বতলে।
প্রভু নির্দ্দিশ সত্বর আত্মসুহৃদ্বর,
মৎসহ সম্প্রতি সঞ্চরণে,
করি যত্ন বিলক্ষণ, শত্রুবিমর্দ্দন,
বৈমুখিব দ্রুত বৈরিগণে।

সুরবর-বাক্যনিচয় শুনি কৌণপমিত্ররতন নতশীর্ষে,
শঙ্কিত হই অতি কহিল হস্ত যুড়ি সকরুণদৃষ্টিবিবর্ষে।

উৎকটবাক্যে, সমুদিত চিত্তে,
দুর্ব্বহশঙ্কা, স্বদলনিমিত্তে ;
সর্ব্ব-অপেক্ষা বিপদ অখণ্ডে,
অদ্য সমস্তে পতিত অকাণ্ডে !!
ভৈরবচণ্ডী, শুনি তনু কম্পে,
কম্পিত বিশ্ব প্রতিপদঝম্পে ;
যদ্যপি লঙ্কা, রিপুপতিপার্শ্বে,
সাধ্য কি বিদ্বিষ্- কুল-অপকর্ষে।
অদ্ভুতচণ্ডী ভুবনসমগ্রে,
পূর্ণ-অতুল্যা স্ববল উদগ্রে,
দর্শনমাত্রে ত্রিভুবন ভস্মে,
অর্চ্চই সর্ব্বে প্রবিণতশীর্ষে।
সম্প্রতি সম্যক্ যতন বিশিষ্টে,
আত্ম-অতুল্য- প্রকৃতি গরিষ্ঠে,
চেষ্টি মহাত্মন্ মৃগপতিগর্ব্বে,
রক্ষহ দুঃখে নিজগণসর্ব্বে।
শীঘ্র সুবাক্যে, সুরবরসঙ্গে,
নির্দ্দিশ মিত্রে, রিপুকৃতিভঙ্গে ;
বন্ধুকপীন্দ্রে গণি উপযুক্ত,
দুর্দ্ধরযোদ্ধা চির-অনুরক্ত।
মিত্রবাক্য শুনি ঋক্ষ-অধীশ্বর সমধিকসুস্থিরচিত্তে,
কহিল বিনয়সহ সমর্থি সুবচন বিজ্ঞসদৃশসুমহত্ত্বে।

৪। অকাণ্ডে = অসময়ে।

সমধিকসঙ্গত মঙ্গলপক্ষে,
শুনিনু মহত্তমবান্ধববাক্যে,
বিপদসমুদ্র বিলঙ্ঘি অযত্নে,
ক্ষণ লভি সৎমতিবান্ধবরত্নে।
স্বগুণ বিবর্দ্ধি, কপীশ্বর সৌম্যে
অনুমতি অর্পহ বাক্য সুরম্যে;
সুরবরসংহতি সংগতিজন্যে,
বিদমনজন্য দশাস্য অধন্যে।
তরিব সুদৈবসুমিত্রমহত্ত্বে,
সমুদয়-উৎকটবিঘ্নবিপত্ত্যে।
সমুদিত শান্তি সুনিশ্চিত চিত্তে,
নিরখি সমস্তবিশিষ্টনিমিত্তে।

অনুচরজনৈক সত্বর তখন গমন করি অবনতশীর্ষে,
কহিল কপীন্দ্রনিকট নৃপ-অনুমতি সমধিকবিনয়বিবর্ষে।
চলিল কপীশ্বর কিষ্কিন্ধেশ্বর বিনিন্দি মত্তগজেন্দ্রে,
ঝটিতি উপস্থিত ঝলমলি সমুজলি রঘুপতিশিবিরনগেন্দ্রে।
সুবৃহৎ-মূর্ত্তি রজতগিরিসন্নিভ ধবলকিরণ অভিসর্পে,
শুভ্র-উপলসমবিপুলউরঃস্থল, ভুজযুগ জিনি ফণিদর্পে।
বিটপিকাণ্ডসমদৃঢ়তমকন্ধর বজ্রবীর্য্যপরিপূর্ণ,
ভৈরববর্ত্তুলনয়ন বিঘূর্ণিত ঝলমলপিঙ্গলবর্ণ।
মণিময়বর্ম্মবিমণ্ডিততনুবর ঝলসি নয়ন কর বর্ষে,
শমনদণ্ড জিনি বিকটখড়্গবর লম্বিত দক্ষিণপার্শ্বে।
অতুল্য-উজ্জ্বলমুকুট বৃহত্তম শীর্ষ-উপরি সুবিসজ্জে,
প্রকাণ্ডভাস্কর যদ্বিধ নগবরশৃঙ্গ-উপরি পরিসজ্জে।

মণিকুলবিখচিত-অনুপমপদত্র উন্নত-অগ্র বিসর্পে,
পদতলদলিত-উরগযুগবিস্তৃতফণযুগকান্তি সমর্পে।
অদ্ভুতভৈরবশক্তিকপীশ্বর, জগজন কম্পিত বক্ষে,
অযুতসূর্য্য জিনি বীর্য্য ভয়ঙ্কর, সক্ষম বিশ্ববিভক্ষে!
অবনত হই অতি নমিল সৈন্যপতি রঘুপতিচরণসমক্ষে,
সমধিকসম্ভ্রমসহ মনুজেশ্বর কহিলেন্ মধুময়বাক্যে।

উগ্রবিপদ ঘটিত, আর্য্য, শঙ্কিতসুরনর অধৈর্য্য,
দর্শন করি বিষমকার্য্য, দুর্জ্জয়রিপু দুর্জ্জনে;
রক্ষণপথ তুমি নিতান্ত, দুঃখিতভব করহ শান্ত,
রক্ষিত মমবল অনন্ত, মাত্র তবমহদ্‌গুণে।
সম্প্রতি কহি, শুন সধৈর্য্য, অশ্রুতভব বিকটরাজ্য,
তত্র বিগত রিপু অনার্য্য, শক্তিচরণ-অর্চ্চনে,
যদ্যপি হয় সুফলবন্ত, শক্তি লভই নিজপুরান্ত,
নিশ্চয় সবভুবন অন্ত, চিন্তি বুঝহ এক্ষণে।
সহ্য করি সুবিষমদৈন্য, পূজ্যপবন (ভুবনগণ্য)
শত্রুকরমনশনজন্য, যত্ননিরত এক্ষণে,
সম্প্রতি হই সদয়গাত্র, মান্যপবনসহিত মাত্র,
সঞ্চর তুমি বিগত যত্র, শত্রু শকতি-অর্চ্চনে।
দুঃখবিপদগহনমধ্য, আশ্রয় তুমি পরমহৃদ্য,
রক্ষিত তব মনুজ সদ্য, চিন্তি বুঝহ অন্তরে,
অন্তকপুরসম নিতান্ত বৈরিসদন, রিপু কৃতান্ত,
মাত্র তবই শকতি, শান্ত, রক্ষণপথ দুস্তরে।

১। পদত্র=জুতা। ১৬। নশন=নাশ।

রঘুপতিবাক্যনিচয় শুনি কর যুড়ি সমধিক-অবনতশীর্ষে,
কহিল সৈন্যপতি সুস্থসবলমতি তরুণজলদরববর্ষে।

চন্দ্রবর্ত্ম ছন্দঃ।

পূর্ব্বপুণ্য মম, কিঞ্চিতযতনে,
প্রাপ্ত ভৃত্য তবদুর্ল্লভচরণে;
বিশ্ববন্দ্যপদ ঈক্ষিণু নয়নে,
ধন্য জন্ম মম নশ্বরভুবনে।
ইন্দুনিন্দিপদসুন্দরকিরণে,
দীপ্ত অন্ধচিত উজ্জ্বলবরণে;
পূর্ণশান্তি লভিনু প্রতিবিষয়ে,
লব্ধ মুক্তিপদ দুস্তরনিরয়ে।
আর্য্যজন্য তনুবর্জ্জনবিষয়ে,
দুঃখ শূন্য মমনির্ভয়হৃদয়ে,
আর্য্যকার্য্য করি সংলভি মরণে,
শান্তিমুক্তি লভিব স্থির ভুবনে।
পূর্ণহর্ষসহ দৈবতসহিতে,
সর্ব্বকার্য্য করিব স্থিরমতিতে,
গর্ব্ব খর্ব্ব করি নিশ্চিত চরমে,
ধ্বংসবংশ করিব দ্বিষদধমে।
তিষ্ঠ শান্তিসহ কান্ত সুনিলয়ে,
তূর্ণ পূর্ণ করিব প্রতিবিষয়ে,
সর্ব্ববিঘ্ন অচিরাৎ ভবনিলয়ে,
অন্ত অন্ত করিব স্থিরহৃদয়ে।

তখন কপীশ্বর চির-অনুগতসম বন্দি নৃপতিকুলসূর্য্যে,
শিবিরবহির্গত হইল পবনসহ হৃদয় পূর্ণ বলবীর্য্যে।
ঝটিতি উভয় মিলি চড়িল চক্রিবর অতিশয়হর্ষিতচিত্তে,
চলিল রথোত্তম নিন্দি বিশিখগতি ঝলমলি গগনবৃহত্ত্বে।
বিস্তৃতনয়নসহিত কপিকুলপতি নিরখিল পুলকিত-অঙ্গে,
গিরিবনসকল চতুর্দ্দিশি অপসৃত অতুলশীঘ্রগতিসঙ্গে।
ক্রমশ' সুবিস্তৃত দিঙ্মণ্ডল অতি-অদ্ভুততমবৃহদঙ্গে,
সুবিপুলগগন ঝটিতি নিপতিত বলি কল্পিত হয় ভয়সঙ্গে।
কম্পিতহৃদয়যোদ্ধৃপতি নিরখিল নিম্ন-অবনিতললক্ষ্যে,
দৃষ্ট হইল সববিপুলধরণিতল সলিলপূর্ণ সুধু বক্ষে।
সপদি তখন পুন' নিরখিল অবনিপ সমধিক বিস্ময়সঙ্গে,
অখিল-অবনিতল সূক্ষ্ম-ঋক্ষসম পরিহরি পরিচিত-অঙ্গে।[১]
পুনশ্চ মহিপতি গগন সমীক্ষিল উৎসুকহৃদয় বিলক্ষে,
অদ্ভুতদৃশ্য নিরখি বিনিমজ্জিত বিস্ময়জলনিধিমধ্যে।
বহ্নিচক্রসমবিপুলদিনেশ্বর ঘূর্ণিত উজ্জ্বল-অঙ্গে,
গ্রহগণ অপর বিঘূর্ণিত চৌদিশি সুবৃহৎ-দিনমণিসঙ্গে।
ত্রিবলয়বলয়িতদীপ্তশনৈশ্চর নিরখিল বিস্মিতচিত্তে,
ভাস্বর-অষ্ট-ইন্দুপরিবেষ্টিত অনুপমকান্তিমহত্ত্বে।
সান্দ্রকিরণময়চন্দ্রচতুষ্টয়বেষ্টিত হই, গুরুগর্ব্বে,
বৃহস্পতিগ্রহ ঘূর্ণিত অবিরত সমুজ্জলি অম্বরসর্ব্বে।
মঙ্গলশুক্রনিকর বহুবিধ কত নিরখিল পুলকিতগাত্রে,
অনুপম-উজ্জ্বল কতশত, কত পুন' পরিপ্লুত চিরান্ধরাত্রে।

১। ঋক্ষ = নক্ষত্র।

বিবিধবর্ণনবজলদপুঞ্জ কত মঞ্জুলকিরণবিসর্পে,
পর্ব্বতমন্দিরভবনমূর্ত্তি ধরি চলিত অতুলগতিদর্পে।
সিদ্ধমিথুনচয় চকমকি চৌদিশি চলিত চমকি চপলাঙ্গে,
রুণুঝুনুঘুঙ্গুরশব্দসহিত মৃদুবংশীধ্বনি করি রঙ্গে।
পরিহরি সৌরজগৎ রথ উদ্গত অধিক-ঊর্দ্ধতম-অংশে,
বিস্তৃত করি অতি নয়ন যোদ্ধৃপতি নিরখিল উন্নত-অংসে।
ক্ষুদ্রবিন্দুসম যত যত উড়ুগণ দৃষ্ট হইত কুহুরাত্রে,
সুবিপুল-অঙ্গজগৎসব সম্প্রতি নিরখিল কম্পিতগাত্রে।
তখন যোদ্ধৃপতি সপদি রুদ্ধমতি নিরখি ভয়াপ্লুতবক্ষে,
গ্রহবর ভৈরব চলিত চমকি অতি বিক্রমসহ রথলক্ষ্যে।
পবন চতুরমতি রক্ষিল রথবর বক্রগমন-অবলম্বে,
চলিল মহাগ্রহ ভৈরব নিঃস্বনি পার্শ্ব ঘর্ষি অবিলম্বে।
নিরখিল কতশতনিসর্গকৌতুক অদ্ভুততমগগনাংশে,
পুষ্পবৃষ্টিসম উড়ুকুলবর্ষণ, অগ্নিপুঞ্জ কত-অংশে।
বিস্মিত হই অতি নিরখি চতুর্দ্দিশি চলিত অমিতবলবন্ত,
তখন পরিষ্কৃত হইল সুলক্ষিত যমপথ বিপুল-অনন্ত।
জলধরপংক্তিসদৃশ পরিলক্ষিত হইত সুনির্ম্মলরাত্রে,
সম্প্রতি কুসুমিত-উপবনসন্নিভ বিখচিত উড়ুকুলমাত্রে।
অগণিতসৌরজগৎ সব-উড়ুমণি ঘূর্ণিত উজ্জ্বল-অঙ্গে,
অনন্তবিশ্ব নিরখি ধরণীশ্বর নমিল সুবিস্ময়সঙ্গে।
পরিহরি সেস্থল অদ্ভুতরথবর উদ্গত নয়নকটাক্ষে,
নিরখিল তখন কপীশ্বর ভৈরবতিমিরপুঞ্জ সুধু চক্ষে।

৭। কুহু=অমাবস্যা। ১৩। নিসর্গ=প্রকৃতি। ১৬। যমপথ=ছায়াপথ।

অলঙ্ঘ্যজলধিসদৃশ-উৎকটতমতমিস্রচয় বৃহদঙ্গে,
নিরখি যোদ্ধৃপতি বিহ্বল অতিশয়, নয়ন মুদিল ভয়সঙ্গে।
বিষমগরলসমতীব্রশৈত্য তনু বিজড়িত করিল মুহূর্ত্তে,
রুধিররহিত-অতি-অবশহস্তপদ, নিহিত নয়নযুগ গর্ত্তে।
ক্রমশ’নিঃশ্বসন রুদ্ধ হইল, বলবুদ্ধি সকলি হত তত্র,
অর্দ্ধবিমূর্চ্ছিতসদৃশকপীশ্বর নিপতিত জড়সমগাত্র।
স্পর্শগন্ধরবমূর্ত্তিরহিত অতি-অদ্ভুত অনন্তশূন্য!
সাধ্য কি সুরনর তিষ্ঠই সচিত্ত অত্র নিমিষপলজন্য।
ধন্য কপীশ্বর সত্যপূর্ণমতি, বর্ণিব কি অধমবাক্যে!
অসহকষ্ট সহি চলিছ ধৈর্য্যসহ বান্ধব-উপকৃতিপক্ষে।
তখন অনিলপতি চলিল ঝটিতি অতি রথ লই অতুলিতসত্বে,
অপরবিশ্ববর পশিল যোদ্ধৃযুগ সমধিকবিস্মিতচিত্তে।
অদৃষ্ট-অশ্রুত-পূর্ণ-অপরিচিত-অদ্ভুত-অভিনবরাজ্যে,
চলিল বন্ধুযুগ বিস্ময়সহ অতি, নিরখি সমস্ত সধৈর্য্যে।
দিনকর বিরহিত অথচ সমুজ্জ্বলকিরণপুঞ্জ ভব রঞ্জে,
স্বল্পজলদবৃতদিনবর যদ্বিধ চিতহর অবনিনিকুঞ্জে।
দিবসরজনিপরিবর্ত্তনবর্জ্জিত, অতুলিতসুনিয়মসঙ্গে
স্নিগ্ধকিরণপরিপূর্ণভুবনবর, অনুপমসুন্দর-অঙ্গে।
পল্লিনগরসব অদ্ভুতবিরচন, শূন্য-উপরি পরিতিষ্ঠি,
চলিত চতুর্দ্দিশি নর-ঈপ্সিতমত লই যতজন্তুসমষ্টি।
অগণিতনরগণ বিবিধবর্ণযুত চিত্রিততনু সুখিচিত্তে,
চলিত ইতস্তত’ সুললিতগতিসহ অভিমতকার্য্যনিমিত্তে।
অনুপমশক্তিমনুজগণ বাঞ্ছিতমত নিজমৃত্যু নিরুদ্ধে!
অপরজন্তুগণ নষ্টসৃষ্ট হয় নর-অনুমতি পরিলব্ধে।

অতিশয়-উন্নত-অদ্ভুতনরগণ লভি যদি, সমধিকহর্ষে
অর্চ্চি অমর বলি সঁপি কুসুমাঞ্জলি কতশত নমি পদপার্শ্বে।
অপরজন্তুগণ বাক্যরহিত সুধু, নরসমবুদ্ধি অতুল্য,
নরসমসমুদয়কার্য্যনিপুণ হয় হাস্য করই নরতুল্য !!
বিবিধমহোৎসবলগ্ন জন্তুগণ মগ্ন সতত মন'রঙ্গে,
সমস্তপার্থিবকার্য্যনিরত সব সমধিকসুনিয়মসঙ্গে।
সময়-অপব্যয় দূষ্য গণই অতি, মত্ত সতত গৃহকার্য্যে,
নিষ্ফলকৌতুক বর্জ্জি বিজ্ঞসম কর্ম্মনিরত অতিধৈর্য্যে !
অধিক কি অস্মৎ-ধরণিগর্ভগত-অলসমনুষ্য-অপেক্ষা,
বহুতর-উন্নতবুদ্ধিজন্তুগণ, সমস্তবিষয়সুশিক্ষা !!
তরুবল্লরিকুল যদিচ দৃষ্ট নয়, কিন্তু শূন্য'পরি তিষ্ঠে
স্বর্ণবর্ণযুতবিবিধপক্কফল, বদন সজল হয় দৃষ্টে !!
বিমলসলিলময়সরিৎ-নিচয় যত চলিত উচ্চদিশি রঙ্গে !
স্পৃষ্ট নয় সলিল অথচ শান্তি হয় সমর্পি যদি মুখ-অঙ্গে !!
স্বপ্নবিষয় বলি অবিশ্বস্ত কভু হইল মিত্রযুগ চিত্তে,
চিন্তিল পুনরপি সম্ভব সমুদয় ঈশ্বরসৃষ্টিমহত্ত্বে।
ক্রমশ' বন্ধুযুগ হইল উপস্থিত অভিনববিমল-অরণ্যে।
শুনিল বিবিধমতখগকুলকলরব, নিরখিল বিহগ অগণ্যে
স্নিগ্ধনধরতনুসুললিতখগগণ, চিত্রিত উজ্জ্বলবর্ণে,
ঘিরিল চতুর্দ্দিশি মৃদুমধুরব করি মুগ্ধি বন্ধুযুগকর্ণে।
দয়ার্দ্র হই অতি তখন উভয় মিলি পরশিল খগশিশু রঙ্গে,
চমকিতবিস্মিত হইল কিন্তু অতি নিরখি উপলসম-অঙ্গে !!
বহুবিধসুন্দরমৃগদল চৌদিশি সমুপস্থিত মৃদুহাস্যে,
কর যুড়ি সবিনয় নমিল ভক্তিসহ ভৃত্যসদৃশ নম্র-আস্যে !!

বিপুলহস্তিগণ মৃদুলহাস্যসহ নিরখি সুরম্য-অপাঙ্গে,
ধূম্রপুঞ্জসম লুপ্ত হইল পুন' নিঃশ্বসি সুগন্ধসঙ্গে !
বিস্মিত হই অতি'সৌম্যবন্ধুযুগ, অনিমিষসুমৃদুলনেত্রে,
শিশুসমসরলদৃষ্টিসহ চৌদিশি নিরখি চলিল টলগাত্রে।
ঝটিতি তখন পুন' নিরখিল উভজন সমধিকশঙ্কিতদৃষ্টে,
বহুবিধভৈরবহিংস্রজন্তুগণ নির্ভয় হই পরিতিষ্ঠে।
দীর্ঘলম্ফসহ পতিত হইল বহু অতিথিযুগলমৃদুগাত্রে,
স্পৃষ্ট যদিচ নয়, কিন্তু ছিন্ন তনু উৎকটদংশনমাত্রে !!
দৌড়িল সত্বর পরিহরি সেস্থল অপরনিবিড়তম-অংশে,
নিরখিল তখন সমুন্নতগিরিবর সমগ্রবন অবতংসে।
প্রস্তরবিটপিসুনির্ঝর সজ্জিত অবিকলসুনিয়মসঙ্গে,
কিন্তু অচলবর চঞ্চল অতিশয় তরিসম জলধিতরঙ্গে !!
শুনিল বন্ধুযুগ পরিভ্রমণ করি অনুপমগিরিপদুপান্তে,
গিরিবর-উপরি শঙ্খরব উত্থিত, বিস্তৃত গগন অনন্তে।
লক্ষ্য করি স্বর ঝটিতি যোদ্ধৃযুগ উঠি অতি-উন্নতশীর্ষে,
নিরখিল মন্দির উজ্জ্বল অতিশয় সূর্য্য নিন্দি কর বর্ষে।
হিঙ্গুলবর্ণ-উপলকুলমণ্ডিত সজ্জিত বহু-অবতংসে,
কিরণ সুবিস্তৃত দশদিশি যদ্বিধ দবাগ্নি নিবিড়বনাংশে।
রক্তবর্ণ-অগণিতকিংশুকতরু মন্দির বেষ্টি সুতিষ্ঠে,
সুবিপুলবিল্ববিটপিযুগ সংস্থিত গৃহসম্মুখ-অবশিষ্টে।
ভৈরবনিশিতখড়্গ রুধিরাপ্লুত নিপতিত অঙ্গনপৃষ্ঠে,
উগ্রমূর্ত্তি-অতিবিকটনয়নযুগ্মসিংহ-অধীশ্বর তিষ্ঠে।

৪। টলগাত্র = টলিত অঙ্গ।

কিঙ্করসম জম্বুককুল অবিরত সংস্থিত অবহিতচিত্তে,
চপলকরটকুল কলরবসংরত হৃষ্ট সুভক্ষ্যনিমিত্তে।
নিরখিল তখন বন্ধুযুগ সুন্দরমন্দিরমধ্যস্থ-অঙ্গে,
রক্তসিক্ততনুখরতরচণ্ডী স্থিত অতি-অদ্ভুতরঙ্গে!
পদতলনিপতিত ভৈরবভবশব সমধিকবিস্তৃত-অঙ্গে,
কটিতটবেষ্টিমনুজকরকিঙ্কিণি, বিগলিত রুধির তরঙ্গে।
বিপুল-উরঃস্থল মণ্ডিত অভিনবখণ্ডিতনৃমুণ্ডমাল্যে,
দক্ষিণহস্ত ভয়ঙ্কর অতিশয় উজ্জ্বলখড়্গ অতুল্যে।
রক্তবর্ণ-অতিসুবৃহৎত্রিনয়ন দীপ্ত নিন্দি রবিগর্ব্বে,
ধক্‌ধক্ জ্বলিত অনল অতিভৈরব উজ্জ্বলি অলিক অখর্ব্বে।
লিহি লিহি লুলিতরসন অতিবিস্তৃত; সৃক্করুধিরপরিলিপ্তা,
মত্তগজযুবতিসমচলচলতনু, মধু লভি সমধিকতৃপ্তা।
বিদলিত-অঞ্জনপুঞ্জসদৃশ অতিমঞ্জুলকচকুল শীর্ষে,
মণিময়মুকুট সমুজ্জ্বলকুণ্ডল সূর্য্য নিন্দি কর বর্ষে।
নয়নযুগল মুদি সুস্থিত দশাস্য অতিশয়ভক্তিসমর্পে,
উদ্ভটরাক্ষস রক্ষিসদৃশ বসি চৌদিশি দৃষ্টি বিসর্পে।
বিকটবৃহদ্ভ্রমভৈরবগণ কভু দর্শই সুদীর্ঘ-অঙ্গে,
গুড়ুগুড়ু কম্পিত হয় কভু গিরিবর ঝলমলি বিজুলিতরঙ্গে!!
সিংহসদৃশ উল্লম্ফি কপীশ্বর, উদ্ভটকন্ধরলক্ষ্যে,
বিপুলশক্তিসহ বিকটখড়্গবর বর্ষিল নয়নকটাক্ষে।
ছিন্নভিন্নরুধিরাপ্লুত হই পরিবর্জ্জি বিপন্নদশাস্যে,
দৌড়িল উদ্ভট শঙ্কিতচিত অতি বিহ্বল রিপু-উপহাস্যে।

১। জম্বুক=শৃগাল। ২। করট=কাক। ৫। ভব=শিব। ১৭। ভৈরব=ভূত।

নিরখি অকস্মাৎ কর্ব্বুরভাস্পতি অরিচর আত্মসমক্ষে,
প্রলয়জলদসম গর্জ্জি বিকটতম চরণ নিক্ষিপিল বক্ষে।
নিপতিত মূর্চ্ছিত হইল কপীশ্বর বিষমকঠিনপদদণ্ডে,
পর্ব্বততুঙ্গশৃঙ্গবর যদ্বিধ পতিত অশনি পরচণ্ডে।
সত্বর পবন মৃদুলতমকরতল অর্পি, দৈববলসঙ্গে,
করিল চিত্তযুত সুস্থসবল পুন, অমৃতসদৃশ মৃত-অঙ্গে।
তখন দশবদন কুপিতশমনসম নিরখি অনিলমুখলক্ষ্যে,
ক্রুদ্ধসিংহ জিনি গর্জ্জি কহিল অতিনিকৃষ্টকর্কশবাক্যে।

নির্ঘৃণখলমতি হিংস্র অধমগতি,
আশ্রয় লভি অতি, পশুপদপার্শ্বে,
বিস্মৃত হই সব বীর্য্যবলবিভব,
দুর্ম্মতি অভিনব কর পুন' হর্ষে?
শক্তিরহিতচিত, মর্কট-অনুগত,
ভৃত্যসম চলিত হ'লি নতশীর্ষে,
ধিক্ ঘৃণিতহৃদয়, ঘৃণ্যকলুষময়-
অঙ্গবহন নয় সমুচিত বিশ্বে।
অঙ্ঘ্রিদলিত করি মর্দ্দিব লঘু-অরি,
রক্তবমন করি মরিবি অগৌণে,
হস্তপদসকল ছিন্ন করিব, খল,
অদ্য ধরণিতল পড়ি র'বি মৌনে।

দক্ষিণপদ তুলি কর্ব্বুর-অধিপতি দৌড়িল সুরবরলক্ষ্যে,
মুষ্টি বদ্ধ দৃঢ়, দষ্ট অধরবর, বহ্নি বিনির্গত চক্ষে।
পবন রুষ্ট অতি সুঘননিঃশ্বসন টলমলদৃষ্টি বিসর্পে,
রক্তবর্ণমুখ গুরুরক্ত-অন্বিত গলদ্ঘর্ম্ম হতদর্পে।

তখন কপীশ্বর বিকটখড়্গ ধরি উদ্গত রিপুবর-অগ্রে,
কহিল গর্জ্জি করি দীর্ণ গগনতল পরিধ্বনি অচলসমগ্রে।

দুষ্ট, ধৃষ্ট হ'বি অঙ্ঘ্রিবিদলনে,
অদ্য মৃত্যু লভিবি স্থির ভুবনে;
ভণ্ডধূর্ত্ত মম সম্প্রতি চরণে,
ছিন্নমুণ্ড তব লুণ্ঠই বিজনে।
মূর্খতুল্য হই নির্ঘৃণবদনে,
রুক্ষবাক্য কহিলি প্রভুপবনে?
ধ্বংসবংশ কলুষান্বিতনিরয়ে,
শান্ত দান্ত হলিনে ক্ষণ হৃদয়ে?
আর্য্য হিংসি তুই সম্প্রতি ভুবনে,
ধ্বংসবংশ হলি কল্মষকদনে,
দুষ্টবুদ্ধি তবুও স্থিত হৃদয়ে?
ধিক্ বিমূর্খ শতধিক্ তববিষয়ে।

কথনান্তর কপিসূর্য্য সিংহসম গর্জ্জি বিপুলবলসঙ্গে,
বর্ষিল খড়্গ উভয়করতলগত রিপুপতি-উত্তম-অঙ্গে।
মণ্ডিত অনলমূর্ত্তিদশকন্ধর বিগলিতরুধিরতরঙ্গে,
রক্তকুসুমময়কিংশুকতরুবর যদ্বিধ রবিকরসঙ্গে।
গর্জ্জি তখন অনিবার্য্যবজ্রসম কম্পিত করি ভববক্ষে,
ঝটিতি উত্তরিল রাক্ষস-অধিপতি বহ্নিবিমিশ্রিতবাক্যে।

দুষ্টকপটখল, তিষ্ঠ নিমিষপল,
দণ্ডিব লভি বল পুন অবিলম্বে;

১। নিরয়—নরক। ১২। কদন—পীড়ন।

ধ্বংসিব সমুদয় মর্কটনরচয়,
অদ্য করিব লয় অমরকদম্বে।
ধ্বংস করিব সব- ত্তুষ্কৃতিময়ভব,
মর্দ্দিব বিধিভব- হরি অবিলম্বে ;
তুর্জ্জয়বল মম, কম্পিততনুযম,
বিশ্ব দলিততম, মমভুজদণ্ডে।
নিরস্ত্রদশমুখ নিষ্ফল গণি রণ, চমকি কপীশ্বরধন্দে;
হইল অদৃশ্য তখন বঞ্চিত করি অনিল অমরকুলমান্যে!
প্রমুদিতচিত অতি কপিকুলভাস্কর কর যুড়ি অবনতশীর্ষে,
প্রণমি শক্তিপদ করিল পরিস্তুতি সমধিকভক্তিবিবর্ষে।
যত্নসহিত অতি রত্নমঞ্চসহ তুলিল ললিতরথমধ্যে,
দ্বিগুণসমুজ্জ্বল হইল চক্রিবর চরণকিরণ সুবিশুদ্ধে।
ঝটিতি পবন ঘূর্ণিল রথকৌশল সমধিক পুলকিতবক্ষে,
অর্দ্ধদণ্ডপর উপগত রথবর রঘুবরশিবিরসমক্ষে।
কুসুমপুঞ্জ অভিবর্ষিল সুরগণ কপিকুলশীর্ষকশীর্ষে,
গর্জ্জিল জয়জয় বিকটসৈন্যচয় মত্ত নিরতিশয়হর্ষে।
অসাধ্য সুসিদ্ধ হইল অদ্য পুন' শুদ্ধকপীশ্বরবীর্য্যে,
ধন্য শক্তি তব কপিকুল-ঈশ্বর বিশ্ব মুগ্ধ তবকার্য্যে !!
পরমসুখোদ্ভব নিন্দি বিধূদ্ভব সমুদয়সৈনিকবৃন্দে,
পার্ষদগণসহ রঘুকুলনন্দন অভিনন্দিল কপি-ইন্দ্রে।
প্রণমি তদন্তর শক্তিচরণযুগ অতিশয়ভক্তিবিবর্ষে,
মঞ্চসহিত লই করিল অবস্থিত শিবিরনিভৃততমপার্শ্বে।
অগণিতসৈনিক হৃষ্টহৃদয়সহ ঝটিতি সমর্চ্চনজন্য,
করিল সুসংগ্রহ কুসুমভোজ্যবহু শুভ-উপকরণ অগণ্য।

বিশুদ্ধ হই অতি রঘুকুলরঞ্জন অর্চ্চি ভক্তিনতমস্তে,
করিল পরিস্তুতি কুসুমাঞ্জলি সঁপি কণ্ঠলগ্ন করি বস্ত্রে।

দুঃখদলনি জননি, তূর্ণ ঈক্ষ তনয় বিপদপূর্ণ,
দগ্ধ হৃদয় তনু বিবর্ণ, শঙ্কটদবধর্ষণে,
দুর্ল্লভ অতি সুগতি অন্য, মাত্র শরণ চরণপদ্ম,
ভৈরব অতি বিপদসদ্ম, রক্ষ জননি এক্ষণে।
ভক্তিভজন মম নগণ্য, গর্ব্বিহৃদয় অতিজঘন্য,
পার্থিবসুখবিষয়-ছন্ন কিঙ্কর তব শঙ্করি ;
অর্পি চরণ অমৃতবন্ত, রক্ষ জননি জগদনন্ত,
অন্য সুপথসকল অন্ত, উগ্রবিপদশর্ব্বরী।
দুঃখবড়ব-অনলমধ্য দগ্ধ ভুবনজলধি সদ্য,
দুঃসহতমবিপদ অদ্য দুঃস্থভুবনমর্দ্দনে ;
অর্পিব তনু পদ সমীক্ষি, নাস্তি অপরধন মহাক্ষি,
হৃষ্টহৃদয় হই সুলক্ষ্মি, মঙ্গল কর এক্ষণে।
আশ্রিত তব অধমভৃত্য, সর্ব্ববিষয় হই নিমিত্ত,
রক্ষ সকল বিকলচিত্ত, বিঘ্নজলধি দুস্তরে,
খিন্ন নিরতিশয় অধন্য, সম্পাদবল রহিত অন্য,
দুঃখনরক-অনলজন্য, দগ্ধ সতত অন্তরে।

তখন জগজ্জনমঙ্গলজন্য মনুজকুলপতি নিজহস্তে,
নিশিতখড়্গ লই বর্ষিল নিজহৃদি, মূর্চ্ছিত হইল সমস্তে !!
রক্তকমলদলসদৃশমহোজ্জ্বলহৃদয়পিণ্ড লই যত্নে,
অশ্রুসিক্ত করি অর্পিল কর যুড়ি অমলশক্তিপদরত্নে !
ত্রিভুবন কম্পিত হইল, জগজ্জন পরমচমৎকৃত চিত্তে,
বিশ্বমূর্ত্তি পরিবর্ত্তিত অতিশয় অদ্ভুতকীর্ত্তিনিমিত্তে !!

চিত্রিতপটসমসমস্তভবতল নিশ্চলনিরব নিতান্ত,
বিস্ময়সহ সবতরুগিরিনদহ্রদ সুস্থিত সমধিকশান্ত।
চমকিত সমুদয়সুরনরকিন্নর বাক্য রহিত সব-আস্যে,
ক্রন্দনরত যত অমরযুবতিগণ বিশীর্ণহৃদয় উদাস্যে।
সুদীর্ঘ নিঃশ্বসি মুণিঋষিগণ উঠি অশ্রুসমাপ্লুতগাত্রে,
ঊর্দ্ধহস্ত হই করিল জয়ধ্বনি মুদ্রিত করি মৃদুনেত্রে।
অহ কি মহাদ্ভুতকীর্ত্তি অতুলতম, বিশ্বকলুষকুলখণ্ডে,
সঁপিলেন্ রঘুপতি খড়্গ-ছিন্ন করি আত্মমৃদুলহৃদপিণ্ডে !!
অখিলজগৎত্রয় হইল পুণ্যময অনুপম-অদ্ভুতকর্ম্মে,
ত্রিভুবন তবপদলগ্ন হইল পিত’ রক্ষহ বিপন্নধর্ম্মে।
সপদি সমুজ্জ্বল হইল ধরণিতল কনককিরণযুত-অঙ্গে,
পূর্ণ হইল ভব নন্দনবনসমসুন্দরসুগন্ধসঙ্গে।
বিকসিল অবিরল রম্যকুসুমকুল ঝলমলি রশ্মিতরঙ্গে,
সমুদিত চৌদিশি পিককুলকলরব মধুকরগুঞ্জনসঙ্গে।
স্নিগ্ধ নিরতিশয় হইল ভুবনতল অনুপম-অনিল সুলব্ধে,
দৈব-উক্তিচয় সপদি সমুত্থিত গগন-উপরি মৃদুশব্দে।

সংযুক্তচ্ছন্দঃ।

শুভসর্ব্ব দত্ত নরেশ্বরে,
লভ সর্ব্বসৌখ্য সুসত্বরে;
সবদুঃখ শীঘ্র বিমর্দ্দিবে,
চিরশান্তিসূর্য্যসমুদ্ভবে।
তব-আত্মভাগ্যবিনির্ণয়ে,
চল শীঘ্র [illegible];

কর তত্র দৃষ্টি মহাদ্ভুতে,
তবভাগ্যরত্ন ভবিষ্যতে।
বহুপুণ্যজন্য ভবার্ণবে,
তুমি ঈক্ষ অদ্য স্বভোদ্ভবে,
পুন'সর্ব্বসৌখ্য উপার্জ্জিবে,
হত শীঘ্র উগ্রবিপৎ যবে।

শুনি'তদপূর্ব্ব অভয়ময়সুবচন আপ্লুত হই অতিহর্ষে,
চলিল সকলজন সরলহৃদয়সহ বিপুলজলধিতটপার্শ্বে।
পংক্তিবদ্ধ হই রহিল সর্ব্বজন সুস্থিরচিত অতিমাত্রে,
চিত্রপুতলিসম অনিমিষদর্শন সমধিক-অচপলগাত্রে।
সপদি সলিলনিধি হইল সুনিশ্চল শান্ত সুবিস্ময়-অর্পী,
বিগততরঙ্গবিভঙ্গ, সুবিস্তৃতবসনকান্তি-অভিসর্পী।
রক্তবর্ণময় হইল সলিলচয় অতিশয়-অদ্ভুতকাণ্ড,
দিঙ্মণ্ডলবর হইল অরুণতম সুলভি বর্ণ পরচণ্ড !!
সত্বর তখন সর্ব্বজন নিরখিল জলনিধিদক্ষিণ-অংশে,
চিত্রিত হইল বিকটতমদুর্ম্মদ-অসুরমূর্ত্তি বহুবংশে।
খড়গভল্লমুদ্গার-অসিপট্টিশ বিবিধ-অস্ত্রকুল হস্তে,
ভৈরবযমসম-উৎকট-অবয়ব নিরখি ভয়ার্ত্তসমস্তে।
ঝটিতি তখন পুন' হইল সুচিত্রিত জলধি-অপরজল-অংশে,
হিঙ্গুলবর্ণভয়ঙ্করচণ্ডী স্থিত হই মৃগপতি-অংসে।
প্রলয়সূর্য্যসম নয়ন বিঘূর্ণিত, ভৈরবকড়মড় দন্তে,
বিস্তৃতকরধৃতবিকটখড়্গবর ফণবরসদৃশ অনন্তে !
তদনুতুল্যবহুমূর্ত্তি সমঙ্কিত হইল জলধিজলবর্গে,
চঞ্চলচিকুর বিলম্বিত পৃষ্ঠত, উজ্জ্বল করবর খড়্গে।

স্থদীর্ঘ-অবয়ব, চটুলকুটিলগতি, কিঙ্কিণি কৃশকটি রঙ্গে,
মণিময়কঙ্কণ ঝঙ্কতি করি-ঘন ঝলমলি বিজুলি বিগঞ্জে।
ক্রুদ্ধ হই বিষম উগ্রযুবতিগণ চলিল শত্রুকুললক্ষ্যে,
হুঙ্কতি করি ঘন হইল অগ্রসর অস্থর সমুন্নতবক্ষে।
ভৈরবযুদ্ধ উপস্থিত, বিধুনিত ভবতল ভৈরবকাণ্ডে,
পর্ব্বতসদৃশতরঙ্গ সমুত্থিত লঙ্ঘি গগন পরকাণ্ডে!
কম্পিত মূর্চ্ছিত সমুদয়জলচর টলমল জলধিসমগ্র,
ব্যাপ্ত চতুর্দ্দিশি অস্ত্রশস্ত্রসব বিসর্পি কিরণ উদগ্র।
মুহূর্ত্তপর হত বিকট-অস্থরগণ গর্জ্জি ভয়ঙ্করশব্দে,
ছিন্নভিন্নতনু হইল নিমজ্জিত অতলসলিলনিধিমধ্যে।
অট্টহাস্য করি অদ্ভুত তাণ্ডবি খড়্গ বিঘূর্ণি সগর্ব্বে,
ঝটিতি নিমগ্ন বিনগ্নযুবতিগণ উদ্ধতজলনিধিগর্ভে।
তখন অকস্মাৎ শুনিল সকলজন অনুপমস্থমধুরবাদ্যে,
শঙ্খকাংস্যসহ বংশমুরজরব বিপুলজলধিজলমধ্যে।
স্বচ্ছ হইল অতি অব্ধিসলিলচয় (বিধুতনু গলিত নিতান্ত)
দর্পণসদৃশস্থনির্ম্মলস্থমসৃণ অতুলিতস্থকান্তিবন্ত।
তখন সমীক্ষিল জলধিমধ্য পরিসজ্জিত করি স্থবিরঞ্জে,
কাঞ্চনমঞ্চ সূর্য্য জিনি উজ্জ্বল খচিত রত্নমণিপুঞ্জে।
পৃষ্ঠলগ্ন-অতিস্থন্দরস্থবিমলকনকদণ্ডবর-অগ্রে,
বিপুল-ছত্রবর রত্নবিমণ্ডিত সমুজলি জলধিসমগ্রে।
নিরখিল মঞ্চ-উপরি পরিসজ্জিত অবনিপ উজ্জ্বল-অঙ্গে,
কতশতমন্মথ সতত পতিত, গণি, অতুলিতপদরজ'সঙ্গে।

১২। বিনগ্ন—উলঙ্গ। ১৪। বংশ—বাঁশী।

সব্যপার্শ্ব সুবিরঞ্জিত করি, পুন' নিরখিল, অঙ্কিত রাজ্ঞী,
ত্রিভুবনযুবতিগর্ব্বহরবিধুমুখ, বর্ণন-অশক্ত বাগ্মী।
তখন চতুর্দ্দিশি হইল সুচিত্রিত পার্ষদগণ সুবিশিষ্টে,
নিরুপমকতশত-ইন্দ্রচন্দ্রযমমুনিঋষিগণ পরিতিষ্ঠে।
নৃপতিপরিস্তুতিনিরতসর্ব্বজন বন্দিসদৃশনতশীর্ষে,
স্তম্ভিত শঙ্কিত জলনিধি অতিশয় বিপুলসমিতিপরিদর্শে।
ক্রমশঃ তখন নৃপবরনিজস্মৃকিরণ উজ্জ্বলি জলধিবৃহত্ত্বে,
ব্যাপ্ত হইল সববিপুলভুবনতল ঝলমলি কিরণমহত্ত্বে!
অযুতসূর্য্য জিনি বীর্য্য ভয়ঙ্কর উজলিল বিশ্বসমগ্র,
প্রলয়বহ্নি জিনি শমনদণ্ড জিনি অনুপমকিরণ উদগ্র !!
দুরীক্ষ্য নিরখি তখন রঘুবরদল নয়ন মুদিল ভয়ধন্ধে,
শুনিল মৃদুলতমবংশীধ্বনি পুন' লভিল অগুরুমৃদুগন্ধে।
বিস্মিত হই অতি তখন নয়ন খুলি নিরখিল অম্বুধিবক্ষে,
অপগত সমুদয়নৃপতি-অমরনর জলনিধি শান্তি সুরক্ষে!
অদ্ভুতকাণ্ড নিরখি অতিবিস্মিত রঘুপতিসৈন্যসমস্তে,
তখন ঋক্ষপতি অবনত হই অতি কহিল কৃতাঞ্জলিহস্তে।

অতুলশুভঙ্করলক্ষণ অদ্য,
পরমভাগ্য মম ঈক্ষিণু সদ্যঃ;
বুঝিনু বিমর্দ্দিত সর্ব্ববিপত্তি,
বিদলিতসর্পসমচ্যুতশক্তি।
নিজবলসংহতি ভৈরবগর্ব্বে,
করহ সমুদ্যম রাক্ষসখর্ব্বে;
সফল গণি শ্রম নিশ্চিত অদ্য,
সুনিরখি শক্তিপদদ্বয় সদ্যঃ।

রিপুচয় নিশ্চয় সঙ্গরমাত্রে,
পতিত হবে স্থির খণ্ডিতগাত্রে ;
লভিনু সুদুর্ল্লভশক্তিপদাব্জে,
হইব কৃতার্থ অভীপ্সিত কার্য্যে।
বিধি পরিদর্শিল চিত্রিতদৃশ্যে,
তব পুনঃ উজ্জ্বলরাজ্য ভবিষ্যে ;
সুরনরকিন্নর যত্ন অগণ্যে,
নিরত হবে প্রভু-অর্চ্চনজন্যে।
তব পুন উজ্জ্বলবীর্য্যমহত্ত্বে,
চমক হবে স্থির বিশ্ববৃহত্ত্বে ;
সুযশ' উপার্জ্জহ, কান্ত, অনন্ত ;
অনুপমশান্তি বিভুঞ্জ নিতান্ত।

প্রমুদিতচিতসব সচিববচন শুনি পশিল অচলসমদুর্গে,
হর্ষহাস্যময়-জয়জয়জয়রব উত্থিত সৈনিকবর্গে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে চণ্ডিকাস্থাপনং
নাম তৃতীয়ঃ সর্গঃ।

চতুর্থসর্গ।

বিষণ্ণ হই অতি যখন ধরণিপতিদশাস্য উপগত হর্ম্ম্যে,
অরুণবর্ণযুতপরিণতদিন সমবস্থিত ভুবন সুরম্যে।
গগনগমনপরিখিন্নদিবসকর, সুরক্তকিরণতরঙ্গে,
বমন করিল, গণি, ভুক্তকমলমধু হৃদয়রক্তচয়সঙ্গে।
গৈরিকরঞ্জিতগজকুলসন্নিভকিরণপুঞ্জ ভব রঞ্জে,
বিহগসদৃশ পুন' হইল উপস্থিত তরুগিরিশিখরনিকুঞ্জে।
হিঙ্গুলবর্ণদিবসকর বিম্বিত তরলজলধি অসমাপ্তে,
জলধিশয়িতমুরহর-উজ্জ্বলতমনাভ্যকমলসম দীপ্তে।
সান্ধ্যকৃত্যরতবিপুল-অস্তগিরিবিস্তৃত-অলিকবৃহত্ত্বে,
সুন্দরচন্দনবিন্দুসদৃশ রবি উজলিল কিরণমহত্ত্বে।
ক্রমশ অস্তগত নিরখি দিবসকর, বিরহদুঃখচয়সঙ্গে,
সান্ধ্যপ্রকৃতি সমুপস্থিত বিমলিন তিমিরবসন পরি অঙ্গে।
হৃদয়দুঃখসম অলিকুল হৃদি ধরি নলিনী ব্রতিসমগাত্রে,
হংসপট্ট পরি, লইল মৃদুলতমমুকুলকমণ্ডলুপাত্রে।
সরসিজদর্শনি-উপগত-অলিদল শমনরজ্জু বলবন্ত,
নিবদ্ধ করি মৃদুরথাঙ্গযুগ পুন' বিভিন্ন করিল দুরন্ত।
মণিময়সুন্দরফণিপতিমস্তকসদৃশ, সুরশ্মিতরঙ্গে,
জলধি দীর্ণ করি উদ্গত শশধর গগননিম্নতম-অঙ্গে।
ককুভযুবতিকুচবিচ্যুতচন্দনরসসমসুকিরণপুঞ্জে,
পূর্ণ করিল বিধু সমুদয়ভবতল, জগজন চিত্তসুরঞ্জে।

২। পরিণত = শেষপ্রাপ্ত। ৮। নাভ্য = নাভি। ১৪। পট্ট = পট্টবন্দন।

তিমিরশুক্তিপুটনির্গতমৌক্তিকপুঞ্জসদৃশ করবর্ষ,
পরমহৃদয়হর, ভুবনদীপ্তিকর, রজনিবদনমৃদুহর্ষ।
কুমুদগন্ধ বহি চল্লিত গন্ধবহ মন্দগমন গজ নিন্দে,
চুম্বি কুসুমযুতবল্লরি সুললিত, বিতরি শিশিরকণবৃন্দে।
বর্ণিতসময় কদুষ্ণ বিনিঃশ্বসি মৃদুমন্থরগতিসঙ্গে,
চলিত দশবদন, বদন ঘর্ম্মময়, রুধিরচিহ্নচয় অঙ্গে।
ব্যজন বিধুনি ঘন চলিত যুবতিগণ মৃদুলসুগন্ধবিবর্ষে,
মণিকুলকিরণসহিত মিলি উজ্জ্বল বর্ত্তিপংক্তি উভপার্শ্বে।
ক্রমশ অতিক্রমি বহুতরগৃহমুখ খর্ব্ব অথচ অতিরম্য,
উপগত অবনিপ বিপুলপুরান্তর সুরনর-অসুর-অগম্য।
বহুবিধ-অনুপমসৌধসুবেষ্টিত মণ্ডিত মণি-অবতংসে,
সুস্থিত সুললিতময়দুহিতৃসদন অঙ্গনমধ্যম-অংশে।
সুবর্ণরথসমসুন্দরমন্দির ইন্দু নিন্দি চিত রঙ্গে,
অভিনবরবি জিনি, ইন্দ্রমুকুট জিনি, কল্পবিটপি পরিগঞ্জে।
কনকরচিততরু রত্নফলান্বিত চৌদিশি বেষ্টি বিশিষ্টে,
মণিকুলবিখচিতখর্জ্জুরতরুকুল মৌক্তিকফল লই তিষ্ঠে।
মরকতবিরচিতশিখিযুগ সংস্থিত গৃহবরসম্মুখ-অংশে,
বহুবিধমণিময়সুললিতপুচ্ছক সমুদয়পুর অবতংসে।
কৌস্তুভময়, গণি, রম্য-উরঃস্থল চৌদিশি কিরণ নিষণ্ণে,
জলধরগণ, গণি, বেষ্টি অবস্থিত নৃত্যসমীক্ষণজন্যে।
মণিময়পঞ্চশিখা স্থির উত্থিত সুললিতমস্তকমধ্যে,
পঞ্চবিশিখময়মনসিজকাঞ্চননিসঙ্গসম চিত মুগ্ধে।

৫। কদুষ্ণ=ঈষদুষ্ণ। ৯। গৃহমুখ=দ্বার।

পদ্মবর্ণমণিবিরচিতসুন্দরকমলমুকুলসম-অঙ্গে,
সুললিতশিখর সুসজ্জিত সমুজলি গৃহবর কিরণতরঙ্গে।
উজ্জ্বল বৃতি অতি, খচিত্র কনকময়সরসিজকুমুদ অতুল্যে,
ঝলকিত অতুলিত অবিরতলম্বিতসুললিতমণিময়মাল্যে।
সুবর্ণচম্পকতরুকুল সজ্জিত পংক্তি বিরচি পুর-অগ্রে,
বর্ত্তিপংক্তিপরিবেষ্টিতপদতল ঝলমল কিরণ উদগ্রে।
মণিচুনিবিখচিতসিঁড়ি যত মণ্ডিত সুমৃদুলবসন অনিন্দ্যে,
ধবলিত গৃহবর চন্দনরস লভি, সুগন্ধি অগুরুসুগন্ধে।
ফণিপতিমণি জিনি শশধরতনু জিনি, উজ্জ্বলকিরণ গরিষ্ঠে,
কনকরচিতকমদণ্ড-উপরি অতিললিতবর্ত্তিবর তিষ্ঠে।

বর্ণিতগৃহবর-মধ্য-অবনিগত চিত্রপুতলিসমরাজ্ঞী,
সব্যজঙ্ঘ'পর মৃদুলগণ্ডবর, নিরব নিন্দি মৃতবাগ্মি।
বিগলিত অশ্রু শিশিরযুতফুলসম সিক্তি বসন মণিমন্তে,
মগ্ন মৃদুলতনু অশ্রুবিনির্ম্মিতসুবিপুলজলধি অনন্তে।
দীর্ঘনিঃশ্বসন মুহূর্ত্ত পর পর বসন কম্পি অভিসর্পে,
কম্পিত অপরযুবতিগণ যদ্বিধ বল্লরি অনিলবিসর্পে।
শশিকরবর্জ্জিত বহুলরজনিসম অনলঙ্কৃতকচবৃন্দ,
ধরণিবিলুণ্ঠিত মলিনপাংশুযুত অর্পই দুঃখ অমন্দ।
মণ্ডনবিরহিতকণ্ঠমৃদুলভুজ মলিনকান্তি অভিসর্পে,
কুসুমরহিতমৃদুবল্লরিসন্নিভ জগজনদুঃখ সমর্পে।
মলিন-অলক্তকযুক্তচরণতল পুরজনহৃদয়-অশান্তি,
সান্ধ্যদিবসকরকিরণবিমণ্ডিতসমলকমলসম কান্তি।

৩। বৃতি = গৃহের বেড়া। ১৭। বহুল = কৃষ্ণপক্ষ।

মণিকুলবিখচিতকনকতন্তুময়বসন সুতনু পরিবেষ্টি,
ধরণিবিলুণ্ঠিত নিন্দি ধৈর্য্যযুতসুললিতবিজুলিসমষ্টি।
বিষণ্ণমুখ যত অপ্সরযুবতিগণ মার্জ্জই পদ নতশীর্ষে,
শুভ্রবসনযুতকঞ্চুকিকুল যত, সিঞ্চই অশ্রুবিবর্ষে।
তখন উপস্থিত খিন্নধরণিপতি নিরবনিভৃততমসদ্মে,
দিবস পরিভ্রমি দিনমণি যদ্বিধ অস্ত-অচলবনমধ্যে।
অশ্রুসিক্ত হই যুবতিশীর্ষমণি কর যুড়ি কম্পিতবক্ষে,
মুহূর্ত্ত নিরখি ভর্ত্তৃমুখ চিত্রিতপুতলিতুল্যহতবাক্যে;
স্নিগ্ধসুগন্ধিবিউনি লই সযতন বিধুনিল সুমৃদুলহস্তে,
দীর্ঘ বিনিঃশ্বসি বসিল ধরণিপতি মঞ্চ-উপরি নতমস্তে।
জলদসলিলসম গলিত অশ্রুজল, করসরসিজ যুড়ি বক্ষে,
কহিল যুবতিমণি মৃদুলবচনচয় সকরুণগদ্গদবাক্যে।

বিষমবিষরৌরবে, লভিনু কি মহৎ-ধনে?
সদয় কি মহেশ্বরী, অধমজনরক্ষণে?
নিজচরণ-অর্পণে, বিপদদব দুর্দ্ধরে,
সদয় কি জগন্ময়ী, পুন' তব সমুদ্ধরে?
বদন তব ঈক্ষি হে, অবশ চিত এক্ষণে,
তনু মম বিকম্পিতা, ভয়ভুজগদংশনে!
কহ বিবরি সর্ব্বথা, ঝটিতি সব সৎ-মনে,
জ্বলিতজন রক্ষহে, অমৃত-অভিষিঞ্চনে।

সুদীর্ঘ নিঃশ্বসি খিন্নধরণিপতি গিরিসমগুরুকষ্ট দর্শি,
কহিল তখন সবতথ্য সত্যময়, সকরুণবচন বিবর্ষি।

৪। কঞ্চুকী — অন্তঃপুরস্থ ক্লীবরক্ষক। ৯। বিউনি = পাখা।

যত্ন করিনু কত, চেষ্টিনু অবিরত,
শঙ্কট কত শত সহিনু সহাস্যে,
কিন্তু কুটিলবিধি- চক্র অতিকুবিধি,
বঞ্চিত নিরবধি করিল দশাস্যে !
লুণ্ঠিত অরিচর- কর্ত্তৃক শুভকর-
শক্তিচরণবর, রিপুকুলপক্ষে,
অস্ত হইল সব, শীঘ্র বিপুলভব
সন্ত্যজি, গত হ'ব শমনসমক্ষে !!
কিন্তু শপথ মম ভৈরবদৃঢ়তম,
ধ্বংসিব যমসম, ভুবনসমগ্রে,
বিক্রমি গুরুতর, সংদহি সুরনর,
বর্জ্জিব তনুবর, সমর উদগ্রে।

সপদি বিমূর্চ্ছিত যুবতিশীর্ষমণি শুনি অতি উৎকটবাক্যে,
ব্যগ্রহৃদয়সহ সত্বর অবনিপ ধরিল মৃদুলতমকক্ষে।
স্নিগ্ধতুহিনসমসলিল সিঞ্চি ঘন মৃদুমৃদু সমধিকযত্নে,
ব্যজন অগুরুযুত বিধুনিল সত্বর বিখচিত কুসুমসুরত্নে।
অতিশয়যত্নসহিত সুমৃদুলকর মস্তক-উপরি সমর্পি,
করিল চিত্তযুত, দিনকর যদ্বিধ সরসিজ নিজকর অর্পি।
স্থৈর্য্যধৈর্য্যসহ ধরণি-অধীশ্বর সমধিকগুরুত্বসঙ্গে,
কহিল বচনচয় শান্তিযুক্তিময়, অতিশয়সুস্থির-অঙ্গে।

বিজ্ঞ অতুল অতি, ধর্ম্মনিলয়মতি,
কর্ম্ম অতুল, সতি, তব ভবমধ্যে ;
বুদ্ধি নিরখি তব, বিস্মিত সবভব,
ধৈর্য্য ধরহ সব সুমতি বিশুদ্ধে।

কার্য্য-উচিতফল ভুঞ্জই অবিকল,
আত্মকুল বিকল, ভুবন অনিত্যে,
অপ্রতিহতগতি জন্তুগণনিয়তি,
বিস্ময়কর অতি, বুঝ নিজচিত্তে।
বিশ্বকুহকময়, সত্য কিছুই নয়,
সূর্য্যশশিনিচয় সকলি অনিত্য,
চিত্রিতপটসম ঈক্ষিছ অনুপম-
দৃশ্য, বিকলতম- হৃদয়নিমিত্ত!
বান্ধবপরিজন ভাগ্য অতুলধন,
চক্রসদৃশ ঘন নিয়ত বিবর্ত্তে,
ভ্রান্ত হই সতত, জন্তুনিচয় যত
বাঞ্ছই কতমত, সুবিপুলমর্ত্তে!!
অদ্য সব সরস, কল্য পুন' বিরস,
উত্থিত নবরস অবিরত বিশ্বে,
স্বর্ণগৃহসহিত আঢ্য সুখিতচিত,
দগ্ধসদনগত কত নতশীর্ষে।
নিত্য নয় ভুবন, সত্য সুধু মরণ,
অস্থির ধনজন রহিতমহত্ত্ব,
আত্মসুতনুবর ভঙ্গুর গুরুতর,
বিদ্যুদধিকতর চপল-অনিত্য!!
বুদ্ধিরতনখনি রাজিত হৃদয়মণি,
কিঞ্চিদধিক গণি, বুঝ নিজচিত্তে,
জন্মপর নিদয়- মৃত্যুরিপু-উদয়,
সত্য, রজনি হয়, দিবস নিবৃত্তে।

বর্জ্জন কর তব দুঃখবড়বদব,
অদ্য দহিব সব সুরনরবৃন্দে ;
শত্রুরহিতভব শীঘ্র করিব সব,
বিক্রমি অভিনব, শমন বিনিন্দে।
বিগলিত-অশ্রুরচিতমৃদু-অঞ্জলিযুবতিরত্ন নতবক্ষে,
বিনম্র হই অতি কহিল বিনিঃশ্বসি হৃদয়নিকৃন্তনবাক্যে
কহ 'পুন' অনুগ্রহে জলদ জিনি সংরবে,
অপগত মহদ্‌বিপৎ কভু কি পুন' সম্ভবে ?
মরণ মম কান্ত হে কহ, কভু কি সম্ভবে ?
শমন সদয়ান্তরে মমতনু কি ভস্মিবে ?
পতিত পদপঙ্কজে গতিরহিতকিঙ্করী,
দমন কর যন্ত্রণা শমনসম সঞ্চরি।
বধ অধমকিঙ্করী নিশিতশরবর্ষণে,
উচিত তব সর্ব্বথা, মমবিপদভঞ্জনে।
বিষমভব ভৈরবে, তুমি সুগতি নিশ্চিতে,
সদয় হই রক্ষহে, বধি অধমদুশ্চিতে।
নিহত করি সত্বরে কলুষময়কিঙ্করী,
করহ সব সর্ব্বদা নিজমত সুসঞ্চরি।
বিষবিশিখ, কান্ত হে, নিহিত মম অন্তরে,
জ্বলিত তনু সর্ব্বদা অনলদল দুর্দ্ধরে ;
নিমিষপল দুঃসহ, প্রতিনিয়তযন্ত্রণা,
মরণ সুধু এক্ষণে পরমতমসান্ত্বনা।
সকরুণবাক্যনিচয়সহ নিঃশ্বসি অজস্র-অশ্রুবিবর্ষে,
থরথর কম্পি যুবতিকুলসরসিজ নিরব হইল নতশীর্ষে।

অসহ্য গণি নভ আত্মবিমলতনু করিল জলদবৃত দুঃখে,
দুঃখচিহ্নসম সুললিতশশধর ধরিল অসিতপদ বক্ষে !!
দীর্ঘনিঃশ্বসন ধরণি বিমুঞ্চিল চঞ্চলপবনবিসর্পে,
অশ্রুবিন্দু অভিষিঞ্চিল তরুগণ শিশিরবিন্দু-ছল-অর্পে।
ভুবন শূন্য গণি সংস্থিত দশমুখ নিঃশ্বসি দুঃখ অনন্তে,
সঙ্গিপরিচ্যুতদুঃস্থবিটপিবর যদ্বিধ জলধিতটান্তে।
সপদি তখন অতিমর্ম্মনিকৃন্তনশব্দ পশিল গৃহকেন্দ্রে,
সুস্থনয়নসহচকিতচিত্ত পুন উপচিত অবনিপতীন্দ্রে।
ব্যগ্র নিরতিশয় কর্ব্বুর-অধিপতি সমধিকচঞ্চলচিত্তে,
কহিল বাক্যচয়, হৃদয় বহ্নিময় গুরুতর-অশিবনিমিত্তে।

ক্রন্দনকলরব   ভৈরব-অভিনব,
সম্প্রতি অনুভব   করি কি নিমিত্তে ?
শীঘ্র হই সদয়,   রাজ্ঞি কহ বিষয়,
দুঃখমিলিতভয়   উপজিল চিত্তে।
তত্ত্বরহিতমতি,   মত্ত সতত অতি,
শক্রকুলনিহতি-   বিষয় নিতান্ত,
অন্তরপুরজন   দুঃখনিধিমগন,
অদ্য কি কুঘটন   ঘটিল দুরন্ত !!
চিত্ত চকিত অতি,   শীঘ্র করিব গতি,
সম্প্রতি অনুগতি   কর মমসঙ্গে,
ঈক্ষিব সমুদয়   পৌরজনবিষয়,
বাঞ্ছিত অতিশয়,   হৃদয়বিহঙ্গে।

২। পদ=চিহ্ন। ১৬। নিহতি=বধ। ২০। অনুগতি=পশ্চাদগমন।

অশ্রুসিক্ত করি ললিতগণ্ডযুগ যুবতিরত্ন ধরি বক্ষে,
কহিল বিনয়সহ অমল-অমৃতময়মৃদুলমধুরতমবাক্যে।
অনলময়রৌরবে পতিত পুরসুন্দরী,
বিষমযমযন্ত্রণা নিরখি দিনসর্ব্বরী ;
মৃতসদৃশ তিষ্ঠি হে, সতত গৃহ-অন্তরে,
জ্বলিত অভি সর্ব্বদা অনল মম-অন্তরে।
যদি,সুমতি,ইচ্ছহে পুরজনসমীক্ষণে,
চলহ অতি সত্বরে, লই অধম দুর্জ্জনে।
নিরিখ সদয়ান্তরে, সকলসদনান্তরে,
মণিকনকচম্পকে, বিদলিত বিপদ্ভরে !!
কথনান্তর উঠি কৌণপদম্পতি কলরব লক্ষ্যি অগৌণে,
অন্তরপুরপথ পরিক্রমণ করি চলিত চকিতসমমৌনে।
বিপুলপুরান্তর বহুগৃহসজ্জিতনগরসদৃশ পরিতিষ্ঠে,
ত্রিতলচতুস্তলরত্নসৌধকুল, শশধর কৃশতনু কষ্টে।
সুবর্ণগিরিগণ উপগত, পরিগণি, সুরপতিপবিবরদর্পে,
সতত নিভৃত রহি চমকি মুহুর্মুহু' মৃদুলকিরণ অভিসর্পে
অর্দ্ধমুক্ত, পরিরুদ্ধ সদন কত শান্ত বর্জ্জি সবশব্দে,
দুঃখবিমিশ্রিতভয়সহবিস্ময় উত্থিত করি চিতমধ্যে।
স্পন্দরহিতসমমন্দ-অনিলদল চলিত বন্দি সবহর্ম্ম্যে,
নির্জ্জনমরুসমদগ্ধবিপিনসমপুরবর দগ্ধই মর্ম্মে !!
কনকসদনগণসম্মুখ সজ্জিত অনুপমমঞ্জুনিকুঞ্জে,
শশিকরবিকসিতরজনিগন্ধিফুল গন্ধ বিতরি চিত রঞ্জে।
অলিকুলসুমধুরগুন্‌গুন্‌গুন্‌রব মিলিত অনিলদলসঙ্গে,
বংশীধ্বনি জিনি শব্দপূর্ণ হই সুস্থিত উপবন রঙ্গে।

মণিমণ্ডিতফুলতরুপদ, সজ্জিতযুবতিচরণ সম, চিন্তি,
অলিকুলবলয় চতুর্দ্দিশি নর্ত্তিত মরকতকাঞ্চিসুকান্তি।
কুসুমখচিতশির উজ্জ্বলতরুকুল গগনসদৃশ উড়ুপুঞ্জে,
অমলরত্নমণিখচিতচিত্তহর-অমরযুবতিকচ গঞ্জে।
কনকবিমণ্ডিতনিম্ন-অবনিতল চিত্রিত বহুবিধচিত্রে,
শতশতমণিময়মূর্ত্তি সুসজ্জিত, মরকত ঝলকিত নেত্রে।
রত্নভবনগণসম্মুখ সজ্জিত রম্যকল্পতরুপুঞ্জে,
কনককুসুম ফুটি বিতরি সুপরিমল, পুরজনহৃদয় সুরঞ্জে।
বিস্মৃত তরুগণ নন্দনসুখ যত লভি পুর সুরপুরতুল্য,
সুমৃদুলপল্লবভুজকুল পরিধুনি দর্শই হর্ষ অতুল্য।
ক্ষুদ্ররত্নময়কৃত্রিমখগকুল নর্ত্তিত বিটপ সুরম্যে,
সুললিতরবসহ বর্ণই অবিরত তরুবরকান্তি সুসৌম্যে!
ঐশ্বর্য্যধৈর্য্যময় নিরখি পুরান্তর, সমধিকবিস্ময়সঙ্গে
স্বয়ংরজনি কুলযুবতিসম স্থিত অনুপমসুস্থির-অঙ্গে।
নিরখি চতুর্দ্দিশি চলিত চকিতচিতদম্পতি কলরবলক্ষ্যে,
ক্রমশ' উপস্থিত চৈত্রাঙ্গদগৃহ, যমগৃহসম রিপুপক্ষে।
সুবিপুলজলপরিখা স্থিত চৌদিশি ভৈরবজলধিসদৃক্ষ,
অবিরলতরলতরঙ্গ বিভঙ্গিত, হিঙ্গুলবর্ণদুরীক্ষ্য।
পূর্ণমুক্ত গৃহগমনবর্ত্ম অতিনির্জ্জন, বিস্মর অর্পে,
সুবিকট-অজগর সংস্থিত, পরিগণি, বিস্তৃতবদন সদর্পে।
রবিসম রশ্মিতন্তু বিস্তৃত করি, গৃহবরশিখর অমূল্যে,
বিজুলিবর্ত্তিবর সজ্জিত সমুজ্জলি, ভুবননয়নবরতুল্যে।

১৬। চৈত্রাঙ্গদ = বীরবাহু। ১৭। পরিখা = গড়খাই।

মুক্ত বিপুলতমগবাক্ষকুল যত সমধিকভৈরবসজ্জে,
বিদীর্ণহৃদয় ভবনবর, পরিগণি, দুঃখ-উগ্রতমবজ্রে।
ধূম্রগর্ভগত-অনলপুঞ্জসম মলিন সদনবরকান্তি,
নিরখি খিন্নতমদম্পতিমৃদুহৃদি উপজিল পূর্ণ-অশান্তি!
পশি পুর-অন্তর শুনিল ভয়ঙ্করমর্ম্মনিকৃন্তনশব্দে,
ব্যগ্রহৃদয়সহ চলিল উভয় মিলি সত্বরগতি পরিলব্ধে।
তখন নিভৃত রহি, নিরব-অচল হই, নিরখিল গৃহবর-অন্তে
ভৈরবকাণ্ড সমুত্থিত সুবিকটযুগলয়সদৃশ যুগান্তে।
জ্বলিত চিতাগ্নি বিষমতম-উজ্জ্বল লুলিতরসনফণি নিন্দে,
প্রলয়সূর্য্য জিনি অধিকবীর্য্যযুত অবগণি যুগাগ্নিবৃন্দে।
বহ্নিপিণ্ডসম-উজ্জ্বলগৃহবর, কম্পিত জিনি তরুপর্ণে,
অগ্নিগর্ভপর্ব্বতবর যদ্বিধ অনলপুঞ্জবলজন্যে।
সংদহি দশদিক্ ভস্মি ভুবনতল ভৈরবকিরণতরঙ্গে,
অযুতসূর্য্য জিনি উজ্জ্বল গৃহবর, বিশ্ব চকিত ভয়সঙ্গে।
অনলবিগর্জ্জনতর্জ্জন ভৈরব নিন্দি বজ্রকুলশব্দে,
কম্পিত করি ভব ঝলকিত পুরবর যমপুরমূর্ত্তি বিলব্ধে।
অখিলভুবনতলবিনশনজন্য কি নিখিল-ইরম্মদ অস্ত্র,
জলধিসকলপরিদহননিমিত্ত কি মিলিত বড়বকুল সত্ত্ব?
মূল্যবস্তুগৃহকান্তিবিবর্দ্ধনবস্তুসকল অবিলম্বে
দগ্ধ করিল, অতি-উগ্রঅনলদল তর্জ্জি গর্জ্জি গুরুদম্ভে!
মণিময়খট্ট তল্পসহ সত্বর দগ্ধ বহ্নিময়-অঙ্গে,
মূর্ত্তবহ্নিদল উপগত, পরিগণি, বিশ্বদহনরণরঙ্গে!!
মণিময়মঞ্চনিচয় অতিসত্বর দগ্ধ অনলচয়দম্ভে,
কুসুমমাল্যকুল অস্ত্রবস্ত্রকুল দগ্ধ হইল অবিলম্বে!

ভস্ম সকলগৃহরত্নবিমণ্ডন অনলপুঞ্জবলদর্পে,
জ্বলিত চিত্রগণ পতিত ভগ্ন ঘন ঝননশব্দ অভিসর্পে !!
উন্মদসদৃশশুদ্ধমতিনাম্নী-প্রিয়সুতযুবতি নতাঙ্গে,
পতনসমুদ্যত অনলকুণ্ড'পরি ভুজযুগবিস্তৃতিসঙ্গে !
মণিময়পিন্ধনবসন বিলুণ্ঠিত সমল-অবনিতলপৃষ্ঠে,
অর্দ্ধমুক্ত সবচরণ-অলঙ্কৃতি ছিন্নভিন্ন হই তিষ্ঠে।
অনুপমগাত্রবস্ত্রবর-অঞ্চল চঞ্চল, অনিলতরঙ্গে,
কণ্ঠমাল্যকরকঙ্কণ-অঙ্গদ ভগ্ন, লগ্ন তবু অঙ্গে।
শশধরসন্নিভবিমলমুকুটমণি নিপতিত অবনি নিকৃষ্টে,
জ্বলিতমুকুটবর-তীব্রকিরণচয় চমকি চলিত সবপৃষ্ঠে।
পৃথুল-অশ্রুজল কুসুমবৃষ্টিসম অবিরত পতিত তরঙ্গে,
সুঘননিঃশ্বসন উষ্ণদীর্ঘতম তনুবরকম্পনসঙ্গে।
কখন ধূম্রচয়সম্বৃত-অবয়ব কখন পূর্ণতমদীপ্ত,
চলজ্জলদবৃতবিধুতনু যদ্বিধ দীপ্ত কখন কভু লুপ্ত।
ক্রন্দনরত যত অপরযুবতিগণ নিপতিত অমলপদাব্জে,
ধরণিবিলুণ্ঠিত চিকুরবদনভুজ ছিন্নভিন্নতমসজ্জে।
তখন জনৈক বিনতি করি অতিশয় কর যুড়ি অবনতশীর্ষে,
করিল পরিস্তুতি সম্মুখস্থ হই সকরুণদৃষ্টিবিবর্ষে।

সুমুখীচ্ছন্দঃ।

ক্ষমহ মহেশ্বরি আত্মগুণে,
করহ সুরক্ষিত দুঃখিজনে ;
অমলপদাব্জ সমীক্ষি সবে
রহিনু গৃহস্থিত দগ্ধভবে।

অগতিমহদ্গতি, রাজ্ঞি, তব-
বদন নিরঞ্জন ঈক্ষি সব ;
তৃষিতসুধা স্থির বাক্য তব,
চরণ সমাশ্রয়ি সুস্থ সব ।
ক্ষমহ হৃদীশ্বরি সত্যবতি,
করহ অপেক্ষিত কিঞ্চিদতি,
ত্যজি নিজবিগ্রহ শীঘ্র সবে,
করহ যথেপ্সিত শূন্যভবে ।
কনকস্থ-অঙ্গ, কুভস্মসনে,
দরশন দুঃসহ আত্মজনে ;
করহ অপেক্ষিত ধৈর্য্যবলে,
ত্যজি নিজ-অঙ্গ পদাব্জতলে ।

ক্রন্দন করি ঘন গর্জ্জি নিরতিশয় যুবতি সমুন্নতশীর্ষে,
কহিল সিক্ত করি অবনিবসনতনু অশ্রুসলিল-অভিবর্ষে ।

চম্পকমালাচ্ছন্দঃ ।

ধিক্ শত ধিক্ ধিক্ আত্মকুচিত্তে,
সুস্থিত সম্যক্ দুঃখনিমিত্তে ?
নিষ্ফল আত্মা, বিশ্ব অনন্তে,
বাঞ্ছিত চিত্তে, বর্জ্জি দুরন্তে ।
দুর্গতিযুক্তা পূর্ণ-অধন্যা,
মৎসম বিশ্বে দুর্ল্লভ অন্যা ।

---

২ । নিরঞ্জন=অকলঙ্ক ।

মৃত্যুই সম্যক্	সম্প্রতি শান্তি,
অন্যশরণ্যে	দুর্ল্লভ চিন্তি।
ভর্ত্তৃপদাব্জে	বর্জ্জি, কুবিশ্বে,
দুর্ম্মদপত্নী	যে স্থিত হর্ষে,
ধিক্ শত ধিক্ ধিক্	ঘৃণ্যতদঙ্গে,
তন্মুখ দৃষ্টে,	পুণ্য বিভঙ্গে।
নাস্তি তবাঙ্গে	কল্মষবৃন্দ,
অঙ্গ কিজন্যে	বর্জ্জ অনিন্দ্য ?
মাত্র অলক্ষ্মী	সম্প্রতি যোগ্যা
আত্মবিসর্জ্জে,	দুঃখবিভোগ্যা।
অর্পিণু সর্ব্বে	ক্লান্তি অনন্ত,
মৃত্যুই সম্যক্	শান্তি নিতান্ত ;
সম্প্রতি সর্ব্বে,	সুন্দরবিশ্বে,
স্নিগ্ধসুচিত্তে,	তিষ্ঠ ভবিষ্যে।

ক্রন্দন করি অতি মৃদুলযুবতিগণ মূর্চ্ছিত হইল সমস্তে,
চমকিত হই পুন' করিল আর্ত্তরব, দগ্ধহৃদয় ধরি হস্তে।
ক্রন্দন শুনি অহ বিদীর্ণ ভবতল, বিস্ময় সুরনরযক্ষে,
মুখরিত দিগ্দশ, তরলিত জলনিধি, বিশ্ব নিমজ্জিত দুঃখে !
সপদি তখন পুর উজলিল অতিশয়-অদ্ভুতকিরণ অমন্দে,
পূর্ণ হইল গৃহ নন্দনবন জিনি চন্দনমৃদুলসুগন্ধে।
নিজগণবেষ্টিতকৌণপকমলা সমুপস্থিত গৃহমধ্য,
চরণকমল ঘিরি ঝম্‌ঝম্ ঝননন মণিময়ঘুঙ্গুরবাদ্য।
স্নিগ্ধনধরতনু কষিতকনক জিনি উজ্জ্বল কিরণমহত্ত্বে,
সুললিতসু বিমলমণিবিরচিত বলি কল্পিত হয় মমচিত্তে !

শ্রুতিপথবিস্তৃতটলমলসুনয়ন সরসিজনিন্দিসুকান্তি,
মণিময়দর্পণসদৃশবদনবিধু অর্পই জগজ্জনশান্তি।
নির্ম্মলশশি জিনি উজ্জ্বলশীর্ষক সুললিতসুগঠিতশীর্ষে,
কনকরত্নমণিখচিত-অলঙ্কৃতি ঝলমলি কিরণ বিবর্ষে।
ব্যগ্র নিরতিশয় কৌণপকমলা স্থিত হই সত্বর অগ্রে,
সুমৃদুলদক্ষিণভুজ বিস্তৃত করি কহিলেন্ বচনসমগ্রে।

দোধকচ্ছন্দঃ।

ক্ষান্ত কর স্থিরবুদ্ধি কুশাগ্রে,
আত্মসর্পণ বহ্নি উদগ্রে,
বিশ্বসমর্চ্চিতবিগ্রহরত্নে,
দগ্ধ কি ইচ্ছহ তুচ্ছ-অযত্নে?
মাত্র তবাস্য সমীক্ষি, সুলক্ষ্মি,
তিষ্ঠিছি সম্প্রতি ধৈর্য্য সুরক্ষি।
সংস্থিত নিশ্চিত ধর্ম্ম তবাঙ্কে,
বিশ্ব সুদীপ্ত সতীত্বশশাঙ্কে!!
স্বল্পমমাস্থিতি অত্রকুরাজ্যে,
বর্জ্জিব সত্বর সর্ব্ব-অনার্য্যে;
অন্ত হ'লে স্থিতি, শান্তিনিমিত্তে,
সঞ্চর যদ্বিধ ইচ্ছহ চিত্তে।
রক্ষহ বাক্য অনুগ্রহ বর্ষি,
ক্ষান্ত কর স্থিরবুদ্ধি সুদর্শি।
দগ্ধহৃদে প্রখরাস্ত্র কি জন্যে,
নিক্ষিপ সম্প্রতি নিষ্ঠুরকন্যে?

কৌণপকুলকমলাস্থিরসুবচন শুনি অতিদুঃখ বিলক্ষে,
নিপতিত হইল শুদ্ধমতি, বিক্ষতমৃগসম মহার্ত্তশব্দে।
ক্রন্দন করি ঘন করসরসিজ যুড়ি লুণ্ঠিত রহি পদপার্শ্বে,
হৃদয়নিকৃন্তনবিষমবচনচয় কহিল সমবনতশীর্ষে।

মার্জ্জহ লক্ষ্মি, স্থৈর্য্যমহত্ত্বে,
মার্জ্জহ, আর্য্যে, ধৈর্য্যসুসত্ত্বে;
নিশ্চয় আত্মা, সত্বর অদ্য,
বহ্নি উদগ্রে, দগ্ধিব সদ্যঃ।
দুর্ব্বহ-অঙ্গে মৃত্যু-অপেক্ষা,
লক্ষসহস্রে দুঃখপরীক্ষা।
বর্জ্জিত শান্তি, ক্লান্তকুচিত্তে,
মৃত্যুই বাঞ্ছা বহ্নিবৃহত্ত্বে।
দগ্ধকুবিশ্বে তিষ্ঠি কি জন্যে?
বিহ্বল-আত্মা দুঃখ-অরণ্যে!!
নাস্তি সুখেচ্ছা, বিশ্বসমগ্রে,
মৃত্যুই বাঞ্ছা বহ্নি উদগ্রে।
অর্প অনুজ্ঞা, আত্মমহত্ত্বে,
সংলভি শান্তি, ক্লিষ্টকুচিত্তে;
ভর্ত্তৃপদাব্জে লুণ্ঠনজন্যে,
অর্পহ আজ্ঞা, শীঘ্র অধন্যে।

ক্রন্দন করি ঘন কৌণপকমলা স্থৈর্য্যরহিত-গতিসঙ্গে,
অঙ্ক-উপরি লই সুমৃদুলকরতল সমর্পি যুবতিকৃশাঙ্গে,
বিবিধযুক্তিময়বচন পুনঃ পুন' কহিলেন্ সকরুণচক্ষে,
চেষ্টিল সমধিক কৌণপকমলা প্রিয়তমমধুসমবাক্যে।

অসহ্য গণি অতি কর্ব্বুরদম্পতি, সুদীর্ঘ নিঃশ্বসি দুঃখে,
অশ্রুজলাপ্লুত-দগ্ধহৃদয়যুত চলিত বিকম্পিতবক্ষে।
ক্রমশ’ পরিভ্রমি উপগত দম্পতি তরণি-রত্নময়হর্ম্ম্যে,
জলধরসম্বৃতসুবর্ণগিরিসম গৃহবর দগ্ধই মর্ম্মে!!
চৌদিশি লবঙ্গবল্লরিসহ মিলি সুমৃদুলতরুগণ তিষ্ঠে,
তরুকুলকিরণ-সুসজ্জিত গৃহবর হরিতবর্ণ সুবিশিষ্টে।
নবপিককুলখরনখরসুবিক্ষত-আম্রমুকুলরসবর্ষে,
বৃষ্টিপূর্ণ, গণি, সকলসদনবর, সমধিকশৈত্য বিবর্ষে।
অনিল মৃদুলগতি অঙ্গ কণ্টকিত কুসুমসুপক্ষ্ম অতুল্যে,
বল্লরিকুল অলিপুঞ্জ-জটিলতনু বিখচিত ফুলকুলমাল্যে।
অমলসলিলময়বিমলসরঃ স্থিত গৃহবরপুরত’ বিশুদ্ধে,
বিস্মিত উড়ুগণ, নিপতিত, পরিগণি, দুঃখিত হই জলমধ্যে।
ফুল্লকুমুদবন অলিকুলঝঙ্কৃত শশিকর লভি অতিশান্ত,
বিগলিত হই মধু করই বিমলজল সুললিতচন্দ্রকবন্ত।
মণিবিরচিতগৃহ কিন্তু মলিনতমকান্তি মৃদুল পরিদীপ্তে,
দিবসবর্ত্তিসম সমল-ইন্দুসম কমলসদৃশ রবি লুপ্তে।
বেষ্টিত চৌদিশি গন্ধরহিত-অতিশীর্ণকুসুমময়মাল্য,
পতিত চতুর্দ্দিশি শুষ্ককুসুমকুল অশ্রুসলিলকণতুল্য।
জ্বলিত ললিতমণিবর্ত্তি মৃদুলতম মলিনকিরণ অভিসর্পে,
সমল-ইন্দুকরসম্বৃতশশিমণিসদৃশকান্তি মৃদু অর্পে।
বিরহতপ্তচিত-পরমতৃপ্তিকরবস্তু চতুর্দ্দিশি তিষ্ঠে,
স্নিগ্ধ-অমৃতমৃদুপঙ্ক সুবিস্তৃত মণিময়সদন গরিষ্ঠে।

৩। তরণি—তরণিসেন।

চন্দনরসময়বিমলসলিলহ্রদ নির্ম্মিত গৃহতল-অঙ্গে,
কমলদলরচিত-অমলপুলিনচয় চিতহরসুগন্ধসঙ্গে।
কৃত্রিমজলদপুঞ্জ পরিসজ্জিত, সুরধনু অঙ্কিত যত্নে,
সুমৃদুলকুসুমরচিতজলযন্ত্র স্নিগ্ধ করই গৃহরত্নে।
কৃত্রিমবিহগ কমলদলময়তনু চলিত পক্ষ ধুনি তূর্ণ;
লবঙ্গবল্লরিযুবতিসন্নিকট কুম্ভ বিমলজলপূর্ণ।
স্নিগ্ধ নিরতিশয় সদন, তুহিনগিরিহৃদয়সদৃশ, পরিচিন্তি,
বরুণশয়নগৃহ, ইন্দুজনমগৃহ, চন্দনবন জিনি শান্তি।
বড়ববহ্নিপরিতপ্তজলধিকুল-বিরতিভবন সদ্যঃ,
বিজুলিপুঞ্জভয়-চকিতজলদদল পিণ্ডিত, পরিগণি, অদ্য!
চন্দনসিক্তবসন পরি সুস্থিত যুবতিনিচয় নতচক্ষে,
বিরসবদন, মরি, সমলকমলসম হৃদয় দগ্ধ অতিদুঃখে।
ব্যজন বিশদতম মৃদুবিসবিরচিত বিধুনি চকিততমনেত্রে,
সকলসখী স্থিত বকুলকুসুমময়কুবলয়দলময়গাত্রে।
জলদৈবতগণ উপগত, পরিগণি, বিরহিসমীক্ষণজন্যে,
সুরধুনি-ঊর্ম্মিনিচয়, গণি, উপগত সুরপুরসদন সুধন্যে।
পঙ্কজদলময়মৃদুলতল্পবর সুমধুরমধুপরিলিপ্ত,
কতশতশিশু-অলি সুলগ্ন অবিরল মরকতমণিসম দীপ্ত।
শয়িত তত্র, মরি, বিকলচন্দ্রসম তরণিললিততমকান্তা,
মৃদুমতি-আখ্য মৃদুলতনুসরসিজ দুঃখিত সতত অশান্তা!
বিশীর্ণতনুতরু সমলহতপ্রভ হৃদয়কুসুমপতি নষ্টে,
ক্লিষ্ট নিরতিশয় মৃতসম নিপতিত মূর্চ্ছিত ঘন ক্লিষ্টকষ্টে!!

২। পুলিন = তীর।

মৃদুলকমলসমকরযুগ সম্পুটি বক্ষ উপরি ধরি যত্নে,
ভগ্নপুতলিসম নিপতিত রহি সুধু চিন্তই পতিপদরত্নে।
অলিকুলরবপরিদগ্ধকর্ণযুগসিঞ্চনজন্য, অপাঙ্গে
নির্গত অবিরল অশ্রুসলিলদল চলিত তরঙ্গবিভঙ্গে।
গুরুতরবিরহতপ্তনু, পরিগ্লাণি, অনল পশিল তনুমধ্যে,
সদয়মধুপকুল পক্ষ বিধুনি ঘন সান্ত্বই মৃদুমুখপদ্মে।
ব্যজন দুলিত যত বিস্মিত হৃদি, গণি, বিধুনি পক্ষযুগ ধন্যে,
চলিত চিত্তখগ বর্জ্জি দগ্ধতনু কান্তসমীক্ষণজন্যে।
বিরহবিশিখপরিশমনজন্য সবযুবতি যত্ন-অভিসর্পে,
মর্ম্ম-উপরি মণিবর্ম্মসদৃশ ঘনসজলকমলদল অর্পে।
চন্দনরস লই অবিরত মার্জ্জই পদযুগ যত্ন বিশিষ্টে,
তুহিনখণ্ড লই করতল মর্দ্দই—অর্পই ধরি বিধু তুষ্টে।
দগ্ধবিহগসম সমধিক-অস্থির যুবতিরত্ন নতশীর্ষে,
তখন জনৈকযুবতি অতিমৃদুতনু কহিল অশ্রু-অভিবর্ষে।

সমানিকাচ্ছন্দঃ।

রর্জ্জ, লক্ষ্মি, উগ্রদুঃখ,
রক্ষ, অম্ব, বর্ষি বাক্য,
পূর্ণবিজ্ঞ রাজ্ঞি ধন্য,
ধৈর্য্য রক্ষ ধর্ম্মজন্য।
ভ্রান্তিপূর্ণবিশ্বশূন্য,
বদ্ধসর্ব্ব বুদ্ধিজন্য,
ধ্বংসযুক্ত বিশ্বসর্ব্ব,
চন্দ্রসূর্য্য-ইন্দ্রগর্ব্ব।

ঈক্ষ, লক্ষ্মি, উগ্রকষ্ট,
অল্পমাত্র শীঘ্র নষ্ট,
মৃত্যুগর্ভ সর্ব্বদুঃখ
শীঘ্র লুপ্ত, উক্তি মুখ্য।
বর্জ্জ অম্ব দুঃখলক্ষ,
বিজ্ঞতুল্য আত্ম রক্ষ,
ধৈর্য্যধর্ম্ম বিশ্বমধ্য
সম্প্রদর্শ অম্ব অদ্য।

করসরসিজ যুড়ি বক্ষ-উপরি ধরি তরণিহৃদয়মণিকান্তা,
দীর্ঘবিনিঃশ্বসি ঊর্দ্ধদৃষ্টি করি কহিল সুবাক্য অশান্তা।

সুবাসচ্ছন্দঃ।

হৃদয়নিকৃন্তনবিরহ সুদুস্তর,
সখি, অতিদুঃখদ অনলময়ান্তর ;
তনুমন' দুর্ব্বহ অতিশয়নিষ্ফল,
ধনজন সম্প্রতি বিষকৃমিসঙ্কুল।
ফণিসমদংশনরত মণি-অঙ্গদ,
শয়ন দবাগ্নিসদৃশ সখি দুঃখদ!
যদি রহি জাগ্রত নরক সমীক্ষণি,
যদি হই নিদ্রিত মৃত হই সঙ্গিনি।
অবিরলদুঃখ হইল অতিদুর্দ্ধর,
জ্বলিত অহর্নিশি বিরহ ভয়ঙ্কর।

কহ সখি সত্বর কতদিন দুর্ব্বহ,
বহিব, অরুন্তুদবিরহ-সুদুঃসহ।
মরণ কি হে প্রিয়সখি মম সম্ভব?
লভিব কি শান্তি বরজি অনলার্ণব?
শমনপুরান্তর কলুষিত-অন্তর,
কভু কি হবে স্থিত? কহ সখি সত্বর।
নিশিদিন চিন্তি, সুমুখি, হই জর্জ্জর,
তবু যদি অন্তক হয় সদয়ান্তর।
অতিশয়কল্মষযুতমমদুশ্চিত,
হইব কি, সঙ্গিনি, নরকসমুদ্ধৃত?

সহসা স্তব্ধ যুবতিকুলশশধর মূর্চ্ছিত হইল অগৌণে,
ক্রন্দন করি ঘন পতিত যুবতিগণ মৃদুমতি-চরণ সুধন্যে।
মলিনহৃদয় অতি হইল সদনবর পুরজন বিষম-অশান্ত,
গুঞ্জিল সকরুণ ভবনবিহগগণ, ফুলকুল সমল নিতান্ত!!
সপদি সদনবর হইল সমুজ্জ্বল সবুজসুনির্ম্মলবর্ণে,
নন্দনকুসুমগন্ধ চন্দনসহ বন্দি চলিল গৃহ ধন্যে।
ঝটিতি উপস্থিত অপ্সর'গণ অতিহরিতবর্ণযুতবস্ত্রে,
বিমল-অলঙ্কতিঝঙ্কতি অনুপম ঝুনুঝুনু বাদ্য সমস্তে!
কুঞ্চিত সুললিতপক্ষ পৃষ্ঠ'পরি কাঞ্চনকিরণ বিসর্পে,
মৃদুলবিজুলিদলবিখচিতকচকুল ঝিকিমিকি রশ্মি সমর্পে।
পূর্ণবিনত হই অপ্সর'কুলমণি কহিল অশ্রু-অভিসর্পে,
ললিতবাক্যচয় মৃদুল নিরতিশয়, হৃদয়শান্তিসুখ অর্পে।

২। অরুন্তুদ = মর্ম্মপীড়ক।

জলোদ্ধতগতিচ্ছন্দঃ।

শশাঙ্কবদনে, অপেক্ষ হৃদয়ে,
প্রদর্শ জগতে, স্বধৈর্য্যনিচয়ে ;
পবিত্র ধরণী, তবস্থিতিফলে,
প্রদর্শ সুমহৎ- চরিত্র সরলে।
অবশ্য, অমলে, ভবিষ্যভুবনে,
সুখেন্দু উদিবে, অদৃষ্টগগনে ;
বিবর্জ্জ কৃশতা, বিশিষ্ট যতনে,
পুনশ্চ লভিবে স্বভর্ত্তৃরতনে ;
সমীক্ষ অধুনা মহাদ্ভুতফলে,
অদৃশ্য জগতে মনুষ্যসকলে ;
সমীক্ষি, সরলে, ভবিষ্যবিষয়ে,
প্রশান্তি লভ গো, অশান্তহৃদয়ে।

কথনান্তর অতিযত্নসহিত মৃদুকরতল অর্পিল অঙ্গে,
নিরখিল তখন মৃদুলতনু মৃদুমতি অদ্ভুতসুযুপ্তিসঙ্গে।
শূন্য-উপরি শশিসদৃশসৌধবর মণি বিখচিত অতি যত্নে,
গগন-উপান্তজলদদল রঞ্জিত মঞ্জুলকিরণসুরত্নে!
অনুপমমঞ্চ সৌধমধ্যস্থিত ঝলঝলি রশ্মি বিসর্পে,
অসাধ্যবর্ণন কতবিধমণিগণ বিভিন্নদীপ্তি সমর্পে।
উপরি ছত্রবর মণিচুনিবিখচিত ঝকমকি কিরণ বিবর্ষে,
অঙ্গযষ্টি হয় পুলকিত অতিশয় নিরখি মঞ্চবর হর্ষে।
সুস্থিত মঞ্চ-উপরি চির-উজ্জ্বলতরণি ধরণিপতিবংশ,
ঝলকিত দিগ্দশ, চমকিত গজগণ, অনুপমতনুমণিজন্ম !!

১৩। উপান্ত—প্রান্তভাগ।

নিন্দিত উজ্জ্বলপূর্ণ-ইন্দুবর সুন্দরবদনস্থ ছন্দে,
পূর্ণ গগনতল অধরকমলদলমৃদুললঁলিততমগন্ধে !
চন্দ্রবিপণি রচি অতুলযুবতিগণ বিধুনই ব্লন্ত সহাস্যে,
চলিত অনিল মৃদু ঢুলি ঢুলি অবিরল পরিমল উগরি সু-আস্যে।
ভ্রান্তহৃদয় অতি আত্মসুবিস্মৃত মৃদুমতি বিমুগ্ধ দৃষ্টে,
কহিল বাক্যচয়, বক্ষ অশ্রুময়, কর যুড়ি বিনয় বিশিষ্টে।

ক্ষণ রহ সুস্থির নিরখি, হৃদীশ্বর,
বিরহতৃষার্ত্ত-অমৃত তুমি সুন্দর।
করিনু মহাব্রত হই বিরহার্দ্দিত,
লভিনু সুদুর্ল্লভরতন সুনিশ্চিত।
কর বর-অর্পণ তনুমন'রঞ্জন,
মরি তবমঞ্জুবদন করি দর্শন ;
লভিব অখণ্ড-অতুলসুখ নিশ্চিত,
লভি যদি অদ্য বিলয় তব অগ্রত।
ক্ষণ রহ সুন্দর নিরখি পদদ্বয়,
জলকণ সংলভি হৃদি অনলাশ্রয়।
রহরহ কান্ত করিব তব-অর্চ্চন,
হৃদয়সুপঙ্কজ করি চরণার্পণ।
তবপদ ঈক্ষি হৃদয় মম সুস্থিত,
তুমি বিনু অন্তর মৃতসম নিশ্চিত।
চিরচরণাশ্রিত অধম-অকিঞ্চন,
পদরজ উজ্জ্বল মমতনুমণ্ডন।

মরি মরি, কি সরলসুমৃদুল-অন্তর, হৃদয়কান্ত লভি পার্শ্বে,
সকলদুঃখ ভুলি সুখাব্ধিনিমগন, তনুফুল পুলকিত হর্ষে।

ধিক্ নিরদয়বিধি বজ্রহৃদয় তব, কুসুম-অধিকমৃদুরত্নে,
বিরহদবাগ্নি বর্ষি ঘন, সুকঠিন, মরিমরি, দহিছ অযত্নে ?
বিস্মৃততনুচিত যুবতিশীর্ষমণি নিরখি ভবার্ণবরত্নে,
রুদ্ধকণ্ঠসহ নিরব হইল অহ সরলদৃষ্টি করি যত্নে।
ক্রমশ' ভর্ত্তৃপট নয়নপথচ্যুত মৃদুলবিজুলিকরবর্ষে,
গুড়ু গুড়ু কম্পিল মৃদুমতিমৃদুহৃদি, নিরখিল সতিমিরদৃশ্যে !!
বিপুল-অশ্রুসহ অজস্র নিঃশ্বসি মূর্চ্ছিত হইল নিতান্ত,
ক্রন্দন করি ঘন অপরযুবতিগণ পতিত অমলপদুপান্ত।
নিরখি দৃশ্যচয় হৃদয়নিকৃন্তন, ছিন্নভিন্ন-অবতংসে,
স্খলিত-অবশগতিকৌণপদম্পতি চলিত পুরঃস্থিত-অংশে।
নিরখিল চৌদিশি তিমিরতিরস্কৃতমণিময়সদন অনন্ত,
কলরববিরহিতনগরসদৃশ পুর নির্জ্জননিরব নিতান্ত।
ইন্দ্রসদন জিনি সমধিকসুন্দর-সুখময় ছিল পুর অগ্রে,
বধ্য-অবনিসম অদ্য হৃদয়ভিদ অবিরলদুঃখ উদগ্রে।
মলিন-অমার্জ্জিত মণিময়পুরবর, বর্ত্তিরহিত সবহর্ম্ম্য,
পতিত চতুর্দ্দিশি রত্ন-অলঙ্কৃতি বিবিধবস্তু অতিরম্য।
কনকরত্নমণিখচিতবস্ত্রকুল পতিত অবনিসমলাঙ্গে,
উড়ুকুলবিখচিতগগন-অংশ, গণি, নিপতিত দুঃখতরঙ্গে।
কণ্ঠমাল্যসিঁথিকিঙ্কিণিকঙ্কণ নিপতিত ধরণি নিকৃষ্টে,
খিন্ন-অবনি, গণি, বর্জ্জিল সমুদয়মণ্ডন নিজ চিতকষ্টে।
গলিত-অলক্তক পতিত চতুর্দ্দিশি অঙ্গন করি পরিষিক্ত,
ধরণিদীর্ণহৃদয়োত্থিত, পরিগণি, রুধিরপুঞ্জ অবলিপ্ত।

১১। তিরস্কৃত—আচ্ছাদিত। ১৪। হৃদয়ভিদ—মর্ম্মভেদী।

মূর্চ্ছিত হই কত পতিত যুবতিগণ ধরণিমলিনতমগাত্রে,
ললিতবিহগগণ পতিত চতুর্দ্দিশি ঘৃষ্টপিষ্ট অতিমাত্রে !!
চলিত সুদম্পতি দীর্ঘ বিনিঃশ্বসি অতিশয়বিষণ্ণ-আস্যে,
সহসা প্রাপ্ত বিষমতমদুঃসহঘৃণিতগন্ধ নিজপার্শ্বে !!
বিস্ময়সহ অতি কৌণপদম্পতি সম্মুখ নিরখিল তূর্ণ,
সূর্পণখাপ্রিয়ভবন অবস্থিত কলুষগরলপরিপূর্ণ।
অন্তকপুরসমবিকটসদন অতিবিষমতিমিরময়-অঙ্গে,
প্রলয়জলদদল পিণ্ডিত, পরিগণি, সমধিকভৈরবরঙ্গে !!
বহুবিধবিষকৃমিবৃশ্চিক বিচলিত সংপ্লবি গৃহ চিতহর্ষে,
রৌরবনরকসদৃশ পুর সংস্থিত ঘৃণিতভয়ঙ্কর দৃশ্যে।
কঠিন-অস্থিচর্ব্বণরত কুক্কুর কড়মড়ি দন্ত বিঘর্ষে,
ঘড়ঘড়শব্দনিপুণ পুন' অবিরত জম্বুক সমীক্ষি পার্শ্বে।
প্রলয়রজনিকুলশয়নসদনসম, অচলগর্ত্তসমমূর্ত্তি,
সকলকলুষকুলজন্মভবনসম পুর পুন' বিরহিতবর্ত্তি।
পতিত চতুর্দ্দিশি রুধিরমাংসনর-অস্থি বিকটপুরমধ্যে,
পূর্ণ সকলগৃহ ভোজ্যমনুজ-অজবৃষগজমহার্ত্তশব্দে !!
অগণিতমদ্যকলস পরিসজ্জিত, দুঃসহগন্ধ বিসর্জ্জে,
জ্বলিত বিকটতমতীব্রবহ্নিচয়, ভবনতিমির পরিমার্জ্জে।
প্রস্তরখট্ট-উপরি সমধিষ্ঠিত কর্ব্বুরকুলখলসর্পী,
শৈলসদৃশতনু অসিত মসিসদৃশ উৎকটগন্ধ বিসর্পি।
ব্যাঘ্রসদৃশমুখ বিষমভয়ঙ্কর, লুলিত অধর গুরুমাংসে,
ছিন্নকর্ণনস্, বিকটদন্তকুল দর্শই মূর্ত্তি নৃশংসে।
সমলরজ্জুসম-কৃমিকুলসঙ্কুল-খর্ব্ববিরলকচবৃন্দ,
হস্তিচর্ম্মসমসমধিককর্কশচর্ম্ম নিতান্তকুগন্ধ।

লৌহসদৃশতনু অস্থিচর্ম্মময়, করপদ কঠিন নিতান্ত,
তাম্রবর্ণকর্কশকুন্তলকুল, সতত বহিষ্কৃত দন্ত।
বিকটগন্ধময় সমল নিরতিশয় ঘাগ্‌ড়ি বদ্ধ কটিসঙ্গে,
বিলগ্ন তদুপরি মলজমক্ষিকুল ভন্‌ভন্‌রব করি রঙ্গে।
মলিন-ছিন্নতমশতগ্রন্থিযুতকঞ্চুলিকা স্থিত বক্ষে,
শীর্ষ-উপরি অতি-অদ্ভুতশীর্ষক বিরচিত কুক্কুটপক্ষে।
জী[illegible]তমবিষমগন্ধময়পদত্র পদযুগসঙ্গে,
ব্য[illegible]ন ভগ্নতম দক্ষিণকরধৃত ঢুলায়্ সতত কতরঙ্গে।
অপূর্ব্ব-অবয়ব পূর্ণ-অপরিচিত কর্ব্বুররাজ্য অখণ্ডে,
মূর্ত্তিপরিচ্ছদ সমীক্ষি পরিগণি নিবসতি সাইবিরিখণ্ডে।
থরথর কম্পিত চকিতদৈত্যবর নিরখি তখন নিজভার্য্যে,
খট্টনিম্নতল করিল সমাশ্রয়, পরিহরি সুখকরকার্য্যে।
মহাক্রুদ্ধ হই সূর্পণখাপ্রতি সত্বর বিকটকৃশাঙ্গী
গর্জ্জি কহিল অতিতীব্রবাক্যচয়, দর্শি ভয়ঙ্করভঙ্গী।

পূতিচ্ছন্দঃ।

ধিক্ শত কলুষিত নষ্টা,
লভিবি উচিতফল, বধিব করি বিকল,
শীঘ্র হইবি পদপিষ্টা।
মত্ত সতত মন'রঙ্গে,
অবিরত খলমতি, পরপতিসহ অতি-
কৌতুকরত সুখসঙ্গে?
চিন্তি বুঝহ নিজচিত্তে,

৫। কঞ্চুলিকা=কাঁচুলী। ১০। সাইবিরি=সাইবেরিয়া, চীনের উত্তরস্থদেশ।

কতশতজলনিধি গিরিবন নিরবধি
লঙ্ঘিনু স্থবরনিমিত্তে।
বান্ধবপরিজনবর্গে,
তৃণসম পরিহরি, সকলভুবন ঘুরি,
সংগত দশমুখদুর্গে।
সংলভি দিতিসুতরঙ্গে,
'মজিল নয়নমন' ভুলিনু সকলজন
সত্বর বরিণু সযত্নে।
ধিক্ শত তবখলচিত্তে,
পরিহরি বহুজন, হরিলি হৃদয়ধন,
নিষ্ঠুরসম কি নিমিত্তে?
যদ্বিধ করিলি কুকর্ম্ম,
বধিব ঝটিতি অতি, কলুষমতি অসতি,
দগ্ধ করিব তবমর্ম্ম।

বাক্যসহ অমনি নিরখি ভর্ত্তৃমুখ কটমটদৃষ্টিবিবর্ষে,
দৌড়িল সত্বর কাষ্ঠখণ্ড লই মলোদ্বমন করি আস্যে।
কিন্তু ঝটিতি উঠি উচ্চলম্ফসহ সূর্পণখা স্থিরবক্ষে,
ভৈরব গর্জ্জি করিল বহু ভর্ৎসন মুখরিত করি গৃহকক্ষে।

মরিবি খলবুদ্ধি উচিত লভি দণ্ড,
চুষিব হৃদিরক্ত করিব শতখণ্ড।
ঘৃণিতকৃমিতুল্য অধম হই, অদ্য
করিছ মমসঙ্গ কলহ পুন'সদ্য?
ভ্রমিতি নগরান্তর সতত, জঘন্য,
ভখিতি সুধু কুক্কুরমুখগলিতান্ন,

ভুলিলি বুঝি সর্ব্ববিষয় খল, দুষ্ট,
করিনু তবমঙ্গল সহি যত কষ্ট !!
কপটমতিতস্করসম পশি সদ্ম,
হরিলি পতিরত্ন বিষম করি ছদ্ম।
উচিতমতশাস্তি সঁপিব শঠ ভণ্ড,
বধিব অবিলম্ব বিদরি তবমুণ্ড।
করিলি যত সৌখ্য অপরপতিসঙ্গ,
লভহ ফল অদ্য বরজি কলুষাঙ্গ।

বাক্যসহ অমনি কুঞ্চি বসন নিজ বান্ধি ঊর্দ্ধকটিসঙ্গে,
বিক্রমি গুরুতর আক্রমিল দ্রুত সুবিকটমূর্ত্তিকৃশাঙ্গে।
ভৈরবমল্লযুদ্ধ সমুপস্থিত কম্পিত জগজনসর্ব্বে,
উৎকটগর্জ্জনতর্জ্জন অবিরত, উভয় তুল্য বলগর্ব্বে।
ক্ষতবিক্ষততনু হইল পরস্পর তীক্ষ্ণকঠিননখদন্তে,
রুধিরসমাপ্লুত ছিন্নকর্ণকচ, বিগলিত মণি নয়নান্তে।
পতিত উভয়জন অনলকুণ্ড'পরি, দগ্ধ অঙ্গ হতবীর্য্য,
ফলিল কলুষফল সত্বর সমুচিত, বিধিকৃতবিধি অনিবার্য্য।
স্তম্ভিত হই দম্পতিবর নিঃশ্বসি চলিত পুরত অতিধৈর্য্যে,
শুনিল সমীক্ষিল বিবিধ-অমঙ্গল উত্থিত সমধিকশৌর্য্যে।
জম্বুককলরব সমুদিত চৌদিশি শকুনিগৃধিনিরবসঙ্গে,
কৌশিকচীৎকৃতিপূর্ণরজনি অতি সংস্থিত ভৈরব-অঙ্গে।
ভৌতিক-ছবিবহু অঙ্কিত চৌদিশি বিষমতিমিরঘনপুঞ্জে,
হাস্যনৃত্য করি বিকটশব্দ করি অদৃশ্য তিমিরনিকুঞ্জে।

২০। কৌশিক=পেচক।

চলিত চতুর্দ্দিশি, শুষ্কপত্রচয় খরথররব করি রঙ্গে,
চলিত অনিল অতি বিদীর্ণ করি তনু, কণ্টক পথগতি ভঙ্গে।
পরিহরি সেস্থল চলিত সুদম্পতি দীর্ঘ বিনিঃশ্বসি দুঃখে,
ভস্মপুঞ্জসমকনকসৌধগণ পুনরপি নিরখিল চক্ষে!
ক্বচিৎ যুবতি অতিমৃদুতনুসরসিজ অস্ফুটচীৎকৃতিসঙ্গে,
করিল নিরতিশয়কণ্টকময় অহ দম্পতিসুললিত-অঙ্গে!!
নিরখিল অপরযুবতি অতিকৃশবপু', ভর্ত্তৃচিত্রপটপার্শ্বে,
কর যুড়ি সুস্থিত উর্দ্ধবদন হই অজস্র-অশ্রুবিবর্ষে;
সঙ্গিযুবতিগণ সংস্থিত চৌদিশি কনকবর্ত্তি লই হস্তে,
আর্দ্র গণ্ড, পরিষিক্ত বসনতনু অবিরল-অশ্রুসমস্তে।
ক্বচিৎ সুপ্তশিশু নিরখি মৃত্যু নিজ চঞ্চলসুপ্তিবিভঙ্গে,
চমকি মুহুর্মুহু' হৃদয়বিমর্দ্দকচীৎকৃতিরত ভয়সঙ্গে!!
ক্বচিৎ যুবতি পরিদুলিত বৃক্ষতল কণ্ঠ বদ্ধ দৃঢ়সূত্রে,
ক্বচিৎ গরলময়পাত্র রক্ষি পুর ঈক্ষই অনিমিষনেত্রে!
ক্রমশ উপস্থিত কৌণপদম্পতি পুত্র-ইন্দ্রজিতহর্ম্ম্যে,
নিবিড়জলদবৃতশশধরসন্নিভ গৃহবর দগ্ধই মর্ম্মে!
কনককুসুমময়কল্পবিটপিকুল চৌদিশি সুস্থির-অঙ্গে,
মৃদুলসুগন্ধ বিতরি সমবস্থিত সমধিকধৈরযসঙ্গে।
বিমলিন উপবন, অলিবিরহিত ফুল, বল্লরি ফুলকুলশূন্য,
নিদ্রিতযুবতিকান্তিসম চৌদিশি কুসুমকান্তি অবসন্ন!!
প্রস্রবণনিকর বিরল-অশ্রুজলসদৃশসলিল অভিবর্ষে,
মণিময়কৃত্রিমসুললিতবল্লরি মৃতফণি-অবয়ব দর্শে।
অনুপমকৌতুকশৈল অবস্থিত গৃহবরদক্ষিণপার্শ্বে,
মরকতময়তনু নবজলধর জিনি অনুপমকান্তি বিবর্ষে।

ক্বচিৎ কনকমৃগ চলিত গিরি-উপরি মৃদুমৃদুকিরণসমর্পে,
মৃদুলবিজুলিদল যদ্বিধ নির্ম্মলজলদ-উপরি পরিসর্পে।
পুচ্ছ বদ্ধ করি বিষণ্ণ হই অতি সুললিতশিখিকুল তিষ্ঠে,
সুপ্তকমলবন-সলিলনিলয়সম অন্ধরজনি অপকৃষ্টে।
দ্বিতলবহির্গতসিঁড়ি পরিমণ্ডিত উজ্জ্বলমণিকুলসঙ্গে,
নিন্দি সমর্চ্চিত-ফুলকুলসজ্জিত-সুবিমলগাঙ্গতরঙ্গে।
অলিন্দসংস্থিত বিবিধবিহগবর সুরবরহিত মন'দুঃখে,
অবিরল অশ্রু বর্জ্জি নতমুখ হই পতন-ইচ্ছু মহিবক্ষে!
স্তম্ভ রত্নময় বেষ্টি চতুর্দ্দিশি সুস্থিত বিস্ময়বর্ষে,
সুপ্তরক্ষিসম সূর্য্যচন্দ্রমণি সংস্থিত গৃহ-উভপার্শ্বে।
পশি সদনান্তর নিরখিল দম্পতি সমল অতুলতমশয্যা,
পতিত নিহতসম মলিনপর্য্যুষিত মণিময়ফুলময়সজ্জা।
রত্নবিনির্ম্মিতকরঙ্ক নিপতিত শুষ্কসেব্য ধরি বক্ষে,
শিখণ্ডময়সুব্যজন বিলম্বিত মৃতশিখিসম গৃহকক্ষে।
পুষ্পপাত্র মণিকাঞ্চনবিরচিত মঞ্চ-উপরি মলিনাঙ্গে,
রত্নখচিতমৃদুপদত্র নিপতিত কনকখট্টতল-অঙ্গে।
কৃষ্ণবসনবৃত অতুলচিত্র যত গৃহবর-বৃতি সুবিশুদ্ধে,
মণিময়মঞ্চ শূন্য নিপতিত সব মৃতসম ভৈরবযুদ্ধে!
সুগন্ধিবর্ত্তিনিচয় অতিকৃশতনু সুমৃদুলগন্ধ সমর্পে,
খদ্যোৎকুলসম অনধিক-উজ্জ্বল ঝিকিমিকি কিরণ বিসর্পে।
মরকতময়মধুপাত্র রহিতমধু, দর্পণ মলিন নিতান্ত,
নির্জ্জনগৃহবর বিস্ময়কর অতি নিন্দি রজনিকুল-অন্ত!!

১৩। করঙ্ক=তাম্বূলপাত্র। ২১। মধুপাত্র=পানপাত্র।

গ্রন্থ বিবিধমত হৈমবসনবৃত সজ্জিত অবিকলযত্নে,
কনককলমবর মণিময়মসিনিধি বিখচিত কতশতরত্নে।
তনয়চিত্তহর-বিবিধসুমণ্ডন সমলকমলসম দীপ্তে,
নিরখি দগ্ধচিত কৌণপদম্পতি দুঃসহদুঃখনিমিত্তে।
জলধরসম্বৃত-শশধরসন্নিভ শীর্ষক অতিমৃদুবর্ণে,
তিমিরতিরস্কৃত-মণিখনিসন্নিভ বর্ম্ম মর্ম্ম অবদীর্ণে।
বিনিহতমণিধরসর্পসদৃশ কটিবন্ধ পতিত চিরদুঃখে,
কনকবিনির্ম্মিত-মণিকুলবিখচিতসুন্দরবর্ম্মসমক্ষে।
মণিময়চর্ম্মসহিত অসি নিপতিত অচলবিজুলিসম দীপ্তে,
খড়্গভল্লসব সজ্জিত চৌদিশি ফণিসম বিপিনবৃহত্ত্বে।
জলধরসম্বৃত-সুরধনু'সন্নিভ কার্ম্মুক মৃদুকর বর্ষে,
বিষধরনিন্দিবিশিখময়সুন্দরনিষঙ্গ কার্ম্মুকপার্শ্বে।
নিরখি ইতস্তত আর্ত্তনিনদি অতি নিপতিত মূর্চ্ছিত রাজ্ঞী,
রহিত নিঃশ্বসিত, ঘর্ম্ম সমুদ্গত, নিরখি অবাক্ নৃপবাগ্মী।
সুললিতচিকুর ধরণিতললুণ্ঠিত পাংশুযুক্ত, মরি, দুঃখে!
ছিন্নভিন্ন অহ রত্নবিমণ্ডন, মুদ্রিত নয়ন অলক্ষ্যে !!
ক্রন্দন করি ঘন অর্পিল দশমুখ মৃদুকর যুবতিকৃশাঙ্গে,
কহিল বিনিঃশ্বসি গদ্গদরবসহ অশ্রু বিবর্ষি অপাঙ্গে।

সহ্য করহ, সতি, দুর্দ্দম-বিধিগতি,
আত্ম-অতুলমতি- সহ অতিধৈর্য্যে,
ঈক্ষহ, শশিমুখি, নেত্রশশ নিরখি,
শান্তকর, সুমুখি, হৃদয়-অধৈর্য্যে।

২। মসিনিধি=দোয়াত।

পুষ্পসদৃশমৃদু- অঙ্গ বিমলবিধু,
পঙ্কজদল সুধু শয়ননিমিত্তে,
রুক্ষ অবনি অতি, তত্র কি, মধুমতি,
তিষ্ঠহ কভু, সতি, সুবিকলচিত্তে?
অঙ্গকিরণ তব সম্প্রতি অভিনব-
অম্বুদবৃতনব- শশিসম রঞ্জে,
দুঃখ-অনলচয়- পূর্ণ মমহৃদয়,
ঈক্ষি গরলময় বিধুকর-পুঞ্জে!!
দর্শনমৃদুলব অর্পণ করি তব,
সুস্থির কর সব- অনুগতভৃত্যে,
বাক্য-অমৃতকণ সিঞ্চি অতুলধন,
সুস্থ করহ পুন' মমহতচিত্তে।
ভূস্থল পরিহরি, শীঘ্র হৃদি-উপরি
তিষ্ঠহ, অনুকরি গগনশশাঙ্কে;
অর্প অবশতর- দুর্ব্বলতনুবর,
আত্মশয়নবর- সদৃশমমাঙ্কে।

তখন ধরণিপতি নিজবসনাঞ্চল বিধুনিং নিরতিশয়যত্নে,
সিঞ্চি অশ্রুজল সিক্তিল সমধিকং যুবতিবদনবিধুরত্নে।
সুমৃদুলকরতল অর্পি বক্ষ'পরি সত্বর যত্ন অমন্দে,
করিল চিত্তযুত পবন যথা প্রিয়সুমুগুবল্লরিবৃন্দে।
ঘন ঘন নিঃশ্বসি যুবতিশীর্ষমণি অশ্রু বর্ষি ধরি বক্ষে,
গদ্গদরবসহ কহিল দুঃখময়হৃদয়নিকৃন্তনবাক্যে।

৯। লব=লেশ। ১৬। শয়ন=শয্যা।

মরণ মম সর্ব্বথা সুখদ ছিল এক্ষণে,
কি ফল কহ কান্ত হে, বিফলতনুরক্ষণে !!
পড়ি চরণপঙ্কজে, ঝটিতি তনুখণ্ডনে,
দমন কর সত্বরে, বিষমতমযন্ত্রণে।
মরণ মম মাত্র হে, শরণ ভব দুস্তরে,
ঘৃণিতঁতনু বর্জ্জিয়ে, লভ্জি সুগতি সত্বরে।
নিমিষপল দুঃসহ, প্রতিদিন কি সম্বলে,
সহিব কহ যন্ত্রণা ? গরলভবমণ্ডলে !!
সতত মম-অন্তরে, অসুখ-অহি নিঃস্বনে,
অবশ তনু দংশনে; বিকল চিত এক্ষণে !!
মরণ সুধু বাঞ্ছি হে, মমহৃদয়কন্দরে,
অনুমতিসমর্পণে, সুখিত কর অন্তরে।

রুদ্ধকণ্ঠসহ যুবতিরত্নপুন' পতিত অবনিতল-অঙ্গে,
সকরুণধরণি দুঃখচয় দর্শিল হৃদয়বিকম্পনসঙ্গে।
সপদি অখিলভব হইল তিমিরময় দগ্ধবিপিনসমদৃশ্যে,
ক্রন্দনকলরব আর্ত্তনিনদসহ উত্থিত সমুদয়বিশ্বে !!
দুঃখ-অনলপরিদগ্ধ-অবনিতল আত্মবিসর্জ্জনজন্যে,
অর্পিল ঝম্প বিকম্পিততনুসহ তমিস্রজলধি জঘন্যে।
অনিলবিবর্জ্জিত হইল অখিলভব শশিরবি ভস্ম অকস্মাৎ,
দুঃখবড়বপরিদগ্ধভবাম্বুধি, বিষণ্ণমূর্ত্তি সমন্তাৎ !!
প্রস্রবনাপ্লুত-গিরিসম দশমুখ অশ্রুসমন্বিত-অঙ্গে,
বহ্নিসমুদ্গাত-অগ্নি-অচলসম সংস্থিত কম্পনসঙ্গে।
মসিচয়সদৃশ অবস্থিত অবনিপ যুবতিশীর্ষমণিপার্শ্বে,
নিবিড়জলদবর সংস্থিত যদ্বিধ দিবসবিবশবিধুপার্শ্বে।

সপদি সদনবর হইল সমুজ্জ্বল অনুপমকুঙ্কুমবর্ণে,
সুমধুরঘুঙ্গুরশব্দ শুনিল পুন' দম্পতিবর নিজকর্ণে।
শতশতসুললিতশিখণ্ডসন্নিভদৃশ্য চতুর্দ্দিশি রঞ্জে,
শতশতসুরধনু' ঝলমলি ঝলকিত অগণিতশশিরবি গঞ্জে।
স্নিগ্ধ-অনিলদল মধুরগন্ধসহ অনুপমশান্তি বিবর্ষে,
মন্ত্রমুগ্ধসম কৌণপদম্পতি আপ্লুত বিস্ময়হর্ষে।
চমকি তখন পুন' নিরখিল উভজন সমধিকবিস্তৃতচক্ষে,
পুত্র-ইন্দ্রজিৎ সপদি উপস্থিত সুবর্ণরথবরকক্ষে !
স্বপ্নদৃষ্টবহু-অন্তরসংস্থিত-উজ্জ্বল-উড়ুবরতুল্য,
লক্ষিত হইল তনয়বর অবিকল, শশি জিনি কান্তি অতুল্য।
মণিময়মুকুটসুসজ্জিতমস্তক নয়নরঞ্জিকর দর্শে,
রত্নখচিতকমকাঞ্চনকঞ্চুক ঝকমকি রশ্মি বিবর্ষে।
আর্ত্তনিনদি অতি কম্পিতদম্পতি পরশিল সুতবর-অঙ্গে,
স্পৃষ্ট নহিল সুত ; নিরখি মহাদ্ভুত চমকিত বিস্ময়সঙ্গে !
তখন ইন্দ্রজিৎ নমি পদপঙ্কজ কর যুড়ি অবনতশীর্ষে,
কহিল বাক্যচয় সুমধুররবসহ সুললিত-অমৃতবিবর্ষে।

ভ্রমরগুঞ্জনচ্ছন্দঃ।

ঈক্ষহ তনু মম, বিম্বিতসম পিত,
নির্ম্মলমুকুর-উপরে,
অম্বুলহরিগত- ভাস্কর-ছবিসম,
দর্শকগণমন' হরে।

১৮। মুকুর = দর্পণ।

সূক্ষ্ম নিরতিশয়, সাধ্য কি পরশন,
মিশ্রিত গগনস্বহিতে,
লিঙ্গতনু কথিত, সপ্তসহিতদশ-
সঙ্খ্যক-অবয়ব ইথে।
ইন্দ্রিয় উভবিধ, বুদ্ধিসহিত মন'
সংস্থিত ইহতনুবরে,
পার্থিববপু' জিনি, সক্ষম সমধিক,
অপ্রতিহতগতি ধরে।
কর্ম্মনিরত যত, জন্তু মরণপর,
বর্ণিততনু লভি সবে,
ধূম্রতিমিরময়- দুর্গমপথ ধরি,
ইন্দুনিকট গতি লভে।
তত্র উচিতমত ভুঞ্জি করমফল,
জন্ম লভই পুন'সবে,
চক্রসদৃশ অহ, ঘূর্ণিত জনগণ,
বৈধনিয়ম ইহভবে।
কিন্তু সুজন যত কর্ম্মবিরত হই
পুদ্গল পরিহরি সবে,
সৌরকিরণময়- উজ্জ্বলপথ ধরি,
ব্রহ্মনিকটগতি লভে।
উত্তমসুকৃতিগণ মুক্তিরতন লভি,
জন্মরহিত হয় ভবে,

১৮। পুদ্গল=শরীর।

বর্ণিনু অবিকল, বিশ্বনিয়ম যত,
বীক্ষিত' মুনিঋষিসবে।
ইচ্ছহ যদি পিত, বান্ধবদরশন,
সত্বর উঠি রথবরে,
সম্প্রতি চল মম সংহতি সযতন,
অদ্ভুতদরশনতরে।

কুহকমুগ্ধসম কৌণপদম্পতি সত্বর উঠি রথকক্ষে,
চলিল তনয়সহ নিরখি চতুর্দ্দিশি বিস্ময়বিস্তৃতচক্ষে।
ক্রমশ' ধূম্রময়বর্ত্ম পরিত্যজি, বিজুলিসদৃশ অবিলম্বে
সমুপস্থিত রথ ইন্দুরাজ্যবর সজ্জিত ঋক্ষকদম্বে।
বিস্ময়সহ অতি কর্ব্বুরদম্পতি নিরখিল পুরত' সহর্ষে,
অপূর্ব্ববিপিন সুবিস্তৃত অতিশয় নির্ম্মলকিরণ বিবর্ষে!
মরকতমণিময়সদৃশ সমুজ্জ্বল বিটপিনিচয় চিত রঙ্গে,
বিকসিত চৌদিশি অতুলকুসুমকুল অভিনবদিনকর গঙ্গে।
স্নিগ্ধশান্তিময়মৃদুল-অনিলদল অবিরল সুগন্ধ বর্ষে,
অনুপমসুন্দরচিত্রিতখগকুল কলরবরত চিতহর্ষে।
বিবিধজন্তুগণ চলিত ইতস্তত অন্যমনস্ক নিতান্ত,
স্ফূর্ত্তিশূন্যসব অদ্ভুতচরিত্র, চিন্তিতজনসমশান্ত!
তখন অকস্মাৎ নিরখিল দম্পতি করিকুল চলিত সদম্ভে,
মণিচুনিবিখচিতপৃষ্ঠ-আস্তরণ পদতল চুম্বি বিলম্বে।
ছিন্নপুচ্ছ কত কর্ত্তিতকরপদ, অবিরত বৃংহিতসঙ্গে,
চপলজলদসম চলিত চতুর্দ্দিশি রুধিরসমাপ্লুত-অঙ্গে।

১০। ঋক্ষ=নক্ষত্র।

পুনরপি নিরখিল বিবিধ-অশ্বকুল সজ্জিত সমরসুসজ্জে,
কনকরত্নময়মণ্ডনমণ্ডিত হৈম-অচল সুবিলজ্জে।
ক্ষতবিক্ষততনু রুধিরঘর্ম্মময়, উষ্ণনিঃশ্বসনসঙ্গে,
চলিত তুরগকুল চীৎকৃতি করি.ঘন অনিলগর্ব্বপরিভঙ্গে।
শূন্যহৃদয়সহ দুর্ব্বলদম্পতি সুদীর্ঘ নিঃশ্বসি দুঃখে,
ঈক্ষিল চৌদিশি, উদাস্যময়চিত, বিস্মৃতসমুদয়লক্ষ্যে !!
তখন অকস্মাৎ বিস্ময়সহ অতি নিরখিল সম্মুখ-অংশে,
স্বর্ণবিটপিবর সূর্য্যসমোজ্জ্বল সমগ্রবন অবতংসে !
সুললিতরত্নসদৃশসুমধুরফল লম্বিত বিটপ সুরম্যে,
পূর্ণ-ইন্দু জিনি সুন্দরসুমনস্ বিকসিত কান্তি সুসৌম্যে।
বর্ণিততরুতল উজ্জ্বলি সমধিক, উচ্চরত্নময়মঞ্চে,
বিপুল-অঙ্গধর-বিহঙ্গবর অতিহৃষ্টচিত্তসহ বঞ্চে।
তৃপ্তহৃদয়তনু ভক্ষি অমৃতফল, পুষ্ট নিরতিশয় কান্তি,
সুরধনু'সন্নিভ ললিতপক্ষরুহ নিরখি উদিত হৃদি শান্তি।
তখন বিহগবর, ঈক্ষি অবনিপতি, কৃত্রিমবিকুপিতচিত্তে,
গর্জ্জি ভয়ঙ্কর আক্রমণোদ্যত আস্ফুটি পক্ষ মুহূর্ত্তে !!
শঙ্কিত হই অতি কর্ব্বুরদম্পতি দৌড়িল কম্পিত-অঙ্গে,
নিরখি খগেশ্বর আস্য বিবৃত করি হাস্যনিরত চিতরঙ্গে।
কিঞ্চিদগ্রসরি পুনরপি নিরখিল বহু-অন্তর তরুপার্শ্বে,
অপূর্ব্বমৃগবর নিরখই দম্পতি সাশ্রুনয়ননতশীর্ষে।
অদ্ভুতকুরঙ্গ সুবর্ণময়তনু শশি জিনি কান্তি সুরঙ্গে,
তীক্ষ্ণবিশিখবর বিদ্ধ সতত অহ গলিতরুধিরময়বক্ষে।

১০। সুমনস্—পুষ্প। ১৪। পক্ষরুহ=পালক।

বিস্মিত হই অতি কৌণপদম্পতি নিরখি তনয়মুখচন্দ্রে,
সুধিল তথ্য যত, চিত্ত চমৎকৃত, মধুরযন্ত্রসমমন্দ্রে।

বৎস, কহত সব, অদ্ভুত-অভিনব,
ঈক্ষিনু যত তব- সদয়কটাক্ষে!
স্বপ্ন কি সমুদিত? সত্যবিষয় উত?
অক্ষম মমচিত অনুমিতিপক্ষে।
মন্ত্রকুহকসম নির্ণয় হয় মম,
দৈব-ছলনসম পরিগণি চিত্তে;
বৎস কহ সকল সত্বর অবিকল,
চিত্ত মম বিকল কলননিমিত্তে।

ব্যগ্র-অবনিপতি-বাক্যনিচয় শুনি সুতবর, অবনতশীর্ষে
প্রণমি চরণযুগ কহিল হস্ত যুড়ি অমল-অমৃত-অভিবর্ষে।

অদ্ভুত নয় পিত, সর্ব্ব তব বিদিত,
স্মরহ সকল নিজ চিতে,
ভ্রান্তি ঘটিত তব, সম্প্রতি অনুচিত,
চিন্তি বুঝহ অবহিতে।
কুঞ্জরকুল যত দৃষ্ট হইল পিত,
সর্ব্ব তবই নিজকরী,
যুদ্ধনিহত হই সংগত ইহপুর,
সূক্ষ্মসূ-অবয়ব ধরি।
অশ্বনিকর যত অশ্বতরণ করি,
পার্থিববপু' বিনিহতে,

৫। উত—অথবা। ১০। কলন—অবগতি।

লিঙ্গতনু স্থলভি সংস্থিত ইহপুর,
সজ্জিত অবিকলমতে।
স্বর্ণবিটপিতল মঞ্চ-উপরি, পিত,
ঈক্ষিছ স্থখিখগবরে,
পূজ্যগরুড়স্থত সংস্থিত অবিকল,
শান্তিসহিত ইহ পুরে।
মত্তগজসদৃশ, সূর্য্যকুলকমল,
যেক্ষণ, পিত, হরিনিলা,
সেক্ষণ তবসহ, যুদ্ধ করি বিহগ,
পার্থিবতনু বরজিলা!
স্বর্ণবরণবপু' অদ্ভুতমৃগবর
লক্ষিত তরুবরতলে,
ভৃত্য তবই নিজ, চিন্তি বুঝহ, পিত,
সংস্মরি বিষয় সকলে।
অদ্ভুততনু ধরি সংছলি রঘুপতি,
দণ্ডকবিপিনভিতরে,
কর্ম্ম-উচিতফল শীঘ্র লভিল অহ,
বর্জ্জিল তনু নৃপশরে।
সম্প্রতি যত যত লক্ষিত হয় পিত,
নিশ্চিত কহি সমুচিতে,
সর্ব্ব তবই নিজ- বান্ধবপরিজন,
ঈক্ষহ অবহিতচিতে।

কথনান্তর পুন' কিঞ্চিদগ্রসরি নিরখিল দম্পতি হর্ষে,
স্থবর্ণবিরচিত-অদ্ভুতপুরবর রবি জিনি রশ্মি বিবর্ষে।

প্রশস্তমণিময়সৌধ সমুজ্জ্বলি, রত্নবিনির্ম্মিতমঞ্চে,
সমস্তপুত্রপৌত্রগণ অবিকল অতুলশান্তিসহ বঞ্চে।
অক্ষয় চৈত্রাঙ্গদ তরণি সকল সমুপবিষ্ট মন'রঙ্গে,
বিজুলিপুঞ্জসম মণিময়সুবসন ঝলমল ঝলকিত অঙ্গে!
সজ্জিত-অপ্সর'যুবতিবৃন্দ মিলি বিধুনই বৃন্ত সহর্ষে,
সুললিতকুসুমনিকর কিন্নরগণ চৌদিশি সতত বিবর্ষে।
সুন্দরবন্দিনিচয় নন্দিতচিত নিয়ত সুযশ' পরিবর্ণে;
বংশীস্বন জিনি সুরব সমুত্থিত অমৃত বর্ষি মৃতকর্ণে।
পরিহরি সেস্থল কৌণপদম্পতি নিরখিল পুরত অকস্মাৎ,
জলনিধিসন্নিভবিপুলরণস্থল নিস্তৃণমসৃণ সমন্তাৎ।
তত্র সৈন্যগণ সৈন্যপতিনিকট শিক্ষই রণ মন'রঙ্গে,
কাঞ্চনকঞ্চুকমুকুট সমুজ্জ্বল ঝলমল ঝলকিত অঙ্গে।
চৌদিশি অসিচয় ঘূর্ণিত চকমকি চপলবিজুলিদল নিন্দে,
ভৈরবহুঙ্কৃতি উত্থিত ঘন ঘন নিন্দি মত্তগজবৃন্দে।
নিরখি মহাদ্ভুত চমকিত দম্পতি চলিত কণ্টকিত-অঙ্গে,
লভিল অকস্মাৎ তীব্রগন্ধচয় সমধিকবিস্ময়সঙ্গে।
ঝটিতি সুদম্পতি সমুদ্রসন্নিভ-হ্রদবর নিরখিল তূর্ণ,
বিশ্বভস্মকরবিষম-উগ্রতরতপ্তমণ্ডপরিপূর্ণ !!
জ্বলিতবহ্নিময়তরঙ্গ উত্থিত, দশদিশি ধূম্র বিকীর্ণ,
বিস্ফুলিঙ্গময়নরকসদৃশহ্রদ উপল ঝটিতি হয় জীর্ণ।
তত্র বিকটতনুকুম্ভকর্ণ অতি-অদ্ভুত চীৎকৃতিসঙ্গে,
শুশুকসদৃশ ঘন মজ্জিত উত্থিত ঢুলিঢুলি কতমতরঙ্গে !!
রক্তনয়নযুগ ঘূর্ণিত অবিরত, তনুবর পরম-উলঙ্গ,
উদর পূর্ণ করি মণ্ড ভক্ষি মুহু' টলটল ঢলঢল অঙ্গ।

হ্রদবরতটচয় সজ্জিত করি অতি যুবতিনিচয়, চিতরঙ্গে,
স্খলিত বসন, তনু টলিত নিরতিশয়, নর্ত্তিত হাস্যতরঙ্গে।
কুসুমগুচ্ছ লই নিক্ষিপই দ্রুত কুম্ভকর্ণশির'লক্ষ্যে,
সুদীর্ঘভুজ বিস্তৃত করি কৌণপ চেষ্টই পরশনপক্ষে।
বিস্ময়সহ অতি কর্ব্বুরদম্পতি চলিত পুরত' মৃদুমন্দে,
নিরখিল তখন মহাদ্ভুত-উপবন পূর্ণ অতুলতমগন্ধে!
রম্যকুসুমচয় বিকসিত চৌদিশি কনকরত্ন জিনি কান্তি,
সুমধুরমধুকরগুঞ্জন-গুঞ্জিত, রঞ্জিত চিত লভি শান্তি।
অমরযন্ত্র জিনি অধিকচিত্তহর পিককুল কলরব বর্ষে,
সুললিতশিখিকুল নর্ত্তিত চৌদিশি পুচ্ছ উচ্চ করি হর্ষে।
বর্ণিত-উপবনমধ্য-অবস্থিত মণিময়মন্দির রম্য,
অনুপমকিরণ-উজ্জ্বলিত দশদিক্, পূর্ণ-ইন্দুসম সৌম্য।
নিরখি অকস্মাৎ পূজ্যগুরুযুগল পুত্র-ইন্দ্রজিতভার্য্যা,
মন্দিরনির্গত, নিজগণবেষ্টিত অবগুণ্ঠিত মৃদু-আর্য্যা!!
করকিসলয় যুড়ি পুরত উপস্থিত সমধিক-অবনত-অঙ্গে,
কনককমলবর নর্ত্তিত, পরিগণি, সুমৃদুলসলিলতরঙ্গে।
তখন অকস্মাৎ নিরখি হৃদয়নিধি, দম্পতি থরথর-অঙ্গে,
মা—মা—রব করি নিপতিত মূর্চ্ছিত মহার্ত্তচীৎকৃতিসঙ্গে!
বহুসময়ান্তর সম্বিত লভি পুন' অবনিপ বিস্মিতমর্ম্মে
পরমচমৎকৃত; নিরখি পূর্ব্বমত পুত্র-ইন্দ্রজিতহর্ম্ম্যে!!
স্বপ্ননিচয়সম বিগত দৃশ্যচয়, মাত্র আত্মপল্লুপান্তে
নিপতিত দুঃখিতমূর্চ্ছিতরাজ্ঞী শশধরসদৃশ নিশান্তে।
তখন ধরণিপতি লুণ্ঠিত মস্তক পরশি বিকম্পনসঙ্গে,
স্নিগ্ধতুহিনজল সিঞ্চি কথঞ্চিৎ শান্ত করিল কৃশ-অঙ্গে।

ভর্ত্তৃবক্ষ'পর রক্ষি অবশশির' উত্থিত হই বহুযত্নে,
স্খলিতগমনসহ চলিত যুবতিমণি বর্ষি অশ্রুকণরত্নে।
পৃষ্ঠত' অবনিপ উভয়কক্ষ ধরি, অতিশয়-অবনত-অঙ্গে,
চলিত ধৈর্য্যসহ সান্ধ্যসূর্য্যসম পরমযত্নসহসঙ্গে।
সুগন্ধি-অনিল মৃদুল বহি সত্বর চলিল সহিত অতিধৈর্য্যে,
কনক-ছত্রসম সুললিতশশধর শীর্ষ-উপরি পরিসজ্জে।
স্তম্ভিত উড়ুগণ নিরখি অতুলগতি, গগন সুস্থ হৃতমর্ম্মে,
ক্রমশ উপস্থিত কৌণপদম্পতি মণিমণ্ডিতনিজহর্ম্ম্যে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে অন্তঃপুরদর্শনং
নাম চতুর্থঃ সর্গঃ।

পঞ্চমসর্গ।

সমস্তবিশ্ব-উপরি সমধিষ্ঠিত বিষ্ণুনগর অতিধন্য,
অনন্তভুবন সমুজ্জ্বলি সংস্থিত জগজ্জনমঙ্গলজন্য।
অসঙ্খ্যসুরপুরনিন্দিনগরবর, কি শক্তি মমলঘুচিত্তে ?
বর্ণিব অনুপমগৌরবসৌরভ জগন্মান্যসুমহত্ত্বে !!
কতশতমুনীন্দ্র চিন্তি লক্ষযুগ অক্ষম নগরসমীক্ষে,
কি সাধ্য মম কহ, পশিব তত্র পুন' বর্ণিব লঘুতমবাক্যে
কলুষবিষমবিষজর্জ্জর তনুচিত, মত্ত সতত অতিগর্ব্বে,
চপল নিরতিশয়, পশুসম অবিরত রত পার্থিবসুখসর্ব্বে।
অক্ষম অধম নিরতিশয় নিশ্চয় নগরসুবর্ণনজন্যে,
বহু-অন্তর রহি কহিব কথঞ্চিৎ শত শত নমি পুরধন্যে।
অতুল নগরবর পূর্ণ দৃষ্ট নয় মৃহুমৃহুরশ্মি বিসর্পে,
মৃদুলবিজুলিসম চকমকি ঘন ঘন জনগণধন্দ সমর্পে !
মরুগত-অম্বুলহরিসম দুর্ল্লভ, মাত্র নয়নমন' মুগ্ধে,
স্বপ্নসদৃশ হয় অনুমিত, তনুচিত সুখি করি কল্মষ দগ্ধে।
যখন বিজুলিসম উজলিত সুনগর, তখন দৃষ্ট সুবিশিষ্টে,
অগণিত-অতুলিত-অচিন্ত্যসুন্দরমন্দিরবর পরিতিষ্ঠে।
পার্থিববস্তু অদৃষ্ট তত্র অতি-অদ্ভুত গণি সবদৃশ্যে,
অপূর্ব্ব-অবর্ণ্য অতুলবিষয়সব দুর্ল্লভ সমুদয়বিশ্বে।

১৩। অম্বুলহরি=মরীচিকা।

শান্তসলিলসম মূর্ত্ত-অনিলচয় পুর পরিবেষ্টি বিসর্পে,
স্নিগ্ধ নিরতিশয় চিত্ত মুগ্ধ করি অতুলসুগন্ধ সমর্পে !!
অমৃতবিটপিকুল অমৃত সিঞ্চি ঘন সুস্থিত সুকুসুমসঙ্গে,
শান্ত নগরবর সুখদ নিরতিশয় সক্ষম ভবভয়ভঙ্গে।
কতশতশশিরবি সজ্জিত চৌদিশি ঝলমলি কিরণতরঙ্গে,
সুললিত-উড়ুকুল সুরশিশুসন্নিভ কৌতুকরত নগরাঙ্গে।
মণি জিনি উজ্জ্বলকুসুমখচিত কতসুরেন্দ্রধনু' পুর রঞ্জি,
চলিত চতুর্দ্দিশি হৃদয় মুগ্ধ করি, ঝলমলি মণিগণ গঞ্জি।
অসঙ্খ্য-অলিরব অগণিতপিকরবমধুরযন্ত্ররব নিন্দি,
ঝঙ্কৃতিসহ ঘন মিষ্ট অমৃতসম সুরব উদিত পুর বন্দি।
শান্তিকান্তিময়সরলমূর্ত্তিযুতবৈষ্ণবগণ অতিযত্নে,
ভক্তিনম্র হই উপবন সমুজলি চয়ন করই ফুলরত্নে।
রম্য-অপার্থিব-অমরযন্ত্র জিনি সুমধুররব করি হর্ষে,
হৃদয় মুগ্ধ করি অঙ্গ অবশ করি শান্তি-অমৃত অভিবর্ষে।
বিমুগ্ধ করি চিত কভু কভু সুদীপ্ত মুরহরমন্দিরচিত্র,
স্নিগ্ধ শান্ত করি অখিলবিশ্বতল, শশি জিনি কিরণ পবিত্র।
মন্দিরমধ্য সমুজ্জ্বলি অনুপমসুন্দরমঞ্চ সুধন্যে,
সংস্থিত সুরনরপূজ্যজনার্দ্দন ভবশুভবিতরণজন্যে।
অপূর্ব্বকিরণপুঞ্জপরিবেষ্টিত সহজদৃশ্য নয় চক্ষে,
কি সাধ্য মম কহ, নিরখি ঘৃণ্য হই, অদৃশ্য মুনিঋষিপক্ষে !
কলুষতিমিরপরিপূর্ণনয়ন মম নিদ্রিত সম রহি বিশ্বে,
অহংতত্ত্বময়-অন্তর নিরবধি বিমত্ত বিষয়কুদৃশ্যে।
ষড়রিপুকিঙ্কর বদ্ধ বন্দিসম অশক্ত অধম নিতান্ত,
ভ্রান্তিপূর্ণ সুধু অথচ দম্ভময়, কব কত কলুষ অনন্ত।

অসাধ্য মম মুরহরপদবর্ণন বন্দন কলুষিতশীর্ষে,
বিশ্ববন্দ্যপদপঙ্কজ অবিরল সুর-ঋষি অর্চ্চই হর্ষে।
শান্তিসলিলনিধি চরণকমলযুগ করুণান্বিত অতিধন্য,
উগ্রভবাম্বুধিতরণ-তরণিসম অগতিমহদ্গতিজন্য।
ষড়রিপুসর্পদমনমণিমন্ত্র মহান্ধহৃদয়বিধুতুল্য,
সুখ-অমৃতলহরি ধর্ম্মরত্নখনি অর্পই মুক্তি অমূল্য।
শক্তি কি মম, কহ, নিরখি চরণযুগ হৃদয়নয়ন করি তৃপ্ত,
চিত্ত বিদ্ধ করি কভু কভু পদবিধু ঝলমলি মৃদু পরিদীপ্ত।
কভু কমভুজচয় বক্ষউদর কভু লক্ষিত হয় চিত রঞ্জি,
বদনরত্ন কভু কভু সব্ব-অবয়ব সুললিতশশাঙ্ক গঞ্জি।
রবি জিনি উজ্জ্বলমুকুট শীর্ষ'পরি ঝলমল কুণ্ডল কর্ণে,
তড়িৎসদৃশমণ্ডনমণ্ডিত তনু ঝলকিত অতুলিতবর্ণে।
সব্যপার্শ্বগত লক্ষ্মী প্রমুদিত কিরণসুসজ্জিত-অঙ্গে,
উজলি চতুর্দ্দিশি অবিরত মিশ্রিত বিষ্ণুবিমলতনুসঙ্গে।
কষিতমহোজ্জ্বলকনকপুঞ্জসম মঞ্জুলঢলঢলকান্তি,
ফুল্লসরসতমহৈমপদ্মসম পদযুগ জগজ্জনশান্তি।
তবকরুণাচ্যুত, জননি, মনুজ যত ঘৃণার্হ জগতসমক্ষে,
মূর্খ-অধমজন জগন্মান্য হয় যদি পুন ঈক্ষ কটাক্ষে।
অসহ্য অকথ্য অর্থকষ্ট অহ ইচ্ছি বর্জ্জি ঘৃণিতাঙ্গে,
ঋণভয়খিন্ন ভৃত্য তব মৃতসম, ঈক্ষহ কিঞ্চিদপাঙ্গে।
অভিন্নমূর্ত্তিসদৃশ পরিলক্ষিত উভয়মূর্ত্তি সুরবন্দ্য,
তটস্থশক্তিসদৃশ কমলা স্থিত, বিষ্ণু পুরুষ অবিনিন্দ্য।
সিদ্ধপুরুষচিতগগনপূর্ণবিধু যুগলমূর্ত্তি ভবরত্নে,
মুক্তিবর্ত্মমণিবর্ত্তিসদৃশ, কহ, শক্তি কি নিরখি অযত্নে?

সম্মুখ সমুজলি সরস্বতী স্থিত ফুল্লকুসুমসম অঙ্গে,
সরসকমলময়মৃদুলমঞ্চ'পরি অতুলশান্তিসুখসঙ্গে।
অনুপমসুন্দরবাদ্যযন্ত্র লই সুমধুররব-অভিবর্ষে,
প্রকৃতিপুরুষগুণবর্ণনসুনিপুণ মুগ্ধ অতুলতমহর্ষে।
অমলধবলতনুকিরণ চতুর্দ্দিশি ঝলকিত সুললিতবর্ণে,
স্নিগ্ধ নিরতিশয় অখিলভুবনতল অমৃতপূর্ণতনুজন্যে।
সাধ্য কি মম করি পদযুগবর্ণন; সুরপতি বন্দই যত্নে,
বিশ্বজলধিবিধু মুমুক্ষুগতি, গণি, অন্ধনয়ন পদরত্নে।
অতুল, জননি, তব মহত্ত্বহিমগিরি, চিত্ত সদয় অতিদৈন্যে,
ঈক্ষ শুভঙ্করি বর্ষি অনুগ্রহ কলুষিত-অকৃতি-অধন্যে।
নিতান্তলঘুমতি অধমপশুসদৃশ, জননি, ঘৃণ্য মমচিত্ত,
তবপদদর্শন-অযোগ্য অতিশয় কৃমিসম ঘৃণার্হ ভৃত্য।
অসাধ্য মম তব-অতুলচরণযুগ হৃদিতল-অর্পণ জন্যে,
কল্পকুসুম কভু বিকসিত মৃতসমমরুতল-অবনি জঘন্যে?
দয়ার্দ্র অতিশয় হৃদয়পদ্ম তব জগজনমঙ্গলজন্যে,
সুরেন্দ্র-বন্দিত, জননি, চরণ তব অর্পহ শিরসি অধন্যে।
মূর্খভৃত্য তব, জননি অমৃতময়ি, নিজগুণ-অমৃতবিবর্ষে,
ক্ষমহ, অম্ব, মম শিশুমতি-পশুমতি, শতশতনতি পদপার্শ্বে।
অনুপমসুন্দর করি মন্দিরবর সমুপবিষ্ট সব হর্ষে,
স্নিগ্ধ চতুর্দ্দিক্‌ বিমলশান্তিময়-অমৃতলহরি-অভিবর্ষে।
বর্ণিতসময় সুরেন্দ্র উপস্থিত সমধিক-অবনতশীর্ষে,
রঞ্জিত গৃহতল রত্নমৌলিবর-মঞ্জুলকিরণবিবর্ষে।
করকুবলয় তুলি সমভিনন্দি অতি সুস্থিত করি মণিমঞ্চে,
ত্রিভুবনপূজ্যজনার্দ্দন কহিলেন্‌ বাক্য-অমৃত-অভিষিঞ্চে।

বংশস্থবিলচ্ছন্দঃ।

কি কার্য্য মৎসন্নিধি আর্য্য এক্ষণে ?
সমস্ত সংবর্ণহ সুস্থসৎ-মনে ;
তবাস্য সংদৃষ্ট বিশুষ্কপদ্মবৎ,
কি জন্য দুঃখাব্ধিনিমগ্ন অদ্য সৎ ?
তবদ্বিষদ্‌বর্গ বিপন্ন নিষ্প্রভ,
দবাগ্নি-আচ্ছন্নমৃগেন্দ্রসন্নিভ।
প্রলব্ধ সৎ-শম্ভুপদাব্জ নিশ্চিতে,
বিলব্ধ সৎকুন্ত অতুল্যবুদ্ধিতে ;
সমস্তসৌভাগ্য সুলব্ধ সজ্জনে,
কি জন্য দুঃখাগ্নিবিদগ্ধ এক্ষণে ?
অবশ্য শীঘ্র প্রতিবিঘ্ননির্জ্জয়ে,
সমর্থ সম্যক্, বুঝ শান্ত, চিন্তিয়ে ;
অমূল্যভাস্বৎ-মণিমন্ত্রসম্বলে,
বিমর্দ্দ তীব্রোৎকটসর্পবৎখলে।
প্রশান্তিধর্ম্মপ্রভৃতি স্থিরান্তরে,
সুসংলভ, শ্রেষ্ঠ, সমস্তদুস্তরে।
শান্তি-অমৃতময়-বিষ্ণুবাক্য শুনি সুরপতি অবনতশীর্ষে,
মৌলিকিরণসহ চুম্বি চরণযুগ কহিলেন্ ভক্তি বিবর্ষে।
যদিচ ঘটিত বহুমঙ্গল বিশ্বে,
বিষমবিপদ তবু বিশ্ব বিভস্মে ;

১৩। ভাস্বৎ—উজ্জ্বল।

বিনিহত নয় রিপুমুখ্য দুরন্ত,
সুকঠিন রিপুবধকার্য্য নিতান্ত !
মদকল দশমুখ শাঙ্করবীর্য্যে,
কি শকতি ঝটিতি বিনষ্টি অনার্য্যে ?
যদি শিব নিজবল অর্পই যত্নে,
রঘুকুলপতি-সুরবান্ধবরত্নে,
বিনিহত হয় অরি শাম্ভববীর্য্যে,
বিপদবহুল নতুবা স্থিরকার্য্যে।
সভয় হৃদয় মম কিন্তু নিতান্ত,
কি করি লভিব শিবশক্তি অনন্ত ;
প্রভু তবনিজগুণ বর্ষি অধন্যে,
করহ সুগতি ভবমঙ্গলজন্যে।

সুরপতি-সুমৃদুলবাক্যনিচয় শুনি মুরহর সমধিকযত্নে,
শান্তি-অমৃতচয় বর্ষি বিমলতম কহিলেন্ সুরপতিরত্নে।

প্রশস্তসদ্‌যুক্তি সমুক্ত এক্ষণে,
বিশিষ্ট সংচেষ্টিব অদ্য সৎ-মনে ;
অবশ্যকর্ত্তব্য সুকার্য্য সত্বরে,
সুকার্য্য মাত্র স্থিরবন্ধু দুস্তরে।
বিচিন্তি কিন্তু প্রিয়যুক্তি এক্ষণে,
চল স্থিরান্তশ্চতুরাস্যদর্শনে ;
চতুর্ম্মুখোৎপন্নসদুক্তি এক্ষণে,
নিতান্ত যুক্ত স্থিরকার্য্য-অর্জ্জনে।

কথনান্তর মুররিপু অতি সত্বর পরিহরি মঞ্চসুরত্নে,
ব্রহ্মনগর-অভিগমনসমুদ্যত হইলেন্ সমধিকযত্নে।

প্রকৃতি-উভয় উঠি তখন বিনত হই সমধিকসকরুণচক্ষে,
নিরখি বিষ্ণুপদ কহিল সমস্বরসহিত মৃদুলতমবাক্যে।
মরি মরি, কি মধুর-অমৃতপূর্ণরব, বিমুগ্ধ হই সুখহর্ষে,
মধুকরপিককুল শিক্ষই সুস্বর সমধিক-অবনতশীর্ষে।

গজগতিচ্ছন্দঃ।

কি গণি সম্প্রতি, বিভো,
প্রচলিত স্থিরমনে ?
তড়িতবৎ পরিহরি
প্রভুপদাশ্রিতজনে !!
নিদয়বৎ পরিহরি
প্রিয়তমা-উড়ুসবে,
কহ হৃদীশ্বরসখে,
বিধু সমুত্থিত কবে ?
কি ধন সংলভি কহ,
স্থির রহি স্বভবনে,
নলিন কি স্থির রহে,
প্রিয়রবিপ্রভুবিনে।
বিতরি সদ্‌গুণকণে,
লহ সহ প্রিয়জনে,
পদরজঃপ্রতিম হে,
রহিব সৎপদসনে।
তবপদাশ্রিত সদা
বুঝহ এ উভজনে,

মৃতসম প্রভু বিনা
তরি যথাম্বুবিহনে।
মৃদুলদৃষ্টিসহ তখন জনার্দ্দন নিরখিল নয়ন-অপাঙ্গে,
মরি, কি সুচঞ্চল ললিতদৃগঞ্চল ফুলসম তরলতরঙ্গে।
অমৃত সিঞ্চি ঘন শান্তিসলিলসহ ধবল করিল সববিশ্বে,
কতশতমন্মথরতি হয় বিমুগ্ধ দৃষ্টি নিরখি নতশীর্ষে।
অতিশয়-অনুপমদৃষ্টিসহিত বিভু নিরখিল উভয়সুভার্য্যা,
ঝটিতি তখন অতি রশ্মিপূর্ণতনু হইল উভয়মৃদু-আর্য্যা।
ক্রমশ' সূক্ষ্ম হই মৃদুলবিজুলিসম ঝিকিমিকি করি অতিযত্নে,
মিশিল সুসত্বর তরুণজলদসমহরিপদসরসিজরত্নে।
সুরপতিসহিত তখন মুরমর্দ্দন উদ্যত হরষিতচিত্তে,
ব্রহ্মনগরবরগমনজন্য অতিসমুচিতযুক্তিনিমিত্তে।
ক্রমশ উপস্থিত উজলি চতুর্দ্দিক্ বিরিঞ্চিজনপদপার্শ্বে,
অতুল নগরবর, অবিরল চৌদিশি অরুণকিরণ অভিবর্ষে!
মৃদুরক্তিম সবতরুগিরিগৃহনদ অনুপমকান্তি সমর্পে,
দিঙ্‌মণ্ডলবর সতত সুরক্তিম শান্তরশ্মি-অভিসর্পে।
ক্রমশ' চতুর্ম্মুখ-আশ্রমসন্নিধি উপগত উভয় সহর্ষে,
অনুপম-আশ্রম কি সাধ্য বর্ণন; শশধর জিনি কর বর্ষে।
বিমলকুসুমময়ললিতবিটপিগণ চৌদিশি ফুলকুল বর্ষে,
কুসুমাঞ্জলি, গণি, অর্পই তরুগণ বিমুগ্ধচিত্ত চিরহর্ষে।
অলিদলমিলিত-কুসুমযুতবল্লরি-উপরি বসি স্থিরযত্নে,
তুলিত সতত মৃদুবনদৈবতগণ ঝলমলি নখমণিরত্নে।

১১। মুরমর্দ্দন = বিষ্ণু।

অবিরত বিশুদ্ধযজ্ঞ রন্ধ্র কত ধূম্র উগরি বহু-উর্দ্ধে,
ধূম্রবর্ত্ম রচি দর্শই, পরিগণি, মুক্তিমার্গ সুবিশুদ্ধে।
বহুবিধসৃষ্টজন্তুগণ মঞ্জুল-আশ্রম রঞ্জি সুতিষ্ঠে,
পূর্ণ সতত শুভ-আশ্রমবর মৃদুবিহঙ্গসুরব সুমিষ্টে।
ললিতকলভকুল-দলিতবিশদতমমৃদুবিস পতিত অনন্ত,
বনদৈবতগণ-বিমলকরবলয় পতিত, বিচিন্তি, নিতান্ত।
মণ্ডনমণ্ডিতশিখণ্ডিমণ্ডল তাণ্ডব করি অতিহর্ষে,
যজ্ঞবহ্নি পরিবর্দ্ধই অবিরত পক্ষপবন-অভিবর্ষে।
আশ্রম-অনুপমশান্তধর্ম্মপরিরক্ষণজন্য, বিচিন্তি,
শাশ্বতকলহ বিবর্জ্জি জন্তুগণ শান্ত বিতরি সুখশান্তি।
মৃগপতিশিশুসহপরিচিতমৃগশিশু পরিহরি মৃগদল আত্ম,
সিংহীস্তনরস পিবই নৃত্য করি সমধিকনির্ভয়চিত্ত।
করিকরভনিকর সুমৃদুলবিস গণি সিংহধবলজটসূত্রে,
কর্ষই অবিরত শুণ্ড বক্র করি, সুস্থিত হরি মুদি নেত্রে !!
যদিচ মদান্ধ দন্তিগণ তবু অতিশান্তদান্ত সুখহর্ষে,
গণ্ডলগ্নমধুকরকুল অহিংসি কর্ণপবন-অভিবর্ষে।
অধিক কি তরুকুল অবিরল বিশুদ্ধযজ্ঞধূম্র লভি পৃষ্ঠে,
কৃষ্ণ-অজিনবৃত-ঋষিকুলসন্নিভ ফুলফল লই পরিতিষ্ঠে।
বিকর্ষি মৃদুদল-বস্ত্র অনিলদল ফুলপরিমল লই যত্নে,
বিতরি সুগন্ধ চলিত মৃদুমন্দ বিবন্দি সদাশ্রমরত্নে।

৫। কলভ=হস্তিশাবক। ৭। শিখণ্ডী=ময়ূর। ১০। শাশ্বত=নিত্য।
১৪। হরি=সিংহ। ১৫। দন্তী=হস্তী। ১৮। অজিন=মৃগচর্ম্ম।

পবিত্র আশ্রম সিক্ত সতত শুভশান্তিসলিল সুবিশিষ্টে,
অনঙ্গ-অশ্রুত, কলুষ-অপরিচিত, অদৃষ্ট কলিযুগ দুষ্টে।
ব্রাহ্মনিচয় যত শান্তিকান্তিযুত সমুপবিষ্ট সুখিচিত্তে,
শ্রুতিপঠননিরত সুস্বরসহ অতি জগজনশান্তিনিমিত্তে।

বর্ণিত-অনুপমপবিত্র-আশ্রম-সুবিমলমধ্যম-অংশে,
বিমলসরঃ স্থিত ধবলসলিলময় আশ্রমবর অকতংসে।
ত্রিভুবনলক্ষ্মী-প্রিয়মণিদর্পণ, চিন্তি, শান্তজলপুঞ্জে;
স্ফটিকসদন, গণি, বিরচিল বিধি রবিদগ্ধ-অবনিচিতরঞ্জে।
নিস্যন্দিত হই সুললিতদিক্‌চয়, পরিগণি, হইল সুদৃশ্য,
দ্রব হই গগনসমস্ত অবস্থিত, বিগলিত, গণি, হরহাস্য।
শরজ্জলদদল তরলিত নিশ্চিত ললিতসলিলসমকান্তি,
ত্রিভুবনপুণ্যপুঞ্জ, গণি, সংস্থিত, বরুণসদন, পরিচিন্তি।
স্বচ্ছ নিরতিশয়, বিরচিত, পরিগণি, ঋষিগণনির্ম্মলসত্ত্বে,
দ্রবমৌক্তিকসহ হরিণনয়নসহ নির্ম্মিত জল, গণি, চিত্তে।
তরলতরঙ্গ-সুবিম্বিত-শশিরবি অনুপমসুন্দরকান্তি,
ব্রহ্ম-সমীক্ষণজন্য উপস্থিত বিজুলিনিচয়, পরিচিন্তি।
স্নিগ্ধবিশদতমমঞ্জুকুমুদগণ রঞ্জই হাস্যতরঙ্গে,
আশ্রমদর্শনজন্য সপ্ত-ঋষি সমুপস্থিত চিতরঙ্গে।
দুগ্ধধবলতনুমুগ্ধহংসকুল বিকচকমলকুলসঙ্গে,
নর্ত্তিত অবিরল মৃদুল-অনিল লভি তরলিতস্খলিততরঙ্গে।

বর্ণিতসর'বরমধ্য-অবস্থিত কনকপদ্ম অতিরম্য,
মরিমরি, কি মধুরকিরণ চতুর্দ্দিশি বিস্তৃত বিমুগ্ধি মর্ম্ম!

৯। নিস্যন্দিত=গলিত।

তদুপরি সংস্থিত সৌম্যচতুর্ম্মুখ মহর্ষি জিনি সুপবিত্র,
আত্মলগ্ন চিত, সুস্থির তনুবর মুদ্রিত সুমৃদুলনেত্র।
স্নিগ্ধসুরক্তিমললিতনধরতনু চৌদিশি শান্তি বিবর্ষে,
চরণকমলদল অমলবিধুসদৃশ, সুরকুল নিরখই হর্ষে।
অনুপম-উজ্জ্বলমুকুট সুসজ্জিত চতুরশীর্ষ সুবিশুদ্ধে,
তপ'তরু-মঞ্জুলমঞ্জরিসম মৃদুরশ্মি সমুত্থিত ঊর্দ্ধে।
সুবিশদবিসগুণসদৃশশুভ্রতমযজ্ঞসূত্রবর অঙ্গে,
স্বয়ং বিশুদ্ধি অবস্থিত, পরিগণি, পূজ্যধর্ম্মবরসঙ্গে।
শ্রুতিবচন-কথনজন্য বিনির্গত দশনসুরশ্মিসমগ্রে,
ধবলিত সম্মুখ, কিরণপুঞ্জসম সুন্দরবিধুবর-অগ্রে।
উন্মুখহংসসদৃশ অতিসুললিতশুদ্ধকমণ্ডলু পার্শ্বে,
মুক্তিবর্ত্ম, গণি, দর্শই অবিরত ঊর্দ্ধকণ্ঠ হই হর্ষে।
ধরণি নিন্দি অতিধৈর্য্যনিলয় বিধি, সমুদ্রসদৃশ অধৃষ্য,
পূর্ণ-ইন্দু জিনি শান্তিসমন্বিত, নবরবি নিন্দি সুদৃশ্য।
ধর্ম্মসৌধসম অতুল শুদ্ধতম, সিদ্ধিমার্গ-উপদেষ্টা,
বিষমনরকপথ-অর্গলসন্নিভ তনুরুচি শুচিসুবিশিষ্টা।
শাস্ত্ররত্নকুল-নিকষ-উপলসম, ইন্দ্রিয়বন-দবতুল্য ;
সত্যসদাশ্রয়, পুণ্যসলিলনিধি বিধিপদ পরম-অমূল্য !
উদরকমলদল-নির্গতসুকিরণ উত্থিত সতত বহূর্দ্ধে,
প্রস্রবণসদৃশ অতুলবিমলতম বিসর্পি রশ্মি বিশুদ্ধে।
চৌদিশি বিস্তৃত ললিতকিরণকণ কুসুমবৃষ্টিসম শূন্যে,
বিরচিত হয় কত বিশ্ব বিবিধমত রশ্মিবিন্দুকুলজন্যে।

১৭। নিকষ=কষ্টি।

অনন্তসৌরজগৎ কত নির্ম্মিত উজ্জ্বলশশিরবিসঙ্গে,
গ্রহগণ কতশত বিরচিত-অবিরত অদ্ভুতসুবিপুল-অঙ্গে।
সপদি চতুর্ম্মুখ, বিষ্ণু-উপস্থিতি অবগত হই সুখিচিত্তে,
সরলদৃষ্টিসহ রচি মৃদু-অঞ্জলি উত্থিত মিনতিনিমিত্তে।
চন্দনবিরচিতরম্যমঞ্চযুগ বিখচিত মণিমতিবৃন্দে,
অর্পণ করিলেন্ সত্বর্ সযতন সজ্জিত কুসুম অনিন্দ্যে।
সুরপতিসহিত তখন মুরমর্দ্দন বসিলেন্ সমধিকহর্ষে,
বসিলেন্ অপর মঞ্চ'পর বিরিঞ্চি ভক্তিবিনয়নতশীর্ষে।
অতুলসমুজ্জ্বল অনুপম-আশ্রম সুরগণতনুশশিবর্ণে,
শত শত বিজুলিবর্ত্তিদল, পরিগণি, উজলিল কুসুম-অরণ্যে।
তখন অমরগণ পদযুগ-বন্দনজন্য নিরতিশয়হর্ষে,
সরসবসন্ত সপদি সমুপস্থিত দশদিশি অমৃতবিবর্ষে।
তরুবল্লরিকুল হইল সুসজ্জিত অভিনবসুমৃদুলপত্রে,
বিকসিল চৌদিশি অগণিত ফুলকুল বহুবিধ চিত্রিতগাত্রে।
গুঞ্জি মধুপকুল ভুঞ্জই নবমধু চুম্বি কুসুমকুল-আস্যে,
অনুপমঝঙ্কৃতি উত্থিত বনময় শান্তি বর্ষি পরকাশ্যে।
নবপিককুল মিলি কুহরিল পঞ্চম বিমুগ্ধ করি চিত তূর্ণ,
মরিমরি, কি মধুর-অনুপমসুস্বর-অমৃতপুঞ্জপরিপূর্ণ।
কুসুমগন্ধ বহি মন্দ-অনিলদল বন্দিল অমরকদম্বে,
স্নিগ্ধশান্তিময় হইল নিরতিশয় আশ্রমবর অবিলম্বে।
তখন চতুর্ম্মুখ অমৃতনিন্দি-অতিসুন্দরবচনবিবর্ষে,
ভক্তিসহিত করকুবলয় সম্পুটি কহিলেন্ সুরবিনতশীর্ষে।

৪। মিনতি—বিনয়প্রকাশ।

উপেন্দ্রবজ্রাচ্ছন্দঃ।

তৃষার্ত্ত সম্প্রাপ্ত সুধাব্ধি যত্নে,
সমীক্ষি সম্পূজ্যপদাব্জরত্নে।
প্রশান্ত মৎ-চিত্ত সহর্ষ অদ্য,
সুধন্য সম্যক্ চতুরাস্য সদ্যঃ।
বিনির্দ্দিশ, শ্রেষ্ঠ, সদুক্তি ধন্যে,
নিযুক্ত ভৃত্য প্রভুকার্য্যজন্যে।
তবোক্তকার্য্য প্রিয়কার্য্য বিশ্বে,
প্রশান্ত পৃথ্বী প্রভু-আস্যদৃশ্যে।
সমস্ত বিশ্ব প্রভু-অঙ্ঘ্রিপার্শ্বে,
বিনম্র সম্যক্ মহিলগ্নশীর্ষে।
মুনীন্দ্রসংবন্দ্যপদাব্জযুগ্মে,
কিসাধ্য সংচিন্তি অধন্যভাগ্যে!
সরলচতুর্ম্মুখবাক্যনিচয় শুনি মুররিপু সুবিনয়সঙ্গে,
কহিলেন্ সুমধুরমৃদুলবচনচয় সমধিকসুস্থির-অঙ্গে।
নিতান্ত-উদ্বিগ্ন-অশান্ত-অন্তরে,
উপস্থিত, শ্রেষ্ঠ, তবাশ্রমান্তরে;
অমূল্যসদ্যুক্তি কহি স্থিরান্তরে,
প্রশান্তহ, শ্রেষ্ঠ, অশান্ত-অন্তরে।
তবোক্তযুক্তি স্থিরযোগ্য নিশ্চিত,
সমুপ্তশস্যপ্রতি অম্বু যদ্বিধ;
অনুগ্রহি শ্রেষ্ঠ, সমস্তদুস্তরে,
প্রদর্শ সদ্বর্ত্ম সহর্ষ-অন্তরে।

১১। সংবন্দ্য=বন্দনীয়। ২০। সমুপ্ত=রোপিত।

স্থলব্ধ সম্পদ্ যদিচ প্রকাশ্যত,
তবু স্থিত, শ্রেষ্ঠ, বিপদ্ মহোদ্ধত ;
অহো দুরন্তদ্বিষদুগ্র উৎকটে,
অবধ্য সংচিন্তি সমীক্ষি দুর্ঘটে !
স্বয়ম্ভু সৎ-শক্তি অভীপ্সি সর্ব্বথা,
অবধ্য বিদ্বিষ্পতি চিন্তি অন্যথা,
দবাগ্নি ভিন্ন স্থিরবৃক্ষ দুর্জ্জয়ে,
কিসাধ্য অন্যে প্রতিহিংসি ভস্ময়ে !
কি সম্বলে, শ্রেষ্ঠ, সমর্জ্জি তৎ-ধনে,
সুযুক্তি কর্ত্তব্য অবশ্য এক্ষণে ;
তবাত্মসম্যক্শুভবুদ্ধিসদ্গুণে,
প্রদর্শ, আর্য্য, স্থিরযুক্তি এক্ষণে।

তখন নিরতিশয়-অবনত হই যুড়ি করযুগ সমধিকযত্নে,
কহিল সুরেশ্বর মধুরবাক্যচয় সমীক্ষি বিধিপদরত্নে।

সমুদয় সুবিদিত পূজ্যপদাব্জে,
কি বিষমতমগতি দুর্ব্বল-আর্য্যে।
দলিত নিহত অহ বিশ্ব অনন্ত,
অবনত অনুদিন ধার্ম্মিকশান্ত।
জ্বলিত অনলসম কল্মষ বিশ্বে,
নিহত সকল পরিবর্ত্তিত ভস্মে !
তবপদবিন্দু গতি নাস্তি সমস্তে,
করহ সুপথ নিজ ধার্ম্মিকহস্তে।
জলনিধিবিন্দু কভু সক্ষম অন্যে,
তৃষিতভুবনচিততর্পণজন্যে ?

সমুদয়সুরনর রক্ষহ শীঘ্র,
জ্বলিত বিপদময়বহ্নি উদগ্র।
তবপদসরসিজ আশ্রয় চিন্তি,
কর শুভগতি পুন অর্প সুশান্তি।
সুরপতিবাক্যনিচয় শুনি পবিত্রহৃদয়চতুর্ম্মুখ যত্নে,
সুমৃদুলকর তুলি কহিলেন্ সত্বর মধুময়বচনসুরত্নে।
অনন্তসৌভাগ্য বিচিন্তি অদ্য,
শুনি স্থিরান্তেঃ তব-উক্তি সদ্যঃ ;
সুযুক্তি কর্ত্তব্য সুবুদ্ধিসঙ্গে,
অভীপ্সি মাত্র প্রিয়ধর্ম্ম-অঙ্গে।
জগৎ-মহৎ-দুঃখবিপত্তিভঙ্গে,
অনিচ্ছু কে, শ্রেষ্ঠ, অনিত্য-অঙ্গে ?
সমর্পি আত্মাঙ্গ জগৎ-নিমিত্তে,
অতুল্যশান্তি প্রবিলব্ধ চিত্তে।
বিনষ্টি দুষ্টাত্ম, সুরক্ষি শিষ্টে,
সমর্প সৌভাগ্য সমস্তসৃষ্টে।
বিপত্তিসংমগ্ন-অমর্ত্ত্যসর্ব্বে,
সুরক্ষ বিদ্বিষ্‌পতি গর্ব্ব খর্ব্বে।
সুযুক্তিজন্যে প্রভুশম্ভুপার্শ্বে,
গতিপ্রতি, শ্রেষ্ঠ, সুচেষ্ট হর্ষে।
অবশ্য সচ্চিন্ময়শম্ভু ধৈর্য্যে,
সমর্পিবেন্ শক্তি বিপন্ন-আর্য্যে।

৮। স্থিরান্তেঃ—স্থিরচিত্তে।

কথনান্তর সুরগণ সুবিনয়সহ সমধিকপুলকিতবক্ষে,
নিজনিজকিঙ্করসহ অতিসত্বর চলিলেন্ শম্ভুসমক্ষে।
চলিত অমরগণ উজলি নভঃস্থল রঞ্জি মঞ্জুঘনপুঞ্জে,
গগনসরঃস্থিতকনকপত্রময়পঙ্কজ, গণি, চিত রঞ্জে।
অনুপম-অঙ্গ-অলঙ্কৃতিসুকিরণ দশদিশি কুসুম সুচিত্রে,
দিগ্‌যুবতিনিচয় অর্পই, পরিগণি, কুসুমাঞ্জলি সুখিচিত্তে।
দিগ্‌গজনিচয় বিবর্ষি মৃদুলতমমদজলকণ মন’রঙ্গে,
স্নিগ্ধ করিল রবিতপ্তগগনপথ, অনিল চলিত মৃদু-অঙ্গে।
সিদ্ধমিথুনগণ নমিল চতুর্দ্দিশি ঝঙ্কৃতিসহ নতশীর্ষে,
স্তম্ভিত সকলনভশ্চর সমধিক আপ্লুত বিস্ময়হর্ষে।
গ্রহকুল চৌদিশি চলিত সুরবসহ বিবর্ণি বিভুগুণরত্নে,
বন্দিল সমুদয় সুন্দর-উড়ুদল পদতল লুণ্ঠি সযত্নে।
ত্রিভুবনমঙ্গলজন্য অমরগণ চলিত উজলি সববিশ্বে,
স্নিগ্ধশান্তিময়সুখময় করি ভব অনুপমপবিত্রদৃশ্যে!
ক্রমশ’ উপস্থিত পূজ্য-অমরগণ শম্ভুনগরবরপার্শ্বে,
দীপ্ত নগরবর বহ্নি নিন্দি অতিতপ্তকিরণ অভিবর্ষে।
প্রখরপবন ঘন উষ্ণ বিনিঃশ্বসি নগর বেষ্টি অভিসর্পে,
সাধ্য কি দুর্ব্বলতুচ্ছজগজ্জন নগরনিকট পদ অর্পে।
ভৈরবগর্জ্জন অযুতবজ্র জিনি উত্থিত সতত সদর্পে,
ত্রিভুবন মূর্চ্ছিত, শঙ্কিতশশিরবি চমকি থমকি অভিসর্পে।
ক্রমশ’ অমরগণ হইল উপস্থিত বিকটনগরসুবৃহত্ত্বে,
নিরখিল চৌদিশি দৃশ্য ভয়ঙ্কর সমধিকবিস্মিতচিত্তে!
বহ্নিসমোজ্জ্বলপর্ব্বত অগণিত অবিরত বহ্নি বিসর্পে,
ধূম্রসহিত বহু-উপল অগ্নিময় চৌদ্দিশি চলিত সদর্পে।

প্রকাণ্ডতরুকুল চণ্ড-অনলময় ধক্‌ধক্‌ জ্বলিত সমন্তাৎ,
স্ফুলিঙ্গ সুবিকট সূর্য্যবীর্য্য জিনি চকমকি চলিত অকস্মাৎ।
বহ্নিপূর্ণবহুজলধিসরিৎহ্রদ চৌদিশি ভৈরব-অঙ্গে,
পর্ব্বতলঙ্ঘিতরঙ্গ সমুত্থিত বহ্নিবিসর্পণসঙ্গে!
অসঙ্খ্যসূর্য্য সমুত্থিত যুগপৎ বিপুলনভঃস্থলশীর্ষে,
যুগান্ত-অনলপুঞ্জ জিনি অবিরল উগ্ররশ্মি অভিবর্ষে!!
ধক্‌ধক্‌জ্বলিত সমগ্ররুদ্রপুর মূর্ত্তবহ্নি জিনি চণ্ড,
বিশ্বভস্মকর দৃশ্য ভয়ঙ্কর নিন্দি চণ্ডযমদণ্ড!!
বিকটশৈবগণ রৌদ্রমূর্ত্তিযুত চলিত অগ্নি-অভিবর্ষে,
অভ্রচুম্বি-অতি-উচ্চজটান্বিত শৃঙ্গসদৃশ গিরিশীর্ষে।
বহ্নিপিণ্ড জিনি নয়ন মহোজ্জ্বল তীব্ররশ্মি অভিসর্পে,
'প্রলয়পবন জিনি উগ্রনিঃশ্বসন বিশ্ব ভস্মি নিজদর্পে।
জ্বলিত-অনল জিনি পট্টবস্ত্রযুত, রক্তকুসুমকুল কর্ণে,
ত্রিশীর্ষভল্লসমন্বিতকরতল ঝলমল উজ্জ্বলবর্ণে।
নিরখিল তখন অমরগণ পর্ব্বত-উপরি মদোৎকটবীর্য্যে,
দুর্জ্জয়ধূর্জ্জটি তাণ্ডবি অবিরত সংরত সংহরকার্য্যে!!
ভৈরবতনুবর অতিশয়-অনুপম কি সাধ্য নিরখিব চক্ষে,
পরার্দ্ধপর্ব্বত তুচ্ছ নিরতিশয় সুবিপুল-অঙ্গসমক্ষে!
প্রলয়সূর্য্য জিনি দীপ্ত পঞ্চমুখ অক্ষিনিচয় মহদুগ্র,
শীর্ষ-উপরি অতিবিকট জটা স্থিত ঝলমল কিরণ উদগ্র!!
বিষমভয়ঙ্করদীর্ঘচতুর্ভুজ শমনদণ্ড পরিগঞ্জে,
বিশ্বসদৃশ অতিবিপুল-উরঃস্থল বজ্রপুঞ্জ অভিভঞ্জে।

১৪। ত্রিশীর্ষভল্ল = ত্রিশূল। ১৬। সংহর = বিনাশ।

শৈললঙ্ঘি-অতিদীর্ঘজঙ্ঘযুগমাংসল পৃথুল নিতান্ত,
প্রস্তরপুঞ্জ বিগঞ্জি চরণযুগ অদ্ভুতদৃঢ়বলবন্ত।
ব্যাঘ্রচর্ম্মপরিবেষ্টিতকটিতট উজ্জ্বলরশ্মি বিবর্ষে,
উদ্ধৃতফণফণিবর্গ গাত্রময় বহ্নি বিনিঃশ্বসি হর্ষে।
ডমডমডমরুবাদ্য অতিভৈরব অসংখ্যডিণ্ডিমদর্পে,
ত্রিশীর্ষভল্ল ভয়ঙ্কর ঘূর্ণিত বন্‌ বন্‌শব্দবিসর্পে।
হস্তিচর্ম্মবর শীর্ষ-উপরিধৃত সুসিক্ত রুধিরতরঙ্গে,
ব্যোম্‌ ব্যোম্‌ ধ্বনিসহ গর্জ্জি সতত হর সংরত তাণ্ডবরঙ্গে।
টলমলকম্পিত বৃহদ্বিশ্বযত ভৈরবনর্ত্তনদম্ভে,
অবিরত বিনিহত অখিলজগজ্জন থরথরি শশিরবি কম্পে!
ভৈরবগাত্র-বিনির্গত-অগণিত-অগ্নি-অর্চ্চি' গুরুগর্জ্জে,
বিস্তৃত দিগন্ত সংদহি অনন্তবিশ্ব ভয়ঙ্করবীর্য্যে।
দগ্ধ শলভসম সতত ভুবনকুল উৎকটবহ্নিতরঙ্গে,
উহু কি ভয়ঙ্কর মত্তমহেশ্বর বিশ্বদহন-রণরঙ্গে!!
প্রলয়মূর্ত্তিবর নিরখি চিত্ত মম শঙ্কিত অতিশয় অদ্য,
কখন হইব অহ ভস্ম, মনুজতনু ভঙ্গুর নশ্বর সদ্যঃ!!
যত যত গৌরব অনুপমধনজন সপদি বিসর্জ্জি সমস্তে,
অহহ মুগ্ধজন ঝটিতি দগ্ধসব জগদ্ধ্বংসিযমহস্তে!
ঈক্ষ জগজ্জন বিকটমৃত্যু নিজ মূর্ত্তশম্ভুপদ-অন্তে,
মুহূর্ত্ত নিরখি জগৎ, সব হতমতি বিস্মরি বিষমদুরন্তে?
অগণিতসুরম্যকুসুমপূর্ণভব-উপবন চিত্ত অশান্তে,
যত্নসহিত মন' রক্ষহ বুধগণ সংস্মরি মৃত্যু দুরন্তে।

৫। ডিণ্ডিম=বাদ্যযন্ত্রবিশেষ। ২১। অশান্তে=অশান্ত করে।

নিশ্চয় নিশ্চয় বুঝহ যুবকগণ ভবতল পরিহরি সর্ব্বে,
কৃতান্তকবলিত অবশ্য সত্বর নিষ্ফল ধনজনগর্ব্বে!
অনুপমতনু তব বসনসুসজ্জিত হাস্য নিয়ত মুখপদ্মে,
কতবিধ কল্পিত কতশত বাঞ্ছিত হর্ম্ম্য সতত হৃদিসদ্মে।
ললিতযুবতিকুলমৃদুলবদনতনু চিন্তহ কতকতরঙ্গে,
সুন্দর-উজ্জ্বলসৌধপূর্ণগৃহ চিন্তিত কত সুখসঙ্গে।
কিন্তু বন্ধুগণ বুদ্ধিশূন্য বলি নর্ত্তন কর মন্ন'রঙ্গে,
সকলি অকস্মাৎ ভস্ম বুঝহ গণি মিলিত অবনিতলসঙ্গে!!
বর্জ্জি চপলমতি হৃদয়বন্ধুগণ চিন্তহ চিত্ত বিশুদ্ধে,
কি বিষম-অদ্ভুতদৃশ্য সমীক্ষিছ বিপুলবিশ্ববরমধ্যে।
কত তবধনজনবিমলপরিচ্ছদ অনুপমকান্তি সুরম্য,
সকলি বর্জ্জি অহ সপদি ভস্মসাৎ পরিহরি সুখময়হর্ম্ম্য!!
মুহূর্ত্ত চিন্তহ যুবকবন্ধুগণ চপলবুদ্ধিপরিবর্জ্জে,
বিকটজগদ্দলমৃত্যু নিকট তব বজ্রসিংহসমগর্জ্জে!!
তখন অমরগণ নিরখি শৈবপদ সম্ভ্রমসহ অতিহর্ষে,
করিল পরিস্তুতি সমরবসংহতি সুমধুরবচনবিবর্ষে।

বাসন্তীচ্ছন্দঃ।

জয় জয় শঙ্কর, কিঙ্কর নিচয়ে,
অভয়বরার্পহ কর্ব্বুরবিজয়ে।
অনুদিন হতবল দৈবতনরদল,
নিপতিত দুস্তরদুর্গতিনিরয়ে,
জয় জয় শঙ্কর অর্পহ অভয়ে।

১৪। জগদ্দল = বিশ্বনাশী।

ত্রিপুরনিধনকর অন্ধকভয়হর,
তবসমবান্ধব দুর্ল্লভ ভুবনে,
জয় জয় শঙ্কর ঈক্ষহ নয়নে।
বিতর করুণলব, সদ্য' সদয় ভব,
অনুগত রক্ষহ রাক্ষসদমনে,
জয় জয় শঙ্কর, সংহর কুজনে।
ফণি জিনি খলমতি কর্ব্বুর-অধিপতি,
করহ সমুদ্যম দুর্জ্জন দমনে,
জয় জয় শঙ্কর, সংনমি চরণে।
ত্রিভুবন হতবল- অস্থির অবিরল,
চিরবিপদান্বিত দৈবতসকলে,
জয় জয় শঙ্কর রক্ষহ বিকলে।

পরমহৃষ্ট হই শিষ্টমূর্ত্তিধরি ঝটিতি মহেশ্বর হর্ষে,
ললিতমঞ্চচয় অর্পি যত্নসহ কহিলেন্ অমৃতবিবর্ষে।

হরনর্ত্তনচ্ছন্দঃ।

শান্ত অন্তর অদ্য নিশ্চিত বিশ্ব-ঈশ্বরদর্শনে,
শুদ্ধ মদ্‌গৃহ অদ্য সংলভি বিশ্ববন্দিতসজ্জনে।
শীঘ্র সম্বদ আত্মবাঞ্ছিত রম্যবাক্যবিবর্ষণে,
সর্ব্ব পূর্ণিব অদ্য সত্বর সত্য উচ্চমি সৎ মনে।
ভাগ্য নিশ্চিত চিন্তি সম্প্রতি আর্য্যকার্য্যসমুদ্ধরে,
শীঘ্র নির্দ্দিশ কার্য্য উদ্ধরি শুদ্ধবুদ্ধসদন্তরে।
ধন্য ধূর্জ্জটি অদ্য নিশ্চিত চিত্তবাঞ্ছিতদর্শনে,
সর্ব্বসৎফল লব্ধ সম্প্রতি তৃপ্ত অন্তর এক্ষণে।

১। অন্ধক = অসুর বিশেষ।

গিরিশ-উক্তি শুনি সরস জনার্দ্দন নিমগ্ন সমধিকহর্ষে,
অবনত হই কহিলেন্ সুস্বরসহ দশন-অংশু-অভিবর্ষে।
সমস্তদুর্ব্বিঘ্ন বিনষ্ট এক্ষণে,
স্বয়ম্ভুশম্ভুস্থির-উক্তিসদ্গুণে ;
প্রশান্তি সম্পূর্ণ সমস্তভূস্থলে,
সুতৃপ্ত সর্ব্বে প্রিয়বাক্যসম্বলে।
অনুগ্রহ, শ্রেষ্ঠ, বিবর্ষি এক্ষণে,
সমর্প সৎ-শক্তি সুরেন্দ্র সজ্জনে।
নৃপেন্দ্র হস্তে স্থিরশুদ্ধ-অন্তরে,
সমর্পিবেন্ স্বর্গপতীন্দ্র সত্বরে ;
তবাত্মসৎ-শক্তি বিনান্যশক্তিতে,
অবধ্য বিদ্বিষ্পতি চিন্তি নিশ্চিতে।
সমস্তসৌভাগ্য বিলব্ধ সজ্জনে,
তবাত্মসৎ-শক্তি অভীপ্সি এক্ষণে ;
সমর্প সদ্বীর্য্য সধৈর্য্য-অন্তরে,
বিমর্দ্দ দুর্ব্বৃত্ত-অধর্ম্মি দুর্দ্ধরে।
মুররিপু-বচনান্তর করযুগ যুড়ি চতুর্ম্মুখ স্থির-অঙ্গে,
কহিলেন্ সুবিমললিতবাক্যচয় সমধিকসুবিনয়সঙ্গে।
সুরক্ষ উদ্বিগ্নবিপন্নবিশ্বে,
বিমর্দ্দ দুর্ব্বৃত্তঅধর্ম্মিশিষ্যে ;
বিভস্মহ স্ফূর্জ্জদুদগ্রবীর্য্যে,
সমস্তদুষ্কার্য্য, সুরক্ষ আর্য্যে।
প্রদর্শ উদ্দৃপ্ত-উদগ্রমূর্ত্তি,
সশঙ্ক হোক্ সর্ব্ব-অধর্ম্মশক্তি ;

অধর্ম্মসংযুক্তমদান্ধচিত্তে,
কৃতান্তশঙ্কা তববীর্য্যসত্ত্বে।
অনুগ্রহি, শ্রেষ্ঠ, বিপন্ন-আর্য্যে,
সুরক্ষ সর্ব্ব স্থিরবীর্য্যশৌর্য্যে ;
প্রশান্তি সংরক্ষ অনন্তবিশ্বে,
সুরক্ষ ধর্ম্ম স্বগুণপ্রকর্ষে।
সমর্প সৎ-শক্তি পবিত্র-ইন্দ্রে,
বিভস্ম দুর্ব্বৃত্তদুরন্তবৃন্দে ;
তবাত্মবীর্য্য ত্যজি অন্যবীর্য্যে,
অসাধ্য সংসিদ্ধি অভীষ্টকার্য্যে।

তখন চতুর্ম্মুখবাক্যনিচয় শুনি শশাঙ্কমৌলি সহর্ষে,
কহিলেন্ স্থির হই অতুলশুভঙ্করবচন অমৃত-অভিবর্ষে।

শীঘ্র নিশ্চিত শক্র দুর্ম্মদ অন্ত চিন্তহ এক্ষণে,
অদ্য মর্দ্দিব সর্ব্বকর্ব্বুর ধর্ম্ম-উন্নতিবর্দ্ধনে।
ইচ্ছু নিশ্চয় আত্ম-অন্তর সর্ব্বদুর্দ্দমমর্দ্দনে,
ত্বৎসুদুর্ল্লভশুদ্ধবাক্য অপেক্ষি সম্প্রতি সৎ-মনে।
বিশ্ব সংদহি মাত্র সজ্জন-দুঃখদুর্গতিভঞ্জনে,
সর্ব্বধূর্জ্জটিকার্য্য নিশ্চিত বিশ্বকল্মষখণ্ডনে !
অর্পি সত্বর আত্মসৎ-বল শক্রদুর্ম্মদমর্দ্দনে,
শীঘ্র সঞ্চর সূর্য্যবংশজশুদ্ধসজ্জনদর্শনে।
অর্প মৎ-বল বন্ধুসন্নিধি শীঘ্র সুস্থির-অন্তরে,
শক্রদুর্ম্মদমৃত্যু নিশ্চিত কল্য দুর্দ্ধরসঙ্গরে।
সর্ব্বদুর্গতি অন্ত সম্প্রতি ঈক্ষ হর্ষিত-অন্তরে,
শান্তিসংহতি ধর্ম্মমঙ্গল ভুঞ্জ সর্ব্বত সত্বরে।

ধন্য ধূর্জ্জটি অদ্য নিশ্চিত বিশ্বকিল্বিষখণ্ডনে,
আত্মশক্তি সমর্পি সম্প্রতি শুদ্ধধার্ম্মিকসজ্জনে।
সুস্থির হই অতি তখন মহেশ্বর বসি সমধিকতমধৈর্য্যে,
সংরুধি অন্তশ্চরিত-মরুৎ-গণ, উজলিল ভৈরববীর্য্যে।
প্রকাণ্ডবহ্নিপিণ্ডসম ধূর্জ্জটি উজ্জ্বল বীর্য্য সুধন্যে,
গ্রহপতিনিন্দিভয়ঙ্কর-অবয়ব হইল উগ্রতপ'জন্যে।
থর থর কম্পিত সমগ্রগিরিবর, টলমল বিশ্ব অগৌণে,
আর্ত্তনিনদি ঘন সুরনরকিন্নর চমকি অবস্থিত মৌনে!
সপদি বিনির্গত ঊর্দ্ধনয়নবর বিদীর্ণ করি অতি-উর্জ্জে,
বিকটবহ্নিচয় তীব্রসমুজ্জ্বল বিনিন্দি অগণিতসূর্য্যে!
ক্রমশ' বহ্নিচয় হইল বৃহত্তম উজ্জ্বলি সমুদয়বিশ্বে,
ঝলমলি চৌদিশি উষ্ণকিরণকুল ছুটিল ভয়ঙ্করদৃশ্যে।
সমগ্রবিশ্ব অগ্নিময় অতিশয় উদগ্র-অগ্নিমহত্ত্বে,
চকিত জগজ্জন কম্পিত ঘন ঘন মূর্চ্ছিত সব হতচিত্তে!!
বিশিষ্টধৈর্য্যসহিত যদি ঈক্ষহ বিকটবহ্নিময়পুঞ্জে,
সপদি দৃষ্ট হয় মূর্ত্তি ভয়ঙ্কর জলদবর্ণ পরিগঞ্জে!
বৃহৎত্রিমস্তক মুকুটসুসজ্জিত সপ্তহস্ত অতিচণ্ড,
বৃহৎত্রিপদ অতিসুদীর্ঘদৃঢ়তম বিনিন্দি অন্তকদণ্ড।
চৌদিশি উজ্জ্বলবিকটবহ্নিচয় ঝলকিত অতি গগনাঙ্কে,
মধ্য-অবস্থিত অসিতমূর্ত্তিবর কলঙ্কসদৃশ শশাঙ্কে!
তখন মূর্ত্তিবর বিকটবীর্য্যসহ গর্জ্জিল অতুলমহত্ত্বে,
জড়বৎ নিশ্চল হইল বিশ্বকুল ভৈরবগর্জ্জনসত্ত্বে।
গ্রহকুল চৌদিশি উপলপিণ্ডসম সংস্থিত সুস্থিরগাত্রে,
পতিত বিমূর্চ্ছিত সকলজগজ্জন নিঃশ্বসি মুদ্রিতনেত্রে।

বিশ্বকান্তিগুণ পরিবর্ত্তিত সব অদ্ভুত-অনুপমদৃশ্য,
বাষ্পবিন্দু উড়ি ঘর্ম্মবিন্দুযুত করিল বিশ্বকুল-আস্য।
প্রহৃষ্ট হই অতি তখন ফণীশ্বর সম্মুখি সভাস্থসর্ব্বে,
কহিল বাক্যচয় পরমহর্ষময় উন্নতহৃদয় সগর্ব্বে।
শুভসর্ব্ব সমুত্থিত নিশ্চিত আর্য্যে,
ধ্রুব লব্ধ সুসিদ্ধি মহত্তমকার্য্যে;
রহ সম্প্রতি ধৈর্য্যসহ স্থিরবক্ষে,
অভিসর্পিব সত্বর শম্ভুসমক্ষে।
পরিপূর্ণিব কার্য্য সুকৌশলসঙ্গে,
ধ্রুব চেষ্টিব সর্ব্বশুভ স্থির-অঙ্গে।
পরিদর্শিব দৈবতবুদ্ধিমহত্ত্বে,
পরিপূর্ণিব সর্ব্ব সুখান্বিতচিত্তে।
অতিমঙ্গল উত্থিত সজ্জনপক্ষে,
অভিসর্পিব সম্প্রতি শম্ভুসমক্ষে।
ফণিপবাক্য শুনি সুমন্ত্রিযৌবর সমধিক-অবনতশীর্ষে,
গদ্গদরবসহ কহিল সবিস্ময় চঞ্চলবচনবিবর্ষে।
অতি-অচিন্ত্য সমুত্থিত নিশ্চয়ে,
চিত অশক্ত বিপদ্গতিনির্ণয়ে!
বিকটশব্দ মহান্ শ্রুত এক্ষণে,
স্থগিত সর্ব্বজগৎ-গতি গর্জ্জনে!!
মলিন সূর্য্য-সুরশ্মি কথঞ্চন,
প্রহতভুল্য সমস্তজগজ্জন;
চকিত সর্ব্ববৃহৎ-ভব এক্ষণে,
অতি-অপূর্ব্ববিপত্তিসমীক্ষণে।

নিরিখ সর্ব্বখগ প্রতিপিঞ্জরে,
লিখিতচিত্রসম স্থিত সত্বরে;
পবন সুস্থ অতি স্থিরমূর্ত্তিতে,
বিকল বিশ্ব বিপত্তি-উপস্থিতে!!
ঘটিত অদ্য কি অদ্ভুত নিশ্চয়ে,
পতিত চিত্ত মহত্তমসংশয়ে!
চকিত সর্ব্বসভাস্থ সুনিশ্চিতে,
করহ শান্ত সবে স্থির-উক্তিতে।

মন্ত্রিবচন শুনি শান্তফণীশ্বর নিতান্তসুস্থিরচিত্তে,
পরমবিজ্ঞসম কহিল বাক্যচয় মন্ত্রিসুশান্তিনিমিত্তে।

পরিবর্জ্জহ সম্প্রতি সংশয় চিত্তে,
নিজমঙ্গল উত্থিত ভাগ্যনিমিত্তে।
চিরবাঞ্ছিতমঙ্গল ঈপ্সিতকার্য্যে,
গণি নিশ্চিত অদ্য সমুত্থিত আর্য্যে।
করি কার্য্য সুসিদ্ধ পরে স্থিরচিত্তে,
ধ্রুব বর্ণিব সর্ব্বসুমঙ্গলতত্ত্বে;
নিজকর্ম্ম অনুদ্ধারি বর্ণন অগ্রে,
নহি সঙ্গত, মন্ত্রি, বিচিন্তি সমগ্রে।
রহ সংস্থিত অত্র সবে স্থিরচিত্তে,
অভিসর্পিব শীঘ্র সুকার্য্যনিমিত্তে।
মথি দুর্গতি-অব্ধি দুরন্ত-অনন্ত,
গণি সম্প্রতি লব্ধ সুরত্ন নিতান্ত।

কথনান্তর ফণিকুলপতি বিবর্জ্জি রত্নমঞ্চ অবিলম্বে,
বিপুলবীর্য্যসহ সপদি সমুত্থিত জলধি বিদীর্ণি সদম্ভে।

বহূর্দ্ধ-উত্থিত ফণিপতি তবু নিজপুচ্ছ সলিলনিধিগর্ভে,
অদ্ভুতদীর্ঘ-অঙ্গপন্নগপত্তি, চমকিত সুরনরসর্ব্বে!
বহুসময়ান্তর দীর্ঘপুচ্ছবর বর্জ্জিল জলধি সুধন্যে,
তখন ফণীশ্বর চলিল বীর্য্যসহ উজ্জ্বলি সমুদয়শূন্যে।
সহস্রফণ বিস্তৃত করি ফণিপতি চলিত ভয়ঙ্করদর্পে,
উজ্জ্বলমণিকুল-রঞ্জিতজলধর মঞ্জুলকিরণ বিসর্পে।
উষ্ণবীর্য্য অতি হইল অনিল মিলি উগ্রনিঃশ্বসনসঙ্গে,
দিগ্‌দশ হইল উষ্ণতম সত্বর মহোষ্ণ-অনিলতরঙ্গে।
বিস্মিত চমকিত সকলনভশ্চর চলিত ভয়াপ্লুতচিত্তে,
স্থগিত বিশ্বগতি, শশিরবি-উড়ুকুল মলিন ফণীন্দ্রনিমিত্তে!
ক্রমশ' ফণীশ্বর উজ্জ্বলি দশদিক্ সূর্য্যবিনিন্দকবীর্য্যে,
ঝটিতি উপস্থিত যত্র অমরগণ নিরত শুভঙ্করকার্য্যে।
বিনম্র হই অতি সঙ্কুচি ফণকুল সমধিক-অবনতশীর্ষে,
কহিল ফণীশ্বর মধুরশব্দসহ বাক্য-অমৃত-অভিবর্ষে।

অতিমঙ্গল অদ্য মহেশ্বরজন্যে,
ধ্রুব উত্থিত সর্ব্ব-অমর্ত্ত্য বিপন্নে;
পুন' বিশ্ব সমুজ্জ্বল শম্ভুমহত্ত্বে,
ভব রক্ষিত নিশ্চিত শঙ্করসত্ত্বে।
অমরেশ্বর শাম্ভব-বীর্য্য সহর্ষে
করুনার্পণ সূর্য্যকুলেশ্বরপার্শ্বে।
নহি সঙ্গত কিন্তু হঠাৎপরকাশ্যে,
শিববীর্য্যসহপ্রগতি প্রভুপার্শ্বে।
অতিদুর্ব্বলবিশ্ব কিসাধ্য সমর্থে,
মহদুগ্রমহেশ্বরবীর্য্যবহার্থে;

মৃদুদুর্ব্বলপত্র কি শক্ত অরণ্যে,
দববহ্নিপরাক্রম-সংধৃতিজন্যে ?
কর সম্বৃত সম্প্রতি বীর্য্য উপায়ে,
প্রবলাগ্নি যথাস্থিত পিণ্ডিতভস্মে।
অতিসুস্থবিশুদ্ধ-অশঙ্কিতচিত্তে,
লহ ধূর্জ্জটিবীর্য্য নরেন্দ্রনিমিত্তে।
ফণিপতিবাক্যনিচয় শুনি সুরপতি কর যুড়ি অবনতশীর্ষে,
কহিল বিনয়সহ সমধিকসুমধুরবচন অমৃত-অভিবর্ষে।
সমুচিত গণি উরগেশ্বরবাক্যে,
লইব অনলবর সর্ব্ব অলক্ষ্যে ;
করহ নিভৃত অতিহর্ষিতবক্ষে,
জলধিনিহিত-বড়বাগ্নিসদৃক্ষে।
অখিলভুবন যদি দগ্ধ-ই বীর্য্যে,
কিফল লভিব বধি শত্রু অনার্য্যে !!
অনুচিত গমন মহৎপরকার্য্যে,
মমচিত বিচলিত ভৈরবদৃশ্যে !
মৃদুতনু-অবনি কি সাধ্য সুতিষ্ঠে,
প্রলয়-অনলসমবীর্য্য গরিষ্ঠে !!
করহ নিভৃত অতি-উৎকটবীর্য্যে,
সুকঠিন গণি নতুবা স্থিরকার্য্যে।
কি শকতি মম, কহ, শাম্ভবশক্তি
নিজসহ লইব অসম্বৃতমূর্ত্তি ?

১১। নিভৃত=গুপ্ত। ২২। অসম্বৃত=অনাবৃত।

ফণিপতি-উক্তি যুক্তিযুত পরিগণি সুরগণ সমধিকহর্ষে,
সুমধুররবসহ অনুমতি সঁপিলেন্ সুস্থিরদৃষ্টিবিবর্ষে।
ক্রমশ’ তখন অতিবিকটবহ্নিবর পরিহরি ভৈরব-অঙ্গে,
অভিনবশশধরসন্নিভ কৃশতনু হইল মৃদুলকরসঙ্গে।
ঝটিতি ফণীশ্বর অতুলকুহকপট অর্পণ করিল সদম্ভে,
শরদম্বুদবৃতসূর্য্যসম অনল গুপ্ত হইল অবিলম্বে।
প্রণমি সুরেশ্বর মান্ত-অমরগণ পুলকিত হই অতিহর্ষে,
শৈবশক্তিময়গুপ্তবহ্নি লই চলিল নরেশ্বরপার্শ্বে।
সম্ভ্রমসহ অতি শিব-অনুমতি লভি তখন অমরগণসর্ব্বে,
চলিল আত্মপুর হরষিত-অন্তর চিন্তি শত্রুপরিখর্ব্বে।
মুহূর্ত্তপর সুরপতি সমুপস্থিত অতুল্যনরপতিপার্শ্বে,
সম্ভ্রমসহ উঠি অর্পি মঞ্চবর কহিলেন্ নৃপ মধুবর্ষে।

পুণ্য লভিনু কত অনন্ত, অদ্য নিরখি অমরকান্ত,
স্নিগ্ধ হইল জগদনন্ত, দগ্ধ যদিচ শঙ্কটে ;
অদ্ভুত তবপদমহত্ত্ব, সর্ব্ববিপদ বিগতসত্ত্ব,
সর্ব্বমনুজ সবলচিত্ত, সংলভি পদ দুর্ঘটে।
মঙ্গল নিজ কহ সুরেন্দ্র, তৃপ্ত করহ হৃদয়কেন্দ্র,
দুঃখতিমির-তুমিদিনেন্দ্র, আশ্রয় চিরকিঙ্করে ;
লঙ্ঘিনু বহুবিপদপুঞ্জ, সংলভি তবচরণকঞ্জ,
রক্ষিত সবভবনিকুঞ্জ, দুঃখজলধি দুস্তরে।

সুমধুরবাক্যনিচয় শুনি সুরপতি সমধিক-অবনতশীর্ষে,
করকুবলয় যুড়ি কহিল সসম্ভ্রম বাক্য-অমৃত-অভিবর্ষে।

৫। কুহকপট=মায়া আচ্ছাদন। ১৬। দুর্ঘট=বিপদ।

বিগত বিপদসব আর্য্য-অদৃষ্টে,
লভিনু পরমশুভরত্ন গরিষ্ঠে ;
তবপদসরসিজ-আশ্রয়জন্যে,
লভিনু অতুলসুখ দুঃখ-অরণ্যে।
মুরহরসহিত চতুর্ম্মুখ অন্য,
পরমসদয় হই সঞ্চরি সন্য ;
প্রলয়শকতিধর-শম্ভুসমক্ষে,
সকলবিষয় কহিলেন্ স্থিরবক্ষে।
অবনত হই কহিলেন্ শিব ধন্যে,
প্রলয়শকতি নিজ অর্পণজন্যে ;
গিরিশ-শকতিবিনু সাধ্য কি সর্ব্বে,
রিপুকুলপতি-বলবিক্রমখর্ব্বে।
তখন সদয় হই দুর্ব্বল-আর্য্যে,
প্রলয়শকতি হর অর্পিল ধৈর্য্যে ;
বিকট-অনলসম শাম্ভবশক্তি,
লভিনু তখন পরিদর্শি সুভক্তি।
লইনু সহিত মম ভৈরববীর্য্যে,
মমসহ সুশকতি তিষ্ঠই ধৈর্য্যে।
অতিশয়-অনুপমদুর্দ্ধরবীর্য্যে,
ত্রিভুবন যদি হয় দগ্ধ অধৈর্য্যে,
ফণিপতিবচননিমিত্ত তদঙ্গে,
লইনু নিভৃত করি কৌশলসঙ্গে।
অতুলবিশিখবর দর্শহ আর্য্য,
ঝটিতি বিশিখহৃদি অর্পি সুবীর্য্য ;

গিরিশশকতি লই সুস্থিরচিত্তে,
বধহ বিষম-অঁরি দুর্জ্জয়সত্ত্বে।
সুরপতিসুমধুরবাক্যনিচয় শুনি রঘুপতি পুলকিতবক্ষে,
কহিলেন্ সত্বর করকিসলয় যুড়ি মধুসম-মধুময়বাক্যে।
শান্তি অতুল লভিনু অদ্য, মঙ্গল শুনি, অমররাধ্য,
নিশ্চয় সব বিপদছদ্ম নির্ব্বৃত গণি এক্ষণে;
অদ্য হইনু সফলকার্য্য, ধন্য, অমর, তবসুবীর্য্য,
রক্ষিত সবভুবনরাজ্য, আর্য্য, তবমহদ্‌গুণে।
সম্প্রতি হই সদয়চিত্ত, তৃপ্ত করহ অধমভৃত্য,
দর্শহ শিবশকতি সত্য, বাঞ্ছিত মম নিশ্চয়ে,
সার্থক করি জনম সদ্য, দর্শন করি ভুবনরাধ্য-
দুর্ল্লভধন ধরণিমধ্য, অদ্য তবপদাশ্রয়ে।
রঘুপতিবাক্যনিচয় শুনি সুরপতি, সমধিকরতিনতিসঙ্গে,
দর্শিল কিঞ্চিৎ বহ্নিমূর্ত্তিবর সমধিকসুস্থির-অঙ্গে।
বিস্মিত হই অতি তখন আর্য্যগণ নিরখিল অনিমিষনেত্রে,
অদ্ভুত-অনলমূর্ত্তি অতি সুসৌম্য সুস্থিত উজ্জ্বলগাত্রে!
মুদ্রিত নয়ন ধৈর্য্যযুতঋষিসম সংস্থিত অবিচল-অঙ্গ,
চৌদিশি সুমৃদুলবিজুলিসদৃশ ঘন ঝিকিমিকি কিরণতরঙ্গ।
শতশতনতি করি ভক্তিসহিত যুড়ি হস্তযুগল নতশীর্ষে,
কহিল ঋক্ষপতি বাক্য অমৃতময় পুলকিত অতুলিতহর্ষে।
সফল সমস্তপরিশ্রম অদ্য,
উদিত সুনিশ্চিত মঙ্গলসদ্যঃ,

৬। নির্ব্বৃত = নিবৃত্ত। ১৩। রতি = অনুরাগ।

বিকটসমুদ্রবিমন্থন-অন্তে,
অমৃত সমুত্থিত, শান্তি অনন্তে।
নিধন সুনিশ্চয় দুষ্ট-অনার্য্যে,
পরমশুভঙ্কর-শাঙ্করবীর্য্যে ;
বধহ অমিত্রসমস্ত নখাগ্রে,
'যমসম সঞ্চরি শক্তি উদগ্রে।
সুরপতিজন্য অলঙ্ঘ্যবিপত্ত্যে,
তরিণু সুনিশ্চিত চিন্তহ চিত্তে ;
জয় জয় ইন্দ্র-অনিন্দিতসত্ত্বে,
জয় জয় ধর্ম্ম-অতুল্যমহত্ত্বে।

স্বয়ং তখন উঠি শুভমতিলক্ষ্মণ সমধিকহরষিতবক্ষে,
কাঞ্চনমঞ্চসহিত শর সংস্থিত করিল সুরেন্দ্রসমক্ষে।
মণিময়-অপরমঞ্চবর সংগ্রহ করিল তখন অবিলম্বে,
সুরপতি বহ্নিমূর্ত্তিবর সংস্থিত করিল মঞ্চ-অবলম্বে।
ঝটিতি সৈন্যগণ কুসুমবিল্বদল সংগ্রহ করিল অগণ্য,
শুদ্ধশান্ত হই বসিল সুরেশ্বর অনলসমর্চ্চনজন্য।
সমধিকবিনয়সহিত করি অর্চ্চন পূর্ণভক্তিযুতচিত্তে,
উভয়মঞ্চবর মিলিত করিল অতিসত্বর যত্নমহত্ত্বে।
সপদি তখন অতি গর্জ্জি ভয়ঙ্কর কম্পিত করি ভববক্ষে,
পশিল বহ্নিবর কুন্তহৃদন্তর সত্বর সকল-অলক্ষ্যে !
প্রবিষ্ট যখন অনলবর সুবিকটতীক্ষ্ণকুন্তবরমধ্যে,
চমকি কুন্তবর দীর্ঘলম্ফসহ ঝটিতি সমুত্থিত ঊর্দ্ধে !!
শতগুণ-উজ্জ্বল হইল বিশিখবর উদগ্র-অনলমহত্ত্বে,
পূর্ণরজনিকর যদ্বিধ উজ্জ্বল দিনকরকিরণনিমিত্তে।

তখন সুরেশ্বর করযুগ সম্পুটি সমধিক-অবনতশীর্ষে,
চন্দনসিক্তকুসুমচয় অর্পিল বিশিখ-উপরি সুখহর্ষে।
প্রশান্ত করি পুন' বিকটকুন্তবর সংস্থিত করিল সুমঞ্চে,
স্নিগ্ধ কথঞ্চিৎ করিল তুহিনময়চন্দনজলপরিষিঞ্চে।
তখন নৃপেশ্বর ভক্তিসহিত নমি কর যুড়ি অবনতশীর্ষে,
মঞ্চসহিত শর করিল, অবস্থিত পূজ্যশক্তিপদপার্শ্বে।
অষ্টবজ্রসহ মিলিল যুগক্ষয়বিকটদবাগ্নি অনন্ত,
শমনদণ্ডসহ মিলিল ইরম্মদ, চমকিল কলুষ দুরন্ত !!
পরমসুখান্বিত দীপ্তসৈন্যগণ করিল জয়ধ্বনি হর্ষে,
পূর্ণ করিল সুরগণ শিবিরোত্তম কল্পকুসুম-অভিবর্ষে।
তখন সুরেশ্বর সম্ভ্রমসহ অতি অনুমতি লভি নৃপপার্শ্বে,
চলিল অমরপুর উজলি দিগন্তর ঝলমল কিরণবিবর্ষে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে পাবকাধিষ্ঠানং
নাম পঞ্চমঃ সর্গঃ।

৭। শক্তি = চণ্ডী। ৮। ইরম্মদ = বজ্রাগ্নি।

ষষ্ঠ সর্গ।

প্রখর দিবসবর, উদিত দিনেশ্বর গগন-উচ্চতম-অগ্রে,
উজ্জ্বলশীর্ষকসদৃশ সুসজ্জিত ঝলমলি ঝলসি সমগ্রে।
অনলচূর্ণসম তীব্রকিরণচয় চৌদিশি চমকি সুরঙ্গে,
অঙ্গবিধৌতিজন্য পুন' নিপতিত জলধিসরিৎ-জলপুঞ্জে।
গিরিবমসমুদয় চমকিত হই অতি সুস্থিত অবহিতচিত্তে,
পরিহরি ভুবন পবন সম্প্রস্থিত বাঞ্ছিতশান্তিনিমিত্তে।
গিলিতবিচর্ব্বণনিরত সুরভিগণ তরুতল আশ্রয়ি যত্নে,
বিরহিতরব-সবসুরববিহগ বসি তৃণময়নিজগৃহরত্নে।
প্রার্থই জলকণ তৃষার্ত্তখগগণ সমধিকসকরুণদৈন্যে,
শ্রান্তপথিকগণ শুষ্ককণ্ঠ ঘন সমুৎকণ্ঠ জলজন্যে।
পূর্ণযুবতিসম ফুল্লনলিনগণ উজ্জ্বলি দিশি সুবিরঙ্গে,
মলিনকুমুদকুল মধুকরবর্জ্জিত তপ্তসলিলগৃহপুঞ্জে!
নগরবর্ত্মচয় উষ্ণবিরলজন দিনকরখরতরদর্পে,
ক্লান্তপান্থজন শান্তি-ইচ্ছু হই বৃক্ষ লক্ষ্যি অভিসর্পে।
অতলসলিলতল জলজজন্তুকুল সুস্থিত শান্তি বিশুদ্ধে,
পুলিনসন্নিকট অল্পজলস্থিত ছিল যত গত অতিমধ্যে।
প্রান্তর সুবিপুল অনলসমোজ্জ্বল দিনমণিকিরণনিমিত্তে,
ধরণি-অতুলতমরত্নবসন, গণি, ঝলমলি ঝলসি সুদীপ্তে।
মৃগয়ুসদৃশ সববিপিনমধ্য রবিরশ্মি পশিল সুবিশিষ্টে,
নৃপতিশক্তিসম ভুবন সমাক্রমি উগ্ররৌদ্র পরিতিষ্ঠে।

৭। সুরভিগণ=গরুসকল

বর্ণিতসময় দশাস্য অবস্থিত শান্তিসদনবরকক্ষে,
মলিন বদনরবি হৃদয় দগ্ধ অতি দুর্ব্বল তনুবর দুঃখে।
যদিচ তুহিনসমচন্দনচর্চ্চিত সজ্জিত সুমৃদুলসজ্জে,
বড়বহৃদয়গতজলধিসদৃশ তবু অশান্তি কৌণপসূর্য্যে।
ব্যজন মৃদুলতম কুসুমবিনির্ম্মিত সুগন্ধিজলকণলিপ্ত,
বিধুনি অবস্থিত চৌদিশি সযতন যুবতিনিচয় হৃতচিত্ত।
নিবিড়বিপিন জিনি নিরবসদনবর সমধিকবিস্ময় অর্পে,
চকিতভৃত্যসম বন্দি চরণযুগ মন্দ-অনিল অভিসর্পে।
নিরখি ধরণিতল কহিল ধরণিপতি মর্ম্মনিকৃন্তনবাক্যে,
পতিত মন্ত্রিগণ-নয়নসলিল ঘন, হৃদয় দগ্ধ অতিদুঃখে।

দুর্ঘট অতিশয়, ভাব্যবিষয় নয়,
উত্থিত সমুদয় ভুবনবৃহত্ত্বে;
দুর্দ্দম গণি অতি উগ্রবিপদগতি,
নিশ্চয় পরিণতি মমসুমহত্ত্বে!
মর্দ্দিনু কতশত- অন্তক অবিরত,
দর্শিনু অবিহত ভুজবল সর্ব্বে;
কিন্তু সকলি হত, সম্প্রতি মসি-মত
দুর্যশ উপগত, অতুলিতগর্ব্বে।
সম্বল শুভকর- শক্তিচরণবর,
মাত্র বিপদহর ছিল ভবরাজ্যে,
লুণ্ঠিত, বুধগণ, তৎ-ধন অতুলন,
কিম্বিধ করি পুন' দমি রিপু-আর্য্যে?

১১। ভাব্য=চিন্তনীয়। ১৭। মসিমত=মসির ন্যায়।

উগ্র-অনলসম- তীব্রবিষমতম-
উৎকটযমসম- বিপদ অনন্ত,
বীর্য্যবলবিভব . লুপ্ত হইল সব,
দুর্যশ-অভিভব ঘটিল নিতান্ত !!
বন্ধুসচিবগণ, সুস্থির করি মন'
চিন্তহ সযতন সমধিকধৈর্য্যে,
উগ্রবিপদনিধি · বর্দ্ধিত নিরবধি,
সত্বর কহ বিধি, তরিব কি কার্য্যে।

বিগলিত-অশ্রুসচিবশুক করযুগ সম্পুটি অবনতশীর্ষে,
কহিল বিনয়সহ পরমযুক্তিময়সুমৃদুলবচনবিবর্ষে।

উৎকট অতি শঙ্কট কুল,
শঙ্কিত মতি এক্ষণে,
দুঃসহতম- দুঃখ উদিত,
রাক্ষসকুলমর্দ্দনে।
পূর্ণযতন সঞ্চরি পুন,
সঙ্গরবিন্দু এক্ষণে,
দুর্ল্লভ শুভ, ঈক্ষিণু অতি
সুস্থিরতমচিন্তনে।
যদ্যপি হয় মজ্জিত সব,
অব্ধিসম-রণাঙ্গনে,
চেষ্টিব তবু সত্বর অতি,
দুর্যশ' পরিখণ্ডনে।

৮। বিধি = বিধান, উপায়।

কৌণপ হই   কিম্বিধ করি
শঙ্কি মনুজ নির্ঘৃণে?
বাঞ্ছিত মম   মর্দ্দিব রিপু,
ভৈরবসমরাঙ্গনে।
নশ্বরতনু   সন্ত্যজি যদি,
গৌরবপরিরক্ষণে,
দুর্লভতম-   কীর্ত্তিসুযশ'
সঞ্চিত হয় এক্ষণে।

শুকমুখনির্গতবাক্যনিচয় শুনি অঞ্চল লই অতিযত্নে,
অশ্রুসলিল মুছি কর যুড়ি সৌরণ কহিল অবনিপতিরত্নে।

অধিগতবিপদে,   সমর সযতনে,
উচিত গণি চিত্তে,   প্রবলরিপুসনে;
রতনসম সবে,   সুযশ' ভবজলে,
তনুমন'পতনে,   লভিব ভুজবলে।
পশিব সুখসনে   সুবিপুলসমরে,
কিভয় ভবতলে   স্থিরমরণতরে?
সধরমসমরে   মরতনুপতনে,
অতুলশুভফলে   লভই জনগণে।
অনুমতি অধুনা   করহ অনুচরে,
ময়পুরগমনে,   সবকথনতরে;
উচিত্ত গণি চিত্তে,   গুরুজনচরণে
কথন সবকথা,   সবিনয়বচনে।

১৭। মর—নশ্বর।   ২০। ময়=রাবণের শ্বশুর।

তদনুমতিলভি, স্থির হই সকলে,
পশিব রিপুবনে, দবদহনবলে ;
চমকিত করিয়ে সুরনরনিকরে,
প্রকটিব জগতে ভুজবল অচিরে।

সচিবসুসঙ্গতবচননিচয় শুনি দশমুখ সমুচিতধৈর্য্যে,
দীর্ঘ বিনিঃশ্বসি কহিল হস্ত তুলি অতিশয়সুমৃদুলবীর্য্যে।

সঙ্গত অতিশয় মন্ত্রিবচনচয়,
মঙ্গলকর হয় বিপদ অসাধ্যে ;
সম্প্রতি অসময়, দৈত্য-অধিপময়-
সঙ্গ কুশলময়, গণি চিতমধ্যে।
কিন্তু গুরুবিষয় নিশ্চিত অতিশয়,
কে প্রচলিত হয় সুকঠিনকার্য্যে ?
মাত্র মমসুগতি সম্প্রতি গণি অতি,
সৌম্যশুকসুমতি- বুধকুলসূর্য্যে।
দুর্গমময়পুর শীঘ্র গমন কর,
সম্প্রতি, বুধবর, কহ সবতত্ত্বে ;
সঞ্চরি নিজগুণ, সত্বর সুনিপুণ,
সুস্থির কর পুন’ মমহতচিত্তে।

অবনিপবাক্যনিকর শুনি বুধবর কর যুড়ি অবনত-অঙ্গে,
নমিল মৌলিসহ চুম্বি অবনিতল উজ্জ্বলি কিরণতরঙ্গে।
চলিল তদন্তর ময়পুর সত্বর পত্রসহিত নতশীর্ষে,
ক্রমশ’ নগরবর সন্ত্যজি উপগত বিমলসরস্তটপার্শ্বে।

৪। প্রকটিব = প্রকাশিব। ২২। সরস্তট—সরোবরতীর।

নিরখিল জলচয়মধ্য-অবস্থিত গৃহবর মণ্ডিত রত্নে,
দুর্গসদৃশ অতি সুদৃঢ় সুরক্ষিত রুদ্ধবদ্ধ অতিযত্নে।
প্রবিশি মন্ত্রিবর শুদ্ধশান্ত হই (বিপুলবুদ্ধিবল লব্ধ)
বিবিধমন্ত্র কহি করযুগ সম্পুটি করিল মৃদুলকরশব্দ।
খুলিল গমনপথ সদনমধ্যগত রুণুঝুনুসুরব সমর্পি,
পশিল মন্ত্রিবর সুড়ঙ্গ-অন্তর সত্বর চরণ বিসর্পি।
উভয়পার্শ্বগত-উজ্জ্বলমণিকুল-বর্ত্ম-তিমির পরিনষ্টে,
স্ফটিকবিনির্ম্মিতসিঁড়ি যত মণ্ডিত সুললিতরত্ন বিশিষ্টে।
ক্রমশ উপস্থিত মন্ত্রিকুলেশ্বর দনুজনগর অতিযত্নে,
নিরখিল গৃহকুল কুল-গিরিসন্নিভ সজ্জিত অতুলিতরত্নে!
বিজুলিপুঞ্জসম চকমকি ঘনঘন উচ্চশিখরচয় দীপ্তে,
সুবিপুলফটক গবাক্ষ নিচয় যত ঝলমলি চমকই চিত্তে !!
লৌহবিমণ্ডিত-নগরবর্ত্মকুল কর্কশদৃশ্য বিসর্পে,
ক্বচিৎ শৈলসমবৃহদ্‌বিটপিবর পথিকশান্তিসুখ অর্পে।
ক্বচিৎ মত্তগজ ভগ্ন করই তরু মড়মড় শব্দ বিসর্পে,
ক্বচিৎ ভয়ঙ্কর-উদ্ধতনদবর চলিত উগ্রতরদর্পে!
বিকটমূর্ত্তিযুতদৈত্যকুল নিয়ত দীর্ঘ পরিক্রমি হর্ষে,
চলিত নগরময় কলরব করি অতি কম্পিত করি নববর্ষে !!
বিবিধ পক্কফলপূর্ণ-পাত্র লই সমধিক-উন্নতশীর্ষে,
চলিত দৈত্যগণ দীর্ঘযষ্টি ধরি বিক্রয় করি চিতহর্ষে।
কৃষ্ণবর্ণতনু মাংসল অতিশয়, দৈত্যচিত্ত হরি রঙ্গে,
অট্টহাস্যসহ নধরযুবতিগণ চলিত দম্ভময়-অঙ্গে।

১০। কুলগিরি=কুলনামক পর্ব্বত। ১৮। নববর্ষ=ইলাবৃত ভারত প্রভৃতি।

ক্রমশ’ সভাস্থল উপগত বুধবর অনুগতসমনতশীর্ষে,
নিরখিল গৃহবর ভৈরবসুবিপুল ঝলমলকান্তি বিবর্ষে।
গৃহস্তম্ভসম পৃথুল-অঙ্গযুত রক্ষিনিচয় সবপার্শ্বে,
শৈলসদৃশ অতি-অটল-অচলতনু নয়ন সূর্য্যকর বর্ষে!
অস্ত্রশস্ত্রসব সজ্জিত চৌদিশি ঝকমকি কিরণমহত্ত্বে,
ব্যজন বৃহত্তম রতন-বিমণ্ডিত অবিরত কর্ষই ভৃত্যে।
বিবিধসুগন্ধি-সমর্চ্চিতগৃহবর হিম অতি উপলনিমিত্তে,
চৌদিশি দিতিসুত-দন্তপংক্তিবহু মতিসরসদৃশ সুদীপ্তে।
সমুপবিষ্ট বহুদৈত্য নিরতিশয়কৃষ্ণবর্ণ ভুঁড়ি পুষ্ট,
বিপুল-অধর অতি-উন্নতহনুযুগ সুবিপুলপগগবিশিষ্ট।
দ্বিরদদন্তকৃত-উচ্চমঞ্চ‘পর দনুজ-অধীশ্বর তিষ্ঠে,
মণিময়সুন্দরবিপুল-ছত্রবর শীর্ষ-উপরি সুবিশিষ্টে।
ব্যজন বিধুনি বহুযুবতি সুসজ্জিত সিংহমঞ্চ-উভপার্শ্বে,
পুরত অবস্থিত পৃথুলসচিবগণ কর যুড়ি অবনতশীর্ষে।
বৃদ্ধবয়সযুত দৈত্য-অধীশ্বর তবু অতিবীর্য্য অধৃষ্য,
খর্ব্ব কথঞ্চিৎ নধর অধিকতম তনুবর গজসমদৃশ্য!
ভ্রূ অতিভৈরব শুভ্রবর্ণযুত, বদন কূর্চ্চকুলশূন্য,
রুধিরপূর্ণদর্শনযুগ দন্তুর পক্ষ্মপক্ষ্মকুলজন্য।
চর্ম্ম কথঞ্চিত্‌ লুলিত বলিত বলি, সুবিপুল-অলিক সুধন্য
কুঞ্চিত কিঞ্চিত; অঞ্চিত তদুপরি পংক্তিবদ্ধবহুচিহ্ন।
বিপুলগর্ত্তগত উভয়গণ্ড অতি-উন্নতহনুযুগদর্পে,
শিথিলদন্ত দুইপঞ্চ পতিত পুন’ বদন তীব্রভয় অর্পে।

৭। হিম=শীতল। ১০। পগ্‌গ=পাগড়ি। ১৭। কূর্চ্চ=দাড়ি গোঁপ।
১৮। দন্তুর=দাঁতাল। পক্ষ্ম=চক্ষুলোম। ১৯। বলিত=শিথিলিত।

প্রকাণ্ডমাংসলকুব্জ পৃষ্ঠ'পরি বেষ্টিত কত-অবতংসে,
অবিরল থলথল নর্ত্তিত শব্দিত ককুৎসদৃশ বৃষ-অংসে।
গ্রন্থি সুদৃঢ় অতি বিপুলযুগলভুজ, করতল ফণিফণগণ্য,
বৃহৎকঠিন-কিণ দৃঢ়-অঙ্গুলিগণ অস্ত্রবিঘর্ষণজন্য।
শমনদণ্ড জিনি বিকট জঙ্ঘযুগ, চরণ উপলকুল নিন্দে,
তীক্ষ্ণসুদৃঢ়তম বক্রনখরগণ সিংহনখরসম-ছন্দৈ !
শুভ্রতুহিনসমবসনসুসজ্জিত, খচিত হৃদয় মতিমাল্যে,
মণিময়মুকুট সূর্য্য জিনি উজ্জ্বল সজ্জিত শীর্ষ অতুল্যে।
অবনত হই শুক নমিল হস্ত যুড়ি সমধিক-অবহিতচিত্তে,
নয়ন কুঞ্চি অতি নিরখি দৈত্যপতি সুধিল সমস্তসুতত্ত্বে।

মোটকচ্ছন্দঃ।

সম্প্রতি, বৎস, কিজন্য উপস্থিত ?
সত্বর সম্বদ আত্ম-অভীপ্সিত ;
কর্ব্বুরমঙ্গল সম্বদ সম্প্রতি,
সিঞ্চহ অম্বু তৃষার্ত্তহৃদিপ্রতি।
কিম্বিধ কৌণপ-ঈশ্বর সজ্জন ?
কিম্বিধ আত্মসুতা স্থিত এক্ষণ ?
দুস্তর-অব্ধিবিনিন্দি-বিপদ্গণ-
লঙ্ঘনজন্য কি দৃষ্ট সুলক্ষণ ?

অবনমি শুক অতি অবহিত হই যুড়ি হস্তযুগল নতশীর্ষে,
অর্পি লেখ্যবর কহিল দুঃখসব মৃদুলবাক্য-অভিবর্ষে।

২। ককুৎ=ঝুঁট। ৪। কিণ=কড়া। ২২। লেখ্য=পত্র।

লেখ্যলিখিত সর্ব্ব-অহিত
উত্থিত যত এক্ষণে,
লেখ্য খুলহ ঈক্ষহ সব,
কিম্বিধগতি সজ্জনে !!
ধ্বংস সকল- কর্ব্বুরবল,
মাত্র মরণসঞ্চরে,
দুঃস্থিত অতি অল্পকতক,
ভৈরবভব দুস্তরে !
বুদ্ধিরহিত- চিত্ত সকল,
শঙ্কিত অতি শঙ্কটে,
মাত্র তবই পঙ্কজপদ,
আশ্রয় গণি দুর্ঘটে।

তখন দৈত্যপতি চক্ষু'আচ্ছদন চক্ষুউপরি পরিরক্ষি,
স্বয়ং লেখ্য খুলি হইল পঠনরত সমধিকসুস্থির লক্ষ্যি।
সর্পদষ্টজনসদৃশ চমকি ঘন দৈত্য-অধিপ দৃঢ়মুষ্টি
বর্ষিল সুকঠিনরত্নমঞ্চ'পরি কড়মড়ি দন্তসমষ্টি !
কণ্টককুলসম উত্থিত তনুরুহ চৌদিশ কিরণ বিসর্পে,
উগ্রবীর্য্যময় সমগ্রতনুবর অন্তকচমক সমর্পে !!
ধূম্রসমন্বিত সুঘননিঃশ্বসন, নয়ন-অগ্নি-অভিসর্পে,
কহিল দৈত্যপতি গর্জ্জি সিংহসম কম্পি অবনি অতিদর্পে।

ধিক্ মমবীর্য্য, ভয়ঙ্করদুর্গতি-
দুর্যশ উত্থিত, ধিক্শত মৎপ্রতি।

১৩। চক্ষু-আচ্ছদন=চশমা।

সর্ব্ব বিনষ্ট তবু, প্রভুশঙ্কর,
তুষ্ট নহে স্থির নির্দ্দয়-অন্তর ?
সর্পিব শীঘ্র দশাস্য-পুরান্তর,
চেষ্টিব অদ্য সমস্তসুদুষ্কর ;
কর্ব্বুরদৈত্য-অমিত্রসমস্তক
ভস্মিব শীঘ্র, বিভক্ষিব মস্তক।
যুদ্ধনিমিত্ত সুসজ্জহ সত্বর,
ভৈরবমূর্ত্তি-উদগ্রধনুর্দ্ধর ;
ঈক্ষিব কিম্বিধশক্তি নরেশ্বর,
দর্শিব বীর্য্য বিভস্মিব সত্বর।
ক্রুদ্ধদৈত্যপতি-বাক্যনিচয় শুনি কর যুড়ি অবনতশীর্ষে,
ভস্মক-আখ্য-মন্ত্রিবর নিগদিল জলদশব্দ-অভিবর্ষে।

মৌক্তিকদামচ্ছন্দঃ।

সুসম্বর সত্বর ভৈরববীর্য্য,
প্রশান্তহ সম্প্রতি বিশ্ব-অধৈর্য্য ;
তবাত্মপরাক্রম বিশ্ব-অসহ্য,
সুযোগ্য কি সম্প্রতি নির্ঘৃণকার্য্য ?
সমর্থ-ই যদ্যপি কিঙ্করসর্ব্ব,
বিমর্দ্দনজন্য নরেশ্বরগর্ব্ব ;
কি জন্য মহাপ্রভু সম্প্রতি তত্র,
গতিপ্রতি-ইচ্ছু, পরিত্যজি পুত্রে ?

৩। সর্পিব=যাইব। ৫। সমস্তক=সমস্ত।

বরঞ্চ সুতপ্রতি অর্প সতুক্তি,
অমিত্র বিনষ্ট হবে স্থিরযুক্তি।
সযত্ন নিরুদ্ধি মরুদ্‌গণপঞ্চ,
সমর্চ্চহ শম্ভু-পদাব্জ বরঞ্চ।
মন্ত্রিবাক্য শুনি দীর্ঘ বিনিঃশ্বসি দৈত্য-অধিপ অতিধৈর্য্যে,
কহিল সমীক্ষি অবনিতল অবনত-কন্ধর হই মৃদুবীর্য্যে।
মন্ত্রিসতুক্তি সুসঙ্গত নিশ্চয়,
যুক্ত সমুক্তিল বিজ্ঞ অসংশয়।
অদ্য অবশ্য সমুদ্যমি সত্বর,
মর্দ্দিব শক্র ভয়ঙ্করদুর্দ্ধর।
আত্ম সমর্পি সমর্চ্চিব শঙ্কর,
পক্ষসমর্থনজন্য সুসত্বর;
ঈক্ষিব কিম্বিধ শম্ভু পরাৎপর,
নিষ্ঠুর তিষ্ঠই মৎপ্রতি দুস্তর।
সম্প্রতি সঞ্চর পুত্রপুরান্তর,
সম্বদ সর্ব্ববিপৎকুল দুস্তর;
পূর্ণসসংজ্ঞ হ'য়ে স্থির-অন্তর,
সঞ্চর তৎসহ সর্ব্বধনুর্দ্ধর।
তখন জনৈকসুসজ্জিত-অনুচর নমি অবনিপপদ রম্যে,
চলি অতিসত্বর, উপগত তৎক্ষণ দৈত্য-অধিপসুতহর্ম্ম্যে।
উপবনভবনমধ্যগত-দুর্ম্মদসুতবর কুম্ভক-আখ্য,
তুঙ্গ-অচলসম অঙ্গ বিপুলতম কৃষ্ণবর্ণ জিনি যক্ষ!
মদ্য ভক্ষি অতিমত্ত, নৃত্যসহ লম্ফঝম্প করি রঙ্গে,
মর্দ্দই অবিরত রিপুপুর-লুণ্ঠিতযুবতিনিচয়মৃদু-অঙ্গে।

ক্রন্দন করি অতি যুবতিরত্নগণ চরণপতিত হতদর্পে,
তবু অতিনিষ্ঠুরদুষ্ট হৃষ্ট হই বেষ্টি কষ্ট পুন অর্পে।
হস্তিমূর্খ অতি দম্ভপূর্ণমতি রতি সুধু কলুষিতকার্য্যে,
অধমঘৃণিততম-সঙ্গিনিচয়সহ কৌতুকরত নিজরাজ্যে।
বিকটহাস্য ঘন উদ্গত জৃম্ভণ মদ্যগন্ধি সুদুরন্তা,
পৃথুলনধরতনু টলমল বিচলিত পতিত মর্দ্দি যত কান্তা।
দৈত্যযুবতিবহু মত্ত নিরতিশয় সুবিকটহাস্যতরঙ্গে,
নৃত্যনিরত ঘন বেষ্টি যুবকবর, কম্পিত কুচ রতিরঙ্গে।
কখন যুবতিগণ বস্ত্ররজ্জু রচি যুবককণ্ঠ অভিবন্ধে,
বাহ্যবুদ্ধি হত নর্ত্তিত কুম্ভক বিসর্পি হাস্যকুগন্ধে।
কখন নয়ন মুদি অর্দ্ধ বিকসি কভু ঢুলি ঢুলি চলিত তরঙ্গে,
উদর উচ্চ করি বিকটভঙ্গি কভু চলিত হাস্যসহ রঙ্গে!
সৃক্কগলিত বমি মদ্যসহিত থুথু, দন্ত বিনির্গত সর্ব্বে,
অলস-অবঁশতনু জটিলকুটিলগতি থতমত-উক্তি সগর্ব্বে।
তখন দৈত্যপতি-অনুচর অবনমি কর যুড়ি কম্পিত-অঙ্গে,
কহিল দনুজপতি-অনুমতি অবিকল সমধিকমৃদুরবসঙ্গে।
ঝটিতি বিকটতনু শীর্ষ ঘূর্ণি ঘন বসন অর্পি নিজ-অঙ্গে,
চলিল দন্তসহ কুম্ভকভস্মল ভৃত্যযুগল লই সঙ্গে।
আত্ম-উভয়ভুজ উভয়ভৃত্যবরকন্ধর-উপরি সমর্পি,
প্রস্থিত কুম্ভক ঘূর্ণিতমস্তক টলমল চরণ বিসর্পি।
চলিত মক্ষিগণ বদন লক্ষ্যি ঘন ভন ভন শব্দবিসর্পে,
অলিদল যদ্বিধ মত্তগজেশ্বর-গণ্ড মণ্ডি অভিদর্পে।
ক্রমশ উপস্থিত সমিতিসদন অতি টলটল ঢলঢল গাত্রে,
জনকচরণতল-নমননিরত হই পতিত বিমুদ্রিতনেত্রে।

ধিক্ ধিক্ ভবক্রমি স্নধু কি ঘৃণ্যতমচরিত্র-দর্শনজন্যে,
জন্মিলি ভবতল ? করিলি কলঙ্কিত নির্ম্মলভুবন স্নধন্যে !
ঈক্ষ সকলজন মদ্যভয়ঙ্করকুফল চিন্তি নিজচিত্তে,
ঘৃণিততিরস্কৃতদুর্গত হয় স্নধু জনগণ মদ্যনিমিত্তে।
সম্রাট্‌কুল-পরিগণ্য-দৈত্যকুল সম্প্রতি ষণ্ডনিমিত্তে,
উৎকটঘৃণিতচিহ্নচয় অর্পিল জনগণনির্ম্মলচিত্তে !
বিশ্ব পরিত্যজি চলহ মদ্য তুমি ঘৃণার্হনরকসমস্তে,
রক্ষিত হউক বিমূর্খজগজ্জন অসময়কৃতান্তহস্তে।
সতর্ক রহ অতি নকভু করহ গতি, জনগণ, মদ্যসমক্ষে,
ঈক্ষ দৈত্যসুত জগন্মান্য হই ঘৃণিত জগজ্জনচক্ষে !!
ঝটিতি সচিবগণ ধরি পুন' সুস্থিত করিল মঞ্চবর-অঙ্গে,
ঘূর্ণিতমুদ্রিতনয়নপুত্রবর টলমল তনু কতরঙ্গে।
অবনতশীর্ষদৈত্যপতি, সুদীর্ঘবক্রকটাক্ষবিবর্ষে,
নিরখি পুত্রমুখ কহিল বিনিঃশ্বসি নয়নবাষ্পপরিদর্শে।

বৎস, ভয়ঙ্কর উদ্গত দুর্গতি,
চেষ্ট, যশস্বি, সুমঙ্গল সম্প্রতি ;
ধ্বংসহ দুর্ম্মদশত্রু ভয়ঙ্কর,
রক্ষহ বান্ধববর্গ সুসত্বর।
কর্ব্বুরদৈত্য বিপদ্গত এক্ষণ,
রক্ষহ পুত্র বিপক্ষবিমর্দ্দন ;
সঞ্চর শীঘ্র অতুল্যধনুর্দ্ধর,
কর্ব্বুর-দুর্গ হ'য়ে স্থির-অন্তর।

১। ভবক্রমি- জগতেরকীট।

সর্ব্ববিপক্ষ বিমর্দ্দ, মহদ্বল,
চেষ্টহ সত্বর আত্মসুমঙ্গল ;
সজ্জিতসৈন্যসহ স্থির-অন্তর,
সঞ্চয়ি সদ্বল সম্প্রতি সঞ্চর।

জনক-বাক্য শুনি ঢুলি ঢুলি কুম্ভক নয়ন মুদ্রি মৃদুহাস্যে,
উক্তিল লটপট জড়িতবচনচয় পূর্ণদম্ভময়-আস্যে।

সারবতীচ্ছন্দঃ।

তুচ্ছ পিতস্তব বাক্যসবে,
ঘৃণ্য নিতান্ত বিচিন্তি ভবে ;
ক্ষুদ্রনিকৃষ্টকুকর্ম্মতরে,
যোগ্য কি কুম্ভক বিশ্ব'পরে ?
অন্তক মর্দ্দি মুহূর্ত্তপলে,
তুচ্ছ কি মর্কট যোগ্য বলে ?
ধ্বংসিব সত্বর সর্ব্বখলে,
দীপ্তহবিভুজতুল্যবলে !
তিষ্ঠ কুলেশ্বর শিষ্টমনে,
সত্বর মর্দ্দিব শত্রুগণে ;
ভক্ষিব বিশ্ব বিনষ্টি সবে,
দর্শিব দৈত্যমহত্ত্ব ভবে।
সজ্জহ সৈন্য মৃগেন্দ্ররবে,
উৎকটসঙ্গর শীঘ্র হবে ;
চূর্ণিব ঘর্ষিব জন্তুদলে,
ভক্ষিব মুণ্ড বিচর্ব্বি বলে।

পুত্রবাক্য শুনি হৃষ্ট দৈত্যপতি উদ্যম করি অতিযত্নে,
চন্দনমাল্যমুকুট-অসি সত্বর অর্পিল সুতকুলরত্নে।
বিশ্ব দীর্ণ করি গর্জ্জিল দুন্দুভি অযুতবজ্র জিনি মন্দ্রে,
মূর্চ্ছিত জগজন অসহশব্দ শুনি, ত্রস্ত নিভ্রান্ত ফণীন্দ্রে !!
সজ্জিত চৌদিশি বিকটদৈত্যগণ, উগ্রশমনবল নিন্দে,
মল্লসট্টরত, পট্টপটান্বিত-অর্দ্ধজঙ্ঘ দৃঢ়বন্ধে।
দ্বিত্রিমুণ্ডধর বিবিধদৈত্যগণ বহুপদবহুকর-যুক্ত,
ভৈরবনয়ন বহ্নি জিনি উজ্জ্বল, হৃদয় অচল জিনি শক্ত !
ধ্বজকুল অগণিত বিবিধবর্ণযুত উত্থিত গগন অনিন্দ্যে,
ঝলমলি গঞ্জি দিবসকর-রঞ্জিত-মঞ্জুলজলধরবৃন্দে।
ডমডমডিণ্ডিমবাদ্য চলিল মিলি বিকটডম্ফরবসঙ্গে,
লম্ফঝম্প করি চলিল দনুজগণ কজ্জলসজ্জিত-অঙ্গে।
চলিল দৈত্যকুল বেষ্টি সৈন্যপতি-কুম্ভকসুবিপুল-অঙ্গে,
চলিল সচিবশুক হৃষ্টহৃদয়সহ সকলসৈন্যগণসঙ্গে।
কিঞ্চিদগ্রসরি পরিহরি দলবল চলিল সচিববর অগ্রে,
ভবন-উপস্থিত হই কর্ব্বুরপতি-সন্নিধি কহিল সমগ্রে।
উৎসুকচিত অতি কৌণপ-অধিপতি গৌরববর্দ্ধনজন্যে,
স্বয়ং উপস্থিত হইল রত্নময়-উপবনভবন-সুধন্যে।
চৌদিশি ফুলকুল অলিকুল গুঞ্জন পিককুল কুহরই হর্ষে,
সিক্ত সকল-উপবন চিতরঞ্জনশান্তিকান্তিসুখবর্ষে।
মণিময়সদন সুসজ্জিত অতিশয় কনকরত্নময়মধ্য,
সুবিপুলগবাক্ষ বিমুক্ত অতিশয়, অনিল পশই অনিরুদ্ধ।

৬। মল্লসট্ট—মালসাট। পট্টপট—পট্টবস্ত্র।

পশি সদনান্তর বসিল ধরণিপতি মঞ্চ-উপরি সুখহর্ষে,
কর যুড়ি বসিল সচিববর সুস্থির সমধিক-অবনতশীর্ষে।
ঝটিতি ধরণিপতি নিরখিল সম্মুখ-ধরণিহৃদয় অবদীর্ণি,
উত্থিত দৈত্যনিচয় ভৈরবতনু পুরময় তিমির বিকীর্ণি!
পতঙ্গকুলসম উত্থিত অগণিত অদ্ভুতকলরবসঙ্গে,
অস্ত্রশস্ত্রযুত চিত্রবিচিত্রিত অচলসদৃশবৃহদঙ্গে।
মুহূর্ত্তপর ময়পুত্র সমুত্থিত মণিময়কুসুমিতমঞ্চে,
সজ্জিত চৌদিশি অগণিতসৈনিক বিস্ময়রস পরিষিঞ্চে!
জয়জয়রবসহ বর্ষিল ফুলকুল কৌণপগণ অতিহর্ষে,
কর যুড়ি নমিল চতুর্দ্দিশি জনগণ সমধিক-অবনতশীর্ষে।
অগ্রসরি তখন শুক অতিসত্বর সমভিনন্দি চিরমিত্রে,
করিল উপস্থিত দশমুখসন্নিধি, ঝলকিল গৃহ মণিমাত্রে।
করতল মর্দ্দি মান্যসহ সত্বর সংস্থিত করি নিজপার্শ্বে,
কহিল ধরণিপতি, অনুচরগণ মিলি বিধুনিল বৃন্ত সহর্ষে।
শ্রান্তি অন্ত করি দৈত্য-অধিপসুত অদ্ভুতরব করি রঙ্গে,
কহিল বাক্যচয় মৃদুলহাস্যসহ নিরখি দশাস্যবরাঙ্গে।

তুচ্ছনিমিত্ত কিজন্য সবে
চিন্তহ সম্প্রতি বর্জ্জি রবে?
উত্থিত কুম্ভক শম্ভুজয়ী,
বর্জ্জহ চিন্তন শান্ত হই।
ভক্ষিব সত্বর সর্ব্বনরে,
ভস্মিব ঈশ্বর দম্ভভরে;
দর্শিব বিক্রম সর্ব্বভবে,
ভক্ষিব সূর্য্যশশাঙ্কসবে।

অদ্ভুতমন্ত্র-অতুল্যগুণে,
শান্তি সমর্পিব সর্ব্বজনে।
চীৎকৃতি সংহতি মন্ত্র যবে
উক্তিব নর্ত্তনযুক্তঢবে,
নিশ্চিত সর্ব্বমৃতাত্মজনে
ঈক্ষিব উত্থিত হর্ষসনে!
উচ্চগজে স্থিত ইন্দ্রজিতা,
ঈক্ষিব উত্থিত হৃষ্টচিতা,
অক্ষয়পুত্র তুরঙ্গ'পরে,
উত্থিত তৎপর হর্ষভরে।
কুম্ভকরর্ণ অবশ্য পরে,
উত্থিত অদ্ভুত দর্পভরে,
মদ্যদুকুম্ভ দুকক্ষতলে,
দন্ত বিনির্গত হাস্যফলে,
গর্দ্দভভল্লুকপূর্ণ ক'রে,
পাত্র মহান্ লই শীর্ষ'পরে!!
সর্ব্ব সুখোদ্ভব অদ্য ভবে
অর্পিব নিশ্চয় তিষ্ঠ সবে;
নৃত্য কর স্থিরহৃষ্টমনে,
মদ্য বিভক্ষহ হাস্যসনে।

কুম্ভকবাক্যনিচয় শুনি দশমুখ বিস্মিতদৃষ্টিবিবর্ষে,
নিরখি মিত্রমুখ কহিল বিনিঃশ্বসি সমধিকবক্রিমশীর্ষে।

৪। ঢব=প্রকার, ঢং। ১১। কুম্ভকরর্ণ=মত্ততাজন্য ঐরূপবিকৃতোচ্চারণ।

দুর্দ্দম তববল, কম্পিত ভবতল,
সূর্য্যবিধু বিকল, তবসুমহত্ত্বে ;
সত্বর সুযতনি রক্ষহ গুণমণি,
শক্রুনিচয় হনি; অসিবরসত্ত্বে।
সঞ্চরি নিজবল তিষ্ঠহ অবিরল,
সুন্দর-অনুবল হই মমসঙ্গে ;
আশ্রয় লভি তব, মর্দ্দিব রিপুসব,
বিক্রমি অভিনব, যুঝি চতুরঙ্গে।
কর্ব্বুর যত সব, ভৃত্যসদৃশ তব,
যদ্বিধ অনুভব বিনিযুঙ্ক্ষ কার্য্যে,
সৈন্য অনিলজব সংহতি লই তব,
মর্দ্দহ রিপুসব, যমসমবীর্য্যে।
সৈনিক মম সব আশ্রিত গণি তব,
রক্ষক অভিনব হই দলমধ্যে,
উদ্যমি সযতন, সত্বর করি রণ,
ধ্বংসহ অগণন- সুরনর যুদ্ধে।
দশমুখবাক্যনিকর শুনি কুম্ভক, পূর্ণদম্ভময়চিত্তে,
উক্তিল ভৈরব গর্জ্জি, বিঘূর্ণিত মস্তক মণ্ডনিমিত্তে !
ব্যর্থ বিচিন্তি সমস্তজনে,
শীঘ্র বিমর্দ্দিব শক্রুগণে ;
মর্ত্ত্য অমর্ত্ত্য কিশক্তি ধরে,
কুম্ভকসংহতি যুদ্ধ করে ?

৪। হনি=বধকরি। ১০। বিনিযুঙ্ক্ষ=নিযুক্তকর। ১১। জব=বেগ।

উগ্রদবাগ্নিসমক্ষ কবে
তুচ্ছতৃণ স্থির ঘৃণ্যভবে ?
ইচ্ছহ যদ্যপি সৈন্য দিতে,
সম্বদ সত্বর সঙ্গ নিতে,
নির্দ্দিশ সম্প্রতি সৈন্যগণে,
সজ্জুক শীঘ্র উদগ্ররণে।

যোদ্ধৃবাক্য শুনি তখন সচিবশুক, পরমভক্তিপরিদর্শে,
কহিল হস্ত যুড়ি মস্তক নত করি বিস্তরবিনয়বিবর্ষে।

সঙ্গত গণি দৈত্য-অধিপ-
বাক্যনিচয় এক্ষণে,
সত্বর অতি সৈন্যনিকর
সজ্জুক সমরাঙ্গনে।
সম্প্রতি গতি সঞ্চরি পুন,
সত্বর নিজদর্শনে,
ঈক্ষহ সব সৈন্যবিভব,
চেষ্টহ পুররক্ষণে।
ক্লান্তিনিচয় বর্জ্জন করি,
অদ্য রজনি-আশ্রয়ে,
কল্য সকল- সৈনিকসহ,
মর্দ্দহ রিপুদুর্জ্জয়ে।

বুধবর-বাক্যনিচয় শুনি কুম্ভক ঘনঘনহাস্যসমর্পে,
কহিল নয়ন মুদি ঢুলি ঢুলি অবিরল মদ্যগন্ধ-অভিসর্পে।

যদ্বিধ ইচ্ছ সমস্তজনে,
চেষ্টহ তদ্বিধ হৃষ্টমনে ;

নাস্তি মমস্থিরবাক্যবর,
যদ্বিধ ইচ্ছহ শীঘ্র কর।
দৌড়িব সম্প্রতি সর্ব্বসনে,
দর্শনজন্য সুসৈন্যগণে;
রক্ষিব দুর্গসমস্ত সুখে,
ঈক্ষিব দৃশ্য সহাস্যমুখে।

চলিল ধরণিপতি কুম্ভকসংহতি দলবল লই অতিবীর্য্যে,
সৈনিকগণ-পুরনগর-দুর্গ-গৃহসমুদয়-দর্শন-কার্য্যে।
চলিত সদলবল দশমুখ উজ্জ্বলি নগরবর্ত্মশতলক্ষ,
ঝলকিত পুরবর, চমকিত জনগণ থমকিত অচলসদৃক্ষ!
প্রথম উপস্থিত হস্তিসৈন্যগৃহ অনুপমবীর্য্য উদগ্রে,
সংস্থিত গৃহবর অচলসমোন্নত অদ্ভুত বিশ্বসমগ্রে!
নিরখিল গজকুল জলদপুঞ্জসম, বিজুলিসদৃশ পদপার্শ্বে
শৃঙ্খল লুণ্ঠিত রজতবিনির্ম্মিত উজ্জ্বলকিরণ বিবর্ষে।
সুবিপুলমূর্ত্তি তুহিনগিরিসন্নিভ, কুম্ভ শৃঙ্গসম শীর্ষে,
সলিললহরিসম মদমধুনির্গত, অলিকুল উপগত হর্ষে।
চকিত ধরণি অতি ভৈরববিগ্রহ-গজকুল-গুরুপদদর্পে,
কণ্টকময়তনু কভু কভু কম্পিত অবনিকম্প-ছল-অর্পে।
গজভয়যুতমহি গগনগমনরত উন্নতপর্ব্বত-ছন্দে;
মদজলবাষ্প সুসংগ্রহি জলধর পূর্ণ করই নদবৃন্দে।
নিরখি গজোন্নতি উভয়পার্শ্বগত জনগণ বিমুগ্ধ মর্ম্মে,
চপল কতকজন দিন গণি, কত পুন নিশি গণি নিদ্রিত হর্ম্ম্যে!
নিরখিল গজপতিসৈন্যনিচয় অতিভৈরব সমধিকচণ্ড,
লৌহবর্ম্মবৃত করধৃত মুদ্গর বিনিন্দি অন্তকদণ্ড!

অনলপিণ্ডসম নয়ন ভয়ঙ্কর ঘূর্ণিত কিরণ উদগ্রে,
বিকটনিঃশ্বসন বজ্রশব্দ জিনি কড়মড় দশনসমগ্রে !!
মদকলগজ জিনি মত্ত সৈন্যগণ তপ্তমদ্যরস ভক্ষি,
ভৈরবহুঙ্কৃতিনিরত মুহুর্মুহু' চৌদিশি সতত সমীক্ষি।
তখন ধরণিপতি অর্পিল অনুমতি সমরজন্য সবসৈন্যে,
দৈত্যপুত্রসহ চলিল তদন্তর অশ্বসৈন্যগৃহ ধন্যে।
নিরখিল গৃহবর বিস্তৃত অতিশয়, মণিকুল চমকই চিত্তে,
উড়ুদলবিখচিতবিমলনভঃস্থলসদৃশ সদন পরিদীপ্তে।
পংক্তিবদ্ধ-কতকনকবিনির্ম্মিত-গবাক্ষনিচয় অতুল্য,
উন্নতশিখর গগনতল উজ্জ্বলি সজ্জিত দিনকরতুল্য !
অশ্বসৈন্যগণ রত্নবর্ম্মবৃত চর্ম্মবদ্ধ কটিপার্শ্বে,
পুচ্ছগুচ্ছযুতমুকুট সূর্য্যসম সজ্জিত উন্নতশীর্ষে।
কটিতটলম্বিত মণিমণ্ডিত-অসি, দীর্ঘভল্লযুত হস্ত,
সব্যকরবিধৃত স্বর্ণকার্ম্মুক, নিষঙ্গ পৃষ্ঠত'সুস্থ।
নিরখি অবনিপতি অবনত হই অতি নমিল সৈন্যগণ যত্নে,
উজলিল দিগ্‌দশ, চকিত তপন, গৃহ ঝলকিত শীর্ষকরত্নে !
নিরখিল অশ্বনিচয় কর্ব্বুরপতি বিবিধবর্ণযুত-অঙ্গে,
কনকবিনির্ম্মিতশৃঙ্খল সংযত চরণচতুষ্টয়সঙ্গে।
স্বল্পশব্দ করি মৃদুলজলদসম কম্পি কর্ণ মুদি চক্ষে,
দীর্ঘপুচ্ছ করি দুলিত সতত রত তৃণময়কবলবিভক্ষে।
সান্ধ্যসূর্য্যসমরক্তিম কত, কত শশিসমশুভ্রসুশিষ্ট,
অগণিতরম্য-অশ্বগণ জলনিধি-ঊর্ম্মিসদৃশ পরিদৃষ্ট !

১৪। সুস্থ = স্থিত। ২০। কবল = গ্রাস।

সতর্ক করি সব-অশ্বসৈন্যগণ, সহচরসহ।চতহর্ষে,
ঝটিতি উপস্থিত কর্ব্বুর-অধিপতি অস্ত্রভবনবরপার্শ্বে।
উচ্চবপ্রপরিবেষ্টিতগৃহবর রক্ষিত সতত সদর্পে,
পুরত অবস্থিত বিকটসিংহযুগ অন্তকচমক সমর্পে!
পূর্ণ ভবনবর বিদ্যুৎসন্নিভবহুবিধ-অস্ত্রসুশস্ত্র,
বিকসিতমণিফণিপূর্ণফণীশ্বর-রাজ্যসদৃশ পরশস্ত!
কৃতান্ত শঙ্কিত নিরখি কুন্তকুল, পবন চলিত মৃদু-অঙ্গে,
বিস্ময়ভয় পরিদর্শি সতত গৃহ সজ্জিত কিরণতরঙ্গে!
খড়্গভল্ল-অসিপট্টিশমুদ্গর বিবিধ-অস্ত্রকুল দীপ্ত,
কল্পিত নয় কভু শমনসদন, গণি, নিরখি অস্ত্রগৃহ দৃপ্ত।
চর্ম্মবর্ম্ম কত ঘর্ম্মরশ্মি জিনি মর্ম্ম দগ্ধি কর বর্ষে,
সুবিপুলগহ্বর-অনল-অস্ত্রকুল নিরখিল বিস্ময়হর্ষে!
নিরখি অস্ত্রগৃহ চকিত সর্ব্বজন থমকি চলিত অতিধৈর্য্যে,
অপক্ষতরিকুল যদ্বিধগতিযুত বিপক্ষজলচয়বীর্য্যে।
নিরখি অস্ত্রগৃহ উপগত দলবল মল্লসদনবরপার্শ্বে,
রক্তবর্ণগৃহ অতিশয়ভৈরব অনলদীপ্তি অভিবর্ষে!
চমকি চতুর্দ্দিশি উচ্চশিখর'পর তীক্ষ্ণভল্লবর তিষ্ঠে,
গৃহবর-সম্মুখ-নির্ম্মিত করিযুগ—অচল অচল চিতকষ্টে।
ত্রিভুবনবিস্ময়জনক-অঙ্গযুতবিকটমল্লগণ তিষ্ঠে,
স্তম্ভসদৃশসবপৃথুলহস্তপদ, বদন শমনভয় সৃষ্টে!
গজপতিতনুসম মাংসলতনুবর, অবনিকম্প পদ-অর্পে,
অজগরসম অতিভৈরবভুজযুগ, চকিত বিশ্ব বলদর্পে!
অচলনিকৃন্তন রদন ভয়ঙ্কর, নিঃশ্বসি বিটপি বিনষ্টে,
মল্লকচ্ছযুত সট্টনিরত সব, কম্পিত ভব চিতকষ্টে।

নিরখি যোদ্ধৃগণ তুষ্ট অবনিপতি কহিল সৈন্যপতি ধন্যে,
দৈত্যতনয়বর-নিকট সুকৌশল-কিঞ্চিদ্‌দর্শনজন্যে।
ঝটিতি জনৈক মুষ্টি অভিবর্ষিল ধরণি-উপরি গুরুবীর্য্যে,
কম্পিত হইল ভবনবর থরথর পরিহরি দৃঢ়তমধৈর্য্যে!
অপরযোদ্ধৃবর অবনমি সত্বর ভুজযুগপূর্ণবিসর্পে,
পূর্ব্বসৈন্য তুলি অঙ্গুলি-অগ্রত ঊর্দ্ধ করিল অতিদর্পে।
তখন অপরজন উভয়যোদ্ধৃবর তুলিল দৃঢ়াঙ্গুলি-অগ্রে,
ভৈরবতনুধর উদর ভয়ঙ্কর অদ্ভুত ভুবনসমগ্রে!
সর্ব্ব-উপরিজন তখন বিনত হই ধরিল নিম্নজনজঙ্ঘে,
কঠিনচক্রবর রচিল যোদ্ধৃদল অভেদ্য সমর অলঙ্ঘ্যে।
তখন মল্লপতি দংশি অধরবর গর্জ্জি সট্ট ঠুকি হস্তে,
চক্রমধ্য নিজ-অঙ্গুলি সমর্পি ঘূর্ণিত করিল সমস্তে!!
নিরখি তুষ্ট হই উপগত অবনিপ পদগসৈন্যগৃহ ধন্যে,
মরকতমণিময়সুবিপুলগৃহবর জলদপুঞ্জসমবর্ণে!
মধ্যগমনপথসমুদয় বিরচিত উজ্জ্বলকষিতসুবর্ণে,
বিজুলিপুঞ্জসম মঞ্জুলদর্শন রঞ্জি নগর নিজবর্ণে।
নিরখিল অগণিতসৈন্য সুসজ্জিত অস্ত্রশস্ত্রসহ দর্পে,
অধিপতি-উক্তিসহিত রচি পংক্তি সরল হই চরণ বিসর্পে।
কখন জঙ্ঘ'পরি সমুপবিষ্ট সব কখন অবনিসহ লগ্ন,
কখন লম্ফসহ গগন-সমুত্থিত, দশদিক্‌ ভল্লবিভগ্ন!
চক্র বিরচি কভু ঘূর্ণিত সৈনিক বর্ম্মকিরণ-অভিসর্পে,
কখন অস্ত্রসহ ধরণি-পতিত হই চলিত পার্শ্বভর-অর্পে!!

১১। সট্ট=তাল। ১৩। পদগ=পদাতি।

নিরখি অবনিপতি পরমভক্তিসহ বিরচি সুপংক্তি সমগ্রে,
প্রণমিল সত্বর, ঘূর্ণিত করি অসি অলিক পরশি অসি-অগ্রে।
হৃষ্টহৃদয়সহ কর্ব্বুর-অধিপতি সুবিদিত করি সবসৈন্যে,
সমরজন্য অতি সুদৃঢ় নির্দ্দিশিল সৈন্য-অধীশ্বর ধন্যে।
চলিল তদন্তর নিরখিল সত্বর দুর্গনিচয় মজি দর্পে,
পবনদিবসকর-হিমকর অক্ষম দুর্গভিতর কর-অর্পে।
স্নিগ্ধসমুজ্জ্বল দুর্গমধ্যগৃহ অতুলিতমণিমতিবৃন্দে,
অবনিনিহিত কত, কত পুন' বেষ্টিত মহোচ্চবপ্র অনিন্দ্যে।
তখন ধরণিপতি হইল সমুত্থিত সহচরগণসহ দর্পে,
শ্রেষ্ঠদুর্গবরশিখর-উপরি অতিগর্ব্বিত-চরণবিসর্পে।
সজ্জিল দশমুখ দলবলবলয়িত উজ্জ্বলি বিশ্ব গরিষ্ঠে,
সিংহবর্গ-পরিবেষ্টিত যদ্বিধ সিংহ-অধীশ্বর তিষ্ঠে।
সপদি চতুর্দ্দিশি হইল সুবিস্তৃত উজ্জ্বলতনুবররশ্মি,
গিরিবনজলদসকল হই রঞ্জিত হইল সুদৃশ্যবিবর্ষী !!
তখন শৃঙ্গ ধরি শৃঙ্গিকুলেশ্বর, কর্ব্বুর-অধিপতিবাক্যে,
করিল শৃঙ্গরব সিংহশব্দ জিনি অবগত করি সবরক্ষঃ।
বিকটশৃঙ্গরব হরধনু'রবসম সমুদয়বিশ্ব বিভঙ্গে,
স্তম্ভিত ভবতল, অনিল চলিত মৃদু চমকি থমকি ভয়সঙ্গে !
উর্দ্ধকণ্ঠ হই শুনি ভৈরবরব চঞ্চল সমুদয়রক্ষঃ;
সচিত্ত হইল নগরবর সুবিপুল, গৃহকুল অঙ্গসদৃক্ষ।
ব্যস্ত সমস্তবিকটকর্ব্বুরদল চলিত চতুর্দ্দিশি শৌর্য্যে,
ভৈরব-অভিনবকলরব-উদ্ভব, টলমল পুর বলবীর্য্যে !
গজদলবৃংহণ-অশ্ববিকটরব-চক্রিচক্ররবসঙ্গে,
গর্জ্জিল সৈনিক পর্ব্বতসমতনু সমরবিমণ্ডন অঙ্গে।

রুদ্ধ হইল সবনগরগমনপথ উৎকটবজ্রবিমন্দ্রে,
উপলবিনির্ম্মিত-বিপুলদুর্গকুল রুদ্ধ হইল দৃঢ়বন্ধে।
চৌদিশি বিকটসৈন্যগণ বিচলিত ঝলমলি অস্ত্রনিমিত্তে,
বর্ম্মকিরণ লভি পরিণতদিন পুন' তরুণসদৃশ পরিদীপ্তে!
নগরবর্ত্মকুল পূর্ণ করি রহিল রক্ষকনিচয় সসজ্জে,
বপ্র-উপরি বহুসৈন্য চক্রসম পরিক্রমণ করি গর্জ্জে!
সৌধ-উপরি সবসজ্জিতসৈনিক যমসম-অনুপমদর্পে,
চমকিত ঝলকিত সকলনগরবর; বিশ্ব-সুবিস্ময় অর্পে!
সহস্রভাস্করসদৃশ-রথনিকর বর্ষিল কিরণ উদগ্রে,
অনল-অর্চ্চি'সমসুবৃহৎ-ধ্বজকুল ঝলসিল ভুবনসমগ্রে!
উদ্যত জাগ্রত রহিল নগরবর ভৈরবতমবলবীর্য্যে,
বহিল পবন মুখরিত করি দিগ্‌দশ উৎকটসৈনিকগর্জ্জে।
অবতরি দশমুখ পাত্রমিত্রসহ পরিহরি সচিব অগৌণে,
দনুজ-তনুজসহ চিন্তিত-অন্তর পশিল পুরান্তর মৌনে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে লঙ্কাসংরক্ষণং
নাম ষষ্ঠঃ সর্গঃ।

১১। উদ্যত=উদ্‌যোগী। ১৪। তনুজ=পুত্র।

সপ্তমসর্গ।

লুপ্ত রজনি তবু সুপ্ত দশবদন গুপ্তদীপ্তিময়কক্ষে,
চৌদিশি সরলমৃদুলতনুমগাত্র-কলত্রনিচয় নতচক্ষে ;
প্রসুপ্তমৃগপতি বেষ্টি যথাস্থিত-বনজ-বল্লিকুল যত্নে;
অথবা স্নিগ্ধজলধিতলনিদ্রিত-মকর সুবেষ্টিত রত্নে।
চিত্রপুতলিসম ললিতযুবতিগণ অঙ্গুলি সমর্পি গণ্ডে,
গলিত অশ্রুজল মৌক্তিকসরসম সুমৃদুলহৃদয় বিমণ্ডে।
ব্যজন অগুরুযুত কুসুমবিনির্ম্মিত বিধুনি নিরতিশয়যত্নে,
সংস্থিত অপ্সর'নিন্দিযুবতিগণ ঝলমলি কঙ্কণরত্নে।
সুরক্তমণিময়-গবাক্ষ সুবিদরি রবিকর বিকীর্ণ মধ্যে,
সমস্তগৃহবর রক্তপদ্মসম ঝলকিত কিরণ বিশুদ্ধে।
সুবর্ণখট্ট-উপরি দশকন্ধর সুপ্ত সুবিস্তৃত-অঙ্গে,
বিকটনিঃশ্বসন উষ্ণদীর্ঘতম ঘর্ঘররবচয়সঙ্গে।
তীব্রসৌরকর পতিত বদন'পর বিজুলি সদৃশ জলদাঙ্গে,
বিন্দু বিন্দু মৃদুঘর্ম্ম সমুদ্গত বুদ্‌বুদসদৃশ তরঙ্গে।
বিস্তৃত-অলিক নিরতিশয়কুঞ্চিত হৃদয়দুঃখ পরিদর্শে,
স্বপ্ন মহাদ্ভুত নিরখই অবনিপ (বিস্ময়ভয় অভিবর্ষে!)
দুর্গম পথ অতি কণ্টকতরুময় কঠিন-উপলময়গাত্রে,
তত্র ধরণিপতি সত্বরগতিসহ চলিত তিমিরময়রাত্রে।
উভয়পার্শ্বগত-অনলপূর্ণহ্রদ তরলিত তুঙ্গতরঙ্গে,
অজগর অগণিত বহ্নিবর্ণযুত গর্জ্জনরত কতরঙ্গে।

শমন-চক্রসম বিকট-নক্রগণ পরিক্রমই গুরুগর্ব্বে,
উগরই অবিরল বহ্নিগরলচয় ভস্মি চতুর্দ্দিশি সর্ব্বে !
অগ্নিবর্ণবহুভৌতিকতনু অতিকৃশতম দীর্ঘ উলঙ্গ,
মস্তক-উপরি অগ্নিগিরি ভৈরব বিসর্পি কিরণতরঙ্গ।
মজ্জিত উত্থিত শত শত অবিরত অট্টহাস্য করি রঙ্গে,
দশমুখসন্নিধি উপগত কতশত গজপতিগর্জ্জনসঙ্গে।
শঙ্কিত কম্পিত অগতিধরণিপতি দৌড়িল পবন বিনিন্দে,
ক্ষতবিক্ষততনু হইল নিরতিশয় কণ্টককঙ্করবৃন্দে।
সপদি অবনিপতি বিস্মিত হই অতি নিরখিল সম্মুখ-অংশে,
স্বর্ণবিরচিত-বিপুলনগরবর মণ্ডিত কত-অবতংসে !
স্ফটিকবিনির্ম্মিতবপ্র চতুর্দ্দিশি তুহিন-অচলসম কান্তি,
বহিঃস্ফটিক রত্নমণিবিখচিত নিরখি উদিত হৃদি শান্তি।
কনকবিনির্ম্মিত উজ্জ্বলগৃহকুল ঝলমল কিরণ বিবর্ষে,
মণিময়মন্দির সজ্জিত শত শত সূর্য্যকান্তি পরিদর্শে।
ঝটিতি ধরণিপতি পশিল নগরবর অতুলবিশিখগতিসঙ্গে,
নির্জ্জননিরব নিরখি পুর অতিশয় চকিত কণ্টকিত-অঙ্গে।
বিস্মিত হই অতি চলিত অবনিপতি মৃগশিশুসম ভয়সঙ্গে,
নিরখিল তখন সুদীর্ঘবর্ত্মকুল সংস্থিত বিস্তৃত-অঙ্গে।
সুমৃদুলকুসুমবিমণ্ডিত পথচয় চৌদিশি অলিকুল গুঞ্জে,
উভয়পার্শ্ব পরিসজ্জিত শশিসম-উজ্জ্বলস্থবর্ত্তিপুঞ্জে।
ব্যগ্রহৃদয়সহ কিঞ্চিদগ্রসরি নিরখিল বিস্মিতচিত্তে,
অভ্রচুম্বি-অতিসুন্দরমন্দির ঝলকিত কিরণনিমিত্তে।
ঝটিতি তখন পুন' নিরখিল অবনিপ সম্যধিকবিস্তৃতনেত্রে,
মন্দিরমধ্য-অবস্থিত পুরহর অতিশয়দুর্ব্বলগাত্রে।

মুদ্রিতনয়ন-বিনির্গত অবিরল জলদল তরলতরঙ্গে,
বিশীর্ণ তনুচিত থরথরকম্পিত ঘর্ম্মসমুদ্গত অঙ্গে।
ঝটিতি তখন পুন’ চমকিত হই অতি নিরখিল শঙ্করপার্শ্বে,
আত্মমূর্ত্তিবর বিকট-উগ্রতর মত্তমূর্ত্তি পরিদর্শে।
তপ্তরুধিরময়-লৌহপাত্র লই মদ্যবিঘূর্ণিতমুণ্ডে,
বর্ষই অবিরত শঙ্করশির’পরি, গলিত রক্ত দশতুণ্ডে।
তখন অকস্মাৎ কর্ব্বুর-অধিপতি সমধিকবিস্ময়সঙ্গে,
নিরখিল অদ্ভুতভৈরবরমণী, প্রচুরবিকম্পিত-অঙ্গে।
অন্ধতিমিরসম কৃষ্ণবর্ণতনু অস্থিচর্ম্মময় মাত্র,
সৃক্কদন্তচয় সতত রুধিরময় রক্তবর্ণ দুইনেত্র!
রক্তবসনবর পরিহিত অবিরত রক্তমাল্যচয় বক্ষে,
করতলবিধৃত খড়্গবর ভৈরব, বহ্নি বিনির্গত চক্ষে।
তীব্রদৃষ্টি করি বিকটহাস্যসহ কৌণপপতি লই সঙ্গে,
চলিত ভয়ঙ্করমূর্ত্তি দন্তসহ দক্ষিণদিশি মন’রঙ্গে।
পুনরপি নিরখিল উলঙ্গভিক্ষুক অট্টহাস্যময়-আস্যে,
কুটিলদৃষ্টিসহ নিরখই অবিরত নিরত মহাদ্ভুতলাস্যে!
ঈক্ষিল পুনরপি বিষমতিমিরময়-অপ্রশস্তগৃহমধ্য
প্রবিশিল সত্বর, অমনি লৌহময়-অরর হইল বিনিরুদ্ধ।
কভু পুন’ নিরখিল শঙ্কিত হই অতি উগ্রবহ্নিময়কুণ্ডে
নিপতিত নিজতনু, কিন্তু বিনির্গম-অক্ষম ঘূর্ণিতমুণ্ডে।
সপদি অকস্মাৎ কম্পিত অবনিপ নিরখি ভয়াপ্লুতচিত্তে,
কৃষ্ণবর্ণ-অতিবিকটমনুজতনু উদ্যত হননিমিত্তে।

১৮। অরর = কপাট।

কৃতান্তকিঙ্করসদৃশ ভয়ঙ্কর, অগ্নিবর্ণ উভনেত্র,
শমনদণ্ডসম-চণ্ডদণ্ডধর, গিরিসম সুবিপুলগাত্র।
ভৈরবচীৎকৃতিসহিত ধরণিপতি বসিল রত্নময়খট্টে,
উদিত নিরতিশয় বিস্ময়ঘনচয় যুবতিনিচয়-হৃদিপট্টে।
সান্ধ্যসূর্য্যসমরক্তিম করি অতি নয়ননিকর অবিলম্বে,
সমিতিসদনগমনোদ্যত অবনিপ কৃতান্তকান্তিবিড়ম্বে।
অবনত হই অতি করকিসলয় যুড়ি যুবতিরত্নমৃদুরাজ্ঞী,
নিরখিল পতিমুখ সজলনয়নসহ বিনিন্দি সান্ধ্যরথাঙ্গী।
বিরস বিবশ অতি যুবতিশীর্ষমণি শশিসম জলদকদম্বে,
নৈশকমলসম সমল নিরতিশয়, হৃদয় দগ্ধ অবিলম্বে।
তখন ধরণিপতি দীর্ঘ বিনিঃশ্বসি অনল বর্ষি ঘন চক্ষে,
মত্তসিংহসম গর্জ্জি কহিল অতিদুঃখবিমিশ্রিতবাক্যে।

মগ্ন ভবসকল অম্বুধিজলতল,
ভগ্ন অচলদল, শশিরবি ভস্ম ;
ধ্বংস হইল ভব, মৃত্যুবশগ সব,
ভৈরব-অভিনব যুগলয়-দৃশ্য !!
উঃ কি বিষমতম উগ্রকলুষ মম,
দীপ্ত-অনলসম দহিল মমাঙ্গে ;
ধিক্‌শত অবিরত, চিত্ত কলুষগত,
মৃত্যুই অভিমত, গরলতরঙ্গে।
অর্দ্ধপলসময় দুঃসহ অতিশয়,
দগ্ধ মমহৃদয় বিষময়দুঃখে ;
বিশ্ব করিব লয়, ভস্মিব সমুদয়,
শীঘ্র করিব জয় ঘৃণিতবিপক্ষে।

বিকটবহ্নি জিনি গর্জ্জি ধরণিপতি উত্থিত হইল সদম্ভে,
করকিসলয় যুড়ি যুবতিশীর্ষমণি কহিল তখন অবিলম্বে।

কহ সদয়-অন্তরে, উদিত কি তবান্তরে ?
ব্যথিতজন সান্ত্বহে, মধুময়সুধাস্বরে।
সমলমুখচন্দ্রমা নিরখি তব, উদ্ভবে
বড়ব জিনি যন্ত্রণা মমহৃদয়-অর্ণবে।
সকলি-ত বিনষ্ট হে, প্রখরনর-সঙ্গরে,
তবু কি সমরৈষণা নিহিত তব-অন্তরে ?
কি ফল কহ এক্ষণে, বধি রিপু রণাঙ্গনে,
হৃদয়গতদুঃখ কি স্থগিত হইবে ক্ষণে ?
অপটু অতি কিঙ্করী তবহৃদয়-মার্জ্জনে,
ফুলদল কি সক্ষমে কঠিনমণি-কর্ত্তনে ?
ত্যজহ সদয়ান্তরে গতিমতি রণাঙ্গনে,
জয় কি কভু সম্ভবে বিধি বিমুখ যেক্ষণে ?
প্রথিত ভুবনান্তরে অমরনরকিন্নরে,
রঘুপতি জগৎপতি ত্রিভুবন-সমুদ্ধরে !
কি ফল বল কান্ত হে, বিভুসহ-রণোদ্যমে ?
মৃগশিশু কি মর্দ্দিবে মৃগপতি-পরাক্রমে ?
পরিহরি সমস্ত হে, নগরগৃহ এক্ষণে,
চল পশি বনান্তরে রহি সতত নির্জ্জনে ;
উচিত নয় এক্ষণে বসতি সদনান্তরে,
সুতধন বিসর্জ্জিয়ে ভবজলধি দুস্তরে।

৮। সমরৈষণা = যুদ্ধেচ্ছা।

যুবতিশীর্ষমণি-বাক্যনিচয় শুনি অবনিপ স্থবক্রশীর্ষে,
নিরখি বদনবিধু মৃদুলহাস্যসহ'কহিল অমৃত-অভিবর্ষে।

তিষ্ঠহ সুবদনি, উজ্জ্বলগৃহমণি,
বর্জ্জন কর, ধনি, হৃদয়-অধৈর্য্যে ;
উক্ত বিষয় যত, সর্ব্ব মমবিদিত,
বাক্য কি সমুচিত মমকৃতকার্য্যে ?
ঈক্ষহ গুণবতি, অদ্ভুত ভবগতি,
পার্থিবসুখ, সতি, বিষম-অসত্য,
বান্ধবপরিজন ঊর্ম্মিমিলিততৃণ,
পান্থজনমিলন- সদৃশ অনিত্য।
সম্প্রতি যত যত জন্তু বিবিধমত
আত্মপর নিয়ত নিরখিছ রঙ্গে,
নিশ্চয় ছিনু সব সজ্জিত করি ভব,
নির্ম্মিত পুন'হব অভিনব-অঙ্গে ।
জন্মপর মরণ মৃত্যুপর জনন
ঘূর্ণিত ঘনঘন জগতসমস্তে,
জীর্ণবসনচয় বর্জ্জি নরনিচয়
যদ্বিধ পুন'লয় অভিনববস্ত্রে।
স্বপ্ন গণি ভুবন, সুস্থির কর মন',
শান্তি লভহ পুন' হৃদয় বিশুদ্ধে,
দুঃখসুখরহিত- শান্তবিমলচিত
আদ্রিত সমুচিত গুণিগণমধ্যে।
নিস্পৃহ হই অতি কর্ম্ম করহ সতি,
কর্ম্ম-ই গুণবতি, সহচর অন্তে,

কর্ম্মসদৃশফল ভুঞ্জই অবিকল,
জন্তুকুল সকল ভুবন অনন্তে।
শক্র পুরত্'মম সংস্থিত যমসম,
যুদ্ধ উচিততম রিপুকুলসঙ্গে,
অর্পহ অনুমতি, সত্বর করি গতি;
দুর্ম্মদ্‌রিপুপঙ্‌ক্তি বধি রণরঙ্গে।
চিন্তন পরিহরি, দুঃখদমন করি,
তিষ্ঠহ সুবিতরি পুরজনশান্তি;
শীঘ্র বরষি শর নিন্দি শমনচর,
ভস্মিব সুরনর, বুঝহ বিচিন্তি।

বাক্যসহ অমনি গর্জ্জি সিংহসম, উত্থিত হই অতিদম্ভে,
চলিল ধরণিপতি কম্পি ধরণিতল সমিতিসদন অবিলম্বে।
মণিময়-উজ্জ্বলবসনবিমণ্ডিত-পথবর বিস্ময় বর্ষে,
আম্র-অরুণতমপল্লব-অন্বিত, মঙ্গলঘট উভপার্শ্বে।
ক্রমশ অদৃশ্য হইল ধরণীশ্বর নিরখি বিরসচিত রাজ্ঞী
আর্ত্তনিনদি অতি পতিত অবনিতল,(ঝটিতি বিমূর্চ্ছিত রাজ্ঞী)
অপরযুবতিগণ সিঞ্চি তুহিনজল সুস্থ করিল কুলরত্নে,
গদ্গদরবসহ মৃদুলবক্ষ' ধরি কহিল যুবতিমণি যত্নে।

বিষমভব দুস্তরে হত স্নুগতি সর্ব্বথা,
রহিল সুধু অন্তরে অবিসহমনোব্যথা।
অতলবিপদর্ণবে পতিত চিরদুঃখিনী,
প্রলয়-পবনার্দ্দিতা গতিরহিতপক্ষিণী।
চিরদিন সবান্ধবে অরচিনু মহেশ্বরে,
তবু মমহৃদীশ্বরে নিদয় বিভু দুস্তরে!

অহহ কঠিনাত্মতা কুসুমসমবিগ্রহে,
চিরদিন পদাশ্রিতা, লভিনু তবু নিগ্রহে !!
চল চলহ সত্বরে, পুরহরপুরান্তরে,
তনুবলি সমর্পিয়ে তুষিব পুন নিষ্ঠুরে ;
জ্বলিততনু সর্ব্বদা ললিতমৃদুপদ্মিনী,
তবু নিয়ত অন্তরে রবিকিরণকাঙ্খিনী।

কথনান্তর সব যুবতিরত্নগণ উন্মাদসদৃশ অধৈর্য্যে,
চলিল উজলি পুর ঝলমলি সত্বর পুরহর-অর্চ্চনকার্য্যে।
ঝটিতি ধরণিপতি হইল উপস্থিত সমিতিসদন অবিলম্বে,
মণিময়মঞ্চ-উপরি দিনমণিসম বসিল মহাদ্ভুতদম্ভে !!
সম্ভ্রমসহ উঠি পাত্রমিত্রগণ কর যুড়ি অবনতশীর্ষে
নমিল মান্যসহ চুম্বি চরণতল সমধিকবিনয়বিবর্ষে।
বিষণ্ণ অবনিপ অনিমিষদর্শন সমুপবিষ্ট নতশীর্ষে,
নিরব সদনবর পবনবিবর্জ্জিত বিস্ময়ভয় অভিবর্ষে।

সপদি তখন ভব কম্পিত করি অতি উদ্ধতজলনিধিগর্জ্জে,
জয় রঘুপতিজয়শব্দ সমুত্থিত অদ্ভুত-অভিনবশৌর্য্যে !
অখিলবিশ্বময় জয়জয়রব সুধু অপরশব্দ পরিশূন্য,
ত্রিভুবন উন্মাদসদৃশসমুৎসুক রঘুকুলপতি-জয়জন্য।
গগন-উপরি জলধরকুল অবিরল জয়রঘুপতিজয় গর্জ্জে,
জয়জয়রব করি পবন চলিত ঘন বিশ্ব বিদলি বলবীর্য্যে।
শূন্য-উপরি নরকপি অঙ্কিত হই জয়জয়রব করি রঙ্গে,
অদৃশ্য হয় পুন' হাস্যলাস্য করি বিপুল-অভ্রকুলসঙ্গে !
ধরণি দীর্ণ করি উত্থিত অবিরত জয়রব ভৈরবশব্দে,
নর্ত্তিত জলধি সমুচ্চরি জয়জয় পরমহর্ষ পরিলব্ধে।

উচ্চবিটপিকুল সৌধশিখরকুল অবিরল জয়রবপূর্ণ,
স্তম্ভনিচয় যত আস্য বিতত করি গর্জ্জিল জয়রব তূর্ণ !!
চমকিত বিস্মিত সকলসভ্যগণ সংস্থিত অনিমিষনেত্রে,
ঘন ঘন অবনিপ নিরখিল চৌদিশি তনুরুহ উত্থিত গাত্রে।
ঝটিতি তখন সমুপস্থিত সৌবল উষ্ণনিঃশ্বসনসঙ্গে,
নিরখি গুপ্তচর গর্জ্জিল দশমুখ সিংহগর্ব্বপরিভঙ্গে।

সত্বর কহ সব আত্মবিষয় তব,
গর্জ্জন অভিনব শুনি কিনিমিত্তে ?
কম্পিত অবিরত বিশ্বনিচয় যত,
শত্রু কি উপগত সমরনিমিত্তে ?
নির্জ্জিত অরিদল লজ্জিত হতবল,
দুর্জ্জয় পুন' হ'ল মমদলপক্ষে !
ভগ্নহৃদয়কটি- সর্প পুন উলটি
দংশিল ঝটপটি খগপতিবক্ষে !!

চুম্বি অবনিতল করযুগ সম্পুটি সমধিক-অবনতশীর্ষে,
কহিল গুপ্তচর অবহিত হই অতি শঙ্কিতদৃষ্টিবিবর্ষে।
বিষমবিপদ অদ্য উদিত, শত্রুকুল রণোন্মদে
ঘিরিল কনকদুর্গ অহহ ইন্দুসম বিধুন্তুদে।
করহ ঝটিতি যুক্তি উচিত উক্তিনু পদসম্মুখে,
বধ অবনিপ বর্ষি বিশিখ দুষ্টমনুজ দুর্ম্মুখে।
সুরকুলপতি-ইন্দ্র-পরমবন্ধু মনুজ-ঈশ্বরে,
দমন করহ সিংহসদৃশ দুষ্টগজপুরন্দরে।
কহিনু সকল সত্যবিষয় সদ্য'বিবরি এক্ষণে,
ঝটিতি পশহ সৈন্যসহিত সিংহসম রণাঙ্গনে।

সৌবলবাক্যনিচয় শুনি দশমুখ তর্জ্জি গর্জ্জি গুরুদম্ভে,
কহিল বচনচয় দীপ্ত-অনলময় কম্পি অবনি অবিলম্বে।

অর্দ্ধপলসময় গৌণ অসহ হয়,
সজ্জিত করি-হয় কর অবিলম্বে ;
বিশ্ব দলিত করি ধূর্জ্জটিবল ধরি,
শীঘ্র বধহ অরি, যমসমদম্ভে।
সিংহগরবহর- দুর্দ্ধরখরতর-
সৈনিকগণ ধর সমরসুসজ্জা,
মর্দ্দি রিপুনিচয়, বিশ্ব করি বিজয়,
রক্ষহ সমুদয় নিজকুললজ্জা।
দুর্জ্জয়-অনুপম- রাক্ষসকুল মম
রক্ষিণু সুতসম অবিরত বক্ষে,
সম্প্রতি হতমতি কর্ব্বুরকুলপতি,
উদ্যম করি অতি, বধ রিপুপক্ষে।
উজ্জ্বলরবিসম গৌরব ছিল মম,
কিন্তু বিকলতম অপগতবীর্য্য,
ছিন্ন করি সকল দুঃখজলদদল,
দীপ্ত কর বিমল চিরযশ'সূর্য্য।
ঘৃণ্য নিরতিশয় মর্কট-নরচয়,
ভক্ষ্যসদৃশ হয় মমদলপক্ষে,
ধিক্‌শত নরপশু বিন্ধিল খর-ইষু
দংশিল অহিশিশু খগপতিবক্ষে !!
দুঃসহ অতিশয়, দগ্ধ গণি হৃদয়,
তুচ্ছ মনুজচয় মমকুল নষ্টে ;

সত্বর করি গতি ভস্মি অধমমতি,
অন্ত করহ রথি, চিরচিতকষ্টে।
ভৈরবরণ করি মর্দ্দিব সব-অরি,
মজ্জিব ভবতরি রুধিরতরঙ্গে,
কম্পিত করি যম সংহতি চল মম,
গর্জ্জি অশনিসম মজ্জি রণরঙ্গে।
অবনিপবাক্যনিচয় শুনি চৌদিশি গরজিল রাক্ষসসর্ব্বে,
সজ্জিত হইল অগণ্যসৈন্যগণ কম্পি ধরণি বলগর্ব্বে !
দীর্ঘশৃঙ্গ ধরি শৃঙ্গিকুলেশ্বর করিল শৃঙ্গরব দর্পে,
ধ্বনিল ভয়ঙ্করদুন্দুভি দমদম ভৈরবশব্দবিসর্পে।
প্রলয়জলদ জিনি অগণিতগজগণ ঊর্দ্ধ-বক্র করি শুণ্ডে,
হইল উপস্থিত গর্জ্জি বজ্রসম মদজল-মণ্ডিততুণ্ডে।
ঝলমলি অবিরল মণিময়-উজ্জ্বলবস্ত্র-আস্তরণ পৃষ্ঠে,
তদুপরি গজপতিসৈন্য ভয়ঙ্কর অচলশৃঙ্গ সম তিষ্ঠে।
সম্মুখপদযুগ শূন্য-উপরি তুলি পুচ্ছ উচ্চ করি গর্ব্বে,
উপগত অগণিত-অশ্ববিবিধমত অতুলিত সজ্জিত সর্ব্বে।
পৃষ্ঠ-উপরি বসি অশ্বসৈন্যগণ মণিকুল ঝলকিত অঙ্গে,
কটিতট-লম্বিত উলঙ্গ-অসিবর বিপুলফলকবরসঙ্গে।
চলিল পদগগণ সরলপংক্তি রচি ঝলমলরশ্মিবিঘর্ষে,
অস্ত্রশস্ত্রসহ সজ্জিত অতুলিত অগ্নিমূর্ত্তি পরিদর্শে।
ধ্বজকুল অগণিত মণিচুনিবিখচিত উত্থিত গগন অনিন্দ্যে,
নিন্দই সুললিত-অমরযুবতিগণ-চঞ্চল-অঞ্চল-বৃন্দে।
কনক-অচলসম উজ্জ্বলরথকুল ঝলমলি কিরণতরঙ্গে,
উপগত সত্বর উজলি বিপুলপুর ঘর্ঘররব করি রঙ্গে।

যমসম সজ্জিত কৌণপ-ঈশ্বর বিস্ময়ি সুরনরযক্ষে,
সিংহবীর্য্য ধরি গর্জ্জি জলধিসম উঠিল চক্রিবরকক্ষে।
শতশতরথিপতি ঘিরিল চতুর্দ্দিশি যুগান্তযম জিনি দম্ভে,
গর্জ্জি জলদসম চলিল রণস্থল কম্পি অবনি অবিলম্বে!
অসঙ্খ্যডিণ্ডিম ডম্ফ ঢক্করব বধিরিল জগজনসর্ব্বে,
ধ্বজকুল অগণিত ঝলমলি উত্থিত তরলিত দুলিত সগর্ব্বে।
উজ্জ্বলি দশদিক্ গর্জ্জি সিংহ জিনি নির্গত হইল সমস্তে,
ত্রিভুবন কম্পিত, অম্বুধি উছলিত, ফণিপতি অবনতমস্তে।
বিপুলজলধিসম কৌণপসৈনিক উপগত সত্বর তত্র,
পর্ব্বতসদৃশ-নরেন্দ্র সৈন্যগণ দৃঢ় হই সংস্থিত যত্র।
শমনমূর্ত্তি জিনি ভৈরবকপিগণ তীক্ষ্ণদন্তনখবন্ত,
পর্ব্বতবিটপি-উপলসহ সজ্জিত নিরখি কৃতান্ত অশান্ত।
তখন উভয়দল নিরখি পরস্পর মত্ত বিষমরণরঙ্গে,
বিকটতূর্য্যরব হইল সমুত্থিত বজ্রগর্ব্ব পরিভঙ্গে।
বিপুলবীর্য্যসহ গর্জ্জি ভয়ঙ্কর রাক্ষসগণ রিপুলক্ষ্যে,
ছুটিল পবনসম কম্পি ধরণিতল শৈলসমোন্নতবক্ষে।
মত্তসিংহ জিনি গর্জ্জি বিকটতম রঘুপতিসৈন্যসমস্তে,
আক্রমিল দ্রুত রাক্ষসসৈনিক, দীর্ঘবিটপি লই হস্তে।
মিলিল উভয়দল জলধিসরিৎসম অভিনবভৈরববীর্য্যে,
উত্থিত উৎকটসিংহনিনদ ঘন নিন্দি বিকটঘনগর্জ্জে।
ত্রিভুবন মুখরিত, চূর্ণিত গিরিগণ, জলনিধি পূর্ণ তরঙ্গে,
বধির হইল সবসুরনরকিন্নর থরথরকম্পিত-অঙ্গে।
বিশ্ব চকিত করি গর্জ্জি বজ্র জিনি কর্ব্বুরগণ অবিলম্বে,
বর্ষিল রিপু'পর বিবিধ-অস্ত্রবর বিস্ময়ি বিশ্ব সদম্ভে।

বহ্নি-বস্ত্রসম নিপতিত দশদিশি অস্ত্রনিকর গুরুগর্জ্জে,
খণ্ড খণ্ড হই নিপতিত কপিকুল, মহাপ্রলয় ভবরাজ্যে !!
অদ্ভুত সঙ্গর অদৃষ্ট অশ্রুত সৃষ্টি-অবধি কভু বিশ্বে,
মূর্চ্ছিত সুরনরকিন্নরসমুদয় অভিনবভৈরবদৃশ্যে।
চলৎ-শৈলসম-বৃহৎকপিনিকর বিমত্ত সমরতরঙ্গে,
বর্ষিল অগণিতসুবিপুলপর্ব্বত দীর্ঘবিটপিকুলসঙ্গে।
লক্ষলক্ষকপি বৃক্ষসহিত উঠি অম্বর-উপরি সদম্ভে,
অগ্নিলগ্ন করি বর্ষিল অবিরল বৈরি-উপরি অবিলম্বে।
বিসর্পি দশদিশি বিস্ফুলিঙ্গকুল ছুটিল বিটপিকুল গর্জ্জি,
অগণিত-উড়ুগণ নিপতিত, পরিগণি, গগনরাজ্য পরিবর্জ্জি।
পড়িল ধরণিতল অসঙ্খ্যরাক্ষস ছিন্নভিন্নতম-অঙ্গে,
বিপুলরণস্থল হইল কর্দ্দমিত ভৈরবরুধিরতরঙ্গে।
পবন-বিকীর্ণজলদসম কৌণপসৈনিকগণ অবিলম্বে,
দৌড়িল চৌদিশি ছত্রভঙ্গ হই পরিহরি ভুজবলদম্ভে।
তখন ভয়ঙ্করহস্তিসৈন্যপতি বজ্রদন্ত অবিলম্বে,
লক্ষহস্তিসহ আক্রমিল দ্রুত রঘুপতিসৈন্যকদম্বে।
পতপত উত্থিত রক্তবর্ণযুতসুবৃহৎ-ধ্বজকুল ঊর্দ্ধে,
বিজয়ঢক্করব উত্থিত ভৈরব অধিকবিকট করি যুদ্ধে।
উদ্ধতজলধি-তরঙ্গ সদৃশ যতগজগণ বিস্তৃতভুণ্ডে,
গর্জ্জি জলদ জিনি চলিল মর্দ্দি অরি মুণ্ড ছিণ্ডি দৃঢ়শুণ্ডে।
দৌড়িল কপিগণ নিরখি ভয়ঙ্করচলৎ-জলদসমসৈন্যে,
তখন লক্ষসহ উপগত অঙ্গদ রিপুকুল-নিহননজন্যে।
মূর্ত্তকৃতান্তসদৃশ কপিভাস্কর গর্জ্জি মহোন্নতবক্ষে,
শতশতপর্ব্বত বর্ষি নিরন্তর বধিল বহুলরিপুপক্ষে।

শুণ্ডদণ্ড ধরি ঘূর্ণিত করি করি বধিল শমনসমগর্ব্বে,
লণ্ডভণ্ড ঘন হস্তিসৈন্যগণ দৌড়িল চৌদিশি সর্ব্বে।
তখন সৈন্যপতিবজ্রদন্ত অতিগর্জ্জি বজ্র জিনি দম্ভে,
হইল উপস্থিত অঙ্গদ-সন্নিধি কম্পি বিশ্ব অবিলম্বে।
অদ্ভুতসঙ্গর হইল সংঘটিত, চমকিত সুরনরসর্ব্বে,
ভৈরবতর্জ্জনগর্জ্জন অনুপম উভয় তুল্য বলগর্ব্বে।
তখন কপীশ্বর দীর্ঘলম্ফসহ উত্থিত করিবরমুণ্ডে,
দৃঢ়পদ দণ্ডি বিচূর্ণিল মস্তক ছিণ্ডিল সুদীর্ঘশুণ্ডে।
ঝটিতি তখন পুন' গর্জ্জি সিংহসম, বিকটশত্রুবরলক্ষ্যে,
বর্ষিল মুষ্টি বজ্র জিনি সুকঠিন ভগ্ন করিল দৃঢ়বক্ষে।
নিপতিত বিনিহত ভৈরবরাক্ষস রক্তবমন করি আস্যে,
গর্জ্জিল অঙ্গদ বিকটশত্রু বধি ফুল্ল বদনবর হাস্যে।
তখন শমনসম-অশ্বসৈন্যপতি-লৌহজঙ্ঘ গুরুগর্জ্জে
লক্ষ-অশ্বসহ আক্রমিল দ্রুত দশদিশি অস্ত্রবিবর্জ্জে।
বহ্নিবৃষ্টি করি নিরখি মুহুর্মুহু' রুষ্টসিংহ জিনি গর্জ্জি,
বর্জ্জিল মুদ্গর অযুতবজ্র জিনি চৌদিশি কিরণবিসর্জ্জি।
পর্ব্বততুঙ্গশৃঙ্গসম মুদ্গর নিপতিত অঙ্গদমুণ্ডে,
পড়িল যোদ্ধৃপতি লুণ্ঠি অবনিতল রক্ত বিনিঃসৃত তুণ্ডে।
দীর্ঘলম্ফসহ ঝটিতি পবনসুত হইল উপস্থিত অগ্রে,
লক্ষলক্ষকপি চলিল দম্ভসহ গর্জ্জিল বীর্য্য উদগ্রে।
ঘৃষ্টপিষ্ট করি দশদিক্ কপিবর বিস্তৃত করি নিজগাত্রে,
হিমগিরিসন্নিভ রিপুবর-সন্নিধি সংস্থিত মুহূর্ত্তমাত্রে।
পদভর-কম্পিত হইল অবনিতল, মস্তক পরশিল সূর্য্যে,
যুগান্তযমসম ভৈরব-অবয়ব, উজ্জ্বল ভব তনু-উর্জ্জে।

বহ্নিমূর্ত্তিসম তখন উভয়দল মিলিত হইল অবিলম্বে,
ভৈরবসঙ্গর উপজিল তৎক্ষণ বিস্ময়ি অমরকদম্বে!
অযুত-অযুত-অসি রুধিরবিমণ্ডিত ঝলমলি উত্থিত শূন্যে,
অগণিতবিজুলিনিচয়, গণি, উপগত সমরসমীক্ষণজন্যে।
বিপুলরুধিরনদ সৃষ্ট হইল করি বিশ্ব সুরক্তিমবর্ণ,
মৎস্যকূর্ম্মসম ছিন্নহস্তপদ চলিল লহরিসহ তূর্ণ।
অগণিতপর্ব্বত বর্ষিল কপিকুল লক্ষ্যি শক্রকুলশীর্ষে,
নিন্দি বজ্রগতি চলিল শৈলকুল, সতিমির করি সববিশ্বে।
বর্ষিল অসঙ্খ্যশাল্মলিতরুকুল রক্তকুসুমকুল অগ্রে,
সহস্রফণ বিস্তৃত করি ফণিপতি ছুটিল কি বীর্য্য উদগ্রে?
পতিত হইল বহুরাক্ষসসৈনিক ছিন্নভিন্নতম-অঙ্গে,
রুধিরজলধিসম হইল রণাঙ্গন টলমল তুঙ্গতরঙ্গে।
দৌড়িল রাক্ষস ঘনঘন নিঃশ্বসি নিরখি ভয়ঙ্করদৃশ্য,
গর্জ্জিল তখন রথীন্দ্র-অশ্বপতি বিদীর্ণ করি সববিশ্ব।
প্রচণ্ডখড়্গ বিঘূর্ণিত করি ঘন বর্ষিল অনিলজমুণ্ডে,
ঝন্ ঝন্ শব্দ বিসর্পি খড়্গবর চূর্ণ হইল শতখণ্ডে!
অযুতবজ্রসম গর্জ্জি পবনসুত পর্ব্বতশত লই হস্তে,
বর্ষিল সত্বর মূর্চ্ছি অমরনর লৌহজঙ্ঘদৃঢ়মস্তে।
চূর্ণ চূর্ণ হই পড়িল শৈলকুল নিরখি গর্জ্জি গুরুদম্ভে,
বর্ষিল রাক্ষস বিকটভল্লবর সর্পতুল্য অবিলম্বে।
বজ্রসদৃশদৃঢ় তীক্ষ্ণভল্লবর ফুটিল অনিলসুতবক্ষে,
গৈরিকরঞ্জিত-নদকুলসন্নিভ রুধির বহিল উভকক্ষে।
উন্মদসদৃশ তখন অনিলাত্মজ গর্জ্জি বজ্র জিনি দম্ভে,
ছিণ্ডি বৃহদ্‌গ্রহ হইল উপস্থিত শক্রনিকট অবিলম্বে।

নিক্ষিপিল গ্রহ লক্ষ্যি শক্রশির' সমুদয়শক্তিসমর্পে,
ছুটিল মহাগ্রহ দিগন্ত সমুজলি গর্জ্জিভয়ঙ্করদর্পে।
চেষ্টিল বহুবিধ অশ্বসৈন্যপতি বিবিধ-অস্ত্র-অভিবর্ষে,
কিন্তু বৃহদ্‌গ্রহ পড়িল বজ্রসম খণ্ড খণ্ড করি শীর্ষে।
বিনিহত হইল অশ্বপতি সত্বর আর্ত্তনিনদি পরচণ্ড,
দৌড়িল দশদিশি রাক্ষসসৈনিক নিরখি ভয়ঙ্করকাণ্ড।
বহু-অন্তর রহি দুরন্তকুম্ভক নিরখি ভঙ্গ দলমধ্যে,
গর্জ্জি সিংহসম নিজদলবলসহ ঝটিতি উপস্থিত যুদ্ধে।
প্রলয়জলদ জিনি ভৈরব-অবয়ব অঞ্জন-অচল বিড়ম্বে,
বজ্রপিণ্ড জিনি দৃঢ়তমমস্তক উন্নত-অভ্র বিচুম্বে।
প্রখরসূর্য্যসম দীপ্তনয়নযুগ বিবর্ষি বহ্নিউদগ্রে,
প্রলয়পবন জিনি বিকটনিঃশ্বসন কড়মড় দশনসমগ্রে।
অপরবিশ্বসম বক্ষ'বৃহত্তম দৃঢ়তমবজ্র বিনিন্দে,
ফণিপতিতনু জিনি ভৈরবভুজযুগ অঙ্গুলি তরুকুল নিন্দে।
খড়্গিচর্ম্ম জিনি সমধিককর্কশ চর্ম্ম শৈলসম-অঙ্গে,
তদুপরি তনুরুহ লৌহযষ্টিসম উত্থিত পুন' রণরঙ্গে।
মুহূর্ত্ত নিরখি অনিলসুত মহোগ্র-দৃষ্টিসহিত অবিলম্বে,
ডাঙ্গস-আখ্য-অস্ত্রবর বর্জ্জিল গর্জ্জি বজ্র জিনি দম্ভে।
অদ্ভুত অস্ত্র মৃগেন্দ্রসদৃশমুখ দশদিশি বহ্নি বিসর্পে,
ঘূর্ণি নয়ন ঘন দংশিল সত্বর অনিলজ-কণ্ঠ সদর্পে।
অর্দ্ধ-ছিন্নগল হই পবনাত্মজ নিপতিত হইল অকস্মাৎ,
মুদ্রিত করিল নয়নমুখ কপিগণ তমিস্র নিরখি সমন্তাৎ।
দৌড়িল কপিকুল পুচ্ছ উচ্চ করি চীৎকৃতিসহ নতমস্তে,
কুম্ভকর্ণ পুন উপগত পরিগণি মূর্চ্ছিত হইল সমস্তে।

তখন কপীশ্বর কিষ্কিন্ধেশ্বর জলধরগর্জ্জনসঙ্গে,
সিংহসদৃশ উল্লম্ফি উপস্থিত বিমত্ত সমরতরঙ্গে।
সুবিপুলহিমগিরি সপদি উপস্থিত বিকটরণাঙ্গনমধ্যে ?
অথবা স্বয়ং কৃতান্ত উপস্থিত সমীক্ষি অগণিতবধ্যে ?
ঝটিতি কপীশ্বর চমকি জগৎত্রয় রথগজ ধরি দুইহস্তে
করিল বিচূর্ণিত, পাংশুপটলসম দশদিশি উড়িল সমস্তে !
পুঞ্জপুঞ্জ কততুরঙ্গকুঞ্জর নিপতিত হইল অগণ্য,
আর্ত্তনিনদি ঘন নিপতিত রাক্ষস—দবাগ্নিদগ্ধ-অরণ্য।
ক্রুদ্ধ হই বিষম গর্জ্জি সিংহসম দৈত্য-অধিপ অবিলম্বে,
প্রকাণ্ডমুদ্গর বর্ষিল কপিপতি-মস্তক লক্ষ্যি সদম্ভে।
বজ্রপতনসম পতিত অস্ত্রবর শৈলশৃঙ্গসমশীর্ষে,
কিন্তু চূর্ণ হই পড়িল অবনিতল চৌদিশি বহ্নিবিবর্ষে !
দ্বিগুণরুষ্টচিত তখন কপীশ্বর কড়মড়ি অসিসমদন্তে,
দীর্ঘলম্ফসহ আক্রমিল দ্রুত বিকম্পি বিশ্ব অনন্তে।
ভৈরবমল্লযুদ্ধ সমুপস্থিত দৈত্যকুলেশ্বরসঙ্গে,
ত্রিভুবন কম্পিত, গিরিকুল চূর্ণিত, জলনিধি পূর্ণ তরঙ্গে।
গজপতিসহিত সিংহপতি নিযুক্ত বিকটযুদ্ধ অনিবার্য্যে,
ভৈরবগর্জ্জনতর্জ্জন ঘনঘন উভয় তুল্য বলবীর্য্যে।
বিশ্ব চকিত করি তখন দৈত্যপতি পদযুগ ধরি কপিসূর্য্যে
তুলিল শূন্য'পরি, গজপতি যদ্বিধ বৃহদ্‌বিটপি নিজ-ঊর্জ্জে।
ঘূর্ণিত করি ঘন ঝটিতি নিক্ষিপিল কন্দুকসদৃশ সদম্ভে,
কিন্তু কপীশ্বর সম্বরিল দ্রুত অম্বর উঠি অবিলম্বে।
তখন মহাদ্ভুতকুম্ভক যমসম সমুপবিষ্ট হই গর্ব্বে,
করিল সুবিস্তৃত বিকট-আস্যবর চমকি অমরনরসর্ব্বে।

অজগর জিনি অতিপৃথুল-অধরবর ধরণি-উপরি পরিরক্ষি,
তুলিল ওষ্ঠবর পরশি গগনতল রদনপংক্তি পরিলক্ষি।
শমনদণ্ড জিনি চণ্ডহস্তযুগ বিস্তৃত করি অবিলম্বে,
অগণিতকপি ধরি গিলিল মুহুর্মুহু' হুঙ্কতিসহিত সদম্ভে!
অগতি তখন অতি রঘুপতিসৈনিক সত্বর ধরণি বিবর্জ্জি,
দীর্ঘলম্ফসহ উঠিল গগন'পরি ভুজবলদম্ভ বিসর্জ্জি।
অনিমিষদৃষ্টিসহিত সব নিরখিল কুম্ভকবিস্তৃততুণ্ডে,
অতলজলধিসম ভৈরবগহ্বর নিরখিল ঘূর্ণিতমুণ্ডে!
ধক্‌ধক্ জ্বলিত তত্র অতি-উৎকটজঠর-অনল গুরুগর্জ্জে,
রৌরবনরকসদৃশ অতিভৈরব দুঃসহগন্ধ বিসর্জ্জে।
পতিত কপিনিচয় মূর্চ্ছিত হই অতি জঠর-অনলচয়মধ্যে,
শুষ্কপত্রসম ভস্ম হইল সব ছটফটি মুহূর্ত্তমধ্যে।
অতুলহর্ষসহ গর্জ্জিল জয়জয় দৈত্যনিচয় অতিদম্ভে,
অনন্তদিগন্ত মুখরিত করি রণ-বাদ্য হইল অবিলম্বে।
মহাক্লান্ত হই ঘন ঘন নিঃশ্বসি রঘুপতিসৈন্যসমস্তে
হইল উপস্থিত কিষ্কিন্ধেশ্বর-নিকট বিনততমমস্তে।
বাক্যরহিতসব থরথরকম্পিত, পতিত অশ্রুজল চক্ষে,
রক্ষরক্ষরব উত্থিত দশদিশি বধহ বধহ রিপুপক্ষে।
চিন্তি কথঞ্চিৎ কপিকুলভাস্পাতি অনুমতি অর্পিল সর্ব্বে,
বর্ষিল কপিগণ সুদীর্ঘতরুকুল কুম্ভক-উপরি সগর্ব্বে।
ভক্ষি সকলতরু গজপতিসন্নিভ গর্জ্জিল কুম্ভক দম্ভে,
কম্পিত হইল চতুর্দ্দিশি কপিগণ পুচ্ছ নমিত অবিলম্বে।
তখন কপীশ্বর অসঙ্খ্যপর্ব্বত ছিণ্ডি পবনসমগর্ব্বে,
বর্ষিল অবিরত বিস্মিত করি যত সুরনরকিন্নরসর্ব্বে।

অগণিতপর্ব্বত পতিত মুহুর্মুহু' দৈত্যতনয়মুখ-ছিদ্রে,
পূর্ণ করিল ভৈরবমুখগহ্বর মন্দরসদৃশ সমুদ্রে।
কণ্ঠপূর্ণ করি পর্ব্বতকুল গিলি চলৎ-শক্তিহতগাত্রে,
রহিল মূর্খ বসি মুখ বিস্তৃত করি মুমূর্ষুবৎ স্থিরনেত্রে।
যোগ্যসময় গণি কপিগণ দৃঢ়তম-শৃঙ্খল লই অতিসত্ত্বে,
বন্যগজসদৃশ বান্ধিল সত্বর হতবল-কুম্ভকদৈত্যে।
লক্ষলক্ষকপি শৃঙ্খলবর ধরি কর্ষিল সমধিককষ্টে,
চলিল বৃহদ্‌রিপু কচ্ছপসন্নিভ গর্ত্ত বিরচি মহিপৃষ্ঠে !!
বহুসময়ান্তর শিবিরমধ্য লই রজ্জুবিদ্ধ করি ওষ্ঠে,
বক্ষ উপরি বহুপর্ব্বত সমর্পি রক্ষিল দুরন্তদুষ্টে।
নিরখি সৈন্যপতি-দুর্গতি অতিশয় দৈত্যনিচয় অবিলম্বে,
দৌড়িল চৌদিশি আর্ত্তনিনদি ঘন পরিহরি সমুদয়দম্ভে।
আত্মরথ-উপরি বসি কর্ব্বুরপতি নিরখি সমস্তকুদৃশ্যে,
গর্জ্জিল বজ্র নিন্দি অতিভৈরব বিদীর্ণ করি সববিশ্বে।
ইঙ্গিতমাত্রেই ছুটিল চক্রিবর নিন্দি অনিল অবিলম্বে,
ছুটিল তদনুযত রথিকুলভাস্কর তর্জ্জি গর্জ্জি গুরুদম্ভে।
যুগান্তভাস্পতিনিন্দিরথকিরণ চৌদিশি চমকি বিকীর্ণ,
অযুতবজ্র জিনি ঘর্ঘররব শুনি সুরনরকর্ণ বিদীর্ণ !
উড়ুকুলসন্নিভ বিস্ফুলিঙ্গকুল বিস্তৃত সমুদয়শূন্যে,
স্বর্ণবিন্দুযুত-উত্তরি, পরিগণি, পরিধৃত অম্বর ধন্যে।
বিশ্ব সমুজ্জ্বলি ছুটিল চক্রিকুল মহাব্ধিরব করি রঙ্গে,
পিষ্ট ধরণিতল, বিচূর্ণ গিরিকুল, মূর্চ্ছিত যম অবশাঙ্গে।
ধ্বনিল অনিলরব নিন্দি বৃহত্তমডিণ্ডিমকুল অবিলম্বে,
ধ্বনিল বজ্র জিনি লৌহবিমণ্ডিত অসংখ্যশঙ্খ সদম্ভে।

দমদম দুন্দুভিবাদ্য চলিল মিলি তূর্য্যপটহরবসঙ্গে,
ঝর ঝর ঝর্ঝরশব্দ সমুত্থিত কম্পি দনুজমনুজাঙ্গে।
তীব্রভয়ঙ্করসুমহৎ-ধ্বনি শুনি ভুবনান্তর অবিলম্বে
মুখরিত বধির পৃথক্‌কৃত গর্ব্বিত বিদীর্ণ নিন্দি দড়িম্বে।
শঙ্কিতফণিপতি সহস্রফণচয় উত্থিত করি মুদি নেত্রে,
অভিনন্দিল মুহু' ভৈরবরব করি ঝটিতি মণ্ডলিতগাত্রে।
হরাট্টহাস্যশব্দ গণি সত্বর হিমগিরিবপ্রবরাঙ্গে,
প্রণমিল সবিনয় বৃষভকুলেশ্বর, তির্য্যগ্‌বিনমিতশৃঙ্গে।
অভিনবজলধরসদৃশ গর্জ্জি মুহু' কুঞ্জরপতি সুরসদ্মে,
মস্তক নত করি করিল নিমন্ত্রণ, অমৃত সিঞ্চি করপদ্মে।
ক্রুদ্ধকৃতান্ত-মহিষ গণি যুগান্ত সমধিক-উন্নতশৃঙ্গে,
প্রতিরবসন্নিভ ভৈরবরব করি বিস্তৃত করিল নিজাঙ্গে।
প্রলয়পবন জিনি গর্জ্জি ভয়ঙ্কর, অখিল ভুবনতলগর্ভে,
ভ্রমিত শব্দবর মূর্চ্ছিত করি যতসুরনরকিন্নরসর্ব্বে।
বিপুলবীর্য্যসহ গর্জ্জি বিকটতম রাক্ষসকুল রিপুলক্ষ্যে,
ছুটিল সিংহসম কম্পি ধরণিতল শৈলসমোন্নতবক্ষে।
যোদ্ধৃনিকর-মণিময়কঞ্চুককর বিস্তৃত হইল অকস্মাৎ,
কর্ব্বুরকুলপতি-বীর্য্যবহ্নি, গণি, চকমকি দীপ্ত সমন্তাৎ!
বহুবিধবিমলবর্ণযুত ভবতল হইল তখন অবিলম্বে,
নিরখি দৃশ্যচয় অদ্ভুত অতিশয় বিস্ময় অমরকদম্বে!
ক্বচিৎ জীর্ণতমশফর-অঙ্গসম বর্ণ নিন্দি দবধূম্র,
ক্বচিৎ বৃদ্ধতমকুরঙ্গতনূরুহসদৃশ দৃশ্য জিনি তাম্র।

৮। তির্য্যক্‌=বক্র। ১৭। কর=শুণ্ড। ২১। শফর=পুঁটিমাছ।

ক্বচিৎ কুপিতকপিগণ্ডসদৃশ মৃদুরক্তিমপিঙ্গলবর্ণ,
ক্বচিৎ দিবসবিধুসদৃশ বিপাণ্ডুর—খনিগতসমলসুবর্ণ।
ক্বচিৎ বিশদবিসসদৃশ শুভ্রতম, অমল-অভ্রকুল নিন্দে,
ক্বচিৎ বিবিধমণিরত্নশৈলসম গঞ্জি সান্ধ্যঘনবৃন্দে।
মুহূর্ত্তমধ্য কপীশ্বরসন্নিধি সমুপস্থিত রথিসঙ্ঘ;
বেষ্টিল চৌদিশি রাক্ষস অগণিত জলনিধিসদৃশ অলঙ্ঘ্য।
অদ্ভুতসমর সংঘটিত সত্বর, কম্পিত সুরনরসর্ব্বে,
অশ্বহস্তিরব উত্থিত ভৈরব নিন্দি জলদকুলগর্ব্বে।
ঝটিতি ধরণিপতি বৃহদ্দ্রুঘন লই, দশদিশি অনলবিবর্ষে,
বর্ষিল ভৈরব গর্জ্জি কপীশ্বর-অভ্রলগ্নগুরুশীর্ষে।
প্রলয়বজ্রসম পতিত অস্ত্রবর কপিকুল-ঈশ্বরমস্তে,
ভগ্নশীর্ষ হই পড়িল ধরণিতল বিস্তৃত করি পদহস্তে!
দৌড়িল দশদিশি রঘুপতি-সৈনিক মহার্ত্তশব্দবিসর্পে,
যদ্বিধ বনজজন্তুকুল বিদ্রুত ভৈরবতমদবদর্পে।
নিরখি নিরতিশয়দুর্গতি-অবনতি ছত্রভঙ্গ দলমধ্যে,
ঝটিতি উপস্থিত বিশ্ব সমুজ্জ্বলি রথিপতিলক্ষ্মণ যুদ্ধে।
ভৈরবসমর সংঘটিত সম্প্রতি রাক্ষসকুলপতিসঙ্গে,
বিস্ময়ভয়সহ সুরনরকিন্নর নিরখই কম্পিত-অঙ্গে।
বিকটতড়িৎ-ময়বিশিখ মুহুর্মুহুঃ বৃষ্ট হইল উভপক্ষে,
অসঙ্খ্যরাক্ষস-কপিকুল কর্ত্তিত পতিত মথিত মহিবক্ষে।
খণ্ড খণ্ড হই তুরঙ্গগজকুল নিপতিত চীৎকৃতিসঙ্গে,
মহাপ্রলয় সমুপস্থিত, ভবতল আপ্লুত রুধিরতরঙ্গে।

২। বিপাণ্ডুর=পাণ্ডুবর্ণ। ৯। দ্রুঘন—অস্ত্রবিশেষ। ১৪। বিদ্রুত=পলায়িত

গৰ্জ্জি ভয়ঙ্কর তখন রথীশ্বরলক্ষ্মণ মৃগপতিগর্ব্বে,
বৰ্জ্জিল ভৈরববিশিখ অগ্নিমুখ উজ্জ্বলি উড়ুকুলসর্ব্বে।
অসংখ্যদিনকর নিন্দি বিভাস্বরশরবর ঝলসিল নেত্রে,
ফণিপতিতুল্য গৰ্জ্জি ঘন দুর্জ্জয় চলিল দগ্ধি রিপুগাত্রে!
ঝটিতি তখন অতি কর্ব্বুর-অধিপতি সুবিপুলকার্ম্মুককর্ষে,
বর্ষিল বিশিখ মহাদ্ভুত অতিশয় দশদিশি জলকণ বর্ষে।
গৰ্জ্জি ভয়ঙ্কর উঠিল উভয়শর অম্বর-উপরি সদম্ভে,
চন্দ্র সূর্য্য, গণি, সমুদিত যুগপৎ বিস্ময়ি জগদবিলম্বে!
গগন দীর্ণ করি গৰ্জ্জই উভশর কম্পিত করি সববিশ্ব,
দিক্‌কুঞ্জরকুল আর্ত্তনিনদরত নিরখি ভয়ঙ্করদৃশ্য।
স্তিমিতনেত্রসহ নিরখই জগজন সমধিকশঙ্কিতচিত্তে,
কি হয় কি হয় !! বুঝি জগৎ-ধ্বংস হয় শরযুগবীর্য্যমহত্ত্বে!
ধান্দি জগৎ-ত্রয় তখন অগ্নিমুখশরবর নিবিল অকস্মাৎ,
জলধিগর্ভগত উজ্জ্বলদিনমণি, অভিনবতিমির সমন্তাৎ !!
অট্টহাস্য করি তখন ধরণিপতি কম্পি ভুবন অবিলম্বে,
অর্দ্ধচন্দ্রশর বর্ষিল সত্বর কার্ম্মুক কর্ষি সদম্ভে।
ত্রিভুবন সংদহি ছুটিল বিশিখবর শমনদণ্ড জিনি গর্ব্বে,
থরথর কম্পিত সুরনরকিন্নর চমকিত থমকিত সর্ব্বে!
বহুবিধতীক্ষ্ণতীক্ষ্ণশর লক্ষ্মণ বর্ষিল বীর্য্য উদগ্রে,
কিন্তু ভস্ম হই পড়িল সকলশর তৃণসম বহ্নিমুখাগ্রে।
গৰ্জ্জি বিকটতম বিন্ধিল শরবর লক্ষ্মণ-সুবিপুলবক্ষে,
পড়িল যোদ্ধৃপতি রুধিরলিপ্ততনু মুদ্রিত নয়ন অলক্ষ্যে।
ক্রন্দনকলরব আর্ত্তনিনদসহ চৌদিশি উদিত অকস্মাৎ,
মূর্চ্ছিত হই সব পড়িল যোদ্ধৃগণ, সকরুণদৃশ্য সমন্তাৎ !!

প্রবলমরুৎপতি-দলিতবিপিনসম মথিত নরেশ্বরসৈন্য,
ছিন্নভিন্ন সব বিষমবিশৃঙ্খল দর্শি নিরতিশয়দৈন্য।
মহাব্যগ্র হই রঘুকুল-ঈশ্বর মন্ত্রিমিত্র লই সঙ্গে,
নিমিষমধ্য পরিবেষ্টিল নিপতিত-লক্ষ্মণ-বিক্ষত-অঙ্গে।
সমধিকযত্নসহিত মনুজেশ্বর সতর্ক হই ধরি অস্ত্রে,
উদ্ধৃত করি পুন' বান্ধিল সত্বর বিদীর্ণ-উর' মৃদুবস্ত্রে।
সুদীর্ঘ নিঃশ্বসি অর্পি কমলকর অনুজ-উপরি সজলাক্ষে,
কহিলেন্ রঘুপতি, ঝটিতি সৈন্যগণ লইল শিবিরবরকক্ষে।
ক্রমশ' যুদ্ধ জিনি পরমহর্ষসহ দশমুখ যমসমগর্ব্বে,
হুঙ্কৃতি করি ঘন আক্রমিল দ্রুত রঘুপতি-সৈনিকসর্ব্বে।
জ্বলিতবহ্নিসম বিষমভয়ঙ্কর-অস্ত্রনিকর অবিলম্বে,
বর্ষিল দশদিশি ছিন্নভিন্ন করি অগণিতশত্রুকদম্বে।
তখন নরেশ্বর মত্তশত্রুকুল নিরখি বহ্নিময়নেত্রে,
গর্জ্জি ভয়ঙ্কর বর্জ্জিল শরকুল বজ্রসদৃশ রিপুগাত্রে।
ভৈরবযুদ্ধ উপস্থিত সত্বর কর্ব্বুরকুলপতিসঙ্গে,
ত্রিভুবন কম্পিত, মূর্চ্ছিত সুরনর সমীক্ষি রুধিরতরঙ্গে।
তখন দশবদন মত্তসিংহসম গর্জ্জি ভয়ঙ্করদম্ভে,
বর্জ্জিল বিশিখ জগৎত্রয় নিশিসম সতিমির করি অবিলম্বে।
অদ্ভুত-অভিনবভৈরবতমিস্র দশদিশি চলিত তরঙ্গে,
পুঞ্জপুঞ্জ-অঞ্জন-রঞ্জিত, গণি, বিশ্ববিপুলতম-অঙ্গে।
দৃষ্টিরহিত সবসুরনরকিন্নর উৎকটতিমিরনিমিত্তে,
ক্রন্দনরত সবরঘুপতি-সৈনিক পতিত ভয়াপ্লুতচিত্তে।
তখন অকস্মাৎ বিপুলধরণিতল কম্পিত হইল সমগ্র,
বিদরি অবনিতল উত্থিত অবিরল বাষ্পধূম্র অতি-উগ্র।

প্রবল-অনিলদল বহিল চতুর্দ্দিশি জলদসহিত অবিলম্বে,
বড়ববহ্নিময়জলধি উচ্ছলিত গর্জ্জি বজ্র জিনি দম্ভে।
ঘন ঘন বিদ্যুৎ চমকিত চৌদিশি ধান্দি জগজ্জননেত্রে,
কড় কড় কুলিশ পতিত অতিভৈরব বিচূর্ণ করি গিরিগাত্রে!
ক্রন্দনকলরব সমুদিত দশদিশি খগকুল-কলরবসঙ্গে,
বিনষ্ট হইল সৃষ্টিসমুদয় অহ ভৈরবসমরতরঙ্গে!!
মহাব্যগ্র হই তখন নরেশ্বর আশ্বসি নিজগণসর্ব্বে,
বর্জ্জিল শরবর অভিমন্ত্রিত করি গর্জ্জি সিংহসমগর্ব্বে।
সপদি বিলুপ্ত হইল তিমিরার্ণব, উজ্জ্বল ভুবন অকস্মাৎ,
ধ্বান্ত অন্ত করি উদিত নিশান্তক অনন্তশান্তি সমন্তাৎ।
বর্ষিল দশদিশি সুললিতফুলকুল তরুকুল অবনতশীর্ষে,
বহিল গন্ধবহ কুসুমগন্ধসহ, অন্ধ মধুপকুল হর্ষে।
স্নিগ্ধ হইল পুন' নিখিলভুবনতল, মুগ্ধ অমরনরযক্ষ,
গর্জ্জিল জয় জয় সহর্ষকপিচয় কম্পিত করি রিপুবক্ষঃ।
নিষ্ফল হইল বিশিখবর সমীক্ষি রাক্ষসপতি অবিলম্বে,
কড়মড়ি দন্ত কৃতান্তসদৃশ পুন' কার্ম্মুক ধরিল সদম্ভে।
ফণিমুখ-আখ্যবিশিখবর বর্ষিল কর্ষি লোহময়-মৌর্ব্বী,
অগণিতফণিকুল উদ্গিরি অবিরল ছুটিল অস্ত্র দহি উর্ব্বী!
ভৈরব-অবয়ব-অসঙ্খ্য-অজগর, সম্বৃত করি সববিশ্বে,
বিষমবহ্নিসমবিষচয় উদ্গিরি চলিল ভয়ঙ্করদৃশ্যে!

৪। কুলিশ=বজ্র। ১০। ধ্বান্ত=অন্ধকার। নিশান্তক=সূর্য্য।
১৭। মৌর্ব্বী=ধনুকের ছিলা। ১৮। উর্ব্বী=পৃথিবী।

বিকটবদন বিস্তৃত করি ফণিকুল গিলিল বহুলরঘুসৈন্য,
দৌড়িল দশদিশি ভয়ার্ত্তকপিগণ বিনিহত হইল অগণ্য।
তখন নরেশ্বর মহাক্রুদ্ধ হই গর্জ্জি-ভয়ঙ্করদম্ভে,
বর্জ্জিল গরুড়-বিশিখ অতিভৈরব-উজ্জ্বলি ভুবনকদম্বে।
অগণিতবিহঙ্গ বিপুল-অঙ্গধর গর্জ্জি ছুটিল রণরঙ্গে,
ভক্ষিল সমুদয়ভৈরব-অজগর রাক্ষসগজকুলসঙ্গে।
বিনিহত অহিকুল নিরখি হৃষ্টচিত নর্ত্তনরত নৃপসৈন্য,
ধন্য ধন্য বলি সুরনরকিন্নর বর্ষিল কুসুম অগণ্য।
তখন দশবদন দশন ঘর্ষি ঘন বর্ষিল ভৌতিক-অস্ত্র,
অগণিতভৌতিকতনু নির্গত হই বিব্রত করিল সমস্ত।
বিকটমূর্ত্তিসব কৃষ্ণবর্ণ অতি দীর্ঘলম্ফসহ ভক্ষে,
মুণ্ডরহিতবহু বৃহৎ-নেত্রযুগ ঘূর্ণিত সুবিপুলবক্ষে !
শতভুজ শতপদ বহুল-অক্ষিযুত শতশতমস্তকযুক্ত,
গর্জ্জি ভয়ঙ্কর চর্ব্বই কপিকুল, সৃক্কবিনির্গত রক্ত।
প্রলয়পবনসম ছিন্নভিন্ন করি বধিল বহুলনৃপসৈন্যে,
রক্ষরক্ষরব উত্থিত চৌদিশি বধ বধ ঘৃণিতজঘন্যে।
ঝটিতি তখন মনুজেশ্বর মণিময়কার্ম্মুক কর্ষি সদম্ভে,
বর্ষিল ভৈরবভাস্করশরবর ধর্ষিল রিপু অবিলম্বে।
ভস্মি বিকটতম ভৌতিকরিপুকুল গর্জ্জি বজ্র জিনি গর্ব্বে,
দশমুখসন্নিধি উপগত শরবর চমকি অমরনরসর্ব্বে।
নিরখি ভয়ঙ্করশমনদণ্ডসমবিশিখ ভয়াপ্লুতচিত্তে,
বর্ষিল বিবিধ-অস্ত্র কর্ব্বুরপতি শরগতি-দমননিমিত্তে।
কিন্তু বিশিখবর ভস্মি অস্ত্রকুল অনল সমুদ্গারি তুণ্ডে,
ছিন্ন করিল সত্বর কৌণপপতি-মুকুটসহিত-দশতুণ্ডে !!

কবন্ধসদৃশ রহিল দশকন্ধর রুধিরসমাপ্লুত-অঙ্গে,
আর্ত্তনিনদি অতি বেষ্টিল সত্বর রাক্ষসগণ ভয়সঙ্গে ।
ক্রন্দনকলরব উত্থিত অতিশয় বিজিতরজনিচরপক্ষে,
দৌড়িল কতশত, কত পুন' গর্জ্জিল খড়্গ ঘূর্ণি রিপুলক্ষ্যে
তখন অকস্মাৎ ছিন্নমুণ্ডকুল বিস্ময়ি সমুদয়বিশ্বে,
হর হর রব করি হইল সমুত্থিত অট্টহাস্যযুত-আস্যে !!
পবন-নমিত-সরসিজকুল যদ্বিধ উত্থিত পুন' পবনান্তে,
শরজ্জলদবৃত-উড়ুকুল যদ্বিধ উজ্জ্বল পুন' ঘন-অন্তে ।
নিরখি মহাদ্ভুত রাক্ষসগণ মিলি করিল জয়ধ্বনি হর্ষে,
আক্রমিল দ্রুত শঙ্কিতকপিকুল বিবিধ-অস্ত্র-অভিবর্ষে ।
গর্জ্জি বজ্রসম কর্ব্বুর-অধিপতি সকলসৈন্য লই সঙ্গে,
দ্বিগুণবীর্য্যসহ মত্ত হইল পুন' ভৈরবসমরতরঙ্গে ।
সজলজলদদল-বেষ্টিতদিনমণি যদ্বিধ বর্ষণ-অন্তে,
সহস্রগুণ পুন উগ্রমূর্ত্তি ধরি দগ্ধই ভুবন অনন্তে ।
পতিত হইল বহু রঘুপতি-সৈনিক কর্ত্তিত শিরপদহস্ত,
মহাপ্রলয়, গণি, ঘটিত অকস্মাৎ টলমলবিশ্বসমস্ত !
তখন মন্ত্রিবর-ঋক্ষকুলেশ্বর কর যুড়ি অবনতশীর্ষে,
কহিল অগ্রসরি নরপতি-সন্নিধি সমধিকবিনয়বিবর্ষে ।

ত্যজহ নিরর্থকযুদ্ধ নিকৃষ্টে,
নিজবল মাত্র অনর্থকনষ্টে ।
গিরিশপদাশ্রিত শত্রুদুরন্ত,
সহজ-অবধ্য বিচিন্তহ কান্ত ।
ঋষিচরণাশ্রিত-তুচ্ছকুরঙ্গে,
কিশকতি সিংহ নখার্পই অঙ্গে ?

শরবর সংস্থিত সম্প্রতি দুর্গে,
অনুমতি অর্পহ কিঙ্করবর্গে ;
করুক উপস্থিত কুন্তক সদ্য,
রিপুবধ ইচ্ছহ যদ্যপি অদ্য।
কথিতমহত্তম-কুন্তকভিন্ন,
কিশকতি শত্রু বিমর্দ্দই অন্য,
গগনবিলঙ্ঘি-গিরীশ্বরশৃঙ্গে,
অশনি বিনা প্রভু সাধ্য কি ভঙ্গে।

মন্ত্রিবাক্য শুনি চিন্তি ধৈর্য্যসহ সম্বুধি সমুদয়সৈন্যে,
কহিলেন্ রঘুপতি বচন মিষ্ট অতি মৃত্যুবিশিখবরজন্যে।

মন্ত্রিকথিত-শুভদতত্ত্ব সম্বল মম বুঝিনু সত্য,
রুগ্নমনুজ লভই সত্ত্ব যদ্বিধ পরমৌষধে ;
সম্প্রতি পশি শিবিরমধ্য, সংগ্রহ কর বিশিখ সদ্য,
নিশ্চয় রিপু সুর-অবধ্য সাধ্য কি নর সংবধে ?
সহ্য করিনু বহু-অনিষ্ট, অল্পবিপদ সমবশিষ্ট,
উগ্রজলধি হইল শিষ্ট, বান্ধবগণ-সদ্‌গুণে ;
সম্প্রতি হই সদয়চিত্ত, বিশ্ববিপদজয়নিমিত্ত,
দগ্ধ করহ কলুষভৃত্য- দুর্জ্জয়রিপুদুর্জ্জনে।

ইঙ্গিতমাত্রই শতশতসৈনিক পশিল শিবিরবর মধ্যে,
জয়ধ্বনিসহিত করিল উপস্থিত মঞ্চসহিত শর যুদ্ধে।
রক্ষি বিশিখবর রঘুবরসন্নিধি নমিল পদাম্বুজ-অগ্রে,
উজলিল দশদিক্, চমকিত জগজন শরবরকিরণ উদগ্রে !
নিরখি মৃত্যুশর কর্ব্বুর-অধিপতি দুর্ব্বল হইল অকস্মাৎ,
শিথিল হইল তনু, নয়নদৃষ্টি হত, নিরখিল তিমির সমন্তাৎ।

সমীক্ষি বহুবিধ-অশুভচিহ্নচয় শঙ্কিতচিত অবিলম্বে,
মলিন হইল রবি, অনিল রহিতগতি, গর্জ্জিল অশনি সদম্ভে!
উড়িল শকুনিকুল উৎকটরব করি জম্বুককলরবসঙ্গে,
পড়িল রথধ্বজ খণ্ড খণ্ড হই, রুধিরবৃষ্টি গগনাঙ্গে।
স্তম্ভিত হই সবরাক্ষসসৈনিক অবস্থিত স্থিরগাত্রে,
অলস-অবশতনু বাক্যরহিতসব অশ্রুসমাপ্লুতনেত্রে।
ত্রিভুবন শূন্যনিবান্ধব সমীক্ষি দীর্ঘবিনিঃশ্বসি দুঃখে,
ঊর্দ্ধদৃষ্টিসহ অশ্রু বর্ষি ঘন অঞ্জলি ধরি নিজবক্ষে,
বিনতভৃত্যসম পরমভক্তিসহ নমস্করি স্থিরচিত্তে,
স্মরিল অবনিপতি গুরুবরপদযুগ বিপত্তিদমননিমিত্তে।
তখন অকস্মাৎ নিরখিল সবজন সমধিকবিস্ময়সঙ্গে,
জগৎ তিমিরবৃত কম্পিত করি ঘন বৃহৎ-মূর্ত্তি গগনাঙ্গে।
হিমগিরিসন্নিভ বিপুলমূর্ত্তিবর চলিত অনিলজবসঙ্গে;
গরুড়-পক্ষরব বিনিন্দি ভৈরবশব্দ উদিত নভ অঙ্গে!
গ্রহগণ কক্ষচ্যুত ঘূর্ণিত হই চলিত চতুর্দ্দিশি সঙ্গে,
কত শত তরুগিরি চলিত লগ্ন হই গতিজবসহ বিপুলাঙ্গে।
স্তম্ভিত বিস্মিত জনগণ নিরখই থরথর কম্পিতবক্ষে,
তখন অকস্মাৎ নিপতিত গুরুবর কর্ব্বুর-অধিপসমক্ষে!
অঞ্জনশৈলসদৃশ সুবিপুলতনু মরকতরশ্মি বিসর্পে,
সহস্রসূর্য্য বিনিন্দি নয়নযুগ ঘূর্ণিত সতত সদর্পে!
অচলশৃঙ্গসম বিকটভল্লবর পরিধৃত দক্ষিণহস্তে,
পদভরকম্পিত সমস্তমহিতল, ফণিপতি অবনতমস্তে।
তখন অকস্মাৎ বজ্রপতনসম গর্জ্জি ভয়ঙ্করদম্ভে,
ঘূর্ণি বহ্নিময়নয়ন সমীক্ষিল রঘুপতি-সৈন্যকদম্বে।

পতঙ্গসম বহু ভস্ম হইল, বহু দৌড়িল বিদগ্ধ-অঙ্গে,
চীৎকৃতিকলরব উত্থিত দশদিশি বেষ্টিত অনলতরঙ্গে।
তখন দশবদন অশ্রু বরষি ঘন লুণ্ঠিত হই পদুপান্তে,
প্রণমিল শত শত পরমভক্তিসহ গণসম হরচরণান্তে।
উঠ উঠ বলি অতি সত্বর গুরুবর তুলিল মহাপ্রিয়শিষ্যে,
আশ্বসি বিস্তর কহিল বাক্যচয় চমকিত করি সববিশ্বে।

কি ভয় দশাস্য ? স্থির কর চিত্তে,
স্মর গুরুদত্ত-, প্রকৃত সুতত্ত্বে।
ভুলিছ কি সম্যক্ দিনু যত শিক্ষা ?
ভুলিছ অকস্মাৎ মমকৃতদীক্ষা ?
কি কহিব ধিক্‌ধিক্ হই মম শিষ্য,
থর থর-অঙ্গে ডরিছ মনুষ্য !
মৃগপতি-অঙ্কে রহি সুবিশিষ্টে,
ডরিছ কি জন্যে শশক নিকৃষ্টে ?
করহ অগৌণে তনু পরিশুদ্ধ,
স্থিরতমচিত্তে অনিল নিরুদ্ধ ;
রহ সুখসঙ্গে লভি ধন-অষ্টে,
কি শকতি বৈরী তবতনু নষ্টে।

গুরুবর-বাক্যনিচয় শুনি কর যুড়ি সমধিক-অবনতশীর্ষে,
গদ্গদবচন কহিল কর্ব্বুরপতি অতিশয়বিনয়বিবর্ষে।

চিন্তিত অতিশয় অদ্য মমহৃদয়,
বিস্মৃত সমুদয়, বিষমবিপত্ত্যে ;

৪। গণ=ভূত। ১৭। ধন অষ্ট=অণিমাদি অষ্টৈশ্বর্য্য।

মাত্র তবচরণ অত্র মমশরণ,
রক্ষহ নিজজন, 'অতুলমহত্ত্বে।
লুপ্ত অপরগতি, কর্ব্বুর হতমতি,
তিষ্ঠহ কুলপতি, পিতৃসম সঙ্গে;
অর্পি অভয়বর, রক্ষহ অনুচর,
উগ্রবিপদকর- জলধিতরঙ্গে।
শীঘ্র তবকথিত- কার্য্য করিব পিত,
কিঙ্করকুলহিত, তবপদপুণ্যে,
অর্পিণু অহরহ দুঃখনিচয় অহ,
আত্মস্বগুণসহ ক্ষমহ অধন্যে।

ইঙ্গিতমাত্রই শতশতরাক্ষস চলিল অনিলসম তূর্ণ,
অগণিতস্বর্ণকলস উপস্থিত করিল বিমলজলপূর্ণ।
অঙ্গ ধৌত করি কর্ব্বুর-অধিপতি পট্টবস্ত্র পরি হর্ষে,
শাস্ত্রবিহিতসবকর্ম্ম পূর্ণ করি গুরুপদরজ' লই শীর্ষে;
শুদ্ধ শান্ত হই পরমভক্তিসহ অক্ষমাল্য ধরি বক্ষে,
বসিল অজিন'পরি পদ্মবন্ধ করি উজ্জ্বলরথবরকক্ষে।
যত্নসহিত অতি অনিল 'রুদ্ধ করি তনুমন' করি পরিশুদ্ধ,
ভুরুযুগমধ্য দৃষ্টি করি সুস্থির 'চিত্তবৃত্তি করি রুদ্ধ,
উলটি দীর্ঘতমরসনা স্থিত করি কণ্ঠ-ঊর্দ্ধগতগর্ত্তে,
ব্রহ্মলগ্ন হই 'বসিল অবনিপতি জয় করি মৃত্যু মুহূর্ত্তে!
মা ভৈ রব করি ভৈরবগুরুবর সমধিক-উন্নতমস্তে,
অভয় অর্পি বহু ঘূর্ণিত চৌদিশি দীর্ঘভল্লযুতহস্তে।
অপূর্ব্ব-অভিনবদৃশ্য উপস্থিত, বিস্মিত সুরনর যক্ষ,
প্রশান্ত নিতান্ত বিপুলরণাঙ্গন সুশান্তজলধিসদৃক্ষ।

প্রবলযোদ্ধৃগণগর্জ্জন বিরহিত, অসিধনু’শব্দ বিলুপ্ত,
অশ্বহস্তিকুল সংস্থিত অবিচল, শকুনিগৃধিনিকুল সুপ্ত।
বিস্মিতচিত অতি সমস্তজগজ্জন তরুসম অচপলগাত্র,
মৃতুলগন্ধ বহি মন্দগন্ধবহ রহি রহি বিচলিত মাত্র।
তখন অকস্মাৎ চমকি সর্ব্বজন কর্ব্বুরপতি মৃদু গর্জ্জি,
অর্দ্ধহস্তমিত-শূন্য’পরি স্থিত হইল অজিন পরিবর্জ্জি !
সপদি মহোজ্জ্বলকিরণ বিনির্গত হইল সমস্তবরাঙ্গে,
ক্রমশ’ সকলভব হইল উষ্ণতম মহোষ্ণকিরণতরঙ্গে।
দৌড়িল দশদিশি সুরনরকিন্নর সমধিকবিদগ্ধ-অঙ্গে,
অম্বরচলিত-বিহগগণ নিপতিত মহার্ত্তকলরবসঙ্গে।
পত্রপুষ্পসহ ভস্ম বিটপিকুল, গিরিকুল দগ্ধ নিতান্ত,
সকলভুবনতল বহ্নিপূর্ণ, গণি, সমুদিত বিকটযুগান্ত।
অর্গলনিবদ্ধ করিল অমরপুর সুরগণ কম্পিতগাত্রে,
নিজনিজসদনমধ্যগত জগজ্জন নিঃশ্বসি মুদ্রিতনেত্রে।
মাত্র অমরপতি মিত্রপবনসহ শূন্য-উপরি অতিযত্নে
অপূর্ব্বদুর্গরচন করি সংস্থিত সংগ্রহি শরকুলরত্নে।
কঠিনতুহিনচয়-রচিতদুর্গবর শুভ্রকিরণ অভিসর্পে,
রঞ্জিত-অভ্র চতুর্দ্দিশি পুঞ্জিত নিন্দি ইন্দ্রধনু’দর্পে।
সৌরকিরণ লভি বিবিধবর্ণযুত, সুবর্ণরথসমদৃশ্য,
শতশতমণি, গণি, বিলগ্ন অবিরল বিস্ময়ি সমুদয়বিশ্ব !
চলিত বিজুলিদল চকমকি ঝকমকি সতত শিবিরবর-অঙ্গে,
ঝলকিত ভুবন, গগনতল উজ্জ্বল অবিরল কিরণতরঙ্গে।
বর্ণিতশিবির-মধ্যগত সুরপতি বন্ধু-অনিলপতিসঙ্গে,
মহাব্যগ্র হই নিরখই অনিমিষ রণাঙ্গন স্থির-অঙ্গে।

নিরখি মহাদ্ভুতদৃশ্য সুরেশ্বর বিস্মিত হই অতিমাত্রে,
কহিলেন্ সবিনয় মৃদুলবচনচয় সম্মুখি সুবুদ্ধিমিত্রে।

নিরখহ অনুপম-অদ্ভুতদৃশ্যে,
অযুতদিবসকর উত্থিত বিশ্বে!
নিপতিত সুরনর কম্পিত-অঙ্গে,
জ্বলিত ভুবনতল বহ্নিতরঙ্গে।
সুরনরমুনি-ঋষিকিন্নর-আর্য্যে
কিশকতি করই পুরঃস্থিতকার্য্যে?
রিপুজয় হইল অসাধ্য নিতান্ত,
অভিনববিপদসমুদ্র অনন্ত!
যদি রিপু পরপদলগ্ন সুতিষ্ঠে,
কিশকতি রঘুপতি সম্প্রতি নষ্টে!
জলধিচরণচির-আশ্রিতমৎস্যে,
কভু কি দিবসকররশ্মি বিভস্মে?
কহি, শুন বিবরণ সুস্থিরচিত্তে,
শুনিনু চতুরমুখ-সন্নিধি তত্ত্বে;
রঘুপতিশিবির-অধিষ্ঠিতচণ্ডী,
সুসদয় হয় যদি বিঘ্ন বিখণ্ডি।
দশভুজ-অবয়ব সংগ্রহি যত্নে,
যদি বর সঁপই নরেশ্বররত্নে,
ধ্রুব বিনিহত হয় শত্রু দুরন্ত,
অপরসুগতিসব সম্প্রতি অন্ত।

৮। পুরঃস্থিত—রণাঙ্গনস্থ রাবণকৃত। ১১। পরপদ—ব্রহ্মপদ।

কহ শুনি, সুরবর, কে স্থিরচিত্তে
গমন করই বিপদান্বিতমর্ত্তে ;
হত মম্মতি, সুর, চিন্তি অনিষ্টে,
করহ সুপথ নিজবুদ্ধি বিশিষ্টে।
ইন্দ্রবচন শুনি তখন অনিলপতি করযুগ যুড়ি নতশীর্ষে,
কহিলেন্ সুযুক্তিপূর্ণবাক্যচয় সমধিকবিনয়বিবর্ষে।
অতিভৈরব-দুর্জ্জয়- শঙ্কট নিশ্চয়,
শত্রুকুলেশ্বর-ভক্তিবলে,
নরদৈবতদুর্ল্লভ- শক্তি-সমুদ্ভব,
অদ্য সুনিশ্চিত বৈরিদলে।
যদি বর্জ্জি চিরাশ্রিত, রক্ষই নিন্দিত-
রাক্ষসবর্গ জগজ্জননী,
কহ সাধ্য কি এক্ষণ বৈরি-বিমর্দ্দন?
ভাগ্য নিতান্তই মন্দ গণি।
হত যদ্যপি সদ্গতি; অদ্য জগৎপতি,
চিন্তি তবু স্থিরচিত্তসনে,
কর যুক্তিবিনির্ণয়, দুষ্টরিপুক্ষয়
সম্প্রতি যদ্বিধকার্য্যগুণে।
মমযুক্তি, সুরেশ্বর, মিত্রশনৈশ্চর
সঞ্চরি সত্বর মর্ত্ত্য'পরে,
চতুরাস্য-বিবর্ণিত- কার্য্য অভীপ্সিত,
বান্ধসন্নিধি উক্তি করে ;
পুন' যত্ন বিলক্ষণ সঞ্চরি এক্ষণ,
গুপ্তমতে প্রভু সুস্থমনে

পশি রাক্ষস-ঈশ্বর- অঙ্গ ভয়ঙ্কর,
ভঙ্গকরে স্থিতি আত্মসনে;
হয় রক্ষিত নিশ্চয় সর্ব্ব-জগৎত্রয়,
মিত্রশনৈশ্চর-বীর্য্যবলে,
হয় রাক্ষস-সংক্ষয় অদ্য সুনিশ্চয়,
ধর্ম্ম পুনঃ স্থিত বিশ্বতলে।

পবন-বচন শুনি হৃষ্টহৃদয়সহ সুস্থির হই মুদি নেত্রে,
স্মরিলেন্ তখন সুরেশ্বর সত্বর চতুরশনৈশ্চরমিত্রে;
স্মরণমাত্র শনি সন্নিধি-উপগত সমধিকবিনয়বিবর্ষে,
করযুগ সম্পুটি রহিল অবস্থিত আগ্রহসহ নতশীর্ষে।
সুদীর্ঘ-অবয়ব সূক্ষ্ম নিরতিশয় অঞ্জনসম তনুবর্ণ,
অসিত-সূত্রসম কৃশতমকরপদ কিন্তু শক্তিপরিপূর্ণ!
দীর্ঘমুষ্টিমিত-বিরলকথঞ্চিৎশ্মশ্রুসমষ্টি মুখাগ্রে,
অজপতি-কূর্চ্চসদৃশ মুহু' বিচুলিত অবিরল অনিল উদগ্রে।
অগ্নি-অর্চ্চি' জিনি বিজুলিপুঞ্জ জিনি বীর্য্য পূর্ণ কৃশ-অঙ্গে,
কটিতটপরিহিত-অসিতবস্ত্রবর মরকত ঝলকিত রঙ্গে।
প্রকৃতি নিরতিশয়চঞ্চল, অবিরল পরচ্ছিদ্র অনুসন্ধে,
কখন দৃষ্ট হয় কভু পুন অদৃষ্ট, অদ্ভুত সুরনর ধন্দে!
ঝটিতি অমরপতি পরমবিনয়সহ উত্থিত হই অতিহর্ষে,
কহিলেন্ সুমধুরবচননিচয় জিনি অনুপম-অমৃতবিবর্ষে।

বিষমবিপদ সমুপস্থিত অদ্য,
হতবল সুরনর নিশ্চয় সদ্যঃ।
কি শকতি রঘুপতি বৈরি বিনষ্টে?
লভিল যখন রিপু শক্তি গরিষ্ঠে

রহিল বিকট-অরি আত্মবিলগ্ন,
নিরখি নৃপতি-চিত নিশ্চিত ভগ্ন।
হতমতি নরপতি-সৈন্যসমস্তে,
নিরখই বসি সব সংনতমস্তে।
কহ, শুনি, স্থরমণি, কিম্বিধকার্য্যে,
দলিত করিব খলশত্রু অনার্য্যে?
বিষমবিপদময়-অম্বুধিবক্ষে,
উড়ুপসদৃশ তুমি দৈবতপক্ষে।
সদয়হৃদয় হই যদ্যপি আর্ত্তে,
গমন করহ, স্থর, সম্প্রতি মর্ত্তে,
ধ্রুব হয় সমুদয় কার্য্য স্থসিদ্ধ,
অপরসকলপথ নিশ্চয় রুদ্ধ।
কহি, শুন বিবরণ স্থস্থিরচিত্তে,
শুনিনু চতুরমুখসন্নিধি তত্ত্বে।
রঘুপতিশিবির-অধিষ্ঠিতচণ্ডী,
স্থসদয় হয় যদি বিঘ্ন বিখণ্ডি।
দশভুজ-অবয়ব সংগ্রহি যত্নে,
যদি বর সঁপই নরেশ্বররত্নে;
বিনিহত হয় রিপু দুষ্ট দুরন্ত,
অপরস্থগতিসব সম্প্রতি অন্ত।
অবহিত হই পুন' বৈরিবরাঙ্গে
প্রবিশহ যদি তুমি কৌশলসঙ্গে,

৮। উড়ুপ=ভেলা। ৯। আর্ত্ত=ব্যথিত।

হতবল হয় রিপু নিশ্চিত অদ্য,
যতন সফল হয় সর্ব্বত’ সদ্যঃ।
সুরপতি-সুমধুরবচননিচয় শুনি কর যুড়ি অবনতশীর্ষে,
কহিল শনৈশ্চর গদ্গদরবসহ সমধিকবিনয়বিবর্ষে।

শিখিনর্ত্তনচ্ছন্দঃ।

জয় সুরেন্দ্র সুন্দর জগৎ-শুভঙ্কর,
সমস্তনির্জ্জর তবাশ্রয়ে,
তবমহত্ত্ব অদ্ভুত দিগন্ত-বিশ্রুত,
সুরক্ষহ দ্রুত মহদ্ভয়ে।
শুনি তবোক্তি দুষ্কর, ভয়ার্ত্ত কিঙ্কর,
বিকম্পিতান্তর নিতান্ত হে,
কহ, কিসাধ্য সম্প্রতি সুসঞ্চরি ক্ষিতি,
অমিত্র-দুর্গতি-নিমিত্ত হে।
অতিদুরন্তরাক্ষস নিতান্তকর্কশ
অমর্ত্ত্য-বিদ্বিষ ভয়ঙ্কর,
যদি নিবদ্ধ কিঙ্কর, বিনষ্টিবে স্থির,
বিচর্ব্বি কন্ধর, সুরেশ্বর।
তখন শনৈশ্চর-বাক্যনিচয় শুনি পবন বিনততমমস্তে,
কহিলেন্ যুক্তিপূর্ণ-অতিসুমধুরবচননিচয় যুড়ি হস্তে।
অতিভৈরব নিশ্চয় রাক্ষস দুর্জ্জয়,
বিশ্ব ভয়ান্বিত দম্ভবলে,
তবু কিন্তু বিচিন্তহ, কল্মষ দুর্ব্বহ
পূর্ণ নিতান্ত দুরাত্মদলে।

যদি ধর্ম্মপদাশ্রিত দুষ্কৃতিবর্জ্জিত
নির্জ্জরসর্ব্ব অবশ্য তবে,
রিপুবর্গ বিনির্জ্জিত, ধর্ম্ম সমুত্থিত,
দুঃখ বিমর্দ্দিত শীঘ্র হবে।
তবচিত্ত ভয়ান্বিত, সঙ্গিবিবর্জ্জিত,
মর্ত্তগতিপ্রতি যদ্যপি হে,
সহ ধূর্ত্ত-অলক্ষ্মী সংহতি সম্প্রতি,
কার্য্য সুসিদ্ধ অবশ্য হবে।

পবনবাক্য শুনি তখন সুরেশ্বর সমধিক সুস্থির লক্ষি,
স্মরিলেন্ সবিনয় নয়নযুগল মুদি উৎকটমূর্ত্তি-অলক্ষ্মী।
চমকি অমরগণ খরতরগতিসহ চৌদিশি সতত সমীক্ষি,
কম্পিত করি ভব হইল উপস্থিত দুরীক্ষ্যবদন-অলক্ষ্মী!
মসি জিনি অসিতবর্ণ অতিকৃশতম অস্থিচর্ম্মময়গাত্র,
নির্দ্দয়হিংস্র হৃদয় অতিদুর্ম্মদ, রক্তবর্ণ দুইনেত্র!
মুক্তচিকুরকুল দুলিত ইতস্তত' তীক্ষ্নখর পদহস্তে,
ছিন্নমলিনতমবসন-পিহিততনু বিষমকুগন্ধ সমস্তে।
ক্ষুধিত নিরতিশয়, ইচ্ছই অবিরত ভক্ষণ করি সববিশ্ব,
লৌহরচিতসম কর্কশ-অবয়ব অতিশয়নিষ্ঠুরদৃশ্য।
বিষমতীক্ষ্নশল-গৃহমার্জ্জনবর পরিধৃত দক্ষিণহস্তে,
সতত রুষ্টচিত নিরখই কটমট ঝটপট চমকি সমস্তে!
লক্ষ্যি শনৈশ্চর-বদন তুষ্ট হই পুলকিত-নর্ত্তিত-অঙ্গে,
বিকটহাস্যসহ নয়ন ঘূর্ণি ঘন নিরখিল কুটিল-অপাঙ্গে।

১৯। শল=শলা। গৃহমার্জ্জন=ঝাঁটা।

তখন অমরপতি বুঝি সবমন'গতি সমধিকসহর্ষচিত্তে,
কহিলেন্ মধু জিনি মধুরবাক্যচয় মহিতল-গমননিমিত্তে :
অতুলশকতি তব ধন্য অলক্ষ্মি,
তবসম অপরমহৎ নসমীক্ষি।
পরমসদয় হই দৈবতপক্ষে,
রিপদদমন করি উদ্ধর দুঃখে।
যদি হয় সমুদয়কার্য্য সুসিদ্ধ,
ঝটিতি করিব তববাঞ্ছিত সিদ্ধ ;
শপথ করিনু শনি-সংহতি অদ্য
পরিণয় দিব তব উদ্যমি সদ্যঃ।
সুরপতি-বচননিচয় শুনি সুখসহ নিজতনু ঘন ঘন ঈক্ষি,
বিকটহাস্যসহ চমকি জগজ্জন তাণ্ডবি কহিল অলক্ষ্মী।

উগ্রচণ্ডাচ্ছন্দঃ।

নিরিখ সশিষ্যে, সুরপতি, বিশ্বে
অপর কি সম্ভব মমসম ধন্যা ?
তৃণসম সর্ব্বে গণি নিজগর্ব্বে,
মমসম সক্ষম কভু নহি অন্যা।
বিদলিব দম্ভে অররু-কদম্বে,
যমসম সম্প্রতি কহিনু সগর্ব্বে ;
প্রণমিহ যত্নে মমপদ-রত্নে,
যদি শুভ ইচ্ছহ সুরনরসর্ব্বে।
লই দৃঢ়বেত্রে, সুবিকটনেত্রে,
যদি সমরাঙ্গন পশি অবিলম্বে,

১৭। অররু—শত্রু।

কটমটহাস্যে, খটমটলাস্যে,
ত্রিভুবন কম্পই কহিনু সদম্ভে।
চিন্তি কথঞ্চিৎ তখন শনৈশ্চর অতিশয়বিমর্ষচিত্তে
চলিল সঙ্গিসহ শূন্যসহিত মিশি সুরকুলকার্য্যনিমিত্তে।
ক্ষণপর হইল উপস্থিত উভজন বিপুলরণাঙ্গনপার্শ্বে,
পশিল দুর্গবর সতর্ক হই অতি সমধিকবিনয়বিবর্ষে।
সম্ভ্রমসহ উঠি রঘুকুল-ঈশ্বর নিরখি অমরযুগ ধন্যে,
পাদ্য-অর্ঘ্যসহ কনকমঞ্চবর সঁপিলেন্ সংস্থিতিজন্যে।
তখন উভয় মিলি বিনম্র হই অতি গরুড়সদৃশ যুড়ি হস্তে,
নমিল ভক্তিসহ নৃপপদপঙ্কজ কিঙ্করসম নতমস্তে।
করকুবলয় যুড়ি নৃপতিকুলেশ্বর অতিশয়-অবনতশীর্ষে,
কহিলেন্ মধুময়বাক্যনিচয় জিনি সুমধুরমধু-অভিবর্ষে।

ধন্য হইল ধরণিসদ্ম সংলভি সুরচরণপদ্ম,
ধ্বংস হইল কলুষ-ছদ্ম, নিশ্চিত গণি অন্তরে;
দুর্জ্জয়রিপু নিহত অদ্য, রক্ষিত নর-অমর সদ্য,
যুদ্ধজলধি-তরণ সাধ্য, লব্ধ শকতি সত্বরে।
সম্প্রতি হই সদয়চিত্ত, সর্ব্বভুবন-শুভনিমিত্ত,
তৃপ্ত করহ সকলভৃত্য, আত্মবিষয়-কীর্ত্তনে;
ভৈরবতম-বিপদজন্য, ছন্নহৃদয় সকলসৈন্য,
সুস্থ করহ নিজসুধন্য- বাক্য-অমৃতবর্ষণে।

রঘুপতি-মধুরবাক্য শুনি কর যুড়ি উত্থিত হই নতমস্তে,
কহিল শনৈশ্চর পরমবিনয়সহ সন্তুষি মিত্রসমস্তে।

গণি সুভাগ্য নিশ্চিত, সমীক্ষি ঈপ্সিত-
মুনীন্দ্রবাঞ্ছিত- পদদ্বয়ে,

কহি সমস্ত সম্প্রতি সুরেন্দ্র-সম্মতি,
কিজন্য মন্দগতি তবাশ্রয়ে।
অতি অপূর্ব্ব নিশ্চিত মহত্ত্ব-অন্বিত
দশাস্য দুশ্চিত, শিবাশ্রয়ে,
গণি অবধ্য এক্ষণ দুরন্ত দুর্জ্জন,
বিচিন্তহ ক্ষণ বিনির্জ্জয়ে।
যদি বিচিন্তি আশ্রিত, সমীক্ষি কিঞ্চিত,
অনুগ্রহি স্বত' মহেশ্বরী,
দশভুজাখ্য-অদ্ভুত- সুমূর্ত্তি সংযুত,
বরার্পই দ্রুত শুভঙ্করী ;
হয় বিনষ্ট সত্বর অমিত্র দুর্দ্ধর,
নচেৎ সুদুষ্কর নিতান্ত-ই,
ত্যজি সমস্ত এক্ষণ সযত্ন সৎ-মন'
সমর্চ্চহ ক্ষণ জগন্ময়ী।

সুরবর-বাক্যনিকর শুনি রঘুপতি সম্মুখি মিত্রসমস্তে,
কহিলেন্ সুমধুরবচননিচয় অতিবিনম্র হই যুড়ি হস্তে।

বান্ধবগণ শুনহ যুক্তি, পূজ্য-অমর-শুভদ-উক্তি
নিশ্চয় সববিপদমুক্তি, চিন্তি বুঝিনু এক্ষণে ;
বর্জ্জি সকলচিত-বিরক্তি উদ্যম কর বিরচি পংক্তি,
সত্বর অতি বিকসি ভক্তি, শক্তিচরণ-অর্চ্চনে।
অদ্য যতন সুফলবন্ত, অন্ত হইল রিপু দুরন্ত,
শান্তি লভিল জগদনন্ত, চিন্তি বুঝহ অন্তরে ;
ধ্বান্ত-অসুর রবিনিমিত্ত যদ্বিধ হয় হতমহত্ত্ব,
তদ্বিধ সুরগণ-নিমিত্ত, শত্রু বধিব সত্বরে।

ইঙ্গিতমাত্র যোদ্ধৃগণ সংগ্রহ করিল সমস্ত সহর্ষে,
চন্দন-অগুরুকুসুমঘৃততণ্ডুল দশদিশি সুগন্ধ বর্ষে।
গাঙ্গসলিলসহ অঙ্গ ধৌত করি নৃপমণি সমধিকধৈর্য্যে,
শুদ্ধ শান্ত হই পট্টবসন পরি বসিলেন্ অর্চ্চনকার্য্যে।
মুহূর্ত্তমধ্য পবনসুত সংগ্রহ করিল কমল শত-অষ্ট,
শঙ্খকাংস্যরব উত্থিত চৌদিশি সুরনরকিন্নর তুষ্ট।
তখন অকস্মাৎ সর্ব্ব-অমরগণ-হৃদয়দুঃখ পরিখণ্ডি,
সহস্ররবি জিনি উজ্জ্বলসুকিরণ-মণ্ডিত হইলেন্ চণ্ডী।
বিস্ময়সহ অতি নিরখিল জনগণ কিরণমহোজ্জ্বলপুঞ্জে,
লভিল কল্পফুলনিন্দিমধুরতমসুগন্ধ মুনিমন'রঞ্জে!
মুহূর্ত্তপর অতিতীব্রকিরণচয় বিলুপ্ত হইল বিশিষ্টে,
নিরখিল তখন সকলজন সমধিক-বিস্মিত-অনিমিষদৃষ্টে।
পূর্ব্বমূর্ত্তি পরিবর্ত্তি ভয়ঙ্কর, সদয়হৃদয়সহ চণ্ডী
সুরম্যদশভুজমূর্ত্তি ধরি স্থিত, মহিষ-অসুর পরিদণ্ডি।
অদ্ভুত মূর্ত্তি! কি শক্তি বিবর্ণিব? পূর্ণচন্দ্র জিনি বর্ণ,
কনককমল জিনি অতুলচরণতল শান্তিকান্তিপরিপূর্ণ।
তরুণ-অরুণ জিনি বদন মহোজ্জ্বল অমল-অমৃত অভিবর্ষে,
জলধিতরঙ্গসদৃশ কুন্তলকুল জলদকান্তি পরিদর্শে।
শিখিবরপুচ্ছ নিন্দি অতিসুন্দর অনুপমসুললিতনেত্র,
সকরুণদৃষ্টি-বৃষ্টি করি অবিরত সিঞ্চই অমৃত পবিত্র।
দ্বিখণ্ড-খণ্ডিত-ইন্দুসদৃশ অতি-উজ্জ্বলতম অধরোষ্ঠ,
কুন্দকুসুমচয় নিন্দি দশনকুল বিশুভ্রকিরণবিশিষ্ট।
সহস্ররবি জিনি মুকুট মহোজ্জ্বল সজ্জিত সুললিতশীর্ষে,
মণিকুল-অঙ্কিত কাঞ্চনকঞ্চুলি ঝলমলি কিরণ বিবর্ষে।

নিন্দি ইন্দ্রধনু’ সুন্দরসুবসন ইন্দুবিনিন্দক-অঙ্গে,
বিজুলিপুঞ্জ জিনি মণিময়-অঞ্চল চঞ্চল অনিলতরঙ্গে।
ধনপতি-অর্পিত কতশত-অতুলিতরত্নরচিত-অবতংস,
শশিরবি লাঞ্ছিত, সুরপতিবাঞ্ছিত,-কিসাধ্য বর্ণি শতাংশ?
কনকদণ্ড জিনি সুন্দরদশভুজ, সজ্জিত অস্ত্র অসঙ্খ্য,
খড়্গচর্ম্ম-অসিপট্টিশ-অঙ্কুশ নিরখি কৃতান্ত সশঙ্ক !!
রত্নপুঞ্জ জিনি মঞ্জুললক্ষ্মী সংস্থিত দক্ষিণ-অংশে,
ললিতকমলদল-উপরি চরণতল বেষ্টিত সিতকলহংসে।
কষিতরজত জিনি বিশদতুহিন জিনি মৃদুলবিশুভ্রবরাঙ্গে,
সরস্বতী স্থিত উজলি সব্যদিক্ শশিসমকিরণতরঙ্গে।
শান্তনধরতনু গজাস্য-গণপতি হিঙ্গুলনিন্দিসুকান্তি,
সমুজলি দক্ষিণপার্শ্ব অবস্থিত বিতরি জগৎত্রয়শান্তি।
শঙ্খচক্রযুত মৃদুলচতুর্ভুজ, করতল জিনি ফুলগুচ্ছ,
শীর্ষ-উপরি সজ্জিত মণিশীর্ষক তদুপরি কমশিখিপুচ্ছ।
অনুপমদৃশ্য ষড়াস্য হাস্যযুত সংস্থিত শিখিবরপৃষ্ঠে,
শতশতমন্মথ নিন্দি রম্যতনু উজ্জ্বল কিরণ গরিষ্ঠে।
শক্রধনু’সদৃশ ললিতচক্রযুতপুচ্ছ সমুচ্ছসি হর্ষে,
সংস্থিত শিখিবর উজলি ভুবনতল পঞ্চশিখান্বিতশীর্ষে।
চরণকমলতল-সংস্থিত ভৈরব-অসুর-অধিপ মহিষাখ্য,
সিংহদষ্টভুজ ফণিবেষ্টিতগল শক্তিবিদ্ধ দৃঢ়বক্ষঃ।
অপূর্ব্বদৃশ্য নিরখি অতি বিস্মিত সুরনরযক্ষসমস্তে,
মঞ্জুল-অঞ্জলি বিরচি সর্ব্বজন নমিল বিনততমমস্তে।
সুললিতকুসুমবৃষ্টি করি ভবতল পূর্ণ করিল সুরবৃন্দে,
জ্বলিল অগুরুসহ সুগন্ধিগুগ্গুলু পদ্মগন্ধপরিনিন্দে।

অঞ্জলি রচি সব সংস্থিত চৌদিশি ভক্তিসহিত নতমস্তে,
বিশ্বময়ী-স্বর শুনিল অকস্মাৎ বিস্ময়সহিত সমস্তে !

প্রিয়বৎস, অদ্য শুভক্ষণে,
মমচিত্ত তুষ্ট তবার্চ্চনে ;
বর অর্পি অদ্য সুনিশ্চয়ে,
তববৈরিবর্গ-বিনির্জ্জয়ে।
তবপুণ্যজন্য সুনিশ্চিত,
সুরবর্গ সদ্য' সুরক্ষিত,
পুন' ধর্ম্মসূর্য্য বিভান্বিত,
চিরশান্তিসৌখ্য সমুত্থিত।

বিমলবাক্যসহ অতুল-অমৃতময়দৃষ্টিবৃষ্টি করি অম্বা
হইলেন্ ঝটিতি অদৃশ্য বিম্বসম, নিজগণসহ অবিলম্বা !!
করিল জয়ধ্বনি নৃপতিসৈন্যগণ মত্ত নিরতিশয়হর্ষে,
জগৎ কম্পি পুন' চলিল রণস্থল দশদিশি তরুগিরিবর্ষে।
চলিলেন্ লক্ষ্মণসহিত নরেশ্বর সর্ব্বসৈন্য পরিরক্ষি,
অতুলহর্ষসহ চলিল চমকি চিত শনিসহ বিকট-অলক্ষ্মী।
পশি সমরাঙ্গন অদৃশ্য রহি অতিসতর্ক হই পরিলক্ষ্যি,
বসিল ঝটিতি কর্ব্বুরগুরু-কন্ধর-উপরি দুরন্ত-অলক্ষ্মী।
চমকি অকস্মাৎ ভৈরবগুরুবর থরথর কম্পিত-অঙ্গে,
ঘন ঘন নিঃশ্বসি নিরখিল দশদিশি বিষমমৃত্যুভয়সঙ্গে !
তখন শনৈশ্চর যোগ্যসময় গণি অদৃশ্য রহি মন' রঙ্গে,
প্রবিশিল সত্বর সূক্ষ্মমূর্ত্তি ধরি রাক্ষস-অধিপতি-অঙ্গে।

১১। অম্বা= মাতা। ১২। বিম্ব=জলবিম্ব।

চমকিত সিহরিত ঘূর্ণিতমস্তক কর্ব্বুরপতি ধরি বক্ষে,
অস্ফুটরব করি হইল বিমূর্চ্ছিত সত্বর রথবর-কক্ষে !
মত্তহস্তি জিনি গর্জ্জি ভয়ঙ্কর গুরুবর, ধরি নিজশিষ্যে,
কহিল বাক্যচয় মূর্ত্তবহ্নিময় অর্দ্ধদগ্ধ করি বিশ্বে !!

শত শত ধিক্ ধিক্ খলমতি দুর্গে,
ভুলিলি সদর্পে অনুগতবর্গে ?
অরচিনু যত্নে তপপদ সদ্যঃ,
দিলি কি সমস্তে প্রতিফল অদ্য ?
উঠ উঠ বৎস স্থির কর বক্ষে,
কি ভয় মনুষ্যে স্বগুরু-সমক্ষে ?
নিরিখহ হর্ষে মমভুজবীর্য্যে,
শমনসদৃক্ষে বধি সব-আর্য্যে।
সুরনরসর্ব্বে যদি রিপুপক্ষে
অনুবল অর্পে স্থিরতমবক্ষে,
তবু মমহস্তে নিধন নিতান্ত,
কহিনু সদম্ভে ; কর চিত শান্ত।

নিদ্রোত্থিতসম উঠি কর্ব্বুরপতি বিহ্বল হই যুড়ি হস্তে,
চমকিতবিস্মিত-কম্পিতচিতসহ কহিল বিনততমমস্তে।

সম্প্রতি অসময় কোন বিপদুদয় ?
দুষ্কর অতিশয়, অনুমিতিপক্ষে !
বহ্নিবিশিখসম উগ্র বিষমতম
অন্তকনখসম পশিল কি বক্ষে ?
দুর্ব্বল তনু অতি, শঙ্কিত হত মতি,
নিশ্চয় পরিণতি বুঝিনু সমস্তে,

শূন্য নিরখি ভব, দুঃসহপরিভব,
অদ্য হইব শব রিপুকুলহস্তে !!

দশমুখ-বাক্যনিচয় শুনি গুরুবর ঘন ঘন নিঃশ্বসি দুঃখে,
গর্জ্জি বজ্র জিনি কহিল বচনচয় অশ্রুসিক্ত করি বক্ষে।

স্থির কর চিত্তে, স্থির কর চিত্তে,
নরসহ যুদ্ধে ভয় কি নিমিত্তে ?
সুরনরসর্ব্বে, মমভুজ-অগ্রে,
কি শকতি লঙ্ঘে তবনখরাগ্রে ?
যদি নরযুদ্ধে হয় মম-অন্ত,
তবু সববিশ্বে দহিব নিতান্ত।
খলমতিচণ্ডী মিলিত বিপক্ষে,
তবু কি সমর্থা সুরনর-রক্ষে ?

কথনান্তর পুনঃ গর্জ্জি বজ্রসম গুরুবর মৃগপতিদম্ভে,
শমনদণ্ডসম দীর্ঘভল্ল ধরি সমর পশিল অবিলম্বে।
তীক্ষ্ণভল্লবর বিন্ধি বধিল বহু কপিকুল নরকুলসঙ্গে,
মুহূর্ত্তমধ্য হইল সমরাঙ্গন আপ্লুত রুধিরতরঙ্গে।
চীৎকৃতি করি অতি দৌড়িল কপিগণ রক্তসমাপ্লুতগাত্র,
পুচ্ছ গুহ্যগত, হস্ত বিকুঞ্চিত, বক্র কটি, স্থির নেত্র।
ক্রমশ' যুদ্ধ জিনি গর্ব্বিত গুরুবর বর্দ্ধিত করিল নিজাঙ্গে,
পরশিল গগন বৃহত্তমমস্তক নিন্দি তুহিনগিরিশৃঙ্গে !
অযুতশৈল জিনি ভৈরবতনু ধরি মত্ত হইল রণরঙ্গে,
যুগান্ত-অন্তক উপগত, পরিগণি, মহাপ্রলয় লই সঙ্গে !!
ছত্রভঙ্গ হই রঘুপতি-সন্নিধি আশ্রয় লইল সমস্তে,
চলিলেন্ নরপতি ঝটিতি রণস্থল কার্ম্মুকবর ধরি রঙ্গে।

নিরখি নরেশ্বর বিকটহাস্যসহ কর্ব্বুরগুরু অতিগর্ব্বে
কহিল বাক্যচয় তীব্রগরলময় কম্পিত করি সুরসর্ব্বে।

শুভদিন সম্যক্ পরিগণি, অদ্য,
লভিনু সমক্ষে নৃপশিশু সদ্যঃ।
অভিনব-মদ্যে, নরবর-মাংসে,
সমুদয়শাক্তে বহু পরশংসে।
ছিঁড়ি তব মুণ্ডে অতি মন'রঙ্গে,
রুধির কদুষ্ণে পিব সুখসঙ্গে;
বিধি অনুকম্পা করি চিরভৃত্যে,
সঁপিল নৃবর্গে অদন-নিমিত্তে।
সুবিজনশৈলে অজগর-আস্যে,
স্বতই কুরঙ্গ প্রবিশই লাস্যে!!

গুরুবর-পরুষবাক্য শুনি রঘুপতি কার্ম্মুকটঙ্কতিসঙ্গে,
উত্তরিলা দ্রুত ঘূর্ণি নয়নরবি গিরিসমসুস্থির-অঙ্গে।

তিষ্ঠ ঘৃণিতপশু দুরন্ত, দণ্ড লভহ, সময় অন্ত,
অদ্য গমন কর নিতান্ত অন্তকপুর সত্বরে;
জন্ম-অবধি কলুষপূর্ণ, অদ্য ঝটিতি হইবি চূর্ণ,
দৈববচন ফলিল তূর্ণ, চিন্তি বুঝহ অন্তরে।
বর্জ্জি 'সুখদসদন সদ্য' শিষ্যসহিত নরকমধ্য
সংবিশ লভি মরণ অদ্য ভৈরবশরবর্ষণে;
শান্তি লভুক সুজনসর্ব্ব, অন্ত হউক কুজনগর্ব্ব,
দুষ্কৃতিচয় হউক খর্ব্ব, ধর্ম্মকিরণদর্শনে।

১০। অদন—ভক্ষণ।　　২০। সংবিশ—প্রবেশকর

বাক্যসহ অমনি গর্জ্জি ভয়ঙ্কর কার্ম্মুক কর্ষি সদম্ভে,
ত্যজিলেন্ বিশিখ যুগান্তবহ্নিশিখ কম্পি অবনি অবিলম্বে।
লম্ফঝম্প করি কর্ব্বুরকুলগুরু বিস্তৃত করি বিকটাস্যে,
গিলিল সমস্তবিশিখ রাক্ষসসম হুঙ্কৃতিমহাট্টহাস্যে!
ঝটিতি নরেশ্বর ঐষিকশরবর বরষিল কুঞ্চি অপাঙ্গে,
কণ্টকসদৃশ ফুটিল ভৈরবশর গুরুবর-গিরিসম-অঙ্গে।
তখন ভয়ঙ্কর তর্জ্জি গর্জ্জি গুরু ভল্ল বিঘূর্ণি সদম্ভে,
আক্রমিল দ্রুত বিকটনক্রসম মূর্চ্ছি বিশ্ব অবিলম্বে।
ঝটিতি নরেশ্বর গর্জ্জি বজ্রসম বর্জ্জিল শরশতলক্ষ,
বিন্ধিল শরকুল অতুলবীর্য্যসহ বিদীর্ণ করি গুরুবক্ষঃ।
মহাক্রুদ্ধ হই গর্জ্জি জলধি জিনি গুরুবর মৃগপতিলম্ফে,
ছিণ্ডি সূর্য্যশশি বর্ষিল সত্বর নৃপতি-উপরি অতিদম্ভে!
নির্গ্রহ হইল বিপুলভব, জগজন শমনসদনগত সদ্যঃ,
ভৈরবমহাপ্রলয় সমুপস্থিত, সৃষ্টি নষ্ট, গণি, অদ্য!
তখন নরেশ্বর চিন্তি নিরতিশয় মহাব্যগ্রতমচিত্তে,
ব্রহ্ম-অস্ত্রবর যুড়িলেন্ সত্বর রিপুবর-হনন-নিমিত্তে।
উজ্জ্বলি দশদিক্ গর্জ্জি ভয়ঙ্কর ছুটিল বিশিখ অবিলম্বে,
ত্রিভুবন কম্পিত, জগজন মূর্চ্ছিত, বিস্ময় অমরকদম্বে!
শমনদণ্ডসম বিষম-অস্ত্রবর কর্ত্তিত করি অরিমুণ্ড,
নিক্ষিপিল দ্রুত দক্ষিণজলনিধি তরঙ্গ তুলি পরচণ্ড!!
প্রকাণ্ডপর্ব্বতসদৃশ পড়িল শির' বিপুলজলধিজলগর্ভে,
চমকিত কম্পিত জলজজন্তুকুল মৃতসম মূর্চ্ছিত সর্ব্বে।

৫। ঐষিক—নামবিশেষ। ১৩। নির্গ্রহ—গ্রহশূন্য।

মুণ্ডরহিততনু নিপতিত সত্বর অশিখরগিরিসমদৃশ্যে,
মর্দ্দিত করি বহুকর্ব্বুর-কপিনর কম্পিত করি সববিশ্বে !
অতুলসুখান্বিত সুরনরকিন্নর বর্ষিল ফুল নৃপশীর্ষে,
গর্জ্জিল জয় জয় নৃপতিসৈন্যচয় মত্ত নিরতিশয়হর্ষে।
কুলগুরু-পতন নিরখি কর্ব্বুরপতি বিদীর্ণচিত অতিদুঃখে,
সম্বুধি সমুদয়রাক্ষসসৈনিক কহিল অশ্রুময়চক্ষে।

ধিক্ মমধনজন, ধিক্ মমতনুমন,
উৎকট-কুঘটন ঘটিল সমক্ষে !
কর্ব্বুররবি, অহ, লুপ্ত-অতুলমহ,
ধৈর্য্য ধরিব, কহ, কি নিরখি চক্ষে ?
শীঘ্র কহ, কি করি, দুর্জ্জয় মম-অরি,
কর্ণরহিততরি- সদৃশ সমস্তে
যুদ্ধজলধিতল- মগ্ন হ'ব সদল,
মর্দ্দিত হই খল- নরকপি-হস্তে !
কিন্তু অচলসম বাক্য সুদৃঢ়তম,
যৎক্ষণ তনু মম সরুধির তিষ্ঠে,
দুর্দ্দমরণ করি মর্দ্দিব সব-অরি,
অস্ত্রনিচয় ধরি চল অবশিষ্টে।

গর্জ্জিল চৌদিশি বিকটসৈন্যগণ অশ্রুসমাপ্লুত-অঙ্গে,
উত্থিত দশদিশি ভৈরবকলরব বিনিন্দি জলধিতরঙ্গে !
অসঙ্খ্যরথিরথ তুরগপদগগজ চলিল হুহুঙ্কৃতিসঙ্গে,
রাজ্যখণ্ডসহ কর্ব্বুর-অধিপতি মত্ত হইল রণরঙ্গে।

৯। মহ=তেজঃ ১২। কর্ণ=হাইল।

প্রলয়বহ্নি জিনি বিবিধ-অস্ত্রকুল চৌদিশি বরষি অজস্র,
দগ্ধ করিল সবভবতল, কপিনর বিনিহত লক্ষসহস্র !
বিদ্যুৎপুঞ্জসদৃশ অতি-উজ্জ্বলকার্ম্মুকবর ধরি দম্ভে,
রঘুপতি-সন্নিধি হইল উপস্থিত কর্ব্বুরপতি অবিলম্বে।
তীক্ষ্ণতীক্ষ্ণশর বরষি বজ্রসম অস্থির করিল নরেন্দ্রে;
ভৈরবযুদ্ধ পুনশ্চ সংঘটিত মূর্চ্ছি কৃতান্তসুরেন্দ্রে !
টলমল ধরণি, সমুদ্র উচ্ছলিত; নিপতিত গিরিতরুবৃন্দ,
মলিনবীর্য্যহত সূর্য্যশশি-অনল, অনিল চলিত মৃদুমন্দ।
ছিন্নভিন্ন ভব জীর্ণবস্ত্রসম ভগ্নবিচূর্ণ অকস্মাৎ,
পাংশু-অংশসম বিপুলজগৎত্রয় উড়ি উড়ি চলিল সমন্তাৎ !!
তখন মনুজপতি অনুজসহিত মিলি বহ্নিপবনসহতুল্য,
ত্যজিলেন্ বিশিখ অসঙ্খ্যসর্পসম সঞ্চরি'দর্প অতুল্য।
নিপতিত লক্ষলক্ষরিপু সত্বর অশনিদগ্ধসম-অঙ্গে,
কঠিনরণস্থল হইল কর্দ্দমিত দুর্দ্দমরুধিরতরঙ্গে।
পুরহরস্থবিপুল-অঙ্গযথাপ্লুত বৃহৎত্রিপুরতনুরক্তে,
অতলজলধিজল-মজ্জিতমহিতল যদ্বিধ যুগান্তনক্তে।
অসঙ্খ্যহয়গজ নিহত বৃহৎতনু মহার্ত্তচীৎকৃতিসঙ্গে,
প্রলয়পবন-মর্দ্দিতবনসন্নিভ দৃশ্য রণাঙ্গন-অঙ্গে।
ঝটিতি নরেশ্বর পবিমুখশরবর্ বর্ষি,'ধর্ষি সববিশ্বে,
খণ্ডিত করিল দশাস্যরথধ্বজ যন্তৃসহিত শত-অশ্বে।
গর্জ্জি ভঙ্কর রাক্ষস-অধিপতি ধরি ভৈরবতমখাণ্ডা,
দীর্ঘলম্ফসহ পড়িল অবনি'পরি ঘূর্ণিত করি পরচণ্ডা !

১৮। নক্ত=রাত্রি। ১৯। পবিমুখ=বজ্রমুখ। ২০। যন্তৃ=সারথি।

গজেন্দ্র যদ্বিধ ঘূর্ণি বিপুলতরু বিকটসর্পসমশুণ্ডে,
বৃংহিত করি ঘন সিংহনিকট গত শৈলসমোন্নতমুণ্ডে।
হুঙ্কৃতিসহ মুহু' কম্পি অবনিতল ছুটিল সৈন্যগণ সঙ্গে,
ঝটিতি উপস্থিত নৃপেন্দ্র-সন্নিধি যুগান্তযমসম-অঙ্গে।
বিশ্ব দীর্ণ করি মূর্চ্ছি জগজ্জন অযুতবজ্র জিনি মন্দ্রে,
গর্জ্জি কহিল দুর্জ্জয়রাক্ষসপতি সম্মুখি দীপ্তনরেন্দ্রে।

ধিক্ নরপশু খল, অদ্যহ অবিরল
চেষ্টিছ মমবল- নিহননজন্যে ?
অদ্য কি নির্ঘৃণিত, লজ্জিত নয় চিত ?
ইচ্ছ মম-অহিত, হৃদয় জঘন্যে ?
দণ্ডিত পুন'পুন, লাঞ্ছিত শতগুণ,
দর্শহ তবু পুন' বদন সদর্পে ?
ছিণ্ডিব খলমতি, মুণ্ড ঝটিতি অতি,
যদ্বিধ খগপতি হতবলসর্পে।

দশমুখ-কর্কশবাক্যনিচয় শুনি রঘুপতি মহোষ্ণ-অঙ্গে,
কহিলেন্ ঝটিতি গর্জ্জি মৃগপতিসম কার্ম্মুকটঙ্কৃতিসঙ্গে।

ধিক্ শতশত খলনিকৃষ্ট, দুষ্টহৃদয় বিষমধৃষ্ট,
অদ্য হইবি চরণঘৃষ্ট, দুর্ম্মদপশু সত্বরে ;
দুষ্কৃতিচয় হইল পূর্ণ, শাস্তি উচিত লভহ তূর্ণ,
সর্ব্বগরব করিব চূর্ণ, সদ্য' বিকটসঙ্গরে।
দুঃখবহুল দিলি দুরন্ত, খিন্ন অমরনর নিতান্ত,
সজ্জনগণ অসুখবন্ত, দুর্ম্মতি, তবদুষ্কৃতে ;
রক্ষিত ভব হউক অদ্য, শান্তি লভুক অমর সদ্য,
বর্জ্জহ তনু কলুষসদ্ম, দুর্জ্জয়বিশিখাগ্নিতে।

কথনান্তর নৃপ ইন্দ্রদত্তধনু’ ধরিলেন্ পুন অবিলম্ব,
শক্রধনু’সদৃশ পড়িল অভ্র ‘পরি বিপুলধনুঃপ্রতিবিম্ব !
অর্দ্ধচন্দ্র জিনি সুন্দর ধনু’বর মণ্ডিত মণিকুলসঙ্গে,
অতুলরত্নময়-সুদৃঢ়মুষ্টিবর উজলিল কিরণতরঙ্গে !
ঝটিতি মৃত্যুশর করিলেন্ রঘুপতি কার্ম্মুকলগ্ন সগর্ব্বে,
ত্রিভুবন কম্পিত হইল অকস্মাৎ চমকিত সুরনরসর্ব্বে !
ধক্ ধক্ জ্বলিত মহাগ্নি ভয়ঙ্কর শরবর-তীক্ষ্ণমুখাগ্রে,
স্বয়মুপবিষ্ট কৃতান্ত বিশিখ‘পরি ধরি নিজদণ্ড উদগ্রে !
প্রলয়সূর্য্য জিনি বীর্য্যবন্তশর গর্জ্জই যুগাগ্নি নিন্দি,
মূর্চ্ছিত জগজন, কম্পিত সুরগণ কর যুড়ি অবিরত বন্দি।
তখন নরেশ্বর গর্জ্জি ভয়ঙ্কর বিস্তৃত করিলেন্ মৌর্ব্বী,
থর থর কম্পিত ফণিপ-কূর্ম্মগজ টলমল সমুদয়-উর্ব্বী।
নিবিড়তিমিরময় বিপুলবিশ্বতল, শশিরবি লুপ্ত অকস্মাৎ,
যুগান্তজলধরবৃন্দ গর্জ্জি ঘন বেষ্টিল সপদি সমন্তাৎ !
প্রলয়বহ্নি জিনি চমকিল চৌদিশি বিজুলিপুঞ্জ অবিলম্বে,
বিশ্বদলন করি বহিল অনিলদল তর্জ্জি গর্জ্জি গুরুদম্ভে !
শকুনিগৃধিনিরব সমুদিত ভৈরব জম্বুককলরবসঙ্গে,
বিকটবজ্রকুল পতিত মুহুর্মুহু’ অগ্নিবৃষ্টি গগনাঙ্গে !
তখন নৃপেন্দ্র মন্দ্রি মৃগপতি জিনি বর্ষিল বিশিখ উদগ্রে,
ছুটিল শরেশ্বর গর্জ্জি বজ্র জিনি উজ্জ্বলি বিশ্বসমগ্রে !!
নিরখি মৃত্যুশর কর্ব্বুর-অধিপতি গর্জ্জন করি অতিমাত্রে,
বহ্নি বিনিঃশ্বসি নিরখিল চৌদিশি বিষম-উষ্ণতমগাত্রে।
প্রতপ্ত-রুধির নিরতিশয়চঞ্চল, বহ্নিবর্ণ দশতুণ্ড,
কৃতান্তকিঙ্করনিন্দি-ভয়ঙ্করমূর্ত্তি ধরিল পরচণ্ড !

গর্জ্জি অবনিপতি, বর্জ্জি অস্ত্রকুল, মহাক্রুদ্ধতমচিত্তে,
অগণিতপর্ব্বত বর্ষিল সত্বর শরগতিদমননিমিত্তে।
শরাগ্নিদগ্ধশৈলকুল নিপতিত ভস্মসদৃশ অবিলম্বে,
জ্বলিত-অঙ্গকর্ব্বুরপতি পুনরপি কার্ম্মুক ধরিল সদম্ভে।
বহুবিধতীক্ষ্ণবিশিখকুল বর্ষিল মহৎ-ক্ষিপ্রতমহস্তে,
কিন্তু মৃত্যুশর উগরি অনলবর ভস্মিল ঝটিতি সমস্তে।
ক্ষিপ্তসদৃশ রাক্ষসপতি বর্ষিল সম্মুখস্থবহু-অস্ত্রে,
ভৈরবশরবর দগ্ধ করিল সব অনলসদৃশ মৃদুবস্ত্রে!
তখন ধরণিপতি গর্জ্জি বজ্র জিনি বিংশহস্ত তুলি শূন্যে,
হর হর শঙ্কররব করি দৌড়িল নৃপতনু-ভক্ষণজন্যে!
সতিমির করি ভব বিকটবিধুন্তুদ ছুটিল কি শশধরলক্ষ্যে?
বিপুলবিহগপতি পক্ষ বিতত করি চলিল ফণীন্দ্রসমক্ষে!!
ঝটিতি মৃত্যুশর গর্জ্জি ভয়ঙ্কর বজ্রসদৃশ গিরিলক্ষ্যে,
নিপতিত হইল অকস্মাৎ রাক্ষস-অধিপতি-সুবিপুলবক্ষে!!
প্রলয়সূর্য্য খসি নিপতিত, পরিগণি, যুগান্তজলধিতরঙ্গে,
ক্রুদ্ধদিগম্বর-বৈষ্ণবশরবর পতিত, গণি, ত্রিপুরাঙ্গে।
নিরখি তিমিরচয় ঘূর্ণিতমস্তক থরথর কম্পিত-অঙ্গে,
পড়িল ধরণিপতি ঘন ঘন নিঃশ্বসি উৎকটচীৎকৃতিসঙ্গে।
সুরপতি-অশনি-বিদগ্ধ-অসুরপতিবৃত্র পতিত, গণি, যুদ্ধে,
মৃগয়ু-বিষাক্তবিশিখহত-মৃগপতি গর্জ্জি পতিত বনমধ্যে!!
মহার্ত্তরব করি কর্ব্বুরগণ মিলি বেষ্টিল অবনিপগাত্রে,
ক্রন্দনকলরব উত্থিত চৌদিশি কম্পি ধরণি অতিমাত্রে!
শত্রুমিত্রচয় দৌড়িল সমুদয় পতিত-অবনিপতিপার্শ্বে,
চলিলেন্ রঘুপতি নিজদলবলসহ পরিহরি সকল-অমর্ষে।

পবনচলিত-ঘনসন্নিভ কপিগণ ছুটিল, অবাক্‌সব-আস্য,
ত্রিভুবন চমকিত কম্পিত অবিরত, দশদিশি পূর্ণ উদাস্য !!
মুহূর্ত্ত ছটফটি ঘন ঘন নিঃশ্বসি দংশি শুষ্ক-অধরোষ্ঠে,
কড়মড়ি দন্ত বিঘূর্ণি নয়নচয় নিরখি চতুর্দ্দিশি কষ্টে,
ক্রমশ অবশ হই বিলুণ্ঠি মস্তক রুধিরসমাপ্লুত-অঙ্গে;
ঊর্দ্ধদৃষ্টিসহ রহিল ধরণিপতি অশ্রুজলার্দ্র-অপাঙ্গে !!
উগ্রদিবসকর যদ্বিধ হতকর দীর্ঘদিবস অবসন্নে,
জলধরদমিত-বীর্য্যহতদবাগ্নি যদ্বিধ ভগ্ন-অরণ্যে।
সমীক্ষি অগ্রজ-মৃত্যু সন্নিকট গলিত-অশ্রুময়দৃষ্টে
পড়িল অনুজ-কর্ব্বুরপতি দুর্ব্বল মূর্চ্ছিত হই মহিপৃষ্ঠে !
সান্ধ্যতিমিরঘন-বেষ্টিতদিনমণি নিরখি দুঃখময়বক্ষে,
নিপতিত যদ্বিধ কমলপুঞ্জ ঢলি শিশির-অশ্রুময়চক্ষে।
মহাব্যগ্র হই কপিগণ সত্বর লইল শিবিরবরকক্ষে,
বিমলতুহিনজল সিঞ্চিল শির'পরি বিধুনিল বৃন্ত সমক্ষে।
ক্রন্দন করি ঘন ঊর্দ্ধ বিনিঃশ্বসি দুঃখ-অনলময়চিত্তে,
চলিল ভগ্নচর কনকপুরান্তর সমুদয়কথননিমিত্তে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে
বধো নাম সপ্তমঃ সর্গঃ।

অষ্টমসর্গ।

রত্নরচিতশিবমন্দির সংস্থিত কনকপুরান্তরমধ্যে,
ইন্দ্রসদন জিনি সজ্জিত সুগঠিত-উজ্জ্বল কিরণ বিশুদ্ধে।
করকুবলয় যুড়ি শঙ্করপদতল-সংস্থিত পবিত্ররাজ্ঞী,
অশ্রুসিক্ততনু দুর্ব্বলকৃশতম (অনশনসংরত রাজ্ঞী)!
বেষ্টি চতুর্দ্দিশি পুরন্ধ্রিগণ যত অশ্রুসমাপ্লুতচক্ষে,
শঙ্কর-শুভবরজন্য অবস্থিত অতিশয়-উৎসুকবক্ষে।
গাঙ্গসলিলসহ বিল্বপত্রচয় কদলসহিত ঘৃতদুগ্ধ
অর্পই অবিরত শৈবলিঙ্গ'পরি যুবতিরত্ন চিরমুগ্ধ।
করকিসলয় যুড়ি সঁপি কুসুমাঞ্জলি শত শত নমি পদপার্শ্বে,
সুগন্ধিবিউনি বিধুনি ঘন সংস্থিত যুবতিনিচয় নতশীর্ষে।
গবাক্ষ-বিম্বিত-রবিকর সমীক্ষি ভর্ত্তৃ-উপস্থিতি চিন্তি
পত্র-পতন-রব শুনি উৎকণ্ঠিত, তৃষার্ত্তসম হত-শান্তি।
তখন অকস্মাৎ কম্পিত করি পুর, চড়চড়শব্দবিসর্পে,
বিদীর্ণ হইল লিঙ্গবর সত্বর তরুসম পবিবরদর্পে!
নিবিড়জলদসম সতিমির করি গৃহ ধূম্র বিনির্গত লিঙ্গে,
যদ্বিধ উপলভস্মজল নিঃসৃত আগ্নিক নগবর-শৃঙ্গে।
চমকি অকস্মাৎ নিরখিল সবজন ভৈরবতমিস্রপুঞ্জে
অনল-অর্চ্চি'সম শৈববীর্য্যবর বিলুপ্ত বিজুলিবিগঞ্জে!!
মহার্ত্তকলরব উত্থিত সত্বর খিন্নযুবতিগণমধ্যে,
মস্তক কুটি ঘন রুধির-আর্দ্রতনু নিপতিত হতসম যুদ্ধে।
সপদি তখন অতিমহার্ত্তরব করি, মূর্চ্ছিত হই অবশাঙ্গে
পড়িল ভগ্নচর মন্দির-সন্নিধি, অজস্র-অশ্রু অপাঙ্গে!

ভৈরবকলরব সপদি সমুত্থিত টলমল সমুদয়বিশ্ব,
ক্রন্দনরত সবযুবকবৃদ্ধশিশু, যুগান্তসন্নিভ দৃশ্য !!
চমকিত বিস্মিত উৎকণ্ঠিতচিত সঙ্গিনিচয়সহ রাজ্ঞী
অর্গল খুলি নির্গত অতিসত্বর, (ধরিলেন্ চরকর রাজ্ঞী)।
স্বয়ং স্নিগ্ধজল সিঞ্চি শীর্ষ'পরি সুস্থসবল করি ভৃত্যে,
সুধিলেন্ সমুদয়তথ্য পুনঃপুন' মহাব্যগ্রতমচিত্তে।

কহ কহ সবিস্তরে, প্রভু-কুশল সত্বরে,
অমৃতকণ সিঞ্চ হে, অনলময়-অন্তরে।
তুমি সুপটু সর্ব্বদা, শুভবিষয়-বর্ণনে,
কহ ঝটিতি মঙ্গলে, লহ কুসুমচন্দনে।
হত কি রিপু সঙ্গরে নিশিতশরবর্ষণে ?
সুরপতি কি সংরত প্রভু-চরণ-মার্জ্জনে ?
বদন তব ঈক্ষি হে, জ্বলিত চিত এক্ষণে !
কহ, কি গণি অন্তরে পতিত মলিনাঙ্গনে ?
ঘটিত কি রণাঙ্গনে বিপদ হৃদয়েশ্বরে ?
নিঠুরসম বর্জ্জিয়ে গৃহগত কি জন্য রে ?
মরণ জিনি যন্ত্রণা মম দগধ-অন্তরে,
বল বলহ নিশ্চয়ে রণকুশল সত্বরে।

প্রণমি ভগ্নচর করযুগ সম্পুটি কম্পিতবিগলিতচিত্তে,
অশ্রুসিক্ত হই গদগদরবসহ কহিল অমঙ্গলতত্ত্বে।

অহহ ঘটিত অদ্য বিপদ যদ্বিধ সমরাঙ্গনে,
কহিব, জননি, কিম্বিধ করি কিঙ্কর হই এক্ষণে।
অভয় বিতর ভৃত্য-উপর, সহ্য' সদয়-অন্তরে,
ক্ষমহ, জননি, উৎকটতমবাক্যকথন সত্বরে।

অতুলসমর সম্প্রতি করি শত্রুনিকরসংহতি,
পরিহরি তনু কর্ব্বুরপতি লব্ধপরমসদ্গতি !!
উহু মরি মরি দগ্ধ হৃদয় সংস্মরি ধরণীশ্বরে,
শমন পরমবন্ধু, জননি, যদ্যপি তনু সংহরে।

বজ্রপতনসম-বিষমবাক্য শুনি যুবতিরত্ন হতদৃষ্টে,
মহার্ত্তরব করি হইলেন্ নিপতিত মূর্চ্ছিত হই মহিপৃষ্ঠে !
পাংশুবিলুণ্ঠিত বিমলচিকুরকুল অর্দ্ধবিমুদ্রিতনেত্র,
রহিত নিঃশ্বসিত, বিবশ ঘর্ম্মযুত-তুহিনসদৃশ হিম গাত্র !
ক্রন্দনকলরব সমুদিত চৌদিশি মস্তককুট্টনসঙ্গে,
ধরণিবিলুণ্ঠিত মৃদুলযুবতিগণ রুধির-অশ্রুময়-অঙ্গে।
মহাব্যগ্রচিত কঞ্চুকিগণ যত সলিলকলসি লই হস্তে,
সিঞ্চিল অবিরল যুবতিরত্নগণ-অবশহস্তপদমস্তে।
স্নিগ্ধকুসুমময়-চন্দনজলময়-বৃন্ত বিধুনি অতিযত্নে,
করিল কথঞ্চিতসম্বিতসংযুত পতিতযুবতিকুলরত্নে।
উন্মদসদৃশ সমীক্ষি চতুর্দ্দিশি কর্ব্বুরকুলমণিরাজ্ঞী,
গর্জ্জি বজ্র জিনি কহিল বাক্যচয় বিনিন্দি শতশতবাগ্মি

চল চলহ সত্বরে শমনসমবিক্রমে,
পশি বিষমসঙ্গরে বধ রিপু পরাক্রমে।
প্রলয়পবনোদ্যমে ত্রিভুবন বিকম্পিয়ে,
চলহ সব সত্বরে, সুরনর-বিনির্জ্জয়ে।
ধর ধরহ এক্ষণে প্রহরণ ভয়ঙ্করে,
বিশিখধনু' পট্টিশে কুলিশসমমুদ্গরে।
অসিধরণসক্ষমা যত যুবতি এক্ষণে,
চলহ হই সজ্জিতা বিষমসমরাঙ্গনে।

রিপুশির' বিকর্ত্তিয়ে সঁপিব বলি দিগ্‌দশে,
দহিব বিশিখাগ্নিতে বিপুলকুল-দুর্যশে।
হৃদয়-অনলোৎকটে, রিপুরুধিরসিঞ্চনে,
দমিব অচিরাৎ, যথা দব জলদবর্ষণে।
দশমুখ-কুলাঙ্গনা, কি ভয় সমরাঙ্গনে?
বিকল কভু সিংহিকা শশকশিশুদর্শনে?
ত্রিভুবন বিচূর্ণিয়ে, বিপুল-অতলার্ণবে
ঝটিতি বিনিমজ্জহ,' প্রখরভুজগৌরবে।

সপদি তূর্য্যরব হইল সমুত্থিত বজ্রশব্দ পরিনিন্দে,
ধ্বনিল ভয়ঙ্করদুন্দুভি ঘন ঘন মূর্চ্ছি অমরনরবৃন্দে!
প্রলয়জলদ-ঘর্ঘররবনিন্দকশব্দ উদিত অবিলম্বে,
ভৈরবজলধি-উপরি-মন্দরগিরিপতনশব্দ স্থবিড়ম্বে!
যুগান্তসময় শৈল'পরি অবিরতবজ্রপতনরব নিন্দে,
নিন্দই মহাপ্রলয়জলদ-উপরিতড়িৎপতনরববৃন্দে!!
গর্জ্জিল চৌদিশি যুবতিসৈন্যগণ সিংহযুবতি জিনি গর্ব্বে,
কড়মড়ি দন্ত বিঘূর্ণি নয়নযুগ মূর্চ্ছিত করি সুরসর্ব্বে!
ভৈরবগর্জ্জন! কি সাধ্য বর্ণিব, চূর্ণবিচূর্ণিত বিশ্ব,
সূর্য্যচন্দ্র পড়ি জলনিধিমজ্জিত, অদৃষ্ট-অশ্রুতদৃশ্য!!
উন্মদসদৃশ গর্জ্জি অতিভৈরব উদগ্রকর্ব্বুরকর্ত্রী
হইল অগ্রসর কম্পি জগৎত্রয় জগজনভয়জনয়িত্রী!
বিকটবহ্নিময়-শৈলশৃঙ্গ জিনি উগ্রমূর্ত্তি পরিদর্শে,
বহ্নিচক্রসম-রক্তনয়নযুগ বিস্ফুলিঙ্গ অভিবর্ষে!!
মুক্তচিকুরকুল পতিত পৃষ্ঠ'পরি পাংশুসমন্বিত-অঙ্গ,
ছিন্নভিন্ন সববসন-অলঙ্কৃতি, অজস্র অশ্রুতরঙ্গ।

জনকদত্তদৃঢ়শক্তিশল্যবর পরিধৃত দক্ষিণহস্তে,
দবাগ্নি-অর্চ্চি’ নিন্দি অধিকোজ্জ্বল, শমন নমই নতমস্তে !
বেষ্টি চতুর্দ্দিশি ছুটিল যুবতিকুল অবিরল-অশ্রুবিসর্জ্জে,
উত্থিত করি অসিভল্ল-বিশিখধনু’ যুগান্তজলধরগর্জ্জে।
উদ্ধত-যুবতিনিচয়-তনুনির্গত-কিরণপুঞ্জ অবিলম্বে
প্রলয়বহ্নিময় করিল জগৎত্রয় অসঙ্খ্যসূর্য্যবিড়ম্বে !
ত্রিভুবন মূর্চ্ছিত করি কর্ব্বুরমণি চলিলেন্ ঝটিতি সসৈন্যে,
মলিন হইল রবি, অনিল চলিত মৃদু, জলধি সুস্থ ভয়জন্যে !
ধরণিধরণ-অসমর্থকূর্ম্মগজফণিপতি চীৎকৃতিসঙ্গে
রক্তবমন করি নিপতিত মূর্চ্ছিত পাংশুবিলুণ্ঠিত-অঙ্গে !
ঊর্দ্ধ বিনিঃশ্বসি পরিহরি সুরপুর সুরগণ কম্পিতগাত্রে
হইল উপস্থিত মুরহর-সন্নিধি আর্ত্তনিনদি অতিমাত্রে !
উন্মদসন্নিভ বসন অসম্বরি কৃতান্ত বিহ্বলচিত্তে
দৌড়িল সত্বর শম্ভুসন্নিকট পদতল-পতননিমিত্তে !
সংদহি ভবতল যুবতিসৈন্যকুল ছুটিল রণাঙ্গনলক্ষ্যে,
বিশ্ব বিকম্পিত, মুমূর্ষু জগজন যুগাগ্নি সমীক্ষি চক্ষে !
বিস্মিত হই অতি রঘুকুল-ঈশ্বর সম্মুখি কৌণপমিত্রে,
সুধিলেন্ তথ্য বিনয়সহ কর যুড়ি অনিমিষবিস্তৃতনেত্রে।

সত্বর কহ সব-উদন্ত, মিত্ররতন অবনিকান্ত,
শান্ত করহ চিত অশান্ত, বাক্য-অমৃতবর্ষণে ;
সংলভি পুন’ শিবপদান্ত, বর্জ্জিত-অসু-রিপুদুরন্ত-
কর্ব্বুরপতি পুন’ নিতান্ত সজ্জিত গণি এক্ষণে !!

২। কবচ=বর্ম্ম। ১০। পণব, মর্দ্দল=বাদ্যযন্ত্র।

অৰ্ব্বুদরবি উদিত হন্ত, দগ্ধ হইল জগদনন্ত,
মূৰ্চ্ছিত সুরনর নিতান্ত, সর্ব্বধরণি কম্পিতা,
বিশ্ব বিলয় লভিল অদ্য, আৰ্ত্তনিনদ শুনহ সদ্য,
শঙ্কিতচিতপবন রুদ্ধ; অম্বুধি-গতি বৰ্জ্জিতা !!
বৈরিনিচয় কুহকপূর্ণ, সাধ্য কি মম বুঝিব তূর্ণ,
রক্ষহ সব করি বিচূর্ণ শক্রশকতি সর্ব্বথা ;
বান্ধব, তবসুকৃতিজন্য, রক্ষিত মমদল অগণ্য,
উদ্ধর সব, তুমি শরণ্য, মৃত্যু নিকট অন্যথা।

নৃপতিবাক্য শুনি নিরখি চতুর্দ্দিশি শঙ্কিত হই যুড়ি হস্তে,
দীর্ঘ বিনিঃশ্বসি কহিল মিত্রবর সমধিক-অবনতমস্তে।

পূর্ণবিপত্তি প্রঘটিত সদ্যঃ,
আত্মসুরক্ষা সুকঠিন অদ্য।
সিংহমুখাগ্রে শশশিশুতুল্য,
বৰ্জ্জিব সর্ব্বে অসু অবিমূল্য।
ঈক্ষহ, রাজ্ঞী দলবলসঙ্গে,
মত্ত অকস্মাৎ সমরতরঙ্গে,
উগ্রযুগান্তে বিকটশিখাগ্নি
যদ্বিধ নৰ্ত্তে জিনি যমভগ্নী !
ভৈরবরাজ্ঞী স্ববল গরিষ্ঠে,
ইঙ্গিতমাত্রে ত্রিভুবন নষ্টে,
দগ্ধ ধরিত্রী ভুজবলগর্ব্বে,
মূৰ্চ্ছিত সম্যক্ সুরনরসর্ব্বে !

১। হন্ত = হায়। ৮। শরণ্য = রক্ষক। ১৪। অবিমূল্য = অমূল্য।

সজ্জি সশস্ত্রে, সমরতরঙ্গে,
মত্ত সদম্ভে, যখন মহাঙ্গে,
চণ্ডী-অপেক্ষা অধিক-উদগ্রা,
কম্পিত সম্যক্ ধরণিসমগ্রা !
অন্য সমস্তে, অভিনবদুঃখে
মগ্ন অকস্মাৎ, বিদলিত-বক্ষে।

কর্ব্বুরকুলরবি-বিষমবাক্য শুনি রঘুপতি চিন্তি বিশিষ্টে,
প্রশান্ত হই অতি কহিলেন্ সঙ্গতবচন সরলতমদৃষ্টে।

যোদ্ধৃনিচয়, শুন নিতান্ত, আত্মশিবিরনিভৃত-অন্ত
সংবিশ সব হই সুশান্ত বর্জ্জি সমর-অঙ্গনে ;
ঈক্ষই যদি যুবতিরত্ন মৃত্যু তখনি (রিপু চিরত্ন),
সাধ্য কি মম করি সুযত্ন, রক্ষিব দল এক্ষণে !
মূর্ত্ত-অনলসমসতীত্ব- পূর্ণযুবতি কহিনু সত্য,
শঙ্কিত সব-অমরচিত্ত, সাধ্য কি নখলঙ্ঘনে !
সর্ব্ব-অধিকবিপদ অদ্য উত্থিত গণি, বুঝহ সদ্য,
সংবিশ সব শিবিরমধ্য ইচ্ছহ যদি রক্ষণে।

রঘুপতিবাক্যনিচয় শুনি অনিচ্ছুসৈনিকগণ অবিলম্বে
প্রবিশিল শিবিরমধ্য (দুঃখিত হই) রিপুকুল ঈক্ষি সদম্ভে।
লক্ষ্মণসহিত মিত্ররাক্ষসপতি পশিল শিবিরবরকক্ষে,
গবাক্ষ উত্তুলি নিরখই সবজন দীপ্তবহ্নিময়চক্ষে।
ঝটিতি জগৎপতিনৃপতিকুলেশ্বর সুরনরসকল-অলক্ষ্যে,
বিশ্বম্ভরতনু অবলম্বন করি রহিলেন্ দয়ার্দ্রবক্ষে।

১১। চিরত্ন=চিরকালীন।

যুগান্তযমসম সসৈন্যমহিষী প্রস্তুত হই অবিলম্বে,
হইল উপস্থিত নৃপতিসন্নিকট তর্জ্জি গর্জ্জি গুরুদম্ভে !
তখন অকস্মাৎ বিশ্বমূর্ত্তিধর-নৃপতিকুলেশ্বরলক্ষ্যে,
নিরখিল বিস্ময়সহ কর্ব্বুরমণি চকিতবিকম্পিতবক্ষে।
অসঙ্খ্যমস্তক নিবিড়চিকুরময় নিন্দি সবনগিরিবৃন্দে,
অগণিতনেত্র বহ্নি জিনি উজ্জ্বল চন্দ্রসূর্য্যউড়ু নিন্দে !
অসঙ্খ্যসুবৃহদ্‌ভুজকুল সজ্জিত বহুবিধ-অস্ত্রকদর্ম্বে,
অগণিতচরণ দীর্ঘতমভৈরব ফণিপতি-অঙ্গ বিড়ম্বে !
অপরবিশ্বসম বিপুল-উদরবর বিনিন্দি জলধি অনন্ত,
অতলবিতলসম মুখগহ্বরবর, বিশ্ববিচর্ব্বক দন্ত !
লৌহশিকলসম সুকঠিনতনুরুহ কণ্টককুলসম অঙ্গে,
অশনিনিচয়সম সুদৃঢ়নখরকুল বিলগ্ন অঙ্গুলিসঙ্গে।
তখন সমীক্ষিল রাক্ষসকুলবিধু বিস্ময়বিস্তৃতনেত্রে,
অসঙ্খ্যশশিরবিজলধি-সমন্বিতবিশ্বনিচয় নৃপগাত্রে !
শতশতগিরিবন-নগরদুর্গগৃহ সংস্থিত তনুরুহরন্ধ্রে,
সিংহ-অশ্বগজবিবিধজন্তুকুল চলিত জলদসমমন্দ্রে !
যক্ষরক্ষ'নর-অসুর অবস্থিত কিন্নরসুরকুলসঙ্গে,
লক্ষলক্ষ কতঋক্ষ মহোজ্জ্বল ঝলমলি ঝলকিত অঙ্গে।
যত যত অদ্ভুত-তুচ্ছ-ভয়ঙ্কর-শান্ত-উগ্রতমদৃশ্য
সমস্ত সংস্থিত বিপুল-অঙ্গসহ বিগত ভবৎ কিং ভবিষ্য।
ক্বচিৎ ভয়ঙ্করসমর সংঘটিত অমর-অসুরগণমধ্যে,
বিকটশব্দ করি অশ্বহস্তিকুল বিনিহত ভৈরবযুদ্ধে।

১৮। ঋক্ষ=নক্ষত্র। ২০। বিগত=অতীত। ভবৎ=বর্ত্তমান.

ক্বচিৎ শঙ্খঘড়িকাংস্যস্থরবসহ ঘটিত বিবিধমত-অর্চ্চা,
ক্বচিৎ শাস্ত্রবিদ্‌ব্রাহ্মণগণ মিলি করই নিগম লই চর্চ্চা।
ক্বচিৎ নধরতনুসুন্দরশিশুগণ হাস্যনিরত সুখহর্ষে,
কটিতটনিবদ্ধঘুঙ্গুর ঘুনুঘুনুমৃদুলশব্দ অভিবর্ষে।
ক্বচিৎ মধুরতমকণ্ঠরব শ্রুত মুরজবংশরবসঙ্গে,
অপ্সর'যুবতিনিচয় নর্ত্তনরত সুরধনু'সজ্জিত-অঙ্গে।
ক্বচিৎ আর্ত্তরব উত্থিত ভৈরব উজ্জ্বলচিতাগ্নিপার্শ্বে,
চৌদিশি ভৌতিকতনুকুল নর্ত্তিত অট্টহাস্য-অভিবর্ষে!
স্তম্ভিত বিস্মিত চমকিতচিত অতি থরথরকম্পিতবক্ষে,
নিরখিল তখন দশাস্য-হৃদয়নিধি বিশ্বমূর্ত্তিমুখলক্ষ্যে।
শঙ্কিত হই অতি নিরখিল মহিষী স্থিরতমবিস্তৃতনেত্রে,
অসঙ্খ্য-অসঙ্খ্য-অমর-অসুরনর চলিত বৃহৎ-মুখ-ছিদ্রে!!
যুগাগ্নিসন্নিভ-উজ্জ্বলমুখবর বিস্তৃত সমুদয়বিশ্বে,
প্রবিশই তত্র সমস্তজন্তুকুল পতঙ্গকুলসমদৃশ্যে!
চর্ব্বিত কতশত, কতশত ভক্ষিত, শীর্ষহস্তপদ ভগ্ন,
শত শত অধর-ওষ্ঠ'পরি বিদুলিত, কতশত দশনবিলগ্ন!!
শতশতদশাস্য রাক্ষসগণসহ চূর্ণহস্তপদমস্তে,
প্রবিশই অবিরত বিকটবদনবর মহার্ত্তনিনদি সমস্তে।
গিরিবর-সুবিপুলগহ্বর-অন্তর, ভৈরব গর্জ্জি তরঙ্গে,
প্রবিশই যদ্বিধ সরিৎ-সলিলচয় বিবিধজন্তুকুলসঙ্গে।
নিরখি ভয়ঙ্করদৃশ্য অকস্মাৎ চীৎকৃতিসহ মুদি নেত্রে,
হইল বিমূর্চ্ছিত কর্ব্বুরকুলবিধু অলস-অবশতমগাত্রে।
ক্ষণপর দৈবাৎ সম্বিত লভি পুন' থরথরকম্পিত-অঙ্গে,
কহিল বাক্যচয় বিহ্বল অতিশয় কর যুড়ি মৃদুরবসঙ্গে।

চকিত অতি অন্তরে নিরখি তবকান্তি হে !
শিথিলতনু কম্পিতা তববিষয় চিন্তিয়ে !!
ত্রিভুবন সমুজ্জ্বলি প্রচলিত তনুপ্রভা,
জিনি শতদিনেশ্বরে জিনি শততড়িৎ-বিভা !
সুরনর সমস্ত হে, প্রণত তবচৌদিকে,
মগন সব বিস্ময়ে লগন চরণান্তিকে !
কহ, সদয়-অন্তরে বিবরি তুমি কে প্রভু ?
নিরখিনি ভবার্ণবে তবসম মহান্ কভু !!
প্রভু বধি অলক্ষিতে নিশিতশরবর্ষণে,
রঘুকুলকলঙ্ক সে প্রগত কুত এক্ষণে ?
নিরখিব নরেশ্বরে কতশকতিযুক্ত সে,
প্রতিফল সমর্পি হে, বরষি অসি বক্ষসে।
খরতরতড়িৎ যথা মৃদুলতৃণ ভস্ময়ে,
দহিব নৃপদুর্ম্মদে ভরি ভুবন বিস্ময়ে।
অমরনরকিন্নরে দহিব বিশিখাগ্নিতে,
রিপুরহিত সর্ব্বথা করিব ভব নিশ্চিতে।
দশমুখ-কুলাঙ্গনা ডরি কি কভু সঙ্গরে ?
ত্রিভুবন বিভস্মিয়ে পশিব সদনান্তরে।

যুবতিশীর্ষমণি-বাক্যনিচয় শুনি বিস্তৃত করি মুখরন্ধ্রে,
ত্রিভুবন মুখরিত করি কহিলেন্ প্রভু যুগান্তজলধরমন্দ্রে।

সর্ব্বজগত মমই সৃষ্ট, সজ্জিত হই ভুবন-ইষ্ট,
সৃষ্টি ঘটিত পুন' বিনষ্ট সত্য, মম-অনুগ্রহে ;

১০। কুত=কোথায়। ১২। বক্ষসে=বক্ষে। ২১। সজ্জিত=আখ্যাত।

নাস্তি অপরবিষয় অত্র, বিশ্বসকল মমহি গাত্র,
সংস্থিত মমস্তনু মাত্র সর্ব্ব ভুবন-বিগ্রহে।
ভাস্করশশিগিরিসমুদ্র ইন্দ্রপবন-শমনরুদ্র
ব্রাহ্মণশকযবনশূদ্র সর্ব্ব মমহি মূর্ত্তি হে,
সত্য বলহ সকলি সত্য, ইচ্ছহ যদি বল অসত্য,
দুর্গ্রহ মমনিভৃততথ্য, সাধ্য কি তব সংগ্রহে!
তুচ্ছবিষয়চয়নিমিত্ত, দুঃখিত তবসরলচিত্ত,
ভ্রান্তমহিষি, সব অনিত্য, নিত্য স্বধু মমস্থিতি;
ঈক্ষহ কতশতদশাস্য নির্গত পুন'গত মমাস্য,
বিশ্বসদৃশ কতসুদৃশ্য- উদ্ভব পুন' নির্বৃতি।
মুগ্ধহৃদয় তব নিতান্ত, মাংসপুতলি গণিছ কান্ত,
স্বপ্নসদৃশ ভব অনন্ত, চিন্তি বুঝহ অন্তরে,
জন্ম লভিছ কত অগণ্য, মান্য কখন কভু জঘন্য,
চক্রসদৃশ ঘুরিছ পুণ্য- দুষ্কৃতিপরিবর্ত্তনে।

রঘুপতিবাক্যনিচয় শুনি মহিষী প্রচুরবিনয় পরিদর্শি,
শতশতনতি করি করসরসিজ যুড়ি কহিল ভকতি অভিবর্ষি।

ক্ষম মম অসৎকৃতি, প্রভু, নিজমহদ্‌গুণে,
অনুগত বিচিন্তিয়ে, ক্ষমহ বিভু এক্ষণে।
অতি-অধম কিঙ্করী চপলচিত সর্ব্বথা,
বুঝিব কি অসৎ-মনে, তব-অতুলযোগ্যতা?
বুঝই কভু খঞ্জনী খগপতি-পরাক্রমে?
শশকশিশু সংলভে কভু কি গজবিক্রমে?
হরিহর-চতুর্ম্মুখ প্রভু, তবপদাশ্রিত,
ত্রিভুবন সমস্ত হে, তবরচিত-রক্ষিত।

শশিরবিমরুৎ সদা চলিত তবকৌশলে,
তবচরণ চিন্তয়ে মুনিগণ বনস্থলে।
নয়নমৃদু-ইঙ্গিতে প্রলয় মহিমণ্ডলে,
কহ, তবু কি জন্য হে, নিমগন বিপজ্জলে ?
ঘৃণিতনর-সদ্মনে জনম লভি এক্ষণে,
কহ, বিভু কিজন্য বা পতিত ভববন্ধনে ?
ত্রিভুবন তবাশ্রয়ে, তবু কি গণি অন্তরে,
সহিছ শতযন্ত্রণা অররু-ভবনান্তরে,
চিত মম জগৎপতে, মগন চিরসংশয়ে,
হৃদয়-তিমিরান্ধতা বিনশহ কথাদ্বয়ে।
কতশতমহৎক্রিয়া করিনু জনমান্তরে,
নিরখিনু পদাম্বুজে তরণি ভব-দুস্তরে।

কথনান্তর পুন'নমিল যুবতিমণি ধরণিবিলুণ্ঠিতমস্তে,
স্তিমিতনয়নসহ ঊর্দ্ধদৃষ্টি করি রহিল কৃতাঞ্জলিহস্তে।
তখন নরেশ্বর মধুরহাস্যসহ সম্বরি ভৈরবমূর্ত্তি,
ধরিলেন্ পুনরপি সৌম্যমনুজতনু, বিগত জগজ্জন-আর্ত্তি।
শান্ততৃপ্ত করি বিকলজগৎত্রয়, অমৃতনিন্দিমৃদুবাক্যে,
কহিলেন্ রঘুপতি অভয় অর্পি বহু যুবতিরত্নমুখলক্ষ্যে।

হৃষ্টহৃদয় হইনু সত্য, অদ্য নিরখি তবমহত্ত্ব,
সম্প্রতি কহি পরমতত্ত্ব, রাজ্ঞি, শুনহ সত্বরে,
সংশয় তব করিব অন্ত, ঘূর্ণিতচিত্ত করিব শান্ত,
শান্তিসহিত সুখ অনন্ত সংলভ ভব দুস্তরে।
সত্য, শকতি মম অধৃষ্য, সর্ব্ব-অমর মমইশিষ্য,
বিব্রত করি সকলবিশ্ব; অঙ্গুলিমৃদু-ইঙ্গিতে,

জন্মমরণ-অসুখধর্ম্ম পুণ্যকলুষসুখ-অধর্ম্ম
সর্ব্ববিষয় মমই কর্ম্ম, মর্ম্ম কহিনু নিশ্চিতে।
কিন্তু যখন জগদনন্ত ধর্ম্মরহিত হয় নিতান্ত,
কল্মষ হয় অতিদুরন্ত, অন্ত নিগম সর্ব্বথা,
মূর্ত্তিবিবিধ ধরি বিচিত্র, শিক্ষিত করি নরচরিত্র,
সর্ব্বভুবন করি পবিত্র, সংস্থিত করি সুপ্রথা।
সঞ্চরি নরসদৃশকার্য্য, লৌকিকবিধি অপরিহার্য্য,
বিশ্বসকল হয় অধার্য্য, যদ্যপি করি অন্যথা,
মাত্র নিমিষ শকতিশৌর্য্য ঈক্ষি, মহিষি তুমি অধৈর্য্য,
সাধ্য কি, কহ, ধরণিরাজ্য সহ্য করই পূর্ণতা?

রঘুপতি-বাক্যনিচয় শুনি শতশতনতি করি অবনতশীর্ষে,
পুরন্ধ্রিগণসহ চলিল যুবতিমণি পতিত-হৃদীশ্বর-পার্শ্বে।
নিরখি আত্মপতি (সুরনর-অধিপতি) অবনি-উপরি পরিষুপ্ত,
মহার্ত্তরব করি পতিত অকস্মাৎ স্মৃতিধৃতিসমস্ত লুপ্ত!
পূর্ণ হইল পুন' মহিষী-স্থিরমন' পার্থিববিষমমমত্বে,
ক্রন্দন করি ঘন হইল বিমূর্চ্ছিত বিস্মরি সমুদয়তত্ত্বে।
মহার্ত্তকলরব উত্থিত দশদিশি বিচলিত সমুদয়বিশ্ব,
মলিন দিনেশ্বর, অনিল চলিত মৃদু, চৌদিশি সকরুণদৃশ্য!!
কৃতান্ত-হৃদয় দীর্ণ করি নিঃশ্বসি, মস্তক কুটি সজলাক্ষে,
কহিল যুবতিমণি আর্ত্তনিনদি অতি 'পতিপদযুগ ধরি বক্ষে।

অহহ বিধি দুষ্টধী শুধিলি বুঝি এক্ষণে,
করিনু যত অর্চ্চনা, তনুমন'সমর্পণে!
রিপুসহিত বন্ধুতা করিলি মমশঙ্কটে,
বধিলি হৃদয়েশ্বরে মিলি মনুজমর্কটে!

উঠ উঠ পরিত্যজি ক্ষিতিশয়ন কান্ত হে,
নিরিখ তব-অঙ্গনা মৃতসম নিতান্ত হে।
সুরপতি বিড়ম্বিয়ে বিভব মহিমণ্ডলে,
নিঠুরসম বর্জ্জিলে ছিঁড়ি সকলশৃঙ্খলে !!
হইনু বিটপিচ্যুতা- ব্রততিসম এক্ষণে,
তুমি যদি বিসর্জ্জিলে, কি ফল তনুরক্ষণে ?
শশিচরণ বঞ্চিতে, উড়ুমণি, অগৌরবে,
ত্যজি তনু সুসত্বরে মগন গগনার্ণবে।
মমহৃদয় বর্জ্জিয়ে, কঠিনমহি কুৎসিতে,
পদকমল অর্পিয়ে, দহিছ চিত নিশ্চিতে !
লহ সহিত কিঙ্করী, তরুসম মরুস্থলে,
তুষিব মন' সর্ব্বদা, মুছিব পদ কুন্তলে।
খুলি নয়ন ঈক্ষ হে, কনকপুর এক্ষণে,
জ্বলিত বিরহাগ্নিতে, তবপদ-অদর্শনে।
পবন নতমস্তকে করিত গৃহ মার্জ্জিত,
সুরপতি সকম্পনে পশিত বিনয়ান্বিত,
বিচরই মহৎসুখে শকুনিকুল এক্ষণে,
গলিতশব ভক্ষয়ে সমলসদনাঙ্গনে।
অমরপুর গঞ্জিয়ে ছিল পুর বিভান্বিত,
কুহুরজনিতুল্য হে, হইল তমসান্বিত !!

সপদি তখন পুন' দুর্ব্বলরাজ্ঞী, স্তিমিত-অশ্রুময়নেত্রে,
হইল বিমূর্চ্ছিত, তুহিনপিণ্ডসম-শৈত্যসমন্বিতগাত্রে।
ক্রন্দনকলরব সমুদিত চৌদিশি, করকুট্টনরব বক্ষে,
চঞ্চল জলনিধি, মলিন জগৎত্রয়, বিশ্ব নিমজ্জিত দুঃখে।

শন্‌শন্‌রবসহ নিঃশ্বসি ঘনঘন পরমখিন্নতমচিত্তে,
বহিল চতুর্দ্দিশি উষ্ণ-অনিলদল বিষমদুঃখময়তত্ত্বে।
মুহূর্ত্তপর লভি সম্বিত কিঞ্চিত যুবতিরত্ন ধরি বক্ষে,
কহিল বাক্যচয় সকরুণ অতিশয়, উপল গলিত হয় দুঃখে !!

ডুবিনু কলুষার্ণবে, তবশব-সমীক্ষণে,
ত্রিভুবন বিনিগ্রহে মমবদন-দর্শনে।
বসতি মম নিশ্চিতে বিকটতমরৌরবে,
জ্বলিত ভব সর্ব্বদা মমকলুষসংস্রবে !
ঘৃণিত গণি অন্তরে শমন পরিবর্জ্জিবে,
নিরখি মমদুর্ম্মুখে ত্রিভুবন বিকম্পিবে।
মরিমরি কিকুক্ষণে, জনকনৃপ-অঙ্গজা
পশিল ভবনান্তরে, দহিলসুত-আত্মজা ;
পশি বিকটসর্পিণী বিটপিবিবরান্তরে,
বিহগশিশু ভক্ষয়ে নিঠুরকঠিনান্তরে।
উঠ উঠ পরিত্যজি ক্ষিতিতল সুসত্বরে,
অনুমতি সমর্প হে, মরি নৃপ-মহৎ-শরে।
অতিকঠিন চিত্ত হায়, বুঝিনু, মম, এক্ষণে,
কভু নহি বিদীর্ণিবে শত-অশনি-বর্ষণে।
শশিরবি সমুত্থিয়ে গগনপট রঞ্জিবে,
স্ফুটকুসুম-সংস্রবে মধুপকুল গুঞ্জিবে ;
সুখ-অমৃত ভুঞ্জিবে ভুবন পুন' সত্বরে,
সবশুভ সমুত্থিবে অমরনরকিন্নরে।
তবসুহৃদ কিন্তু হায়, বিষমতমসার্ণবে,
চিরদিননিমিত্ত হে, ডুবিল হতগৌরবে !!

হইনু চিরদুঃখিনী তবপদ-অদর্শনে,
মরণ জিনি যন্ত্রণা সহিব স্থধু এক্ষণে !!
বহুবিধ বিলপিল কৌণপকুলমণি কি সাধ্য বর্ণি সমস্ত ?
হৃদয় দীর্ণ হয়, নয়ন অশ্রুময়, অচল-অবশ হয় হস্ত !
শত্রুমিত্রসব দুঃখিত অতিশয় বাক্যরহিত-নতশীর্ষ,
ক্রন্দন-রত যতস্থরনরকিন্নর, কৃতান্ত-হৃদয় বিমর্ষ।
অশ্রুসলিলসম বিন্দুবিন্দুজল বর্ষিল জলধরবৃন্দ,
কলকলরব করি আত্মদুঃখ কহি চলিত জলধি মৃদুমন্দ।
কঠিন-উপলময়-শৈলহৃদয়চয় গহ্বরময় অতিদুঃখে,
ইন্দু কলঙ্কিত, সূর্য্য জলদবৃত, বড়ব সলিলনিধিবক্ষে।
অসিতবর্ণযুত হইল নভঃস্থল, দবাগ্নি বিপিনসমস্তে,
অবনিমধ্য মরু, চমর বিপিনগত, ডমরু নিরব হরহস্তে।
খিন্নচিত্তসহ কহিল কুসুমবহু, দর্শি হৃদয়গতশল্য,
প্রস্ফুট নহিব নবিতরিব সৌরভ দিবসরজনি সমতুল্য।
বসন্ত নিতান্ত-অশান্তচিতসহ কহিল কণ্ঠ অবরুদ্ধে,
তুষিব জগজ্জন মাত্র যুগ্মমাস্ সমুদয়বৎসরমধ্যে।
শিশির-অশ্রুজল বরষি কম্পি ঘন পল্লবহৃদয় বিদীর্ণি,
কহিল বিটপিবহু নহি অর্পিব ফল সমুদয়বৎসর পূর্ণি।
ঔদাস্যযুক্ত অমরনরকিন্নর, দশদিশি সকরুণদৃশ্য,
দগ্ধবিপিনসম মলিন নগরকুল, বিষণ্ণ সমুদয়বিশ্ব !!
তখন অনুজবর-কর্ব্বুরকুলরবি কর যুড়ি সমধিকযত্নে,
প্রণমি চরণতল কহিল বাক্যচয় খিন্নযুবতিকুলরত্নে।
বর্জ্জহ দুঃখ, স্থির কর চিত্তে,
চিন্ত বিশিষ্টে, ভুবন অনিত্যে।

নিশ্চিত মিথ্যা ধনজনসর্ব্বে,
মত্ত সমস্তে অনুচিতগর্ব্বে।
বিশ্বরহস্য স্থিত নখসাক্ষাৎ,
ভ্রান্তি কি জন্যে ঘটিত অকস্মাৎ ?
ব্যর্থকুচিন্তা পরিহরি, শান্তে,
অন্তিমকার্য্যে করহ তদন্তে।
ঈক্ষ, সুনেত্রে, তবমন'দুঃখে,
দুঃখিবিবস্বান্, বদন বিরুক্ষে,
অস্তমহীধ্রে পতিত অধৈর্য্যে,
বর্জ্জি সমস্ত ত্রিভুবনরাজ্যে।
মুঞ্চি অজস্রে হিমকণ-অশ্রে,
সম্বৃতগাত্রা প্রকৃতি তমিস্রে।
বর্জ্জি বিলম্বে, পতিতনুরত্নে,
সংকৃতিজন্যে লহ অতিযত্নে,
চেষ্টি বিশিষ্টে করহ সদন্ত,
অগ্নি বিলগ্নে মুকতি নিতান্ত।

কর্ব্বুরকুলরবি-নিঠুরবাক্য শুনি দীর্ঘ বিনিঃশ্বসি দুঃখে,
কহিল যুবতিমণি গদ্গদরবসহ অশ্রুসমাপ্লুতবক্ষে।

অনুজ হই দুষ্ট রে, কহিলি কি অসৎকথা !
সঁপিলি পুন অন্তরে অসহ-অশনিব্যথা !
হৃদয়রস-অর্পণে পুষিণু কি ভুজঙ্গমে ;
সময় বুঝি দংশিলি স্বজন নিজবিক্রমে।
জনমি বিপিনান্তরে দবদহন যদ্বিধ
দহই নিজ-আশ্রয়ে, দহিলি কুল তদ্বিধ।

ঘৃণিতধনসম্পদে মজিল তবচিত্ত রে,
বধিলি নিজ-অগ্রজে মিলি রিপুনরেশ্বরে।
গণিছ পুন অন্তরে প্রভু-তনু বিভস্মিতে,
মিলি সব মহৎসুখে, প্রখরতম-অগ্নিতে!!
মরি মরি কি দুর্ভগা হইনু শুনি এক্ষণে,
বিষময়-অসৎকথা খলবিধিবিড়ম্বনে!
নিরখিনি ভবার্ণবে তবসদৃশদুর্জ্জনে,
সুধু কুটিলমন্ত্রণা স্থিত তব-অসৎ-মনে।
তখন খিন্নচিতকৌণপগণ মিলি যুক্তসময় অবধার্য্যে,
যোগ্যবস্তুসহ হইল উপস্থিত দশমুখসৎক্রিতিকার্য্যে।
সংগ্রহ করিল বিপুলপর্ব্বতসম-বিশুষ্কচন্দনকাষ্ঠে,
পুঞ্জপুঞ্জকতসুগন্ধিগুগ্‌গুলু-মৃগমদ-অগুরু গরিষ্ঠে।
লক্ষলক্ষঘৃতকলসি উপস্থিত করিল সৈন্যগণসর্ব্বে,
অভিনবপট্টবসন উজ্জ্বলতম সূর্য্যগর্ব্ব পরিখর্ব্বে।
অসঙ্খ্যভাণ্ডপূর্ণতিলতণ্ডুল মধুসহ লইল সযত্নে,
সুবর্ণরজত শৈলপরিমিতকত মণিসহবহুবিধরত্নে।
মৃতবহরথবর করিল উপস্থিত নিপতিত-অবনিপ-অগ্রে,
ভৈরবরথবর কৃষ্ণবর্ণ অতি বিনিন্দি তিমির উদগ্রে!
কর্ব্বুরগণ মিলি সুদীর্ঘ নিঃশ্বসি অশ্রুসমাপ্লুতচক্ষে,
তুলিল যত্নসহ হরিধ্বনিসহিত অবনিপশব রথকক্ষে।
চলিল চক্রিবর মন্থরগতিসহ বিস্ময়ি ভুবনসমগ্রে,
কৃষ্ণবর্ণ-অতিসুবৃহৎধ্বজবর পতপত উড়িল রথাগ্রে।
চলিল সৈন্যগণ পংক্তিবদ্ধ হই ভৈরবরথ-উভপার্শ্বে,
অসিতপরিচ্ছদসম্বৃত-অবয়ব অশ্রুসলিল-অভিবর্ষে।

চলিল বরষি ফুল কৌণপঋত্বিক উচ্চরি পবিত্রমন্ত্রে,
সকরুণনিক্কণ হইল সমুত্থিত বিবিধমৃদুলরবযন্ত্রে !
উচ্চহরিধ্বনি করিল বন্ধুগণ মুখরিত করি সববিশ্বে,
স্তম্ভিত সমুদয়খগনগসুরনর অনুপমসকরুণদৃশ্যে !
পশ্চাৎ চলিল পুরন্ধ্রিনিচয় যত দীর্ঘ বিনিঃশ্বসি দুঃখে,
বক্ষ-অলিক-কুট্টন করি ঘনঘন অশ্রুসমাপ্লুতবক্ষে।
চলিলেন্ রঘুপতি পাত্রমিত্রসহ অনুজরত্ন লই সঙ্গে,
চলিল তদন্তর নিরবকপিনিকর নিন্দি মহাব্ধিতরঙ্গে।
ক্রমশ উপস্থিত হইল সর্ব্বজন দক্ষিণজলধিসমক্ষে,
রক্ষিল সযতন রাক্ষসপতিশব খট্ট-উপরি মহিবক্ষে।
বিপুল-অব্ধিতট পরিমার্জ্জিত করি সম্বৃত করি মণিরত্নে,
সহস্রহস্তচিতা প্রস্তুত করি কৌণপগণ অতিযত্নে,
উজ্জ্বলপট্টবসনবর সত্বর বিস্তৃত করিল সমস্তে,
চন্দনকাষ্ঠ সুরক্ষিল তদুপরি সচিবনিচয় নিজহস্তে।
তখন বন্ধুগণ অবনিপশব লই অশ্রুসলিলময়নেত্রে,
বিধৌত করিল যত্নসহ অতিশয় গাঙ্গসলিল সুপবিত্রে।
প্রচুরসুগন্ধি-অগুরুসহ চন্দন লিপ্ত করিল কুণপাঙ্গে,
ম্রক্ষিল সযতন নব্যগব্যঘৃত সুললিতমৃগমদসঙ্গে।
উজ্জ্বলমণিময়পট্টবসনবর-মণ্ডিত করিল শবাঙ্গে,
রত্নমুকুট-মণিকুণ্ডল-অঙ্গদ অর্পিল সুবিস্ময়সঙ্গে।
বিবিধকুসুমময়মাল্য সমর্পিল সুন্দরমণিময়বস্ত্রে,
সজ্জিত করিল বিংশভুজ কার্ম্মুকশর-অসিবহুবিধ-অস্ত্রে।

১৭। কুণপ=শব। ১৮। ম্রক্ষিল=লেপিল।

কনকখট্টসহ রক্ষিল শব লই সত্বর তখন চিতাগ্রে,
ঊর্দ্ধহস্ত হই করিল হরিধ্বনি কর্ব্বুরনিচয় সমগ্রে।
গাঙ্গসলিলচয় অভিমন্ত্রিত করি ঋত্বিকগণ অতিযত্নে,
সিঞ্চিল ঘৃতমধুসহিত শব-উপরি, অর্পিল বহুমণিরত্নে।
তদনন্তর কর্ব্বুরমণিরাজ্ঞী স্তম্ভিতসম অবশাঙ্গে,
করিলেন্ বিধৌত আত্মসুকৃশতনু পবিত্রজলধিতরঙ্গে।
বিশুভ্রপট্টবসন পরি সত্বর অশ্রুসমাপ্লুতনেত্রে,
খুলিলেন্ সমুদয়রত্ন-অলঙ্কৃতি অনলঙ্কৃত করি গাত্রে!
নিরখি জগৎত্রয় দুঃখ-অনলময়, নির্দ্দয়-হৃদয় বিমর্ষ,
কুসুমরহিত-মৃদুবল্লরি সমীক্ষি কভু কি উদিত হয় হর্ষ?
চিতাপ্রদক্ষিণ করি বিধিপূর্ব্বক মূর্চ্ছিত হইলেন্ রাজ্ঞী;
উচ্চরিলা দ্রুত বিবিধমন্ত্রচয় পবিত্রঋত্বিকবাগ্মী।
তখন অনুজবর অঙ্গ ধৌত করি মুখাগ্নি করিলেন্ যত্নে,
বর্ষিল শব'পরি কর্ব্বুরগণ মিলি কুসুমবিমিশ্রিতরত্নে।
প্রোজ্জ্বল হইল মহাগ্নি ভয়ঙ্কর যুগাগ্নি জিনি অবিলম্বে,
ত্রিভুবন হইল মহোষ্ণ বহ্নিসম অগণিতসূর্য্যবিড়ম্বে!
থরথরকম্পিত গিরিবনসমুদয় তপ্ত হইল অতিমাত্র,
মহোষ্ণজলধি উচ্ছলিত ঘনঘন, জগজ্জন কম্পিতগাত্র!
অদৃষ্ট-অশ্রুতমহান্‌যজ্ঞবর অরিকলদর্শনিজন্যে,
অমর-অসুরকিন্নরগণ বসিলেন্ অম্বর-উপরি সসৈন্যে।
পুর'হিতগণ মিলি বর্ষিল ঘৃতমধু চিতাগ্নি-উপরি সযত্নে,
অর্পিল কর্ব্বুরকুল সম্ভ্রমসহ কুসুমসহিতমণিরত্নে।

২১। পুরহিত=পুরোহিত।

দ্বিগুণসমুজ্জ্বল হইল হবির্ভুজ অর্চ্চি'সুবিস্তরি গর্ব্বে,
গর্জ্জি কহিল, গণি, সম্বুধি ঘনঘন মত্তজগজ্জনসর্ব্বে!
সমীক্ষ সমুদয়বিষয়মুগ্ধজন, জগৎ স্বপ্নসমকাণ্ড,
কি গর্ব্ব কর সব ভঙ্গুরনশ্বরতনু লভি মৃণ্ময়ভাণ্ড!
ত্রিভুবন অধিপতি ছিল কর্ব্বুরপতি সুরপতিবিনিন্দিশৌর্য্য,
কম্পিত কিন্নর, কৃতান্ত নতশির, সূর্য্য-অনল হতবীর্য্য।
কিন্তু অন্ত সব! চিন্ত জগজ্জন, ধনজন বিফল সমস্ত,
ঘৃণিতকাষ্ঠতৃণসহিত দগ্ধ অহ, ছিন্নভিন্ন পদহস্ত!
সপদি বিশ্বচয় চমকি মহান্‌ধ্বনি উত্থিত হইল সমন্তাৎ,
সকলি বিফল অহ ধনজনযৌবন ভস্ম সমস্ত অকস্মাৎ!!
ক্রমশ' চিতাগ্নি অস্তগতরবিসম বীর্য্যরহিত-মৃদু-অর্চ্চি'
চিতাপ্রদক্ষিণ করি কৌণপগণ নমিল বিবিধমত অর্চ্চি।
তখন অকস্মাৎ অদ্ভুত-অভিনবমূর্ত্তি ধরিল সববিশ্ব,
স্নিগ্ধকিরণময় জগৎ, চতুর্দ্দিশি শতশত-অতুলিতদৃশ্য!
ক্বচিৎ চিত্তহরশিখণ্ডিচন্দ্রকবলয়সদৃশ কমকান্তি,
ক্বচিৎ সুরঞ্জিতজলধরসন্নিভ নিরখি উদিত হৃদি শান্তি।
ক্বচিৎ সপল্লবকল্পতরুসদৃশ সুন্দর সুর-চিত কর্ষে,
ক্বচিৎ নয়নহর-ইন্দ্রধনু'নিকর ঝলমলরশ্মি বিবর্ষে।
সুগন্ধিপরিমল বরষি গন্ধবহ চলিত সপদি মৃদুমন্দ,
মধুপগুঞ্জরিত-মঞ্জুকুসুমকুল সিঞ্চিল কমমকরন্দ।
ললিতবিহগগণ করিল কলস্বন সন্তুষি সুরনরকর্ণ,
মণিময়মণ্ডপসদৃশনভস্তল ধরিল মহোজ্জ্বলবর্ণ।
তখন অকস্মাৎ বিস্মিত হই অতি নিরখিল জগজনসর্ব্বে,
অম্বর-উপরি বিষ্ণুরথ উপগত বিনিন্দি শশধরগর্ব্বে!

অধমমনুজ হই কিসাধ্য বর্ণিব অনুপমরথবরকান্তি,
পবিত্র হইল জগৎত্রয় নিশ্চয়, উপজিল চিরসুখশান্তি !
অমূল্যরত্নবিনির্ম্মিতরথবর নিরখি পূর্ণ চিত হর্ষে,
চন্দ্রকান্তমণিরচিত-চক্রচয় চকমকি কিরণ বিবর্ষে।
ধ্বজবর অনুপম নিন্দি ইন্দ্রধনু' অম্বরপট সুবিরঞ্জে;
অযুতসূর্য্য জিনি উজ্জ্বলরথবর বিজুলিপুঞ্জ পরিগঞ্জে।
সংস্থিত যুগলমূর্ত্তি অতি-অনুপম জিষ্ণুবিষ্ণুসহলক্ষ্মী,
সমুজলি দশদিশি অমৃতপূর্ণ করি ভবতল মৃদুল সমীক্ষি।
শান্তিসুধাপ্লুত বিপুলজগৎত্রয়, জনগণ সুখিত নিতান্ত,
স্থৈর্য্যধৈর্য্যময়-সুবিমল সমুদয়, অপগত কলুষ দুরন্ত।
চিরনিষ্ঠুরজন পরমনত্রচিত ইচ্ছই রিপুসহসখ্য,
নিদয়কৃপণজন সদয়হৃদয়সহ বর্ষই ধনশতলক্ষ।
অহিসহমিলিত নকুলকুল, মৃগসহ মৃগেন্দ্র মিলিত সহর্ষে,
ভ্রমিত শান্তচিত মহিষসহিত হয় পরিহরি বিষম-অমর্ষে।
সমুদিত দশদিশি মুরজবংশরব শঙ্খকাংস্যরবসঙ্গে,
ললিতবিহগগণ ভুবন মুগ্ধ করি কলরবরত চিতরঙ্গে।
কুসুমহাস্যসহ মৃদুলবল্লিকুল মিলিত বিটপিকুলসঙ্গে,
মধুরকলস্বরসহিত সরিৎকুল নর্ত্তিত গিরি-উতসঙ্গে।
বিপুলজলধিসহ অবনি সম্মিলিত জগজনপুষ্টিনিমিত্তে,
মঞ্জুলজলদসহিত কৌতুকরত বিজুলিপুঞ্জ সুখিচিত্তে।
নন্দনকুসুম বর্ষি সুমৃদুলগতি-অনিল চলিত অতিহর্ষে,
সুবর্ণবর্ণজলদদল অবিরল বিমল-অমৃত অভিবর্ষে।

৭। জিষ্ণু=বিশ্বজয়ী। ১৮। উতসঙ্গ=উৎসঙ্গ=ক্রোড়।

মধুরমূর্ত্তি-অপ্সর’গণ নর্ত্তিত অতুলসুসজ্জিত-অঙ্গে,
রুণুঝুনু কিঙ্কিণিকঙ্কণনিক্কণ ঘুনুঘুনুঘুঙ্গুরসঙ্গে।
ব্রাহ্মণগণ মিলি অঙ্গ ধৌত করি নিরমলগাঙ্গতরঙ্গে,
নিগমপঠনরত সমরবসংহতি অঞ্জলি রচি চিতরঙ্গে।
কুলুকুলুরব করি চলিত গগন’পরি সুরধুনি মুনিমন’ রঞ্জে,
বিকীর্ণ দশদিশি পবিত্রজলকণ বিমল-অমৃতকণ গঞ্জে।
গাঙ্গ-উভয়তট অধিদৈবত করি সংস্থিত মুনি-ঋষিবৃন্দ,
শ্মশ্রুল নখর কৃশাঙ্গ নধরতনু বিবিধমূর্ত্তি অবিনিন্দ্য।
বিষমকঠিনতপ’নিরত বিপ্রগণ ঊর্দ্ধচরণ-নতমুণ্ডে,
অবনিগর্ভগত, সলিলমগ্নকত, কত পুন’ মহাগ্নিকুণ্ডে !!
পরমশান্তিময় নিখিলজগৎত্রয়, জগজন সুখাব্ধিমগ্ন,
কল্মষবিরহিত-শান্তশিষ্টচিত ইষ্টবিষ্ণুপদলগ্ন।
তখন সর্ব্বজন বিস্মিত হই অতি নিরখিল অনিমিষচক্ষে,
চিতাগ্নি বিদরি সমুত্থিত অদ্ভুতকিরণপিণ্ড রথকক্ষে !!
ললিতযুবতিগণ-বেষ্টিতদশমুখ সংস্থিত কিরণ বিশুদ্ধে,
সূর্য্যবিম্ব পরিদৃষ্ট যথা স্থিরনির্ম্মলজলকণমধ্যে !
তখন জগৎপতি আগ্রহসহ অতি পবিত্রকৌণপসূর্য্যে,
করিলেন্ গ্রহণ সুবিস্তৃত করি ভুজ উৎসুকসদৃশ অধৈর্য্যে।
ঝলমলি সমুজলি সমস্তভবতল সহস্রসূর্য্যবিনিন্দে,
স্বপ্নসদৃশ রথ দৃষ্টিবহির্গত বিস্ময়ি সুরনরবৃন্দে !
ধন্যধন্যরব উত্থিত দশদিশি, মত্ত জগজ্জন হর্ষে,
পূর্ণ করিল নভ’ কর্ব্বুরগণ মিলি কুসুমরতন-অভিবর্ষে।
স্তম্ভিত বিস্মিত চমকিতচিত অতি রঘুপতি বিস্তৃতনেত্রে,
কহিলেন্ সম্মুখি পরমবিনয়সহ সমুদয়সজ্জনমিত্রে।

ঈক্ষহ নর অমর অদ্য, অদ্ভুত অতি ভুবনমধ্য,
কার্য্য করিল মহিপ সদ্য বিস্ময়ি সুরকিন্নরে;
বর্জ্জন করি ঘৃণিত-অঙ্গ, অদ্য লভিল অতুলসঙ্গ,
দুঃখবিপদসকল-ভঙ্গ, শান্তি লভিল অন্তরে।
ধন্য ধরণিপতিদশাস্য, সম্মুখরণ করি সহাস্য,
মুক্তি লভিল জগদুপাস্য, জন্মরহিত নিশ্চিতে,
শক্রসদৃশ ছিল দুরন্ত, কিন্তু লভিল সুখ অনন্ত,
দগ্ধকলুষ হই নিতান্ত অদ্য মমশরাগ্নিতে।

রঘুপতি-বিমলবাক্য শুনি কর যুড়ি অশ্রুসলিলময়চক্ষে,
কহিল মিত্রবর চিত্রপুতলিসম সুস্থির হই মৃদুবাক্যে।

বিশ্ব বিমুগ্ধ, প্রভু, তবকর্ম্মে,
শক্তি কি ভৃত্যে? বুঝি-তবমর্ম্মে!
ব্রহ্মনিহন্তা, তবসুকটাক্ষে,
স্বর্গ বিভুঞ্জে সুরসমকক্ষে!!
বিশ্ব বিমর্দ্দি প্রচুর সগর্ব্বে,
হিংসি সদর্পে সুরনরসর্ব্বে,
কর্ব্বুরসম্রাট্ লভিল সসৈন্যে,
দুর্ল্লভমুক্তি প্রভুপদজন্যে!
কিন্তু পদাব্জে চির-অনুরক্ত-
ভৃত্য কিজন্যে রহিল নিষক্ত
কল্মষপূর্ণে ভুবন-অরণ্যে,
ভুঞ্জি অহর্নিশ্ গরল জঘন্যে?
উদ্ধর কান্ত, স্বগুণমহত্ত্বে,
দুঃখসমুদ্রে নিমগনভৃত্যে;

নাস্তি অধন্যে, প্রভু, গতি অন্য
বিশ্ব অনন্তে, তবপদভিন্ন।

তখন নরেশ্বর পরমসদয় হই ভক্তশান্তিসুখজন্য,
ধরিলেন্ ত্রিভুবনপূজ্য-চতুর্ভুজমূর্ত্তি বিরিঞ্চিবরেণ্য!
নবজলধর জিনি মরকতমণি জিনি বিমলরুচিরতনুবর্ণ,
স্নিগ্ধ জগৎত্রয় ধন্যপুণ্যময়-শান্তি-অমৃতপরিপূর্ণ।
ললিতনধরবপু' চন্দনচর্চ্চিত সজ্জিত বনফুলমাল্যে,
ঝলকিত কটিতট তড়িদ্বিনিন্দক-সুন্দরবসন অমূল্যে!
মণিময়-অঙ্গদকুণ্ডল উজ্জ্বল ঝলমলকিরণ বিবর্ষে,
পূর্ণ-ইন্দু জিনি সুন্দরসুবিমল-রত্নমুকুটবর শীর্ষে।
তখন জনার্দ্দন অর্পি কমলকর বিনতমিত্রবর-অঙ্গে,
কহিলেন্ ত্রিভুবন অমৃতপূর্ণ করি সুমধুরবচনতরঙ্গে।

মিত্ররতন, করহ দৃষ্ট, জন্তুনিচয় যতই সৃষ্ট,
কর্ম্মবিবিধনিরত, শিষ্ট, বিশ্বহিতনিমিত্ত হে,
ব্যর্থ কিছুই নয়, বিচিন্ত, তুচ্ছবৃহত যত অনন্ত,
ঐশকরমরত নিতান্ত, কর্ম্মসদৃশ শক্তি হে।
যদ্বিধ হয় শকতি ধার্য্য, তদ্বিধ করি ভুবনকার্য্য,
ব্রহ্মনিকটগতি অবার্য্য, নিশ্চিতই শনৈঃসনে,
দুর্গম অতি জগতত্ত্ব, বোধ্য কি কভু বিধিমহত্ত্ব?
কিঞ্চিত তবসুখনিমিত্ত, উক্তি করিনু এক্ষণে।
জন্ম হইল তব সুধন্য, বিশ্ব-অধিপনিয়মজন্য,
কিন্নরনরসুর-অনন্য- ভক্তিপথপ্রদর্শনে,
বর্জ্জি বিষয়সব অসত্য, সম্প্রতি হই বিমলসত্ত্ব,
বিস্তৃতকর ভকতিতত্ত্ব নিত্যসুখিতসৎ-মনে।

কথনান্তর পুন' ধরিলেন্ নরতনু রঘুপতি উজলি সমস্তে,
প্রণমিল দশদিশি সুরনরকিন্নর ধরণিবিলুণ্ঠিতমস্তে।
কৃতার্থ হই অতি কর্ব্বুর-অধিপতি নতি করি বিভুপদ ধন্যে,
সম্মুখি কৌণপ, কহিল চিতাস্থল ঝটিতিপরিষ্কৃতিজন্যে।
কর্ব্বুরগণ মিলি সংগ্রহি সযতন মেধ্যভস্ম অবশিষ্টে,
নিক্ষিপিল দ্রুত অতলজলধিতল সম্ভ্রমসহিত বিশিষ্টে।
শতশতকলসিদুগ্ধসিঞ্চন করি গাঙ্গসলিলচয়সঙ্গে,
বিধৌত করিল সমস্তচিতাস্থল কৌণপগণ নত-অঙ্গে।
নিপুণশিল্পিকুল স্বুবর্ণ-ইষ্টক সংগ্রহ করি অতিযত্নে,
সুন্দরশিবমন্দিরবর নিরমিল মণ্ডিত কতমণিরত্নে!
তখন সর্ব্বজন জগৎ পূর্ণ করি হর হর হররবসঙ্গে,
ধৌত করিল তনু অস্ত্রবস্ত্রসহ পবিত্রজলধিতরঙ্গে।
ফিরিল সকলজন সুদীর্ঘ নিঃশ্বসি সিক্তবস্ত্রময়-অঙ্গে,
মুখরিত করিল দিগন্ত মুহুর্মুহু' মধুরহরিধ্বনিসঙ্গে।
চলিল নিরব হই অশ্রু বরষি ঘন কর্ব্বুরগণ গৃহলক্ষ্যে,
নিমগ্ন নিরখি দিনেশ্বর যদ্বিধ খগগণ আশ্রয়বৃক্ষে।
ক্রমশ উপস্থিত পাত্রমিত্রসহ রঘুপতি শিবিরসমক্ষে,
ঔদাস্যময়চিত বাক্যরহিতমুখ অশ্রু সমুদ্গত চক্ষে।
জয়রঘুপতিজয় গর্জ্জিল কপিগণ পুলকিত করি সববিশ্ব,
হইল সুরব্ধ পরস্পরালিঙ্গন অদ্ভুত-অভিনবদৃশ্য!
উদর পূর্ণ করি সমস্তসৈনিক সিদ্ধি ভক্ষি সুখহর্ষে,
প্রমথবর্গসম নর্ত্তনরত সব অট্টহাস্য-অভিবর্ষে।
তখন সুরেশ্বর সুরগণসহ মিলি অমৃতভাণ্ড লই সঙ্গে,
রঘুপতিসন্নিধি সমুপস্থিত হই নমিল বিনয়বিনতাঙ্গে।

বিতরিল ঝটিতি অমরপতি সুমধুর-অমৃতভাণ্ড সর্ব্বসৈন্যে,
ভক্ষিল কপিগণ পরমহর্ষসহ ঢুলি ঢুলি নমি সুর ধন্যে।
পরম-উল্লসিত সমস্তজগজন সংলভি চিরসুখশান্তি,
গিরিবনজলধিসমস্ত হর্ষময় দর্শই অভিনবকান্তি।
অমরযুবতিগণ নন্দিত হই অতি, নন্দনকুসুমবিবর্ষে,
পূর্ণ করিল মণিরত্ন-বিমণ্ডিত-রঘুপতি-শিবির সহর্ষে।
সুগন্ধিকুসুমগন্ধ বহি সুললিতমলয়-অনিল মৃদুমন্দে,
ভুবন পূর্ণ করি চলিত সতত তুষি সুরনরকিন্নরবৃন্দে।
সুখাব্ধিমগনগগন সুবিরঞ্জিত বহুবিধ-অতুলিতবর্ণে,
বিমলচন্দ্র পরিসজ্জিত তদুপরি কুণ্ডলসম নৃপকর্ণে।
দ্বিগুণসমুজ্জ্বল-সুললিত-উড়ুকুল ঝলমলি কিরণ বিবর্ষে,
দিগ্‌যুবতিনিচয় কনকবর্ত্তি লই নর্ত্তিত, গণি, চিতহর্ষে।
কুসুমপুঞ্জসমশুভ্র-অভ্রকুল চলিত ইতস্তত' রঙ্গে,
রঘুপতি-সুযশ'হংস, গণি, নর্ত্তিত অম্বরজলধিতরঙ্গে।
স্বচ্ছসুনির্ম্মল-ঊর্ম্মিরহিত-বিপুলাম্বুধি অতিশয়হৃষ্ট,
অতলগর্ভগত-অতুলরত্নমণি উড়ুকুলসম পরিদৃষ্ট।
তুহিনশুভ্রতম-কম্বুনিকর যত লক্ষিত শশধরতুল্য,
অসিতবর্ণ-শৈবলদল সজ্জিত নবজলধরসমতুল্য।
গগন সলিলনিধি সদৃশ পরস্পর, সুকঠিন অনুমিতিপক্ষে,
জলধি গগন কি গগন জলনিধি সব নিরখই বিস্মিতচক্ষে !!

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে স্বর্গারোহণং
নাম অষ্টমঃ সর্গঃ।

পরিশিষ্ট।

নবমসর্গ।

কনক-বিমণ্ডিত-শিবির সমুজ্জ্বলি, রত্নমঞ্চ'পরি হর্ষে,
সংস্থিত রঘুপতি নৃপতিকুলেশ্বর, রবিসমরশ্মিবিবর্ষে।
বিজুলিপুঞ্জসম-মঞ্জুলদর্শন-অনুজ অবস্থিত পার্শ্বে,
পাত্রমিত্রগণ কর যুড়ি চৌদিশি সমুপবিষ্ট নতশীর্ষে।
অমরযক্ষকিন্নরনর শতশত রতনবিমণ্ডিত-অঙ্গে,
সজ্জিত চৌদিশি যোগ্যমঞ্চ'পরি ঝলমলি কিরণতরঙ্গে।
অগুরুগন্ধ বহি মলয়গন্ধবহ চলিত বন্দি মৃদুমন্দে,
সুধাংশু-মণ্ডলসদৃশসভাস্থল সুরপতিসমিতি বিনিন্দে।
শুদ্ধবুদ্ধচিত-নিরবস্থনিশ্চল-সহর্ষসমুদয়-আর্য্য,
প্রশান্ত অতিশয় বিপুলসমিতিবর—মূর্ত্তিসমন্বিতধৈর্য্য!
তখন মিত্রবর-কৌণপকুলরবি উত্থিত হই নতশীর্ষে,
অঞ্জলি বিরচি রঞ্জি সুরকিন্নর কহিলেন্ মধু-অভিবর্ষে।

সর্ব্ব-বিপত্তি প্রভু-পদপুণ্যে,
অম্বুদতুল্য প্রমিলিত শূন্যে।
দুঃখমহাব্ধি প্রমথিত সম্যক্,
সৌখ্যশশাঙ্ক প্রকটিত বিশ্বক্।

১৬। বিশ্বক্—সর্ব্বত্র।

ধন্য মহাত্মন্, তবগুণপুঞ্জ,
ধন্য সমস্তে লভি পদকঞ্জ।
মজ্জিত সর্ব্বে অতুলিতহর্ষে,
শান্তি সমন্তাৎ অমৃত বিবর্ষে।
কিন্তু বিষণ্ণা রঘুকুললক্ষ্মী,
শক্রপুরান্তে, জিনি চিরদুঃখি,
দগ্ধবনান্তে ব্যথিতবিহঙ্গী,
ব্যাঘ্রমুখাগ্রে বিবশকুরঙ্গী!
চিন্তি কৃশাঙ্গী- অবিসহদুঃখ,
বজ্র-বিদীর্ণ ত্রিভুবনবক্ষঃ!
অর্প অনুজ্ঞা অনুগতভৃত্যে,
সঞ্চরি সদ্যঃ প্রমুদিতচিত্তে,
কর্ব্বুরদুর্গে পশি অতিযত্নে,
উদ্ধরি হর্ষে রঘুকুলরত্নে;
যদ্বিধ অব্ধি প্রাবিশি বিশিষ্টে,
রাত্নিক অর্জ্জে রতন অভীষ্টে।

মিত্র-সুসঙ্গতবাক্যনিচয় শুনি অতিশয়ধৈরযসঙ্গে,
সঁপিলেন্ সম্মতি সভাস্থজনগণ সমধিকপুলকিত-অঙ্গে।
পরমবিনয়সহ রঘুকুল-ঈশ্বর কিঞ্চিত্-অবনতশীর্ষে,
সন্তুষি সবজন কহিলেন্ সুবচন অমৃতপুঞ্জ-অভিবর্ষে।

সঙ্গত তববচন মিত্র, অদ্ভুত তবচরিতচিত্র,
দুর্ল্লভ তবসম পবিত্র, অত্র ভুবনমণ্ডলে,

১৬। রাত্নিক = রত্নোত্তলনকারী।

সর্ব্ববিপদ তবনিমিত্ত, বিম্বসদৃশ বিগত নিত্য,
লব্ধ সতত তবসখিত্ব, মঙ্গল কি অমঙ্গলে।
যদ্বিধ তব হয় বিচার্য্য, কার্য্য করহ হৃদয়ধার্য্য,
দ্বৈধরহিত সকল-আর্য্য, বান্ধব, তব-উক্তিতে,
খিন্নজনক-দুহিতৃচিত্ত, শান্ত করহ কহি সুতত্ত্ব,
দুঃখ-অনল কর নিবৃত্ত, আত্ম-অতুলশক্তিতে।

পরমহর্ষসহ কর্ব্বুরকুলরবি অনুমতি লভি চিতরঙ্গে,
চলিলেন্ সত্বর চকমকি চৌদিশি শতশত-অনুচরসঙ্গে।
ক্রমশ' পশিল সব কনকনগরবর সৌরকিরণসম বিশ্বে,
নিরখিল দশদিশি সুদীর্ঘ নিঃশ্বসি বহুবিধসকরুণদৃশ্যে!
ইন্দ্রসদন জিনি সুন্দরসুখময়পুরবর কান্তিবিশিষ্ট,
নিরব-নিভৃত অহ দগ্ধবিপিনসম মরুসম সম্প্রতি দৃষ্ট!!
অর্দ্ধভগ্নমন্দিরকুল চৌদিশি তুচ্ছগুল্মতৃণপূর্ণ,
কষিতকনক জিনি উজ্জ্বলগৃহকুল মসিসম বিকৃতবিবর্ণ!
সৌধশিখর'পরি কৌশিককুল বসি ঘূর্ণই বর্ত্তুলনেত্রে,
চিচিমিচিরবকর-করপক্ষনিকর দুলিত ভগ্নগৃহগাত্রে!
উপবনসমুদয় সুদীর্ঘতৃণময় কণ্টকপূর্ণ নিতান্ত,
সর্পনকুলকুল সতত যুদ্ধরত, পরিগণি, মূর্ত্তকৃতান্ত!
দর্পণসদৃশপরিষ্কৃত-অঙ্গন মলিন-নিরতিশয়বিশ্রী,
ফুল্লকমলময়-বিমলসরসকুল শৈবলপূর্ণ-হতশ্রী!
সযত্নরক্ষিত-রম্যমৎস্য যত মৃত-নিপতিত গলিতাঙ্গে,
কাষ্ঠখণ্ডসম চলিত ইতস্তত অবিরত তরলতরঙ্গে!

১৬। করপক্ষ = বাদুড়, চামচিকা।

মূর্চ্ছিত নিপতিত অতুলযুবতিগণ তৃণসম জলধিতরঙ্গে,
ছিন্নমলিনতম-বসনসমন্বিত পাংশুবিলুণ্ঠিত-অঙ্গে !!
ক্বচিৎ ভয়ঙ্করবৃষদংশকগণ চর্ব্বই শুককুল হর্ষে,
ক্বচিৎ ব্যাঘ্র বসি ভগ্নগৃহান্তর বিকট-আস্য পরিদর্শে !
বৃদ্ধরুগ্ন-কর্ব্বুরগণ চৌদিশি নিপতিত অনশনখিন্ন,
শুষ্কহৃদয়গল মুমূর্ষু সন্নিভ বিলপই জলকণজন্য !!
বান্ধবশূন্য-বুভুক্ষিতশিশুগণ অশ্রুপূর্ণমৃদুনেত্রে,
ভ্রমই ইতস্তত' সকরুণরব করি মলিনবদন-কৃশগাত্রে !!
ক্বচিৎ শকুনিকুল মৃতক-চক্ষু' তুলি ভক্ষই কলরবসঙ্গে,
ক্বচিৎ ধূর্ত্তজম্বুককুল কর্ষই মুমূর্ষু রাক্ষস-অঙ্গে।
মৃতাস্থিমস্তক পতিত ইতস্তত' দন্ত বিনির্গত আস্যে,
শন্ শন্ রবসহ পবন চলিত ঘন বিস্ময়ি বিশ্ব উদাস্যে !
নিরখিল চৌদিশি কৃমিকুলসঙ্কুল-অর্দ্ধদগ্ধশববৃন্দে,
উৎকটগন্ধ বিসর্পিত দশদিশি রৌরবনরকবিনিন্দে।
সুদীর্ঘ নিঃশ্বসি নিরখি ইতস্তত অশ্রুসমাপ্লুতচক্ষে,
ক্রমশ উপস্থিত কৌণপকুলরবি অভীষ্টবিপিনসমক্ষে।
ঝটিতি অকস্মাৎ বিস্মিত হই অতি শুনিল অবনিপতি তূর্ণ,
ভৌতিকচীৎকৃতি আর্ত্তনিনদ ঘন, দশদিশি পাংশু বিকীর্ণ !
নন্দনবনসম-সুন্দরস্থবিমল-উপবন মলিন নিতান্ত,
ছিন্নভিন্ন সবমধুর-আম্রতরু, কণ্টকপূর্ণ বনান্ত !
বিষণ্ন হই অতি কর্ব্বুর-অধিপতি চৌদিশি মৃততরু ঈক্ষি,
হইল উপস্থিত মন্থরগতিসহ যত্র সূর্য্যকুললক্ষ্মী।

৩। বৃষদংশক = বিড়াল। ৭। বুভুক্ষিত = ক্ষুধিত

মলিনবসন পরি মৃদুলকর-উপরি গণ্ড রক্ষি, মহিপৃষ্ঠে
সমুপবিষ্ট, মরি, রঘুকুলশশধর, সবাষ্প-অনিমিষদৃষ্টে !
বিরসবিবশ অহ,সুধাংশু যদ্বিধ সুখদরজনি অবসন্নে,
শিশিরমথিতমৃদুসরসিজ যদ্বিধ পঙ্কিলসরসি জঘন্যে !
পরমভক্তিসহ নমিল ধরণিপতি অবনিবিলুণ্ঠিতশীর্ষে,
কহিল বচনচয় করকুবলয় যুড়ি সুমধুরমধু-অভিবর্ষে।

সর্ব্ববিপত্তি, প্রভু-ভুজবীর্য্যে,
মর্দ্দিত সম্যক্, অনুপমশৌর্য্যে।
দুঃখনিশান্তে, পুনরপি অদ্য,
সৌখ্যবিবস্বান্ সমুদিত সদ্যঃ।
অন্তকহস্তে গত রিপুসর্ব্ব,
মর্দ্দিত সম্যক্ দশমুখগর্ব্ব ;
শান্তি সমন্তাৎ সমুদিত বিশ্বে,
নির্ভয়-আত্মা অমরমনুষ্যে।
ত্বৎপদপার্শ্বে, কথিতসুতত্ত্ব-
বর্ণনজন্যে, উপগত ভৃত্য ;
দীর্ঘনিশান্তে, দিনমণিতত্ত্বে,
যদ্বিধ অর্পে খগ সুখিচিত্তে।
বর্জ্জি বিলম্বে, অনুগতসঙ্গে,
ভর্ত্তৃসমক্ষে চল মন'রঙ্গে,
ফুল্লবসন্তে লই শিশিরান্তে,
যদ্বিধ ঈক্ষে রতি নিজকান্তে।

অতুলবাক্য শুনি পরমচমৎকৃত রঘুকুলকমল সযত্নে,
মহাব্যগ্র হই কহিলেন্ সত্বর শান্তমিত্রকুলরত্নে।

শুনিনু কি অসম্ভবে, অনলময়রৌরবে
দগ্ধজন লভিল কি শরণ্যে!
বিধি সদয়-অন্তরে, ভবজলধি দুস্তরে,
অর্পিল কি তরণি ঐমজন্যে!!
অমৃত জিনি এক্ষণে, তববচনসিঞ্চনে,
শান্তি পুনরুদিত হতচিত্তে;
বিষময়-ভবার্ণবে, তবসম কি সম্ভবে
বন্ধু মম বিপদ-বিনিবৃত্তে?
চির-অসুখমজ্জিতা বিষমতমলজ্জিতা,
বহ্নিচয় সতত হতবক্ষে,
তব-অতুলসদ্‌গুণে, লভিনু পুন এক্ষণে,
কান্তপদ, অমৃতমৃতপক্ষে।
শকতি কি অসজ্জনে, তবগুণ-সুকীর্ত্তনে,
দীপ্ত ভব তবসুযশ'রত্নে,
লভহ চিরমঙ্গলে, চিরযশ' সমুজ্জ্বলে,
প্রার্থি বিভুনিকট অতিযত্নে।
পরমহৃষ্টচিত-কৌণপকুলরবি অঞ্জলি লই নিজবক্ষে,
কহিলেন্ নত হই অতুলবিনয়সহ চরণকমল-পরিলক্ষ্যে।
দুর্লভ সম্যক্ বচননিমিত্তে,
হর্ষসুধাব্ধি প্রকটিত চিত্তে।
শান্তি অকস্মাৎ সমুদিত বিশ্বে,
স্নিগ্ধ সমন্তাৎ সুমধুরদৃশ্যে!
সংলভি আজ্ঞা জননি, তবাদ্য,
তৃপ্ত মমাত্মা প্রমুদিত সদ্যঃ।

অর্প অনুজ্ঞা জননি, কথঞ্চিৎ,
অর্পি পদাব্জে মণিমতিকিঞ্চিৎ।
কিম্বিধচিত্তে, তবমলিনাঙ্গে,
অর্পিব অম্ব, প্রভু-উতসঙ্গে!
শৈবলপুঞ্জে পরিবৃতকঞ্জে,
অর্পি অভীষ্টে, কভু মন'রঞ্জে?
মণ্ডনশূন্যা- স্বতনু সমীক্ষি,
দগ্ধ মমাত্মা সমধিকদুঃখী;
লুণ্ঠিতপুষ্প- ব্রততি সমীক্ষি,
দুঃখিত সর্ব্বে, কহিনু, সুলক্ষ্মি।

মিত্রবাক্য শুনি করকিসলয় যুড়ি পবিত্ররঘুকুললক্ষ্মী,
গদ্‌গদরবসহ অমৃত বরষি পুন' কহিলেন্ মৃদুল সমীক্ষি।

চিরপরমদুঃখিনী জনকনৃপনন্দিনী,
তুচ্ছতৃণসম পতিত বিশ্বে;
কি ফল কহ এক্ষণে, পরি রতনমণ্ডনে,
অন্ধজননিকট পটদৃশ্যে!
নৃপতিপতিসঙ্গিনী, তবু অধমবন্দিনী-
তুল্য রহি অররুগণদুর্গে,
সহি অসহলাঞ্ছনা, মরণ জিনি যন্ত্রণা,
মণ্ডিব কি তনু রতনবর্গে!
প্রভুচরণদর্শনে, উজলিত হবে ক্ষণে,
কান্তি মম সমলচিতসঙ্গে,
বিধুমুখ-সমীক্ষণে, তিমির হত তৎক্ষণে,
দীপ্তি পুন' রজনিমলিনাঙ্গে।

চল চলহ এক্ষণে, হৃদয়নিধি-ঈক্ষণে,
গৌণ বিষধরসদৃশ দংশে,
নিরখি হৃদয়েশ্বরে, দমি বিরহ দুর্দ্ধরে,
বৎস, তব পরিব অবতংসে।
শান্তিসলিলসম-বিশুদ্ধসুচরিতসরমা স্থিরতমনেত্রে,
নিরখি চরণযুগ কহিল তদন্তর সুমধুরবচন পবিত্রে।
অতুলতমে হৃদয়রমে কর করুণা সদয়চিতে,
চরণতলে প্রণত সদা তবসরমা পতিসহিতে।
তবমলিনা তনু নিরখি জ্বলিত সদা অনল মনে,
করহ কৃপা অধমজনে পরশি করে রতনগণে।
সঁপি কিমতে মসিসদৃশী- মলিনতনূ প্রভুচরণে,
পরহ শুভে, সদয়মনে রতনসনে কমবসনে।
সমলজলে কমলকলী তুলি যতনে ভকতগণে,
বিমল করি প্রচুরসুখে সঁপই সদা সুরচরণে।
চিন্তি ইতস্তত' রঘুকুলশশধর বান্ধব-অনুনয়বাক্যে,
সম্মত হইলেন্ দর্শি বিনয়বহু সমধিক-অবনতচক্ষে।
কৃতার্থ হই অতি কর্ব্বুর-অধিপতি কর যুড়ি অবনতশীর্ষে,
করিল উপস্থিত বিবিধরত্নময়মণ্ডন অতুলিতহর্ষে।
পরিলেন্ সুযুবতি রত্ন-অলঙ্কৃতি, ঝঙ্কতি মধুকর গঞ্জে,
শরচ্চন্দ্র জিনি সুন্দর-অবয়ব ঝলমলি বিজুলি বিগঞ্জে!
অনুপমমণিময়কিঙ্কিণিকঙ্কণ শশাঙ্ককর পরিনিন্দে,
রত্নবিনির্ম্মিতকুণ্ডল অতুলিত নিন্দই দিনকরবৃন্দে!
মণিময়-অঙ্গদবলয়সমুজ্জ্বল ঝলকিত কিরণতরঙ্গে,
বিদ্রুমবিরচিত-ললিতমাল্যবর গুম্ফিত গজমতিসঙ্গে।

কনককুসুমময়-পট্টবসনবর সুরধনু’তনু পরিগঞ্জে,
ঝলকিত দিগ্‌দশ, চমকিত জগজন ঝলমলসুকিরণপুঞ্জে !
কাঞ্চনবিরচিত-রম্যমঞ্চবর, অঙ্কিত মণিময়বস্ত্রে,
চৌদিশি চকমকি শতশতসৈনিক সজ্জিত বহুবিধ-অস্ত্রে।
বসিলেন্ মঞ্চ-উপরি রঘুকুলবিধু পতিপদ চিন্তি সযত্নে,
চলিল সর্ব্বজন জয়জয়রব করি, বর্ষি পুরত’ মণিরত্নে।
ক্রমশ উপস্থিত হইল সকলজন রঘুপতিচরণসমক্ষে,
মঞ্চ পরিত্যজি রঘুকুলপঙ্কজ অবতরিলেন্ নতচক্ষে।
পূর্ণরজনিকর বর্জ্জি গগনতল ধরণিপতিত কি অকস্মাৎ !!
অতুলবিজুলিদল পতিত কি মহিতল রশ্মি বিবর্ষি সমন্তাৎ !
বিস্ময়বিহ্বল হইল সর্ব্বজন নিরখি অচিন্তিতকান্তি,
স্নিগ্ধ জগৎত্রয় অমৃতসিক্তসম, উপচিত অতুলিতশান্তি।
পরমভক্তিসহ নমি পতিপদযুগ, বল্লরিসম নতশীর্ষে
রহিলেন্ সুযুবতি করপল্লব যুড়ি, শশিসম জলধরপার্শ্বে।
ব্যগ্র নিতান্ত নৃপতিকুলভাস্পতি উত্থিত হই, অতিযত্নে
কহিলেন্ নিঃশ্বসি বিষমবাক্যচয় লক্ষ্যি যুবতিকুলরত্নে।

অদ্য হইনু সুখিতচিত্ত, সংলভি পুন’ হৃদয়বিত্ত,
সর্ব্ব-অশিবকুল নিবৃত্ত, লব্ধ অমৃত এক্ষণে ;
দুঃখ লভিনু যত অনন্ত, অদ্য হইল সকল অন্ত,
সম্প্রতি কহি শুন নিতান্ত- সুস্থির হই সৎ-মনে।
রাক্ষসগৃহ-বসতিজন্য দুর্যশ’ তব হয় অগণ্য,
খণ্ডি বচনসব জঘন্য, অদ্য তবপরীক্ষণে ;
দর্শহ তব-অতুলপুণ্য, দুর্যশ’ সব করহ শূন্য,
সংবিশ মমবচনজন্য, বহ্নিনিচয় এক্ষণে।

দর্শহ সতি, নিজসতীত্ব, তুষ্ট করহ বিকলচিত্ত,
রক্ষহ রঘুকুলমহত্ত্ব, আত্মচরিতদর্শনে ;
ধন্য করহ সকলভৃত্য, বিস্তৃত কর নিজকৃতিত্ব,
চিত্ত-অনল কর নিবৃত্ত, শান্তি-অমৃতবর্ষণে ।
অচিন্ত্য-অপূর্ব্ববাক্যনিচয় শুনি, চমকি কণ্টকিতগাত্রে,
কহিলেন্ সকরুণ রঘুকুলসরসিজ, অশ্রুসমাপ্লুতনেত্রে ।
মরিমরি, কৃতান্ত রে, ছিল কি তব-অন্তরে,
শান্তিময়-মমহৃদয়কান্তে,
দিলি অসহযন্ত্রণা, সঁপিলি করি মন্ত্রণা,
ঘৃণ্যজন, বিমলচরণান্তে !!
উহু মরি, কি গঞ্জনা, মরণ জিনি লাঞ্ছনা,
তুচ্ছতম-অধমমমজন্যে,
রঘুকুলমহত্ত্ব সে ডুবিল চিরদুর্যশে,
দুঃখ কত ঘটিল নৃপ ধন্যে !
মমতনু-বিসর্জ্জনে, প্রভু, তব শুভক্ষণে,
শান্তি যদি হয় বিকলচিত্তে,
তবচরণচিন্তনে, সরলতমসৎ-মনে,
বর্জ্জি তনু তবসুখনিমিত্তে ।
চিরবিরহবহ্নিতে জ্বলিত তনু নিশ্চিতে,
শঙ্কিত কি চিত অনলকুণ্ডে ?
অনুপমমহৎসুখে, মরিব তবসম্মুখে,
শান্তিময় নিরখি তবতুণ্ডে ।
তখন নরেশ্বর-অনুমতি সংলভি কপিগণ বিষণ্ণচিত্তে,
করিল সমুদ্যম অশ্রুসলিল মুছি অদ্ভুতকার্য্যনিমিত্তে ।

প্রচুরসুগন্ধিকাষ্ঠ করি সংগ্রহ ঘৃতাক্ত করি অবিলম্বে,
করিল উজ্জ্বলিত অনলকুণ্ডবর অসংখ্যসূর্য্যবিড়ম্বে!
জ্বলিল বহ্নিচয় গর্জ্জি ভয়ঙ্কর মহাপ্রলয়সমদৃশ্য,
অনন্তদিগন্ত হইল উষ্ণতম, ঝলসিত সুবিপুলবিশ্ব!
মুহূর্ত্তমধ্য জগন্ময়বিস্তৃত হইল মহাদ্ভুততত্ত্ব,
সুরনরকিন্নর-সিদ্ধসাধ্যগণ পরমচমৎকৃতচিত্ত!
তখন সর্ব্বজন অগ্নিপরীক্ষণ-দর্শনজন্য সযত্নে,
হইল উপস্থিত বিপুলনভঃস্থল রঞ্জি মঞ্জুমণিরত্নে।
কুঞ্জরপতি'পর অমর-অধীশ্বর পরমসুসজ্জিত-অঙ্গে,
শিখিবর-উপরি শক্তিধর সুন্দর ঝলমলি রশ্মিতরঙ্গে।
বৃষভকুলেশ্বর-উপরি বৃষধ্বজ নিজগণসহ অবিলম্বে,
সিংহ-উপরি সমুপস্থিত চণ্ডী বিস্ময়ি অমরকদম্বে!
ভৈরবমহিষ-উপরি বসি অন্তক ঝটিতি উপস্থিত তত্র,
ফণিগণবেষ্টিত-ফণিপতি উপগত অতুলসমুজ্জ্বলগাত্র।
অপরসর্ব্বসুরকিন্নর উপগত ঝলমলি নিন্দি শশাঙ্কে,
অপূর্ব্বসমিতি সংঘটিত সত্বর নির্ম্মলতমগগনাঙ্কে!
বিস্ময়সহ অতি নিরখই সবজন নিম্নবহ্নিময়কুণ্ডে,
দমিত নিঃশ্বসিত, তনুরুহ উত্থিত, বাক্য রহিত সবতুণ্ডে।
অতুলভক্তিসহ রঘুকুলপঙ্কজ নতি করি পতিপদরত্নে,
শুদ্ধশান্ত হই পশিলেন্ ভৈরব-অনলকুণ্ড অতিযত্নে!
গগনরাজ্যসহ বর্জ্জি ঋক্ষকুল শশধর দুঃখিতচিত্তে
নিমগ্ন যদ্বিধ বড়ববহ্নিময়-জলধিমধ্য নিশি লুপ্তে!
মহার্ত্তকলরব সমুদিত দশদিশি, বিদীর্ণ সমুদয়বিশ্ব,
মৃতসম নিপতিত বিকলজগজ্জন, শমনহৃদয়ভিদদৃশ্য!

ক্রন্দন করি ঘন সুরনরকিন্নর মূর্চ্ছিত মুদ্রিতনেত্রে,
মসিচয়সদৃশ জগৎত্রয় বিমলিন থরথরকম্পিতগাত্রে !
দুঃখদগ্ধচিতঋক্ষ-অধিপ বসি করতল সমর্পি শীর্ষে,
পঙ্কিল করিল অবনিতল কপিকুল অশ্রুসলিল-অভিবর্ষে।
তখন ছন্নমতিকৌণপ-অধিপতি সবাষ্প-অনিমিষচক্ষে,
মহাব্যগ্র হই নিরখিল সত্বর অনলকুণ্ডপরিলক্ষ্যে।
দবাগ্নিঝলসিত-বিপিনমধ্যগত-কম্পিতনিজশিশুলক্ষ্যে,
ঈক্ষই যদ্বিধ খিন্নহৃদয়যুত-মৃগদম্পতি সজলাক্ষে !
অথবা প্রখরদিবসকর-জর্জ্জরমৃদুল-কুমুদমুখলক্ষ্যে,
ঈক্ষই যদ্বিধ দিবসবিবশবিধু পাণ্ডুবর্ণ মন'দুঃখে !
চমকিত হই অতি কর্ব্বুর-অধিপতি নিরখি মহাদ্ভুতকাণ্ডে,
গর্জ্জি অকস্মাৎ লম্ফ সমর্পিল অট্টহাস্যময়তুণ্ডে !
চৌদিশি ভৈরব-অনল উজ্জ্বলিত চমকি অমরনরবৃন্দে,
মধ্য-অবস্থিত রঘুমণি তপ'রত-উমাস্থৈর্য্য পরিনিন্দে।
বস্ত্র-অলঙ্কৃতি-ললিতমাল্যকুল অমলকমলকুলসঙ্গে,
সকলি পূর্ব্বমত অবিকল সংস্থিত অদগ্ধ-অবিকৃত-অঙ্গে !
অধিক কি মাল্যমধ্যগত-অলিদল নর্ত্তিত হরষিতচিত্ত,
চন্দনরসসম তুহিনসলিলসম অর্পই অনল সুশৈত্য !
পরমহৃষ্ট হই কর্ব্বুর-অধিপতি সম্মুখি নরপতিমিত্রে,
কহিল হস্ত যুড়ি মস্তক নত করি হর্ষ-অশ্রুময়নেত্রে।

ঈক্ষ সমক্ষে প্রভু, নিজভার্য্যা,
কিম্বিধধৈর্য্যে স্থিতিযুত আর্য্যা !
ভৈরবকুণ্ডে, অবিকৃতচিত্তে,
দর্শি বিশিষ্টে বিমলসতীত্বে !

সংশয় বর্জ্জি স্থির কর চিত্ত,
ঈক্ষ সহর্ষে অতুলসতীত্ব ;
পূর্ণপরীক্ষা হইল সমক্ষে,
ধর্ম্মসুপত্নী ; ধর নিজবক্ষে।
ঈক্ষি মহাত্মন্, অনুপমকার্য্যে,
শান্তি সুলব্ধা সমুদয়-আর্য্যে ;
ধন্য ধরিত্রী, জনক সুধন্য,
ধন্য সমস্তে, রঘুকুল ধন্য !!

অমনি চতুর্দ্দিশি ধন্যধন্যরব উত্থিত হইল অকস্মাৎ,
গর্জ্জিল জয়জয় সুরনরকিন্নর বন্দি বিনিন্দি সমন্তাৎ।
অতুলসতীত্বতত্ত্ব কহি জলনিধি চলিত মত্ত হই রঙ্গে,
বর্ণন করি যশ' চলিত গন্ধবহ ফুলপরিমলময়-অঙ্গে।
বর্ষিল তরুগণ কুসুমরত্নকুল পরমসুখান্বিতচিত্তে,
স্নিগ্ধসমুজ্জ্বল সুখিতজগৎত্রয় সতীত্বকিরণনিমিত্তে !
পরমচমৎকৃত-মহাব্যগ্রচিত-রঘুপতি বিচলিতবক্ষে,
পার্ষদগণসহ হইল উপস্থিত ভৈরবকুণ্ডসমক্ষে।
নিরখি মহাদ্ভুতদৃশ্য সবিস্ময় নরপতি, সমধিকযত্নে,
কহিলেন্ সম্মুখি পরমবিনয়সহ অতুলযুবতিকুলরত্নে।

সংশয়সব হইল অন্ত, শান্ত হইল জগদনন্ত,
পূর্ণ হইল ভব নিতান্ত, অদ্য তবমহদ্যশে ;
তৃপ্ত হইল নয়নকর্ণ, সম্প্রতি শুনি যশ'অবর্ণ্য,
শক্রনিচয়মুখ বিবর্ণ, পূর্ণসুখ দিবৌকসে।

২১। অবর্ণ্য=অবর্ণনীয়। ২২। দিবৌকস্=দেবতা।

বর্জ্জি হৃদয়-অসুখলক্ষ, ভৃত্য-উপরি কর কটাক্ষ,
স্নিগ্ধ করহ দগধবক্ষ, বাক্য-অমৃতসিঞ্চনে,
মার্জ্জহ মমকলুষপূর্ণ- নিষ্ঠুরতমচরিত তূর্ণ,
উজ্জ্বল হয় কনকবর্ণ, বহ্নিসহিতমিশ্রণে।
অমৃতপুঞ্জ জিনি মধুরবচন শুনি হর্ষ-উচ্ছলিতবক্ষে,
সুপ্তোত্থিতসম নিরখি চতুর্দ্দিশি মুনিমন’হর-মৃদুচক্ষে,
নির্গত হইলেন্ রঘুকুলশশধর অনলকুণ্ড পরিবর্জ্জি,
অমনি চতুর্দ্দিশি করিল জয়ধ্বনি জনগণ ঘনসম গর্জ্জি।
সুরগণ যদ্বিধ করিল জয়ধ্বনি হর্ষসহিত পরিলক্ষি,
উগ্রবড়বময়জলধি-সমুত্থিত-শশিসম-উজ্জ্বললক্ষ্মী।
বরষিল সুরকুল অতুলকল্পফুল নিমগ্ন সমধিকহর্ষে,
প্রণমিল দশদিশি হৃষ্টজগজ্জন ধরণিবিলুণ্ঠিতশীর্ষে।
ভুজযুগ বিসর্পি লইলেন্ হৃদুপরি হৃদয়রত্ন নৃপ হর্ষে,
স্নিগ্ধ হইল গুরুবিরহদগ্ধতনু মরুসম সলিলবিবর্ষে।
তখন উভয় মিলি বসিলেন্ স্থির হই মণিময়কাঞ্চনমঞ্চে,
অপূর্ব্ব-অতুলন যুগলসম্মিলন জগৎ-শান্তিসুখ সিঞ্চে!
ইন্দ্রসহিত শচি, মন্মথসহ রতি, জিষ্ণুবিষ্ণুসহ লক্ষ্মী,
কনকবিটপিসহ মণিময়বল্লরি, বিশ্ব মুগ্ধ পদ লক্ষি।
বরষিল কুসুমপুঞ্জ সুরগণ করি অমৃতসিক্ত মন’রঙ্গে,
বিমত্ত করি চিত হইল সমুত্থিত মধুরবাদ্য গগনাঙ্গে।
করিল জয়ধ্বনি সুরনরকিন্নর অতুলসুখান্বিতচিত্তে,
কম্পিত করিল অবনিতল কপিকুল অদ্ভুত-অভিনবনৃত্যে!
সুগন্ধিপবন সিঞ্চি ফুলপরিমল বহিল নিরতিশয়হর্ষে,
কহিলেন্ তখন নরেশ্বর সবিনয় অমৃতপুঞ্জ-অভিবর্ষে।

অদ্য লভিনু সুখ অনন্ত, দুঃখরজনি হইল অন্ত,
দগ্ধহৃদয় হইল শান্ত, সার্থ গণি পরিশ্রমে ;
বন্ধুনিচয়হৃদয় ধন্য, ধন্য অমরগণ শরণ্য,
লব্ধ হইল মম অগণ্য- পুণ্যসুখ বিনোদ্যমে !
দুর্গতিযুতনর নিকৃষ্ট, অর্পি কি কহ ধন বিশিষ্ট ?
মঙ্গলসহসুখ অভীষ্ট সংলভ সব সত্বরে ;
বদ্ধ রহিনু সহিত চিত্ত, বান্ধবগণ-গুণনিমিত্ত,
সংস্মরি সুরকপিসখিত্ব, তৃপ্ত হইব অন্তরে।
সম্প্রতি শুন, কহি সুতত্ত্ব, কর্ব্বুররবি-চিরমহত্ত্ব,
পূর্ণ করিল শপথ আত্ম, উদ্ধরি জনকাত্মজা,
বান্ধবগণ, কর সুকার্য্য, যদ্বিধ কহি, শুনি সধৈর্য্য,
অর্পণ কর বিপুলরাজ্য, দীপ্ত 'কর যশোধ্বজা।
কৌণপকুলরতন অদ্য সংস্থিত করি কনকসদ্ম,
ফুল্ল করহ হৃদয়পদ্ম, মিত্রমুখসমীক্ষণে,
শান্তি-অমৃত লভিব অদ্য, ধন্য হইব ধরণিমধ্য,
বাক্যসদৃশ করই সদ্য' কার্য্য সুজন সৎ-মনে।

রঘুপতিবচননিচয় শুনি সমধিকহর্ষিত হই সবসৈন্য,
করিল উপস্থিত কনকমঞ্চবর, কথিতমহোৎসবজন্য।
স্বয়ং নরেশ্বর অনুজসহিত মিলি অতুলমিত্রকুলরত্নে,
কাঞ্চনমঞ্চ-উপরি করিলেন্ স্থিত, সম্ভ্রমসহ অতিযত্নে।
উদয়-অচল'পর মঞ্জুলদিনকর, খঞ্জন সুললিতকঞ্জে,
উজ্জ্বলশিখিবর-উপরি শক্তিধরসদৃশ জগৎ-মন'রঞ্জে।
অর্চ্চিল জনগণ ভক্তিবিনয়সহ কুসুমরতন-অভিবর্ষে,
ঝলমলযুবতিসকল মিলি চৌদিশি করিল উলুধ্বনি হর্ষে।

মঙ্গলবাদ্য সমুত্থিত অনুপম সুমধুরঝঙ্কৃতিসঙ্গে,
অর্পিল সুরনরকিন্নর অতুলন-উপঢৌকন মন’রঙ্গে।
তখন মঞ্চবর পরিহরি অবতরি কর্ব্বুরপতি অতিযত্নে,
নমিলেন্ ফলনত-সুরতরুসন্নিভ রঘুপতিপদযুগরত্নে।
প্রণমি ভক্তিসহ অপরপূজ্যজন, মণিময়সমিতি বিশুদ্ধে,
বসিলেন্ স্থির হই পূর্ণচন্দ্রসম অনুপম-উড়ুগণমধ্যে !
তখন নরেশ্বর সম্বুধি সুরনর নিমগ্ন হই অতিহর্ষে,
কহিলেন্ সুমধুরবাক্যনিচয় পুন অমৃতপুঞ্জ-অভিবর্ষে।

তৃপ্ত হইল চিত অশান্ত, ঈক্ষি অতুলধরণিকান্ত,
খিন্নকুমুদসুখ নিতান্ত যদ্বিধ বিধুদর্শনে ;
দুঃখতিমিরময়নিশান্ত, বিশ্বহৃদয় পরমশান্ত,
ধর্ম্ম উদিত, শুভ অনন্ত লব্ধ সকলসজ্জনে।
ঈক্ষি সমরহত দশাস্য, কর্ব্বুর ছিল বিরস-আস্য,
সম্প্রতি পুন’ সরসহাস্য কৌণপগণ দর্শয়ে,
বিঘ্নবিপদময়কুরাজ্য অন্ত হইল, বুঝহ আর্য্য,
সংস্থিত পুন’ সুখদরাজ্য, মিত্ররতন-আশ্রয়ে।

কৃতার্থ হই অতি নবকর্ব্বুরপতি সমধিক-অবনতশার্ষে,
কহিলেন্ কর যুড়ি মৃদুলবচনচয় সুমধুরমধু-অভিবর্ষে।

মঙ্গল সম্যক্ প্রভু-পদপুণ্যে,
উত্থিত বিশ্বে জগর্জ্জনজন্যে ;
যত্রই ধর্ম্ম স্থিত জয় তত্র,
অন্যসমস্তে অনুবলমাত্র।
বিশ্বনিয়ন্তা তুমি চিরসত্য,
শক্তি কি ভৃত্যে কহি সুমহত্ত্ব !

মর্ত্ত্য-অমর্ত্ত্যে, প্রভু, তবসত্ত্বে,
স্তম্ভিত সম্যক্; বুঝিব কি তত্ত্বে!
বাক্য মহাত্মন্, শুনি, মম তূর্ণ,
কিঙ্করবাঞ্ছা কর পরিপূর্ণ।
অর্পি পদাব্জে, গণি চিরমিত্র,
কৌণপসদ্মে করহ পবিত্র,
ঈক্ষ মহাত্মন্, শশধর হর্ষে,
হর্ম্ম্য-অরণ্যে সমকর বর্ষে।

সম্মত হইলেন্ রঘুকুল-ঈশ্বর ভক্তমিত্রবরবাক্যে,
অনুমতি সংলভি তখন ভৃত্যগণ ছুটিল কনকপুরলক্ষ্যে।
ঝটিতি পরিষ্কৃত করিল নগরবর সুগন্ধিসলিলবিবর্ষে,
নগরবর্ত্মকুল-রত্নসৌধকুল সজ্জিত করিল সহর্ষে।
প্রতিপথ উজ্জ্বলি কদলবিটপিচয় সলিলপূর্ণঘটসঙ্গে,
ধ্বজকুল সজ্জিত সৌধশিখর'পরি ঝলমলকিরণতরঙ্গে।
ফুলফলপল্লবমুকুলবিগুম্ফিত-মাল্যনিচয় গৃহগাত্রে,
কনকরত্নমণিপূর্ণবিপণিকুল উজলই সতিমিররাত্রে!
চলিত ভৃত্যসম মলয়-অনিল মৃদু সিঞ্চি সুপরিমল সদ্যঃ,
প্রস্ফুটসরসিজবনসম সুন্দর কনকনগর পুন' অদ্য।
তখন সদলবল-রঘুকুলভাস্কর পশিলেন্ পুরবর হর্ষে,
প্রণমিল চৌদিশি পুলকিতজনগণ ধরণিবিলুণ্ঠিতশীর্ষে।
জগদ্ধ্বংসকর-কলুষ-অংশধর-অসুরবংশ বধি যুদ্ধে,
পশিলেন্ সুরপতি সুরদলবেষ্টিত সুন্দরসুরপুরমধ্যে।
সমিতিসদন পশি বসিলেন্ নৃপরবি মঞ্চ-উপরি মন'রঙ্গে,
বসিল সর্ব্বজন বেষ্টি চতুর্দ্দিশি কর যুড়ি সম্ভ্রমসঙ্গে।

হর্ষ-অমৃতময়-শান্তজগৎত্রয় হৃদয়তৃপ্তিকরদৃশ্য,
জয় জয় রঘুপতি জয় কর্ব্বুরপতিশব্দপূর্ণসববিশ্ব।
প্রফুল্লনগর পূর্ণশশধরসম শান্তিকান্তি পরিদর্শে,
বিবিধমহোৎসবনিরত সর্ব্বজন চিত্ত মত্ত গুরুহর্ষে।
ক্বচিৎ রত্নময়ললিতযুবতিগণ পট্টবসন পরি রঙ্গে,
চলিত পংক্তি রচি মঙ্গলঘটসহ মধুরকণ্ঠরবসঙ্গে।
ক্বচিৎ নধরতনুশিশুগণ নর্ত্তিত অতুলসুখাম্বুধিমগ্ন,
চন্দনচর্চ্চিতমৃদুল-অলিকতল, ঘুঙ্গুর কটিতটলগ্ন।
ক্বচিৎ পতিতকুল-বিপ্রনিচয় মিলি সমুপবিষ্ট সুখহর্ষে,
উপরি অপাশ্রয় লক্ষ-ছিদ্রময় অতুলদৃশ্য পরিদর্শে!
দশমুখরাজ্যসময় সব মৃতসম নিপতিত ছিল ভয়সঙ্গে,
সম্প্রতি পুনরপি সরসহাস্যযুত শাস্ত্রনিরত চিতরঙ্গে।
কিসাধ্য মম কহ বর্ণি বিপ্রগণ-অদ্ভুতমূর্ত্তিসমস্তে,
অতুলমান্যসহ কহিব কথঞ্চিৎ ভৃত্যসদৃশ যুড়ি হস্তে।
শুষ্ককাষ্ঠসম কণ্ঠহস্তপদ, অস্থি বিনির্গত বক্ষে,
কিন্তু উদরবর উচ্চ নিরতিশয়, রক্ত রহিত সিতচক্ষে।
কূর্চ্চরহিতমুখ অসিতচিহ্নযুত বিলিপ্ত, গণি, মসিচূর্ণ,
ক্ষুদ্র-অস্থিময়কর্কশনিতম্ব বিষমদদ্রুপরিপূর্ণ!
বিকটগন্ধময়বসন মলিনতম, পাংশুপূর্ণপদপত্র,
বিল্বসদৃশ মুণ্ডিতকৃশমস্তক দীর্ঘশিখা স্থিত তত্র।
দরিদ্র অতিশয়, অর্থগৃধ্নু অতি, উদর অন্নপরিশূন্য,
তবু যে স্থিত অসু অস্থিমধ্যগত পূর্ব্বপুরুষগণপুণ্য।

৯। পতিতকুল=জাতিভ্রষ্ট, অনার্য্য-ব্রাহ্মণ। ১০। অপাশ্রয়=চাঁদোয়া।

তখন বিপ্রগণ বসিল পংক্তি রচি বিভক্ত হই দুই-অংশে,
মধ্য-অবস্থিত মধ্যবর্ত্তিজন সতত আত্ম পরশংসে।
বৃদ্ধ নিরতিশয় মধ্যবর্ত্তিগুরু পক্ককদলসমবর্ণ,
স্বল্পদৃষ্টিযুত বক্রপৃষ্ঠকটি বধির কথঞ্চিত কর্ণ।
সতত কটিস্থিত শম্বুকবিরচিত-নস্যপাত্র কমদৃশ্য,
অনুপম গণি নিজবুদ্ধি গর্ব্বময়, তুচ্ছ গণই সববিশ্ব !
নিগমতন্ত্র লই সাঙ্খ্যসূত্র লই তখন উভয়দলমধ্যে,
হইল ভয়ঙ্করতর্ক উপস্থিত জিনি গজকচ্ছপযুদ্ধে !
ক্রমশ অগ্রসর হইল উভয়দল নিতম্ব ঘর্ষি সদম্ভে,
উঠিল বিপ্রগণ গর্জ্জি বহ্নিসম, মুক্তকচ্ছ অবিলম্বে !!
চৌদ্দপুরুষসহ ভর্ৎসিত উভদল সমধিককুৎসিতবাক্যে,
বচন পরিত্যজি তখন পরস্পর হস্ত চলিল উভপক্ষে।
ভগ্ন হইল বহুমস্তক-করপদ, দন্ত ভগ্ন বহুতুণ্ডে,
তবু অতি-উৎকটযুদ্ধনিরত সব নিন্দি সমররতষণ্ডে।
তখন সমুত্থিত মধ্যবর্ত্তিগুরু নিরখি ভয়ঙ্করদৃশ্যে,
ঊর্দ্ধহস্ত হই কহিল বাক্যবহু সম্বুধি সমুদয়শিষ্যে।
অমনি বুভুক্ষিত-বৃহদ্ব্যাঘ্রসম পড়িল গুরু-উপরি সর্ব্বে,
ছিণ্ডিল দীর্ঘশিখা প্রচুরাক্রমি তর্জ্জি গর্জ্জি অতিগর্ব্বে !
ভগ্নহস্তপদ-বিদীর্ণমস্তক-রুধিরসমাপ্লুতগাত্রে,
বস্ত্র নষ্ট করি পড়িল মহাদ্বিজ মূর্চ্ছিত হই মুদি নেত্রে !
ঝটিতি উপস্থিত শান্তিরক্ষিগণ লৌহলগুড় লই হস্তে,
নিরখি ভয়ঙ্করমূর্ত্তি বিপ্রকুল নিরব হইল নতমস্তে।
ক্বচিৎ প্লবঙ্গগণ ভল্লুকগণসহ চলিত নগরপরিদর্শে,
সুগন্ধিতৈলসহিত মার্জ্জিত করি দীর্ঘপুচ্ছ চিতহর্ষে।

অট্টহাস্যময়সমস্তজনপদ মগ্ন সুখাব্ধিতরঙ্গে,
বর্ষিত চৌদিশি নন্দনফুলকুল চন্দনমৃগমদসঙ্গে।
পরম-উল্লসিত-শান্তিকান্তিযুতজনগণ পুলকিতগাত্রে,
ভুঞ্জি অতুলসুখ সুরকুলসন্নিভ বঞ্চিল মধুময়রাত্রে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে প্রতিজ্ঞাপূরণং
নাম নবমঃ সর্গঃ।

দশমসর্গ।

সূর্য্য-উদয়সহ অপরসূর্য্যসম উত্থিত রঘুকুলসূর্য্য,
নমিল চতুর্দ্দিশি সমস্তজনগণ দরশনজন্য অধৈর্য্য।
পাত্রমিত্রসহ তখন নরেশ্বর-সমিতিসদন পশি হর্ষে,
বসিলেন্ সমুজলি উচ্চমঞ্চ'পরি শশিসমরশ্মিবিবর্ষে।
করযুগ সম্পুটি বসিল সর্ব্বজন চৌদিশি অবনতমস্তে,
কহিলেন্ তখন নরেশ্বর সুস্বরসহিত কৃতাঞ্জলিহস্তে।

বান্ধবগণ শুন, সুধন্য- মিত্ররতনসুকৃতিজন্য,
ভুঞ্জিনু কতসুখ অগণ্য, গঞ্জি অমরকিন্নরে;
বিশ্ব সুখিতহৃদয় অদ্য, মঙ্গল বহু উদিত সদ্য;
বঞ্ছিত মম কহিব অদ্য, শুদ্ধসরল-অন্তরে।
সত্য করিনু পিতৃপদান্ত, বন্যবসতি হইল অন্ত,
সম্প্রতি চিত অতি-অশান্ত, আত্মভবনদর্শনে;
মার্জ্জন কর মম-অশিষ্ট- দুর্গুণচয় অতিনিকৃষ্ট,
বান্ধবগণ কর নিদিষ্ট রাজ্যগমন এক্ষণে।
মাতৃনিচয় মৃতসদৃক্ষ, খিন্ন-অনুজগণ বিরুক্ষ,
দুঃমলিন সকলপক্ষ, ছন্নমতি মমপ্রজা;
দগ্ধহৃদয় দিবসরাত্র সর্ব্বমনুজ বিকৃতগাত্র,
মূৰ্চ্ছিতসম পতিত মাত্র বর্জ্জি তনয়-আত্মজা।

রঘুপতিবাক্যনিচয় শুনি সমধিকদুঃখসমন্বিতবক্ষে,
কহিলেন্ কর্ব্বুর-অধিপতি কর যুড়ি গলিত-অশ্রুময়চক্ষে।

কিম্বিধ বাক্যে, সুকঠিনচিত্তে,
উক্তিব আর্য্যে, গমননিমিত্তে !!
বর্জ্জি পদাব্জে, লভিব কি শান্তি ?
দগ্ধ মমাত্মা বিগ্রহ বিচিন্তি !!
কিঙ্করবর্গে, তবপদ ভিন্ন,
সম্বল বিশ্বে প্রভু, পরিশূন্য ;
দুঃস্থিত পদ্মে দিনমণি ভিন্ন,
বান্ধব বিশ্বে নহি, বিভু, অন্য।
যদ্যপি রাজ্যে গমন নিতান্ত,
ভৃত্যসমস্তে ধ্রুব তনু-অন্ত !
আশ্রিত সর্ব্বে লহ নিজসঙ্গে,
অম্বুধি বর্জ্জে কভু কি তরঙ্গে ?

মিত্রবাক্য শুনি তখন সকলজন সমধিক-উৎসুকচিত্তে,
সম্মত হইল হর্ষসহ অতিশয় নৃপসহ-গমননিমিত্তে।
ঋক্ষ-অধীশ্বর কিষ্কিন্ধেশ্বর পবনতনয় কপিসৈন্য-
প্রভৃতিসর্ব্বজন হইল সমুদ্যত নরপতিসহগতিজন্য।
অযুত-অযুতরথ হইল সুসজ্জিত সমুজলি সমুদয়বিশ্ব,
অশ্ব-উষ্ট্রগজ সজ্জিত শতশত কনকশৈলসমদৃশ্য !
ঝটিতি উপস্থিত পুষ্পকরথবর উজ্জ্বল জিনি নবসূর্য্য,
অনুজরত্নসহ পরমহৃষ্টচিত উঠিলেন্ নৃপতি সভার্য্য।
উজ্জ্বলি বিশ্ব বিপুলদলবলসহ নরপতি অতুলমহত্ত্বে,
জলনিধি লঙ্ঘি উপস্থিত সত্বর উত্তরতট সুখিচিত্তে।
তখন অকস্মাৎ ক্ষুব্ধ করি বিষম বিপুলসলিলনিধিবক্ষে,
কর যুড়ি জলধি-অধীশ্বর উত্থিত নৃপকুলতিলকসমক্ষে।

জলদ দীর্ণ করি নির্গত, পরিগণি, ঝলমল-উজ্জ্বলসূর্য্য,
বিপিন পরিত্যাজি মৃগপতি নির্গত বিসর্পি অনুপম-ঊর্জ্জ !!
প্রণমি চরণতল পরমভক্তিসহ কর যুড়ি অবনতশীর্ষে,
কহিল জলধিপতি গদ্গদরবসহ অমৃতপুঞ্জ-অভিবর্ষে।

ধন্য হইল নর-অমরসমস্তে,
ঈক্ষি চরণ তব সংনতমস্তে।
অনুপম তবগুণ বিশ্রুত বিশ্বে,
চিত্ত সদয় অতি অমরমনুষ্যে।
অদ্ভুত-অতুলিতশক্তিনিমিত্তে,
শান্তি উদিত পুন' সুরনরচিত্তে।
কিন্তু জগৎপতি, তবচিরভৃত্যে,
নির্দ্দয়চিত অহ, কহ, কি'নিমিত্তে ?
শৃঙ্খল সুকঠিন পরি নিজগাত্রে,
কার্য্য করিনু তব ইঙ্গিতমাত্রে,
লব্ধ কি ফল মম ভাগ্যকুবৃক্ষে,
বদ্ধ রহিনু চির বন্দিসদৃক্ষে !!
খলরাক্ষসপতি করিল কুকৃত্য,
শাস্তি লভিল তব-অনুগতভৃত্য !
দুর্ম্মদবৃত্র হরিল সুররাজ্যে,
মৃত্যু ঘটিল অহ মুনিবরপূজ্যে !
অদ্ভুত-অভিনব, অপর-অধর্ম্মে,
দণ্ড হইল মম বুঝিব কি মর্ম্মে !!

বরুণবচন শুনি লজ্জিত হই অতি রঘুপতি অবনতশীর্ষে,
কহিলেন্ সবিনয় বিমলবাক্যচয় সুমধুরমধু-অভিবর্ষে।

বান্ধব, লভি তবসুসঙ্গ, বন্ধন করি জলধি-অঙ্গ,
সঞ্চিত মম হৃদি, বরাঙ্গ, পূর্ণতমকৃতজ্ঞতা;
বন্ধুনিকট সতত বাধ্য ভাস্করকুল কহিনু, রাধ্য,
নিশ্চিত মম চির-অসাধ্য- ঘৃণ্যতমকৃতঘ্নতা।
সর্ব্ব-অমর, জলধিকান্ত, অর্চ্চিত মমহৃদি নিতান্ত,
ভৃত্যসদৃশ করিব, শান্ত, কার্য্য নয়ন-ইঙ্গিতে;
বান্ধববর, তবনিমিত্ত, লজ্জিত অতি হইল চিত্ত,
মার্জ্জহ গণি অধমভৃত্য, আত্মচরিতশক্তিতে।
বর্জ্জি বিষয়সকল অন্য, বন্ধন তব করিব ছিন্ন,
মিত্রহৃদয় নিরখি খিন্ন, দগ্ধ হইনু অন্তরে,
কিঙ্কর গণি অপরিহার্য্য, মার্জ্জহ মমকলুষ, আর্য্য,
নিশ্চয় তবকথিতকার্য্য সিদ্ধ করিব সত্বরে।

কথনান্তর অতি তীক্ষ্ণবিশিখ লই, জলধিবন্ধ তিনখণ্ডে,
বিভক্ত করিলেন্ নৃপতিকুলেশ্বর পরশুসদৃশ তরুকাণ্ডে।
কলকলরব করি চলিল সলিলনিধি গিরিসমতুঙ্গতরঙ্গে,
নিগড়বিমুক্ত-মদোন্মদগজপতি যদ্বিধ চলিত মহাঙ্গে!
পরমহৃষ্ট হই জলধি-অধীশ্বর নমি নৃপচরণ বিশুদ্ধে,
অসঙ্খ্যরত্ন সমর্পি যত্নসহ পশিল জলধিজলমধ্যে।
তখন নরেশ্বর মধ্যখণ্ডপর মন্দির রচি মণিরত্নে,
পরমভক্তিসহ শঙ্কর সংস্থিত করিলেন্ সমধিকযত্নে।
অঙ্গ ধৌত করি ভুঞ্জি অমৃতফল অতিশয়পুলকিতবক্ষে,
চলিলেন্ নরপতি পুনরপি দলবল-সংহতি নিজগৃহলক্ষ্যে।

২। বরাঙ্গ=হে সুন্দরাঙ্গ। ১১। অপরিহার্য্য=অবর্জ্জনীয়।

ধ্বনিল বৃহদ্ভমদুন্দুভি মণিময় হস্তিপৃষ্ঠ'পরি অগ্রে,
প্রলয়বজ্র জিনি শব্দ ভয়ঙ্কর বিস্ময়ি বিশ্বসমগ্রে !
চলিল তদন্তর তূর্য্যশব্দ করি সজ্জিতমনুজ সদর্পে,
মণিময়বর্ম্ম-কিরণচয় চৌদিশি চকমকি বিজুলি বিসর্পে !
তৎপর অনুপমবাদ্যকরনিকর মধুরবাদ্যরবসঙ্গে,
চলিত নৃত্যসহ চিত্ত মুগ্ধ করি রত্নবিমণ্ডিত-অঙ্গে।
অতুলিতসজ্জিত-সৈন্যনিচয় যন্ত পংক্তি বিরচি চিতহর্ষে,
চলিত তদন্তর তরঙ্গসন্নিভ ঝলমলি কিরণবিবর্ষে।
কুসুমমাল্য-পরিমণ্ডিত-মণিময়সুমহান্ধ্বজকুল ঊর্দ্ধে,
উড়ুদলবিম্বিত-বিমললহরিসম বিচুলিত অনিল বিশুদ্ধে।
লক্ষলক্ষগজতুরগ সুসজ্জিত চলিত সৈন্যসহ পশ্চাৎ,
সিংহশব্দ জিনি বৃংহিত ভৈরব, মুখরিত ভুবন সমন্তাৎ !
গিরিসম-অগণিততুরগ-পদগগজ-উৎকটপদভরদর্পে,
প্রলয়জলদসম পাংশু সমুত্থিত মসিসমদৃশ্যবিসর্পে !
যুগান্তধূম্রসদৃশ অতিভৈরব, জলধিসলিলসমদৃশ্য,
সৈন্যভয়ার্ত্ত-অবনি-মূর্চ্ছান্ধকসম্বৃত, গণি, সববিশ্ব।
দিনকরকমলদলন-গজদল, গণি, উত্থিত হইল অকস্মাৎ,
ক্রকচপতিতচন্দনচূর্ণসদৃশ বিস্তৃত পাংশু সমন্তাৎ !
সুরধুনিসন্নিভ হরিপদসম্ভব, কৌতুকিসম অতিরঙ্গে,
রুদ্ধ করই ঘন নয়ন, মত্তসম অবিরত নিপতিত অঙ্গে।
কুসুমমাল্যসজ্জিতপুষ্পকরথ চকমকি চলিত তদন্তে,
অযুত-অযুতরথ বেষ্টি চতুর্দ্দিশি উজলিল ভুবন অনন্তে !!

১৬। মূর্চ্ছান্ধক=মূর্চ্ছারূপ-অন্ধকার। ১৮। ক্রকচ=করাত।
১৯। হরি=বিষ্ণু ও অশ্ব।

মঞ্জুলকিরণ বিসর্পি ইতস্তত' রঞ্জি বিপুলতমবিশ্বে,
অসঙ্খ্যসূর্য্য চলিত, গণি, যুগপৎ বিরচি মহাদ্ভুতদৃশ্যে !
যত্র যত্র রঘুপতি সমুপস্থিত লই নিজসৈন্যসমস্তে,
তত্র তত্র নৃপবর্গ উপস্থিত উপঢৌকন লই হস্তে।
চলিত নরেশ্বর বিশ্ববিজয় করি দলবলসহ চিতহর্ষে,
ক্রমশ উপস্থিত হইল সর্ব্বজন গুহক-পল্লিবরপার্শ্বে।
সান্ধ্যধূম্রচয় সমুদিত চৌদিশি বাষ্পসদৃশ পরিদৃষ্ট,
জম্বুককুক্কুরকলরব উত্থিত কর্কশতম-অপকৃষ্ট।
ক্বচিৎ বৃহত্তমশাল্মলিতরুবর শকুনিগৃধিনিরবপূর্ণ,
ক্বচিৎ ঝিল্লিরবমুখরবংশকুল পক্ক-আম্রসমবর্ণ।
স্বল্পজলান্বিতসরস ইতস্তত' কর্দ্দমশৈবল-ছন্ন,
বিবিধবর্ণদর্দ্দুরদল অবিরল কলরব করি অবসন্ন।
শবরযুবতিগণ কৃষ্ণবর্ণতনু পূর্ণকলস লই কক্ষে,
আর্দ্রবস্ত্রচয় অংস-উপরি ধরি চলিত আত্মগৃহলক্ষ্যে।
উলঙ্গশিশুগণ মৎস্য-বড়িশ লই চলিত নৃত্য করি রঙ্গে,
শীর্ষ-উপরিতৃণকাষ্ঠযুবকগণ চলিত মহিষগরুসঙ্গে।
ক্বচিৎ প্রৌঢ়তরবিকটশরবর বিবিধবিহগ বধি রঙ্গে,
রজ্জুবদ্ধ করি পৃষ্ঠ-উপরি ধরি চলিত কুকুরকুলসঙ্গে।
ক্বচিৎ ধূম্রময়-অনলকুণ্ড'পরি দগ্ধি মৎস্য মন'রঙ্গে,
ধান্যমদ্যসহ ভক্ষই যুবগণ কুর্দ্দনকলরবসঙ্গে।
ক্ষুদ্রনিম্ন-তৃণবিরচিতগৃহকুল পংক্তিবদ্ধ হই তিষ্ঠে,
প্রতিগৃহ-অঙ্গন-উপরি অবস্থিত উচ্চবিটঙ্ক বিশিষ্টে।

১০। বংশ=বাঁশ। ১২। দর্দ্দুর=ভেক। ২২। বিটঙ্ক=কবুতরের বাসা।

ক্বচিৎবৃদ্ধতরশবরনিকর মিলি গঞ্জিক ভক্ষি নিতান্ত,
ভগ্নমৃদঙ্গসহিত কীর্ত্তনরত নর্ত্তন করি অফুরন্ত।
গ্রাম্যদৃশ্যচয় নিরখি হৃষ্টমতিরঘুপতি জনৈকভৃত্যে
কহিলেন্ প্রিয়তমগুহকসন্নিকট সত্বর গমননিমিত্তে।
অনুমতি সংলভি সুযোগ্য-অনুচর পরম-উল্লসিতচিত্তে,
গুহকসদন পশি কহিল বিনয়সহ নৃপতি-উপস্থিতিতত্ত্বে।
মৃতসম নিপতিত ছিল শবরেশ্বর পাংশুবিলুণ্ঠিতগাত্রে,
নৃপতি-তত্ত্ব শুনি উত্থিত সত্বর হর্ষ-অশ্রুময়নেত্রে।
অমৃততুল্যজলধরজল সংলভি শিশিরবিমর্দ্দিত-অঙ্গে,
পুনরপি সরসসুদর্শন যদ্বিধ তরুবর ফুলফলসঙ্গে।
মহাব্যগ্র হই বসন অসম্বরি চলিল গুহক চিতরঙ্গে,
পুত্রপৌত্রসহ শুষ্কমৎস্যফল-উপঢৌকন লই সঙ্গে।
নবজলধরসম-শবরসৈন্যগণ চলিল শবরপতিপশ্চাৎ,
যমুনোচ্ছলিতসলিলচয়, পরিগণি, বিস্তৃত হইল সমন্তাৎ !!
প্রলয়রজনিকুল সমুদিত, পরিগণি, ভুবনবিমর্দ্দনজন্যে,
মদকলগজদল বন্যমহিষকুলসহিত কি চলিত অরণ্যে ?
চলিল শবরপতি ভক্তিমত্তমতি ঢুলুঢুলুঢুলি মন'রঙ্গে,
পশ্চাৎ চলিল শবরগণ অগণন গণসম শঙ্করসঙ্গে।
ক্রমশ উপস্থিত হই নৃপসন্নিধি ভুজ বিস্তৃত করি হর্ষে,
ধরিল বেষ্টি নৃপকণ্ঠ গজেশ্বর যদ্বিধ সরসিজ কর্ষে।
অঞ্চলবন্ধন খুলি শবরেশ্বর বিশুষ্কফল লই যত্নে,
অর্পিল তখন হর্ষসহ সত্বর নৃপতি-অতুলমুখরত্নে।

১। গঞ্জিক=গাঁজা। ১৪। যমুনোচ্ছলিত=যমুনা হইতে উত্থিত।

খর্ব্বস্থরঞ্জিত-নিজগৃহনির্ম্মিত-বিবিধবস্ত্রচয়সঙ্গে,
অর্পিল বিশুষ্কমৎস্য-মাংসকুল পরমপুলকযুত-অঙ্গে !!
নিরখি গুহককৃতকার্য্য আর্য্যগণ অধৈর্য্য হইল নিতান্ত,
তখন নরেশ্বর কহিলেন্ সুবচন জনগণমন' করি শান্ত।

বান্ধববর-সরলকর্ম্ম ঈক্ষি সকল গলিতঘর্ম্ম,
বোধ্য কি কভু গুহকমর্ম্ম, মুগ্ধমনুজ দুর্ব্বলে ?
শুদ্ধসরলচরিতশান্ত মিত্রগুহক মম নিতান্ত,
বন্ধুসদৃশ ভকতিমন্ত দুর্ল্লভ ভবমণ্ডলে।
ধর্ম্মসদৃশ চিরপবিত্র, পূজ্যগিরিশসম চরিত্র,
শুদ্ধগুহকসদৃশমিত্র অন্য কি কভু সম্ভবে ?
দুঃখজলধি হইল অন্ত, শান্তি লভিনু পুন অনন্ত,
ধন্য হইনু লভি নিতান্ত অদ্য হৃদয়বান্ধবে।

নৃপতিবচন শুনি অকপটশিশুসম চৌদিশি নিরখি সহর্ষে,
কহিল শবরপতি শুদ্ধসরলমতি করযুগ যুড়ি নৃপপার্শ্বে।

সজ্জনতোষিনীচ্ছন্দঃ।

অতিবিচিত্র নৃপচরিত্র বুঝিনু মিত্র নিশ্চিতে,
অধমভৃত্য- সরলচিত্ত দহিলি নিত্য বহ্নিতে !!
করি বিচূর্ণ হৃদয় তূর্ণ বিরহপূর্ণ- বজ্জরে,
পশি অরণ্য হইলি ধন্য ভুলি অধন্য- কিঙ্করে।
বিগতশান্তি মলিনকান্তি বদন চিন্তি সর্ব্বদা,
মৃতসদৃক্ষ রহিনু ঈক্ষ দগধবৃক্ষ- বৎ সদা।

১৭। বজ্জরে = বজ্রে।

ত্যজিনু খাদ্য বিপিনমধ্য পশিলি রাধ্য যে ক্ষণে,
পতিত অশ্রু সুধু অজস্র শতসহস্র- যন্ত্রণে।
ত্যজিবি ভৃত্য বিকলচিত্ত যদি সখিত্ব বর্জ্জিয়ে,
তবসমক্ষ চিড়িব বক্ষ' বিশিখলক্ষ বিন্ধিয়ে।
কত অগণ্য সুকৃতিজন্য পুন'সুধন্য- বান্ধবে
লভিনু অদ্য ভবনমধ্য, মজিনু সদ্য উৎসবে।
গুহকবাক্য শুনি কুহক-মুগ্ধসম নরপতি দলবলসঙ্গে,
পবিত্র করিলেন্ ক্ষুদ্রশবরগৃহ, রজনি বঞ্চি মন'রঙ্গে।
শ্রান্তি অন্ত করি উঠিলেন্ রঘুপতি মধুররজনি অবসন্নে,
চলিলেন্ পুনরপি পাত্রমিত্রসহ দশদিশি উজলি সসৈন্যে।
বহুনদহ্রদনগনগর অতিক্রমি বিবিধ নিরখি সুখহর্ষে,
ক্রমশ উপস্থিত ভরদ্বাজমুনি-পবিত্র-আশ্রমপার্শ্বে।
জনৈক-অনুচর গত হই সত্বর সুবিদিত করি নৃপতত্ত্বে,
মুনি-অনুমতি লভি কহিল বিবরি পুন' নৃপতিনিকট সুখিচিত্তে।
বর্জ্জি অপরজন সভার্য্য-নরপতি আর্য্য-অনুজ লই সঙ্গে,
পশিলেন্ ত্যজি রথ বিরিঞ্চি-পুরসম-আশ্রমবর মন'রঙ্গে।
চৌদিশি উজ্জ্বল-ফুল্ল-বল্লিকুল বিহুলিত পল্লবসঙ্গে,
অভ্যর্থন, গণি, করই সতত সব-অতিথিপথিক চিতরঙ্গে।
অলিকুল-ঝঙ্কৃত-ললিতকুসুমকুল দশদিশি কিরণ বিবর্ষে,
সুরম্যপিককুল সুরবংশ জিনি কলরবরত চিতহর্ষে।
শান্তদৃষ্টিযুত-অচকিতমৃগকুল চলিত ইতস্তত' রঙ্গে,
নর্ত্তিত শিখিকুল পুচ্ছ বিতত করি নিন্দি ইন্দ্রধনু'অঙ্গে।
কৌতুকরত যতঋষিশিশু অবিরত ধরি ধরি হরিণকদম্বে,
জরান্ধ-মুনিগণ চলিত ইতস্তত' মর্কট-কর-অবলম্বে।

ভল্লুকদশনমধ্যগতশাল্লুক উল্লুকগণ অতিহর্ষে,
কর্ষই অবিরত বদন বিকৃত করি তির্য্যক্‌বিনমিতশীর্ষে।
ক্বচিৎ-ছাত্রগণ শাস্ত্রপঠনরত বৈদিকসুস্বরসঙ্গে,
ক্বচিৎ বিবিধদৈবতকুল অর্চ্চিত জাগ্রতমন্ত্রতরঙ্গে।
ক্বচিৎ যজ্ঞ পরিরব্ধ মহত্তম পবিত্র করি সববিশ্বে,
ক্বচিৎ শিষ্যগণ ষট্‌কর্ম্মনিপুণ মুগ্ধি চিত্ত কমদৃশ্যে!
মূর্ত্তশুদ্ধিসম বিশুদ্ধ আশ্রম সুরনরকিন্নর বন্দে,
অবিরত সুগন্ধপূর্ণ অতুলতম-অমৃতনিন্দিচরুগন্ধে।
নিরখি ইতস্তত' চলিত নরেশ্বর হৃদয় পূর্ণ গুরুহর্ষে,
ক্রমশ উপস্থিত হইলেন্ সুবিমলসুললিত-কিংশুকপার্শ্বে।
অলক্তরক্তিমফুলপল্লবময়তরুবর সুরতরু গঞ্জে,
পূর্ণ বিটপিবর মুনিগণরক্ষিত-অজিন-জলকরকপুঞ্জে।
উচ্চ নিরতিশয়—উত্থিত, পরিগণি, দিগন্তদর্শনজন্যে,
অখিলবিটপিকুল-অধিপতি, পরিগণি, অনুপমতরুবর ধন্যে।
মুরহরসদৃশ সুসজ্জিত অবিরত বিবিধবিশদবনমাল্যে,
জলধরসন্নিভ দর্শিত-উন্নতি সুবিপুলগগন অতুল্যে।
বনদৈবতগণ-ভুবনসমীক্ষণ-সৌধসদৃশ পরিদৃষ্ট,
বিটপি-চিত্তসম-চপলভৃঙ্গকুল অবিরল বিবরনিবিষ্ট।
বর্ণিততরুতল অধিদৈবত করি ভরদ্বাজ উপবিষ্ট,
মূর্ত্তধর্ম্মসম শান্তিসমন্বিত অনুপমকান্তিবিশিষ্ট।
জরৎকল্পতরুসদৃশ-জরান্বিত-কম্পিতসুমৃদুল-অঙ্গ
ধবলভস্মময়, নিন্দি তুহিনময়-সুললিতহিমগিরিশৃঙ্গ।

১। শাল্লুক–শালুক। ৮। চরু=পায়স। ১২। জলকরক=জলপাত্র।

পুণ্যবিটপিবর-মঞ্জরিসন্নিভ মঞ্জুজটা স্থিত মস্তে,
সুরপুরগমনজন্য বিরচিত, গণি, রজ্জুস্তর বিধিহস্তে।
সুন্দরবিশুভ্র-সুমহৎত্রিপুণ্ড্র অলিকপট্ট অবতংসে,
ত্রিপথচলিত-সুরধুনিজল যদ্বিধ হৈম-অচল-শিখরাংশে।
সত্যাঙ্কুরসম-দশন্-অংশুচয় নির্গত বিমলমুখাগ্রে,
শতদলদলসম-বিশুভ্রভুরুযুগ সংরুধি দৃষ্টিসমগ্রে।
ইন্দ্রিয়-অশ্ব-দমন-রশ্মিসদৃশ উত্থিত ধমনি কৃশাঙ্গে,
রজততন্তুসম-ধবলকূর্চ্চকুল বিদুলিত অনিলতরঙ্গে।
মৌক্তিকসরসম-বিমল-অক্ষসর ঘূর্ণিত অবিরত হস্তে,
তুহিনরচিতসম-শুদ্ধশুভ্রতমবল্কল অঙ্গ সমস্তে।
ত্রিদণ্ড-উপরি কমণ্ডলুমণ্ডল নবরবিকান্তি বিবর্ষে,
বিকচকমলচয় যদ্বিধ সংস্থিত রম্যহংসবরপার্শ্বে।
চৌদিশি অগণন-মনস্বিমুনিগণ সুস্থিত বিনয় বিশিষ্টে,
কনক-অচলবর বেষ্টি যথা স্থিরকুলপর্ব্বতকুল তিষ্ঠে।
সম্ভ্রমসহ অতি রঘুকুল-ভাস্পতি নমিলেন্ সুবিনতমস্তে,
অতুলযত্নসহ করিলেন্ অর্চ্চন কুসুমাঞ্জলি লই হস্তে।
পরমতুষ্ট হই ঋষিশ্রেষ্ঠ উঠি অজিন অর্পি সুখিচিত্তে,
স্নিগ্ধদৃষ্টিসহ অনুমতি করিলেন্ ক্লান্ত্যপনয়ননিমিত্তে।
করযুগ সম্পুটি বসিলেন্ তিনজন অনুগতসম নতশীর্ষে,
কহিলেন্ তখন মুনীশ্বর সুমধুরবাক্য অমৃত-অভিবর্ষে।

২। স্তর=সিঁড়ি। ৪। হৈম-অচল=সুমেরু। ৫। সত্যাঙ্কুর=সত্যের অঙ্কুর।
৭। রশ্মি=লাগাম, বল্‌গা। ১১। ত্রিদণ্ড=ত্রিপদী।

সুরধুনিচ্ছন্দঃ।

অতি-অচিন্ত্যসুঘটন, অপূর্ব্বদরশন
সমীক্ষি অগণনপুণ্যে !
তনু পবিত্র অতিশয়, দুরন্তযমভয়
বিলুপ্ত সমুদয় শূন্যে।
মমতপঃ-প্রচুরফল সুলব্ধ অবিকল,
সুসার্থক সকল অদ্য,
চিত বিশুদ্ধসুখময়, নিরুদ্ধ ভবভয়,
কৃতার্থ অতিশয় সদ্যঃ।

পরমপবিত্রবচন শুনি নৃপমণি সমধিক-অবনতমস্তে,
কহিলেন্ সুমধুর-বিমলবাক্য যুড়ি নবকিসলয়সমহস্তে।

শান্তিসহিত সুখ অনন্ত অদ্য লভিনু মুনিমহান্ত,
শুদ্ধ হইল জগদনন্ত মেধ্যচরণদর্শনে ;
তৃপ্ত হইল তৃষিতকর্ণ, শুষ্কবিটপি-সরসপর্ণ,
স্নিগ্ধ হইল ভুবনবর্ণ, বাক্য-অমৃতবর্ষণে।
বাঞ্ছিত মমহৃদয়মধ্য, কিঞ্চিত শুনি পরমশুদ্ধ-
বিশ্ববিষয়, বলহ অদ্য, তন্ত্রিসমসুধাস্বরে ;
সম্প্রতি হই সদয়চিত্ত, বর্ণন করি ভুবনতত্ত্ব,
তৃপ্ত করহ অধমভৃত্য, শম্ভুসম গণেশ্বরে।
কিম্বিধ করি অখিলবিশ্ব সৃষ্ট হইল অতিসুদৃশ্য,
বঞ্চিত তব অধমশিষ্য, মর্ম্মনিচয়সংগ্রহে ;

১৬। তন্ত্রী=সেতারপ্রভৃতি।

জন্তুবিবিধ জনমি অত্র, মৃত্যুপরত' বিগত কুত্র ?
জন্মমরণ-নিভৃতসূত্র- তত্ত্ব কহ অনুগ্রহে।
স্বর্গনরক সব কি সত্য ? কল্পিতসম উত অসত্য,
পুণ্যকলুষনিভৃততথ্য; বর্ণহ বিভু এক্ষণে ;
জন্ম কি পুন' ঘটিত নব্য ? কর্ম্মসদৃশ ফল, কি লভ্য ?
সম্বদ সব, ভুবনভাব্য, বাক্য-অমৃতসিঞ্চনে।
মধুরবাক্য শুনি আগ্রহসহ অতি সম্বুধি নৃপকুলরত্নে,
কহিলেন্ তখন মুনীশ্বর সবিনয় বচননিচয় অতিযত্নে।

শুনি সদুক্তি সুবিমল, সুশান্ত ঋষিদল,
প্রপূর্ণ ভবতল ধর্ম্মে ;
কহি মমাত্মমতিমত জগদ্বিষয় যত,
বিরিঞ্চি-অভিমতমর্ম্মে।
ভব অচিন্ত্যবিরচিত, কথঞ্চিত বিদিত,
সুসিদ্ধঋষিচিতচক্ষে ;
কহ, কি সাধ্য মৃদুনর অভিজ্ঞ হয় পর ?
অবোধ্য সুরবরপক্ষে !!
জগদনন্ত অতিশয়, অচিন্ত্যগুণময়,
নৃ-বাক্য হত হয় অত্র ;
বুঝ, বিরিঞ্চি-বিরচিত- মহৎ-শ্রুতিলিখিত
অবাঙ্মন'বিদিত মাত্র !!
রয় অনিত্যধনজন- মমত্ব যত দিন,
অহঙ্কৃতি-মলিন চিত্ত ;

৬। ভুবনভাব্য=জগৎচিন্তনীয়। ১৫। পর=অত্যন্ত।

যত সুকর্ম্মকুকরণ, কি জন্ম কি মরণ,
সমস্ত তত দিন সত্য।
যদি মমত্ব অপগত, অহঙ্কৃতি নিহত,
নির্লিপ্তচিত হতগর্ব্ব,
ধ্রুব বিনষ্ট তৃণসম, কি মৃত্যু কি জনম,
সুকর্ম্মকুকরমসর্ব্ব।
হয় বিলুপ্ত সমুদয়- অদৃষ্টফলচয়,
চিদাত্ম রয় অবশিষ্ট ;
অতি-অপূর্ব্ব হয় মন' অচিন্ত্য-অঘটন,
অনন্যজনগণদৃষ্ট !!
যত-অশিষ্টজগজন, অহঙ্কৃতিমগন,
অনিত্যধনজনমত্ত,
হয় কৃতান্তকবলিত, অনর্থ গণি হিত,
নিতান্ত-অবিদিততত্ত্ব।
শুদ্ধবচন শুনি নরকুল-পুঙ্গব সমধিক-অবনতশীর্ষে,
কহিলেন্ করযুগ সম্পুটি সবিনয় অমল-অমৃত-অভিবর্ষে।
ধন্য হইল অধমভৃত্য, তৃপ্ত হইল তৃষিতচিত্ত,
সম্প্রতি সুখ লভিনু নিত্য, পূজ্যপদ-অনুগ্রহে ;
অদ্য বুঝিনু ভুবনতথ্য, মান্য-অমরগুরু-অকথ্য,
লব্ধ হইল, গণি, সুপথ্য, রুগ্নভগনবিগ্রহে।
সম্প্রতি শুন অপরতত্ত্ব, উৎসুকচিত সকলভৃত্য,
কিঞ্চিত তবতপ'মহত্ত্ব- দুর্ল্লভধনদর্শনে,

৭। অদৃষ্ট=কর্ম্ম। ২০। ভগন=ভগ্ন।

সত্বর হই সদয়চিত্ত,　　তৃপ্ত করহ অধমভৃত্য,
বর্ষই জল জলদ নিত্য,　　আর্ত্তবিহগতর্পণে।
নৃপতিবাক্য শুনি মৃদুলহাস্যসহ তখন ঋষীশ্বর হর্ষে,
কহিলেন্ দশদিশি পবিত্র করি অতি পুণ্যবচন-অভিবর্ষে।
অতি-অধন্যতপ' মম,　　নগণ্যজনসম,
জঘন্যতম মমশক্তি ;
কহ, কি সাধ্য গুণগণ　　সুদর্শি অতুলন,
বিকর্ষি জনগণ-ভক্তি ?
অতি-অসঙ্খ্য তপ'বল,　　মহাদ্ভুত সকল,
অচিন্ত্যশুভফল বর্ষে ;
তবু মুমুক্ষুমুনি যত,　　বিতৃষ্ণ অবিরত,
বিবর্জ্জই সতত হর্ষে।
যদি নিতান্ত দরশন-　　নিমিত্ত তবমন'
অভীপ্সু, নিজগণসঙ্গে,
কর অভীষ্টদরশন,　　সুশিষ্টজনগণ,
নিবিষ্ট হই মন'রঙ্গে।
কথনান্তর অতিসুস্থির হই বসি সংযম করি মুদি চক্ষে,
বিকসিত করিলেন্ অদ্ভুততপ'বল বিস্ময়ি সুরনরযক্ষে।
অসঙ্খ্য-অসঙ্খ্যহর্ম্ম্য রত্নময় চৌদিশি উদিত অকস্মাৎ,
শতশতসুরম্য-অনুপম-উপবন সজ্জিত সদনসমন্তাৎ!
কনকরত্নময়-কতশতমন্দির গগন বিচুম্বিল তূর্ণ,
কমলকুমুদময়-শতশতসর'বর অমৃতসদৃশজলপূর্ণ!
সৃষ্ট হইল বহুমিষ্টখাদ্যতরু নিরখি অমরপতি মত্ত,
কি সাধ্য মম কহ বর্ণি অধম হই? কহিব কথঞ্চিতত্ত্ব।

আর্দ্রককুচিযুত-তপ্তকচুরি-লুচি, তরুগণ-সুললিতপর্ণ,
সরস-জিলিপিকুল পল্লব অনুপম সুরক্তমণিসমবর্ণ !
সুমৃদুলমতিচুর ফুল্লকুসুমচয় সুগন্ধবিততি অতুল্যা,
সুরকুলবাঞ্ছিত-সুরম্যফল যত অতুলসরসরসগোল্লা !!
সুমধুরপানতুও বিমলমুকুলকুল, তরুরস মধুময়দুগ্ধ,
শুভ্রগজা স্থিত বেষ্টি বিটপিতনু, নিরখি সুরেশ্বর মুগ্ধ !
বিবিধবিহগগণ বিটপি-উপরি বসি নবনীপ্রগঠিত-অঙ্গ,
মিশ্রিরচিত-মৃদুশুভ্রশিকড়কুল ঢলঢলসুরসতরঙ্গ !
অগণিতবিপণি রত্নমণিসজ্জিত উজ্জ্বলকিরণ বিবর্ষে,
চলিত চতুর্দ্দিশি অসঙ্খ্যজনগণ সহাস্যবদন সহর্ষে।
ভুবন মুগ্ধ করি বসন্ত অবিরত সমুপস্থিত চিতরঙ্গে,
সুগন্ধিমলয়-মধুপকুলঝঙ্কৃতি পিককুলকলরবসঙ্গে।
অনুমতি সংলভি তখন সৈন্যগণ পশিল নগর সুখহর্ষে,
নমিল সর্ব্বজন মুনিপদপঙ্কজ সমধিক-অবনতশীর্ষে।
অঙ্গ ধৌত করি শুদ্ধশান্ত হই বসিল রত্নময়হর্ম্ম্যে,
লভিল সর্ব্বজন বহুবিধ-অনুপমভোজ্যবস্তু অতিরম্যে।
পর্ব্বতসন্নিভশুভ্র-অন্নচয় সুগন্ধিকুসুমসদৃক্ষ,
দ্বিদলবিবিধমত তিক্ত-অম্লযুত চর্ব্ব্যচূষ্যশতলক্ষ।
বিপুলজলধিসম সজ্জিত চৌদিশি ঘৃতমধুসহ দধিদুগ্ধ,
অমরখাদ্য জিনি বিবিধখাদ্যচয় ভুঞ্জি মনুজগণ মুগ্ধ !
তখন কপিনিকর উঠিল লম্ফসহ মিষ্টখাদ্যতরুশীর্ষে,
মধুচক্র-উপরি মধুমক্ষিসদৃশ বেষ্টিল তরুকুল হর্ষে।

৩। বিততি—বিস্তৃতি ১৮। দ্বিদল—দাইল।

পূর্ণ করিল গুরু-উদর অপরিমিত নিন্দি সতণ্ডুলনৌকা,
অবনিপতিত বহু, মহিষরক্ত চুষি যদ্বিধ পতিত জলৌকা!
ভুঞ্জি অমৃতসমভোজ্য সুদুর্ল্লভ পরমশান্তিময়-অঙ্গে,
বঞ্চিল রজনি সৈন্যগণ মণিময়তল্প-উপরি সুখসঙ্গে।
নিরখি অলৌকিক-তপ'বল নরপতি চমকিত্বিস্মিতচিত্তে,
তুচ্ছতৃণসদৃশ গণিলেন্ নিজবলধনজন-অবনিপতিত্বে।
ভুঞ্জি অতঃপর পবিত্রঋষিগণদত্ত-ভুক্ত-অবশিষ্টে,
শাস্ত্রমর্ম্ম শুনি শান্তিরঞ্জন লভি বঞ্চি রজনি সুবিশিষ্টে,
ব্রাহ্মসময় উঠি বন্দি ঋষিনিকর সমধিকপুলকিতবক্ষে,
চলিলেন্ পুনরপি দলবলসংহতি আত্মভবন-অভিলক্ষ্যে।
কতশতনদনগনগর অতিক্রমি নিরখি বিবিধমতদৃশ্য,
কতশত-আশ্রমতীর্থ সমীক্ষিল কতশতমুনি সহশিষ্য।
ক্রমশ' নরেশ্বর আত্মনগরবরনিকট উপস্থিত হর্ষে,
জনৈকসুচতুর-অনুচর সত্বর চলিল বন্দি নতশীর্ষে।
ঝটিতি উপস্থিত হই নগরান্তর পরমসুখান্বিতচিত্তে,
ভরতসন্নিকট কহিল বিনয়সহ নৃপতি-উপস্থিতিতত্ত্বে।
মুহূর্ত্তমধ্য সমস্তনগরময় রাষ্ট্র হইল শুভতত্ত্ব,
সপদি সর্ব্বজন বৃদ্ধযুবকশিশু হইল হর্ষ-উনমত্ত;
শিখিকুল যদ্বিধ হর্ষযুক্তচিত নিরখি জলদ সুবিশিষ্ট,
বসন্তসময় সমুপগত সমীক্ষি পিককুল যদ্বিধ হৃষ্ট।
ব্যস্ত সমস্তপৌরজন সমধিক বদন হাস্যপরিপূর্ণ,
মৃতোত্থিতসদৃশ তুষ্ট সকলজন, দশদিশি কলরব তূর্ণ।

২। জলৌকা=জোঁক। ১৭। রাষ্ট্র=প্রচার। ১৮। উনমত্ত=উন্মত্ত।

বিপুলনগরবর হইল সুসজ্জিত রত্নসৌধকুলরঙ্গে,
প্রতিপথ উজলি কদলতরু শতশত সলিলপূর্ণঘটসঙ্গে।
তখন শুদ্ধমতিভরত অনুজবর, বহুলমনুজসহ হর্ষে,
মহাব্যগ্র হই চলিল অগ্রসরি উজ্জ্বলকিরণবিবর্ষে।
মুহূর্ত্ত-অন্তর উভয়সৈন্যদল মিলিল পরস্পারসঙ্গে,
জয়জয়জয়রব উত্থিত চৌদিশি বিনিন্দি জলধিতরঙ্গে!
উন্মদসদৃশ হইল সবসৈনিক অতুলিতহর্ষনিমিত্তে,
রব্ধ পরস্পার কত-অভিনন্দন-করমর্দ্দন সুখিচিত্তে।
তখন ভরত সমুপস্থিত সত্বর নৃপকুলতিলকসমক্ষে,
চিরকিঙ্করসম নমিল সসম্ভ্রম ধরণিবিলুণ্ঠিতবক্ষে।
নমিল তদন্তর জনকদুহিতৃপদ অনুপমভক্তিবিবর্ষে,
নমিল অনুজবর-লক্ষ্মণ সত্বর ভরত-চরণযুগপার্শ্বে।
লুণ্ঠি অবনিতল শত্রুঘ্ন-সুমতি নমিল সভার্য্য-নৃপেন্দ্রে,
নমিল ভক্তিসহ লক্ষ্মণ-পদযুগ সুরসম সুরপতি-ইন্দ্রে।
তখন নরেশ্বর মহাব্যগ্র হই হর্ষ-অশ্রুময়চক্ষে,
ধরিলেন্ সত্বর আর্ত্ত-অনুজযুগ কর বিস্তৃত করি বক্ষে;
ফুল্লকুসুমময়তরুবর, পরিগণি, মিলিল মলয়পবনাঙ্গে,
নির্ম্মলশশধরবিম্ব মিলিল, গণি, সুবিমলজলধিতরঙ্গে।
শির'চুম্বন করি সুগন্ধ লই নৃপ উৎসুকসম অতিযত্নে,
কহিলেন্ বচনরচন করি সুন্দর বিনিন্দি চিতহররত্নে।

স্নিগ্ধ হইল হৃদয়সদ্ম, ঈক্ষি বিমলবদনপদ্ম,
পূর্ণবিরত হইল অদ্য দুঃখ-অনল সত্বরে;
যদ্বিধ বিধু-অমৃত শান্ত ভক্ষি সুখিত খগ নিতান্ত,
চক্র নিরখি রজনি-অন্ত হৃষ্ট হয় যথান্তরে।

উৎকটতম-অররুমধ্য-, যদ্দিন সব ছিনু নিবদ্ধ,
যুদ্ধ সতত করি অসাধ্য, ভৈরবসমরাঙ্গনে ;
চিন্তিনি কভু হৃদয়মধ্য, শান্তিসুখদমনুজসদ্ম-
বান্ধবগণবদনপদ্ম ঈক্ষিব পুন' দর্শনে।
মাত্র তবই সুকৃতিজন্য, লঙ্ঘিনু যত বিপদগণ্য,
অদ্ভুত তবচরিত ধন্য, নশ্বরভবমণ্ডলে,
পুণ্য কতই ছিল অতুল্য, মান্য হইনু অমরতুল্য,
সংলভি তবসম-অমূল্য- অগ্রজপদবৎসলে।
রঘুবরসুমধুরবাক্যনিচয় শুনি ভক্তিবিনয়-নতমস্তে,
কহিলেন্ ভরত অনুজমণি মধুময়বচন কৃতাঞ্জলিহস্তে।

কাঞ্চনমালাচ্ছন্দঃ।

সমীক্ষি যতনে, পদাব্জরতনে,
অতুল্যসুখসংস্রবে,
মুমূর্ষু অধুনা নিমগ্ন করুণা-
প্রপূর্ণ-অমৃতার্ণবে।
রবীন্দুবিহনে, অনিন্দ্যভুবনে,
তমিস্র সুমহৎ যথা,
তবাঙ্ঘ্রিবিহনে, নরেন্দ্রভবনে
চিরান্ধ বলবৎ তথা।
মহাগ্নিসদৃশে মমাত্মকলুষে
বিদগ্ধ ভব সর্ব্বথা,

৮। বৎসল = অনুরক্ত।

অতুল্যস্বজনে নৃপেন্দ্ররতনে
প্রদত্ত কতহৃদ্‌ব্যথা !!
সুরম্যনিলয়ে অধৈর্য্যচিত যে
পবিত্রজনকাত্মজা,
মমাত্মকলুষে বিদগ্ধতনু সে,
(বিপন্ন অমরাত্মজা !)
কৃতান্ত অধুনা প্রদর্শি করুণা,
মমাঙ্গ যদি সংহরে,
প্রশান্তিনিবহে অবশ্য লভি হে,
অসহ্যভবতুস্তরে।

নিরব-অচল হই বাক্যনিচয় শুনি শত্রুঘ্ন সজলনেত্রে,
সংস্মরি সমুদয়পূর্ব্ববিষয়চয় থরথরকম্পিতগাত্রে,
মহাক্রুদ্ধ হই ঘনঘন নিঃশ্বসি, দুঃখ-অনলময়বক্ষে,
কহিল বাক্যচয় করযুগ সম্পুটি গলিত-অশ্রুময়চক্ষে।

ভুজঙ্গপ্রয়াতচ্ছন্দঃ।

মহাত্মন্, তবাজ্ঞা-নিমিত্তে, অপার্য্যে,
চিত ক্ষান্ত সম্যক্ জগদ্‌ধ্বংসকার্য্যে ;
নচেৎ সাধ্য শত্রুঘ্ন-দোর্দ্দণ্ডপার্শ্বে,
তবস্বস্তি নষ্টে দ্বিষদ্‌বর্গ হর্ষে ?
স্মরি শ্রান্তিসঙ্গে গতক্লান্তি অদ্য,
মহদ্‌বহ্নি চিত্তে পুনর্দীপ্ত সদ্যঃ।

১৫। অপার্য্যে = অপারতঃপক্ষে। ১৭। দোর্দ্দণ্ড = বাহুদণ্ড। ১৯। ক্লান্তি = ক্লেশ।

সদা বাঞ্ছি সম্যক্ তবদ্বেষ্যবর্গে,
বৃহদ্ব্যাঘ্রতুল্য প্রচর্ব্বি স্বগর্ব্বে।
মহৎপুণ্যজন্যে পুনঃপ্রাপ্তযত্নে,
জগন্মান্যভাস্বৎ-পদদ্বন্দরত্নে ;
বসি শ্রেষ্ঠমঞ্চে, প্রভু, স্থৈর্য্যসঙ্গে,
কর স্নিগ্ধ সম্যক্ জগৎ-দগ্ধ-অঙ্গে।

তখন নরেশ্বর পরমহর্ষসহ অনুমতি সঁপিলেন্ সর্ব্বে,
চলিল উভয়দল পংক্তিবদ্ধ হই নিক্ষিপি চরণ সগর্ব্বে।
অসঙ্খ্যসুবৃহদ্ধ্বজবর উত্থিত বিমলনভস্তল রঞ্জি,
চলিল অশ্বগণ বিশ্ব মুগ্ধ করি জলনিধিতরঙ্গগঞ্জি !
সুমধুরবাদ্য সমুত্থিত চৌদিশি অমৃতলহরি অভিবর্ষি,
চলিল চক্রিচয় ঘর্ঘররবসহ অতুলকান্তি পরিদর্শি।
মুহূর্ত্তপর নৃপসূর্য্য মহোজ্জ্বল পশিলেন্ নগর সসৈন্যে,
দৌড়িল সমুদয়যুবকবৃদ্ধশিশু পদাব্জদরশনজন্যে।
কুলযুবতিনিচয় সত্বর অতিশয় খুলি সবভবনগবাক্ষে,
বিস্ময়হর্ষসহিত অতিসযতন নিরখই অনিমিষচক্ষে।
কতশতযুবতি বিজুলিসমচঞ্চল অর্দ্ধবিমণ্ডিতগাত্রে,
উঠিল হর্ম্ম্য'পরি ঘর্ম্মসিক্ততনু, কজ্জল বিগলিত নেত্রে।
উৎকণ্ঠিত হই কণ্ঠ-অলঙ্কৃতি পরি সুমৃদুলকটিপার্শ্বে,
বসন অসম্বরি ছুটিল যুবতি কত উন্মদসদৃশ সহর্ষে !
তখন নরেশ্বর দলবলসংহতি পশিলেন্ পুরবর রম্যে,
বরষিল চৌদিশি কুসুমরত্নচয় যুবতিনিচয় মণিহর্ম্ম্যে।

৪। দ্বন্দ্ব= যুগল।

ঝটিতি মনুজপতি সমিতিসদন পশি পাত্রমিত্রগণসঙ্গে,
শ্রান্তি অন্ত করি চলিলেন্ স-অনুজ অন্তরপুর মন'রঙ্গে !
চিন্তি কথঞ্চিৎ নিরখি নৃপেশ্বর অনুজনিকরমুখপদ্মে,
পশিলেন্ প্রথমত' সম্ভ্রমসহ অতি কৈকয়ীমণিময়সদ্মে।
করকিসলয় বিস্তৃত করি মহিষী স্খলিত-অশ্রুময়চক্ষে,
মহাব্যগ্র হই ধরিলেন্ সুতগণ দুঃখদগ্ধমৃদুবক্ষে।
শতশতচুম্বন করি, অঞ্চলসহ মার্জ্জি নৃপতিমুখচন্দ্রে,
কহিলেন্ যুবতি-শীর্ষমণি সুমধুর-বংশীধ্বনিসমমন্দ্রে !

অনুতাপিনীচ্ছন্দঃ।

দুস্তরভুবনার্ণবে, কর্ত্তিততৃণতুল্য রে,
লাঞ্ছিত অতি কৈকয়ী, ঈক্ষহ সুত সত্বরে।
দুর্জ্জনখল চিন্তিয়ে হিংসই সব এক্ষণে,
ক্রুদ্ধ সকল সর্ব্বদা, আস্য মম সমীক্ষণে !
দণ্ডিতমৃতভুল্য রে, তিষ্ঠি নিজগৃহান্তরে,
দগ্ধ হৃদয় নিশ্চিতে, দুঃখ-অনল দুর্দ্ধরে।
গর্ব্বিত হই গৌরবে, দুষ্কৃতি করি দুর্ম্মনে,
সঙ্গতফল সর্ব্বথা, বৎস, লভিনু এক্ষণে।
আত্মকলুষ চিন্তিয়ে, কম্পিত তনু সম্প্রতি,
বাঞ্ছি মরণ সর্ব্বদা, শূন্য অপরসদ্গতি !
উঃ কি বিষমযন্ত্রণা, বহ্নিসদৃশ অন্তরে,
ভস্ম হইনু কল্মষে, রক্ষহ, হরি, সত্বরে !!
ধিক্‌শত সুখসম্পদে, ধিক্ মমখলদুর্ম্মতি,
রাজ্যধন-বিলুব্ধ যে, ধিক্‌শতশত তৎপ্রতি।

রক্ষ, হরি, পদাশ্রয়ে, লুব্ধমনুজ দুঃশীলে,
নাস্তি গতি ভবার্ণবে,' ত্বৎপদবিনু দুর্ব্বলে !
করুণ-বাক্য শুনি পরমভক্তিসহ্ পদরজ' লই নিজশীর্ষে,
কহিলেন্ নরপতি করযুগ সম্পুটি বচন-অমৃত-অভিবর্ষে।
সত্য, জননি, মম-অদৃষ্ট- জন্য হইনু বননিবিষ্ট,
রাজ্যসহিত সুখ বিশিষ্ট বৰ্জ্জি বিরস-অন্তরে ;
ভাগ্যই মম অতি-অধন্য, দুঃখ ঘটিত মমই জন্য,
নির্ম্মলচিত সকল অন্য, চিন্তি বুঝহ সত্বরে।
মাত্র, জননি, তবনিমিত্ত, সর্ব্ববিপদ তরিণু নিত্য,
অদ্য লভিল পুন' কুভৃত্য আত্মভবন এক্ষণে ;
দুঃখতিমির হইল অন্ত, উত্থিত পুন' সুখ অনন্ত,
চিত্ত, জননি, করহ শান্ত, বিস্মরি সবযন্ত্রণে।
অধৈর্য্যচিত অতি কনিষ্ঠমহিষী প্রিয়সুতদর্শনজন্যে,
হইলেন্ সত্বর তত্র উপস্থিত পরিহরি নিজজন অন্যে।
গগন পরিত্যজি পূর্ণশশাঙ্ক কি নিপতিত হইল অকস্মাৎ ?
বিজুলিপুঞ্জ জিনি মঞ্জুলতনুকর ঝলমলি ঝলিত সমন্তাৎ !!
সম্ভ্রমসহ অতি নৃপতি অনুজসহ উত্থিত বিস্ময়হর্ষে,
নমিলেন্ পরমভক্তিসহ তৃণসমধরণিবিলুণ্ঠিতশীর্ষে।
মহাব্যগ্রচিত-যুবতিরত্নমণি, অশ্রুকুসুমময়চক্ষে,
লইলেন্ সুতগণ অঙ্ক-উপরি নিজ হর্ষ-উচ্ছলিতবক্ষে।
মুহূর্ত্ত সমুদয় নিরবসুনিশ্চল হৃদয় পূর্ণ সুখপুঞ্জে,
কহিলেন্ তখন যুবতিকুলশশধর বংশীধ্বনিপরিগঞ্জে।

১৩। কনিষ্ঠমহিষী=সুমিত্রা।

স্থধাসারচ্ছন্দঃ।

বিধি নিরদয় হইল সদয়,
লভিনু হৃদয়- রতনগণে,
অসুখনিলয়- রজনি-বিলয়,
অরুণ-উদয় পুন' গগনে।
হৃদয়-অনল নিবিল সকল,
লভিনু অমল- অমিয় সবে,
পুরজনগণ হরষিতমন,
অতুলরতন লভিল ভবে।
পড়ুক গরল (হউক বিকল)
তবরিপুদল- সমলমুখে,
অশনিপতন হউক সঘন,
মরুক কুজন নিরখি সুখে।
লভ নৃপপদ পরমসুখদ,
দমহ বিপদ সবভুবনে,
নয়নযুগল করিব সফল,
নিরখি অমল- বিধুবদনে।

অনুপমমঙ্গলজনকবাক্য শুনি নৃপতি কৃতাঞ্জলিহস্তে,
কহিলেন্ পদরজ' চুম্বি ভক্তিসহ কিঙ্করসমনতমস্তে।
ধন্য, জননি, তবচরিত্র, গাঙ্গসলিলসম পবিত্র,
শত্রুনিচয় হয় সুমিত্র, নিশ্চয় তবসদ্‌গুণে;
স্নিগ্ধ হইল হৃদয়সদ্ম, চুম্বি অতুলচরণপদ্ম,
দুর্ল্লভসুখ লভিনু অদ্য, হৃদ্যবচনসিঞ্চনে।

যদ্বিধ তব হয় সুচিন্ত, কার্য্য করিব কহিনু সত্য,
বাধ্য সতত অধমভৃত্য, পূজ্যবচনরক্ষণে,
মাত্র, জননি, নিদিশ অদ্য, মঙ্গল লভি ভুবনমধ্য,
অর্চ্চি চরণ রতন-পদ্ম, চিত্ততনুসমর্পণে।

তখন নরেশ্বর অনুজনিচয়সহ জননীদ্বয়-পদ বন্দি,
সুমিষ্টসুগন্ধিজলগ্রহণ করি চলিলেন্ করিবর নিন্দি।
ক্রমশ' নরেশ্বর কৌশল্যা-প্রিয়সদন উপস্থিত হর্ষে;
পদত্র সন্ত্যজি অনুজবর্গসহ পশিলেন্ প্রবিনতশীর্ষে।
বিস্ময়ভয়সহ নিরখি অকস্মাৎ ভৈরবসকরুণদৃশ্যে,
বসিলেন্ ধরণি-উপরি মস্তক ধরি তিমির নিরখি সববিশ্বে!
অবিরত মূর্চ্ছিত অবনিবিলুণ্ঠিত মুমূর্ষুসন্নিভ রাজ্ঞী,
পূর্ণ-ইন্দু জিনি তনুবর মসিসম, নিরখি অবাক্ নৃপবাগ্মী!
ছিন্নমলিনতমবস্ত্রপিহিত সুধু অস্থিচর্ম্মময়-অঙ্গ,
বধির কর্ণযুগ অন্ধ নয়ন অহ অজস্র অশ্রুতরঙ্গ!!
তখন নরেশ্বর পদতলসন্নিধি বসি, অতি সকরুণশব্দে,
মা মা বলি ঘন সম্বুধিলেন্ বহু অতুলদুঃখ পরিলব্ধে।
সুমধুররব শুনি মৃতোত্থিতসদৃশমহিষী প্রশিথিল-অঙ্গে,
অর্দ্ধোত্থিত হই কহিলেন্ গদ্‌গদবচন মৃদুলরবসঙ্গে।

পীযূষবল্লীচ্ছন্দঃ।

রঘুবর কি ফিরে গৃহগত হলিরে,
হতজনগণরক্ষণে?

৩। নিদিশ=আজ্ঞাকর।

চিরমৃতহৃদয়ে, পুন অমৃতচয়ে,
সঁপিল কি বিধি এক্ষণে!
নিরিখহ নয়নে, কি গতি পুরজনে,
তবমুখশশিবঞ্চিতে,
জলধি জলবিনা, জল কমলবিনা,
কমল অরুণবৰ্জ্জিতে!
অবিরলদহনে, সহিনু যত মনে,
বিষম-অশনিযন্ত্রনা,
অনলময়শরে, যদি হৃদি বিদরে,
তবু গণি সুখসান্ত্বনা।
কত-অধমনরে, লইল নিজকরে,
শমন সদয়-অন্তরে,
কহ, কি অপযশে, মমতনুপরশে,
অমত সতত সঞ্চরে?

অধিকসন্নিকট বসি রঘুকুলরবি কর যুড়ি অবনতশীর্ষে,
কহিলেন্ সবিনয় সরলবচনচয় অজস্র-অশ্রুবিবর্ষে।

দুঃখদগধজননি, অদ্য শান্তি লভহ হৃদয়মধ্য,
ভাগ্যরহিততনয় সদ্য' আশ্রিত পদপঙ্কজে;
অর্পিণু বহুবিকটদুঃখ, উৎকটবিষধরসদৃক্ষ,
বিস্মরি সব পুন' সমীক্ষ খিন্ন-অধম-আত্মজে।
মার্জ্জহ মমকলুষলক্ষ, বর্জ্জন কর সকলদুঃখ,
অন্ধকমুনিবিষমবাক্য সাধ্য কি পরিবর্ত্তনে?
চক্রসদৃশ সকলসত্ত্ব ঘূর্ণিত ভুগি করম আত্ম,
বর্জ্জ, জননি, বিকলচিত্ত, আত্ম-অতুলসদ্‌গুণে।

ক্রমশ’ তখন মহিষী স্থির হই পুন’ সংলভি সুবিমলদৃষ্টি,
হৃদয়-উপরি লইলেন্ প্রিয়সুতগণ দর্শি অতুলতমতুষ্টি।
জনক-দুহিতৃমুখ চুম্বি হর্ষসহ করতল অর্পি বরাঙ্গে,
কহিলেন্ পিকরবনিন্দি-অমৃতময়বচননিচয় সুখসঙ্গে।

মরি মরি, সরলে,　　কুসুমসুমৃদুলে,
সহিলি কতই যন্ত্রণা!
তববদনশশী　　মলিন জিনি মসী;
নিরখি ভুবন দুর্ম্মনা!!
নরপতিদুহিতা,　　অবনিপ-বনিতা,
হলি তবু চিরদুঃখিনী!
মমকরমফলে,　　অমৃতই গরলে
পরিণত, বিধুগঞ্জিনি!!
ছিল কি মমমনে,　　তববিধুবদনে
নিরখিব পুন এক্ষণে;
বিধি করি করুণা,　　বরষিল অধুনা
অমৃত নিহতরক্ষণে।
লভ সতি অমলে　　চিরসুখকমলে,
পতিসহ মহিমণ্ডলে;
নিরখি তবমুখে,　　ত্যজিব তনু সুখে,
লভিব পরমমঙ্গলে।

তখন তনয়গণ বিবিধ-অমৃতময়-অনুপমসুখাদ্য ভক্ষি,
চলিলেন্ পরমহর্ষসহ নিজনিজ-মণিময়সদন সুলক্ষ্যি।
ক্রমশ’ নৃপেশ্বর সমুপস্থিত হই শশিসমসদন সভার্য্য,
বিমুগ্ধ হইলেন্ নিরখি অতুলতমশিল্পিনিচয়-কৃতকার্য্য।

শতশতমণিচুনি বিখচিত চৌদিশি বরষি বিমলকরপুঞ্জে,
কনকরত্নগণ-সজ্জিতসুসদন ইন্দুঁকিরণ পরিগঞ্জে !
শতদলদল জিনি মৃদুলতল্পবর পূর্ণ অতুলতমগন্ধে,
কুসুমবিনির্ম্মিত-মশকবৈরিবর দুলিত পবন মৃদুমন্দে !
তদুপরি নৃপমণি পরমশান্তিসহ হইলেন্ শয়িত সভার্য্য,
ফুল্লকমলময়বিমল-শয়ন'পরি শচিসহ,সুরপতি-আর্য্য।
যুবতিরত্নগণ তুষি দম্পতিমন' অনুপমসুমধুরনৃত্যে,
যন্ত্রতন্ত্রসহ চলিল পুরান্তর সমধিকপুলকিতচিত্তে।
অতুলিতহর্ষসহিত নৃপকুলরবি মধু জিনি সুমধুরহাস্যে,
কহিলেন্ চুম্বি বিকচমুখপঙ্কজ অমৃত বর্ষি বিমলাস্যে।

বিস্ময়কর জগতকাণ্ড, অদ্ভুততম-কুহকভাণ্ড !
হাস্যকরুণরসকরণ্ড, চিন্তি বুঝহ অন্তরে ;
অদ্য নৃপতি গরবপূর্ণ, কল্য সকলসুপদ চূর্ণ,
সৌখ্য-অসুখ ঘটিত তূর্ণ স্বপ্নসম জগৎ'পরে !
ঈক্ষহ সতি হই সধৈর্য্য, কিম্বিধ সবভুবনকার্য্য !
বদ্ধ যখন ছিনু সভার্য্য, রাক্ষসভবনান্তরে,
চিন্তিনি কভু হৃদয়মধ্য, ঈক্ষিব পুন' মনুজসদ্ম,
সৌখ্য অতুল লভিব অদ্য, দুঃখদলিত-অন্তরে।
দুর্গ্রহ অতি বিধিনির্দিষ্ট, সাধ্য কি মম কহি বিশিষ্ট,
ঘূর্ণিত সর্বভব অদৃষ্ট- অদ্ভুততমকৌশলে,
নাট্যনিলয়সদৃশ দৃশ্য, দুঃখিত কভু, কভু সহাস্য,
কাষ্ঠপুতলিসম মনুষ্য নর্ত্তিত মহিমণ্ডলে !!

৪। মশকবৈরী=মশারি। ১২। করণ্ড=পাত্র।

অমৃতপুঞ্জসম-মঞ্জুবচন শুনি যুবতি পুলকযুত-অঙ্গে,
কহিলেন্ বংশীধ্বনি জিনি অনুপমসুমধুরবাক্যতরঙ্গে।
জগজটিলজল্পনা, মমনিকট যন্ত্রণা,
সাধ্য মম কহ কি বুঝি তত্ত্বে ?
লই মতি অকিঞ্চনী বুঝই কভু পক্ষিণী
অম্বুধি কি গগন-বিপুলত্বে ?
কি ফল কহ এক্ষণে, বিফলসবকল্পনে,
বর্জ্জি তব-অতুলপদচিন্তা ?
বিধিহরিমহেশ্বরে অধম গণি অন্তরে,
কান্ত, তবপদ ভবনিয়ন্তা !!
লভি নয়ন-ইঙ্গিতে, পরমপদ নিশ্চিতে,
ঈক্ষ যদি তুমি মৃদু-অপাঙ্গে ;
তবচরণ চিন্তিয়ে, স্বরগসুখ ভুঞ্জিয়ে,
ধন্য গণি অধমমনুজাঙ্গে।
বহুবিধসুখদ-বাক্যকথনান্তর, পরশি পরস্পর অঙ্গে,
সিহরিত কম্পিত ধৈর্য্যরহিতচিত উষ্ণনিঃশ্বসনসঙ্গে।
ফুল্লকুমুদ'পর অর্পিল বিধু কর, বিম্ব-উপরি পিক-লাস্য,
সরসকমল-হৃদি পশিল ভৃঙ্গবর, বুঝহ চতুর কি রহস্য।
উৎকটবিরহশরাগ্নি নির্বহিত, শান্তি উদিত উভয়াঙ্গে,
অলস-অবশ তনু, চিত্ত নিমজ্জিত বিমলসুখাব্ধিতরঙ্গে।
মেধ্যবসন পরি ভুঞ্জি মিষ্টজল, নির্ম্মলহৃদয় বিশুদ্ধে
চিন্তি পরমপদ নিমগ্ন দম্পতি সুপ্তি-অমৃতনিধিমধ্যে।

৫। অকিঞ্চনী—সামান্য। ১২। নির্ব্বহিত=বিনষ্ট।

সর্ব্বপৌরজন অতুলসুখান্বিত সুপ্ত হইল অবিলম্বে ;
বিমলচন্দ্রকর-বিধৌতগৃহকুল কনকনগেন্দ্র বিড়ম্বে !
নিরববিপিনসম সমগ্রপুরবর, পরমশান্তিময়দৃশ্য,
স্নিগ্ধসুগন্ধ বিবর্ষি চতুর্দ্দিশি অনিল চলিত চিতবৃষ্য।
পরমশান্তিসহ রাত্রি অন্ত করি উত্থিত নৃপকুলসূর্য্য,
ধ্বনিল চতুর্দ্দিশি রজনিবিরতি-পরিশংসি-মধুরতমতূর্য্য।
শুদ্ধশান্ত হই নৃপতি তদন্তর পশিলেন্ সজ্জিত-অঙ্গে,
রত্নবিমণ্ডিত-সমিতিসদনবর—ঝলমল রশ্মিতরঙ্গে।
মণিচুনিবিখচিতকনকমঞ্চ’পরি বসিলেন্ প্রশান্তচিত্তে,
ঝলকিত গৃহবর, চমকিত পুরজন অনুপমকিরণনিমিত্তে !
পাত্রমিত্রগণ বসিল সমুজ্জ্বলি কর যুড়ি অবনতমস্তে,
পংক্তিবদ্ধসৈনিকগণ চৌদিশি বিবিধ-অস্ত্রকুল হস্তে।
ক্রমশ অমরপতি-বিরিঞ্চি-গণপতি-হরি-হর-সুরঋষি হর্ষে
সমুপস্থিত হই বসিলেন্ ঝলমলি মঞ্চ-উপরি করবর্ষে !
পরমহৃষ্ট হই সমুপবিষ্ট সব বিনয়সহিত নতদৃষ্টে,
তখন উপস্থিত কুলগুরুবশিষ্ঠ গজপতিগতি সুবিশিষ্টে।
সম্ভ্রমসহ উঠি নমিল মনুজগণ ধরণিবিলুণ্ঠিতশীর্ষে,
মৌলিকিরণসহ রঞ্জি চরণযুগ নমিলেন্ নৃপতি সহর্ষে।
বসিলেন্ মুনিবর রত্নমঞ্চ’পর অর্ঘ্যপাত্র লই হস্তে,
রহিলেন্ নরপতি মঞ্চসন্নিকট ভৃত্যসদৃশনতমস্তে।
স্নিগ্ধসমুজ্জ্বল হইল সভাস্থল মুনিবর-অনুপমবর্ণে,
পূর্ণ-ইন্দু জিনি নবদিনকর জিনি সাধ্য কি বর্ণিব বর্ণে !!

৪। বৃষ্য=বলকারক। ৬। বিরতিপরিশংসী=বিরামজ্ঞাপক
২২। বর্ণ=অক্ষর।

নিখিলনরেশ্বরমুকুট-বিচুম্বিতপদরজ' পরমপবিত্র,
শান্ত যদিচ তনু তবু অতিদুরীক্ষ্য অদ্ভুত-অতুলচরিত্র !!
সুললিতসুবিমল-মুঞ্জকাঞ্চিবর নিবদ্ধ কটিতটসঙ্গে,
কল্পবিটপি-কমতুহিনশুভ্রতম-সুমৃদুলবল্কল অঙ্গে।
নিরমল-অন্তরবৃত্তিসদৃশ-অতিবিশদদশনকরপুঞ্জে ,
ধবলিত মুখবর, গাঙ্গজলবমন-নিরতগবাস্য-বিগঞ্জে।
চপলচিত্ত-বন্ধনরজ্জুসদৃশ দীর্ঘজটা স্থিত শীর্ষে,
চমরপুচ্ছসম-বিশদকূর্চ্চকুল শুভ্রকিরণ অভিবর্ষে।
ভবাব্ধিতরণ-তরণি মুনিপুঙ্গব, মঙ্গলবিহগ-নিকুঞ্জ,
পুণ্যরত্ন-গিরি, মদজলধি-বড়ব, কুমতিবিপিন-দবপুঞ্জ।
গরুড়সদৃশ নিখিলদ্বিজ-অধিপতি, শরৎসদৃশ গতবর্ষ,
সুরগুরুসন্নিভ সম্বর্দ্ধিতকচ, সুরনরচিত্-চিরহর্ষ।
অপরচতুর্ম্মুখসদৃশ মুনীশ্বর নিগমচতুষ্টয়পক্ষে,
কৃতযুগ পরিহরি সতত অবস্থিত ধর্ম্ম ঋষীশ্বর-বক্ষে।
অধিক কি মুনিবর নিরখি ধরণিগত, গগন, বর্জ্জি চিরহাস্য,
সপ্তর্ষি-বসতি-গর্ব্ব পরিত্যজি, জলধরসম্বৃত-আস্য !!
তখন পুণ্যজল-বিধৌত করি সব, সমীক্ষি নৃপকুলরত্নে,
কহিলেন্ ঋষিবর মধুরবচনচয় শান্তি সিঞ্চি অতিযত্নে।

পবিত্রাচ্ছন্দঃ।

অতুলসুখান্বিত চিত, মম নিশ্চিত,
নিরখি অভীপ্সিত- দুর্লভরত্নে ;

৩। মুঞ্জ=তৃণবিশেষ। ৬। গবাস্য=গোমুখপর্ব্বত।
১১। দ্বিজ=পক্ষী ও ব্রাহ্মণ। বর্ষ=বর্ষা ও বৎসর, বয়ঃক্রম।
১২। কচ=বৃহস্পতিপুত্র ও কেশ। ১৪। কৃতযুগ=সত্যযুগ।

সফল তপঃশ্রম, জগত গতক্লম,
বিদলিত দুর্দ্দম- কল্মষ যত্নে।
পশি বিপিনান্তর, পতিত নরেশ্বর
কতশতদুর্দ্ধর- দুঃখ অনন্তে;
অহ বিধি নির্ম্মম, ক'ব কি তবক্রম ?
ত্রিভুবন-বিভ্রম, চক্র দুরন্তে !!
সহি বহুদুষ্কর, করিল নরেশ্বর
ভুবন বিভাস্বর, কল্মষ নষ্টি,
অনলবিনিঃসৃত- কনক যথা স্থিত,
করি সমলঙ্কৃত অঙ্গসমষ্টি।
ভুলি বিগতক্ষতি বিধিকৃতদুর্গতি,
জনগণ সম্প্রতি সুস্থিরগাত্রে,
রঘুপতিসন্নিধি, সহ সবসদ্বিধি,
সঁপহ মহন্নিধি- দণ্ড স-ছত্রে।
দিনমণিবঞ্চিত- নভ'সম নিশ্চিত
ছিল তিমিরান্বিত দুঃখিত-আর্য্য,
লভি পুন'সম্প্রতি রঘুপতিভাস্পতি,
করহ সুখোন্নতি- মঙ্গলকার্য্য।

মুনিবরসুমধুর-বাক্যনিচয় শুনি জনগণ হর্ষিতচিত্তে,
করিল সম্ভ্রম পরমযত্নসহ বাঞ্ছিতকার্য্যনিমিত্তে।
চন্দনকুসুম-রজতমণিকাঞ্চন-তিলতণ্ডুল-নববস্ত্র,
নব-অবতংস-মুকুট মণিবিরচিত, রত্নখচিতনব-অস্ত্র,

১। ক্লম=ক্লান্তি। ২। ক্রম=বিধান।

মেধ্যপঞ্চফল-সপ্তসরিৎজল ঘৃতমধুসহ দধিদুগ্ধ,
মৃগমদ-গুগ্‌গুল-কনকবর্ত্তিকুল নিরখি জগজ্জন মুগ্ধ!
স্বয়ং মন্ত্রিবর পাত্রমিত্রসহ অতুলনৃপতিকুলরত্নে,
কাঞ্চনমঞ্চ-উপরি করিলেন্ স্থিত সম্ভ্রমসহ অতিযত্নে।
সপ্তকলসজল অভিমন্ত্রিত করি বিধিমত ঋত্বিকবৃন্দ·
সিঞ্চিল অবনিপশিরসি সমুচ্চরি মন্ত্রনিচয় অবিনিন্দ্য।
তখন নরেশ্বর পরিলেন্ সুললিত নব-অবতংসসমস্তে,'
শুভ্রবসনপরিবেষ্টিতমণিময়-উজ্জ্বলশীর্ষক মস্তে।
কৌষিক-উত্তরি মণিচুনিবিখচিত পরিহিত কৌষিকবস্ত্র,
রত্নবিনির্ম্মিতকুণ্ডল-অঙ্গদ পরি লইলেন্ নব-অস্ত্র।
সুললিতকুসুমমাল্যসহ গজমতিমাল্য সুসজ্জিত বক্ষে,
চন্দনচর্চ্চিত উচ্চ-অলিকবর, উজ্জ্বলকজ্জল চক্ষে।
তখন অনুজমণিভরত শান্তমতি পুরান্ত' পশি অতি যত্নে,
করিল উপস্থিত ছত্রদণ্ডবর মণ্ডিত অতুলিতরত্নে।
সহস্ররবি জিনি দীপ্তদণ্ডবর ঝলসিল গৃহ অতিমাত্রে,
সমুৎকণ্ঠ হই সভাস্থজনগণ নিরখিল কম্পিতগাত্রে!
বিদ্যুৎবিজড়িতবজ্র নিন্দি, জিনি শমনসমুজ্জ্বলদণ্ডে,
মূর্ত্তবহ্নি জিনি অধিকভয়ঙ্কর বরষি রশ্মি পরচণ্ডে!
পরমযত্নসহ ভরত কুলর্ষভ রক্ষিল দণ্ড সহর্ষে,
রত্নবিমণ্ডিতকনকমঞ্চ'পরি ভক্তিসহিত নতশীর্ষে।
সম্ভ্রমসহ উঠি তখন মুনীশ্বর চন্দন লই ফুলসঙ্গে,
বর্ষণ করিলেন্ বিবিধমন্ত্র কহি দীপ্তদণ্ডবর-অঙ্গে।
পরমভক্তিসহ নমিলেন্ রঘুপতি সমধিক-অবনতমস্তে,
অর্পিল মঞ্জুলকুসুমাঞ্জলিকুল বিনতসভাস্থসমস্তে।

সত্বর তখন দণ্ড লই মুনিবর পরমহর্ষসহ যত্নে,
অর্পণ করিলেন্ সতর্ক হই অতি ধর্ম্মনিরতনৃপরত্নে।
পরমবিনয়সহ নৃপতিকুলেশ্বর অতুলদণ্ড ধরি হস্তে,
বসিলেন্ রত্নমঞ্চ'পরি শশিসম মুকুটসুসজ্জিতমস্তে।
তখন অমরগণ সম্ভ্রমসহ অতি উত্থিত হই চিতরঙ্গে,
করিলেন্ অভিনন্দন চন্দনময় নন্দনফুলকুলসঙ্গে।
অমনি চতুর্দ্দিশি করিল উলুধ্বনি পুরন্ধ্রিনিকর সহর্ষে,
সরসবসন্ত নিরখি পিককুল মিলি যদ্বিধ কলরব বর্ষে।
বহুবিধমঙ্গলবাদ্য সমুত্থিত অমরযন্ত্ররবখর্ব্বে,
মধুরশব্দময় রম্যজগৎত্রয় সুখাব্ধিনিমগন সর্ব্বে।
সপদি সমুজ্জ্বলি সকলসভাস্থল সুললিতরঘুকুললক্ষ্মী
সমুপস্থিত হই বসিলেন্ নৃপমণি-সব্যপার্শ্ব পরিলক্ষ্যি।
স্নিগ্ধসলিলধরসন্নিধি বিধুবর বিধুসহ কৈরবপুঞ্জ,
কৈরবসন্নিধি মধুকর সুন্দর মধুপনিকট কমকঞ্জ।
তখন অনুজগণ বন্দি নৃপতিপদ অতুলিতসজ্জিত-অঙ্গে,
মণিময়-ছত্রধবিত্র ধরিল পরিবেষ্টি মঞ্চ মন'রঙ্গে।
ভক্তপবনসুত করযুগ সম্পুটি মঞ্চনিম্ন মহিপৃষ্ঠে,
রহিল পতিত হই পুলকিততনুসহ ভক্তিরসাপ্লুতদৃষ্টে।
ভুবন সমুজ্জ্বলি রাজ্য-অধিপ হই বসিলেন্ নৃপতি সভার্য্য,
নিরখি তৃপ্তচিত করিল জয়ধ্বনি সভাস্থসমুদয়-আর্য্য।
গর্জ্জিল পবি জিনি অনল-অস্ত্রকুল ধূম্রজলদ-অভিবর্ষে,
সভাস্থ-অপরমহিপগণ অর্পিল উপঢৌকন নতশীর্ষে।

১৩। কৈরব=কুমুদ। ১৬। ধবিত্র=চামর।

সুললিতসুমধুর-পরমচিত্তহরবিবিধযন্ত্ররবসঙ্গে,
ভট্টবন্দিগণ নৃপতি-অতুলযশ'বর্ণনরত চিতরঙ্গে।
অহ কি সুধাস্বর শুনি সবমধুকর সরসিজ পশি মৃদু গুঞ্জে,
বিস্মিত চমকিত নিরব-অবস্থিত পরভৃত নিভৃতনিকুঞ্জে!

অমৃতকণিকাচ্ছন্দঃ।

জয় রঘুপতি জয় রঘুপতি
জয় জগপতি ধন্য,
জয় ভবতল, জয় যুগফল,
জয় রঘুকুলপুণ্য।
কুহুবিদলিত- বিধু সুললিত-
রবি-ঘনবৃতকান্তি-
তিমিরজড়িত- মণিখনিমত
ছিল পুর হতশান্তি।
লভি নৃপপদ বিগতবিপদ,
পুন' মন'মদদৃশ্য,
নিরখি বিভব, সুখি-বিধি-ভব,
হরষিত সববিশ্ব।
সুবিমলপুর রতনমুকুর,
মুনি-ঋষি-সুরপূর্ণ,
ঝলকিত কত মরকত শত,
চমকিত চিত তূর্ণ!
নিরখি নয়ন ভরি জগজন,
চির-অতুলনকান্তি,

করহ সকল জনম সফল,
লভহ বিমলশান্তি।
কমশিখিবর- সম চিতহর
নৃপতনুবরবর্ণ;
চরণযুগল অতিসুবিমল,
নবনিরমলপর্ণ।
মরকতমণি- বিরচিত, গণি,
ফুলদল জিনি অঙ্গ,
অতিসুবিশদ সুরমন'মদ,
মনমথ-মদভঙ্গ।
করিকরসম কর অনুপম,
মৃদুলপরমসৌম্য,
জিনি সুরধনু' মণিময়তনু-
ধৃতশরধনু' রম্য।
ত্রিভুবনধন অতুলবদন
ললিতরতনসদ্ম,
মধুর-অধর নবশশধর,
নয়ন নধরপদ্ম।
কষিতকনক- সদৃশ ঝলক,
বিজুলি-চমক লক্ষি,
স্থিত সযতন তুষি নৃপমন'
রঘুকুলধনলক্ষ্মী।
যুগলমিলন বিধু-নবঘন,
সুরনরগণগণ্য,

নিরিখ চরণ সবজগজন,
শমনদমনজন্য।

তখন মুনীশ্বর দক্ষিণকর তুলি জলদমৃদুলতমমন্দ্রে,
কহিলেন্ মধুময়বিমলবচনচয় নিরখি নৃপতিমুখচন্দ্রে।

পরমপরিষ্কৃত- মতি তব নিশ্চিন্ত,
সুবিদিতচর্চ্চিত শাস্ত্র অগণ্য;
তবু মমবাঞ্ছিত, কহিব কথঞ্চিত,
নিখিলজগৎ-হিত- মঙ্গলজন্য।
অতিশয়দুর্দ্দম যুবজনহৃৎ-তমঃ,
শশিরবি অক্ষম দীপ্তিসমর্পে!
যদিচ সুশিক্ষিত হৃদয় সুমার্জ্জিত,
তবু জন মজ্জিত যৌবনদর্পে!
সুবিষমযৌবন বিষয়সুখেন্ধন,
জগজনবন্ধন- রজ্জু মমত্বে,
গুরুজননিন্দিত সুখশত গর্হিত
অবিরত বাঞ্ছিত চঞ্চলচিত্তে।
যুবগণ নিশ্চিত তনুবলদর্পিত,
অহিত মহৎ-হিত চিন্তই সর্ব্বে,
বিষয়সুখোন্মদ, সুজনভয়প্রদ,
কলুষ-মহানহ্রদ উদ্ধত গর্ব্বে।
পুন' যদি যৌবন- সহ ধনমিশ্রণ,
বুঝহ কি দুর্গুণ সম্ভব তত্রে,

১৩। ইন্ধন=শুষ্ককাষ্ঠ।

শনিসহ অন্তক বৃকসহ তক্ষক-
সদৃশ নরান্তক নিশ্চয় অত্র।
ধনিগণ নিশ্চিত অতিশয়দূশ্চিত,
গণই অকিঞ্চিত বিশ্বসমস্তে,
ধনমদগর্ব্বিত কলুষশতান্বিত,
অবিরত সংস্থিত উন্নতমস্তে।
গুণিগণনিন্দিত কুপথসমাশ্রিত,
লঘুজনবন্দিত মৎসরপূর্ণ,
ত্যজি সবসঞ্চিত, কুজনসহ স্থিত,
পতনসমন্বিত নিশ্চয় তূর্ণ।
ধনজনযৌবন অতিশয়দুর্জ্জন,
সুমতিবিমর্দ্দন, বিশ্রুত বিশ্বে,
বিষয়পদাশ্রিত- জনগণ নিশ্চিত
অবিরত বঞ্চিত শান্তিসুদৃশ্যে।
লভি মমসম্মতি, নিজগণসংহতি,
রত তুমি সম্প্রতি দুষ্করকর্ম্মে,
অচপলসৎমতি- সহ, নৃপভাস্পতি,
করহ সমুন্নতি কৌলিকধর্ম্মে।
করহ মহাব্রত পিতৃগণদর্শিত,
করহ সমর্চ্চিত পূজ্যসমস্তে,
গুণিগণবেষ্টিত রহ হরষান্বিত,
কভু নহ বঞ্চিত বঞ্চকহস্তে।

১। বৃক=ব্যাঘ্র। তক্ষক=সর্পবিশেষ। ১৮। কৌলিক=কুলক্রমাগত।

পরমভক্তিসহ বিমল-উক্তি শুনি রঘুপতি অবনতমস্তে,
কহিলেন্ সুমধুরবচননিচয় যুড়ি সরসিজসমমৃদুহস্তে।

ধন্য হইনু ঋষিমহান্ত, পুণ্য লভিনু কত নিতান্ত,
অদ্য হইল হৃদয় শান্ত, বাক্য-অমৃতসিঞ্চনে;
কল্মষসব হইল অন্ত, মন্ত্রদমিত ফণিদুরন্ত,
উজ্জ্বল গণি জগদনন্ত, ধর্ম্মকিরণবর্ষণে।
যদ্বিধ তব হয় নিদিষ্ট, কার্য্য করিব কহিনু, শিষ্ট,
অর্পহ সুধু বল বিশিষ্ট, ঘৃণ্য-অধমকিঙ্করে;
রাজ্যসহিত বিবিধকার্য্য অদ্য লইনু নৃপতিধার্য্য,
কিন্তু তবই চরণ, আর্য্য, সম্বল মম দুস্তরে।
দুর্ব্বলমতি মম নিতান্ত, রাজ্যবহন অতিদুরন্ত,
মাত্র তবই বচন কান্ত, আশ্রয় মম অত্র হে,
পৃষ্ঠত' মম হই নিমিত্ত, কার্য্যনিরত করহ নিত্য,
যদ্বিধ রবি লভি বিভুত্ব ঘূর্ণই অপরগ্রহে।
সম্প্রতি মম তৃষিত বক্ষ' কিঞ্চিত তবপদসমক্ষ,
প্রশ্ন করিব, সরসিজাক্ষ, বর্জ্জি উচিতশিষ্টতা,
যদ্যপি তব হয় নিদিষ্ট, বাঞ্ছিত মম কহি বিশিষ্ট,
দর্শি সদয়হৃদয়, ইষ্ট, মার্জ্জহ মমধৃষ্টতা।

রঘুপতিসবিনয়বাক্যনিচয় শুনি অতুলসুখান্বিতচিত্তে,
মৃদুলহাস্যসহ অনুমতি সঁপিলেন্ নৃপসম অনুগতভৃত্যে।

সতত অভীপ্সিত- চিত মম নিশ্চিত,
তবমন'বাঞ্ছিত- অর্পণজন্যে;
শ্রুতিযুগ কাঙ্খিত, করহ সুধান্বিত,
বদনবিনিঃসৃত- বাক্য সুধন্যে।

যত তববাঞ্ছিত, চিরচিতসঞ্চিত,
বলহ অকুণ্ঠিত- সুস্থিরচিত্তে,
বুঝহ সুনিশ্চিত, ঋষিগণসংধৃত-
তনুমন' অর্পিত, ভক্তনিমিত্তে।

অতুল-অমৃতময়বাক্যনিচয় শুনি রঘুকুলরবি অতিযত্নে,
কহিলেন্ কর যুড়ি মধুরবচনচয় অবনমি গুরুপদরত্নে।

সংশ্রুত তববচনজন্য, পার্থিবসুখ অতিনগণ্য,
যৌবনধনজন জঘন্য গত্বর সব সত্বরে;
বাঞ্ছি কি কহ, ভুবনরাধ্য, তুচ্ছবিষয়বিপিনমধ্য,
দুর্ব্বলমৃগসদৃশ অদ্য বদ্ধ করহ কিঙ্করে?
কর্ম্মনিগড় পরি নিতান্ত তিষ্ঠিব কতদিবস, কান্ত,
বন্দিসদৃশ অতিদুরন্ত- নিন্দ্যবিষয়সংশ্রবে?
অস্থির মম মন' নিতান্ত, চিন্তি বিকটতমকৃতান্ত,
কিম্বিধ করি তরিব, হন্ত, দুস্তরভুবনার্ণবে!!

নৃপতিতত্ত্বময়বাক্যনিবহ শুনি মুনিবর মুদ্রিতনেত্রে,
স্তম্ভিতসম উপবিষ্ট মঞ্চ'পরি পুলকসমুদ্গম গাত্রে!
দরদর বিগলিত হর্ষ-অশ্রুচয় বাহ্যবিষয়হতদৃষ্টি,
ঘর্ম্মসহিত মৃদুকম্পন উত্থিত, সাত্ত্বিকচিহ্ন সমষ্টি!!
মুহূর্ত্ত সুস্থির রহি মুনিপুঙ্গব শান্তিসিক্ত করি সর্ব্বে
কহিলেন্ পবিত্রবচননিকর পুন' অমৃতগর্ব্বপরিখর্ব্বে।

অতুলসুখান্বিত হইনু সুনিশ্চিত,
তবমুখনিঃসৃত- বাক্য অতুল্যে,
কহি শুন, সচ্চিত, রহি বিষয়ে স্থিত,
লভই যথেপ্সিত- মুক্তি অমূল্যে।

নিখিলজগজ্জন বিকল অনুক্ষণ,
লভি দৃঢ়বন্ধন বস্তু অসত্যে,
পরমপদ স্বত' লভই সুনিশ্চিত,
যদি হয় সুস্থিত, বর্জ্জি মমত্বে।
কমলদলস্থিত- জলসম সর্ব্বত,
রহি বিষয়ান্বিত, ভুঞ্জহ সৌখ্যে,
করি চিতমার্জ্জন, লভি সমদর্শন,
কর মন' অর্পণ বাঞ্ছিতমোক্ষে।
যত তব সংকৃত, যত তব দুষ্কৃত,
করহ সমর্পিত, বিষ্ণুপদান্তে,
ত্যজহ অহঙ্কৃতি ষড়রিপু-সংহতি,
যদি নিজনিষ্কৃতি ইচ্ছহ অন্তে।

মুনিবর-অনুপমবাক্যনিকর শুনি আপ্লুত সমধিকহর্ষে,
স্নিগ্ধশান্তিময় সভাস্থজনগণ নমিল ধরণিনতশীর্ষে।
তখন মুনীশ্বর মঞ্চ পরিত্যজি উত্থিত পুলকিতবক্ষে,
বাঞ্ছি সর্ব্বজন-চিরমঙ্গলসুখ চলিলেন্ আশ্রমলক্ষ্যে।
নৃপকুলভাস্কর সম্মুখি সবজন পরমশান্তিযুতচিত্তে,
কহিলেন্ মধুসম-মধুরবাক্যচয় জনগণসৌখ্যনিমিত্তে।

পূজ্যচরণ-গুরুনিদিষ্ট- রাজ্য লইনু অতিগরিষ্ঠ,
মন্ত্রিনিকর, কর সুদৃষ্ট সর্ব্ববিষয় এক্ষণে;
ধর্ম্মবিহিত-বিমলরাজ্য, যদ্বিধ করি হয় সুধার্য্য,
তদ্বিধ সব করহ কার্য্য বর্জ্জি অপরমন্ত্রণে।
দুষ্টকুজনকুল-অনিষ্ট শিষ্টসুজন-সুখ অভীষ্ট,
চিন্তহ অনুদিন বিশিষ্ট, চিত্ততনুসমর্পণে,

চৌর্য্য-অনৃত করহ শূন্য, দস্যুনিকরগরব চূর্ণ,
চেষ্টহ সবসচিব তূর্ণ, হিংস্রকজনমর্দ্দনে।
সুন্দরসর' করহ সৃষ্ট, শীঘ্র দমহ সলিলকষ্ট,
নির্ম্মিত করি মঠ গরিষ্ঠ, শিক্ষিত কর সুপ্রথা,
সৃষ্টি করহ সুপথঘট্ট, পণ্যসহিত বিপুলহট্ট,
রম্যসুরভি-চরণপট্ট নিষ্কর কর সর্ব্বথা।
মন্দিরবহু করি বিশিষ্ট, বিগ্রহকুল কর নিবিষ্ট,
ধর্ম্মনিরত করহ, শিষ্ট, শুদ্ধচরিতসুপ্রজা;
যজ্ঞসকল করহ তূর্ণ, রাজ্য করহ সুফলপূর্ণ,
শান্তি পরম কর বিকীর্ণ, দীপ্ত কর যশোধ্বজা।
অদ্য সমিতি করিনু ভঙ্গ, দুর্ব্বল সবসচিব-অঙ্গ,
শীঘ্র গমন কর বিহঙ্গ- তুল্য নিজগৃহান্তরে,
বাঞ্ছিতমত সকল অদ্য, উৎসব কর নগরমধ্য,
পূর্ণ করহ ভুবন সদ্য' মঙ্গলশুভসঙ্করে।
পরমসুখপ্রদবাক্যনিচয় শুনি সমস্তজন গুরুহর্ষে,
করিল জয়ধ্বনি মণিসমসুবিমল-কুসুমনিচয়-অভিবর্ষে।
সমর্পি অনুমতি সর্ব্বজনপ্রতি বিপুলমহোৎসবজন্যে,
সমিতিভঙ্গ করি পশিলেন্ মহিপতি রতনপুরান্তর ধন্যে।
নিরখি নৃপেশ্বর ভবনমধ্যগত দিনকর নির্ভয়চিত্তে
পশিলেন্ অস্ত-অচলগৃহ সত্বর বাঞ্ছিতশান্তিনিমিত্তে।
তখন সর্ব্বজন হইল মহোৎসবনিরত পুলকযুত-অঙ্গে,
জয়জয়জয়রব উত্থিত দশদিশি বিনিন্দি জলধিতরঙ্গে!

১। অনৃত=মিথ্যা। ৫। ঘট্ট=ঘাট। হট্ট=হাট।
৬। সুরভিচরণপট্ট=গোচারণস্থান।

পরমসুসজ্জিত হইল নগরবর পল্লবফুলময়মাল্যে,
মণিময়সুবৃহদ্ধ্বজকুল উত্থিত গৃহকুলশিখর অতুল্যে।
প্রতিপথ উজ্জ্বলি বর্ত্তিপংক্তিচয় নিন্দি বিমল-উড়ুবৃন্দে,
বর্ষিত দশদিশি অজস্র ফুলকুল বিমলরত্নমণি নিন্দে।
জলধিলহরিসম অসংখ্যনরগণ চলিত হিরণ্ময়বর্ত্মে,
বিস্মিত সবজন নিরখি নগরবর অমরনগরসম মর্ত্তে!
ক্বচিৎ বিবিধমত দৈবত অর্চ্চিত ঝলকিত উজ্জ্বলবর্ণে,
শঙ্খকাংস্যঘড়িপটহ-উচ্চরব বধির করই নরকর্ণে!
চন্দনকুসুমসুগন্ধ সুবিস্তৃত অগুরুধূম্রচয়সঙ্গে,
সৌরভপূর্ণ সমস্তনগরবর নিন্দি মলয়গিরি-অঙ্গে!
ক্বচিৎ বিপ্রগণ লক্ষলক্ষ বসি অশননিরত চিতহর্ষে,
অমরভোজ্য জিনি বিবিধভোজ্যচয় অনুপম-অমৃত বিবর্ষে
ভক্ষ ভক্ষরব উত্থিত চৌদিশি অর্প অর্প রবসঙ্গে,
পিচ্ছিল পথচয় সিক্ত কর্ম্মিগণ দধিমধুদুগ্ধতরঙ্গে!
ক্বচিৎ ভিক্ষুকুল ভক্ষি অপরিমিত সংস্থিত পুলকিতবক্ষঃ,
নৃপতিনিযুক্তভৃত্যগণ অর্পই রৌপ্যখণ্ড-শতলক্ষ।
নগরমধ্যগতসুবিপুল-উপবন উজ্জ্বলি অনুপমসজ্জে,
করদমিত্রনৃপবর্গ অবস্থিত নিরখি অমরগণ লজ্জে।
অঙ্গবঙ্গপতি-কলিঙ্গ-অধিপতি সমুদয় সংস্থিত তত্রে,
কি সাধ্য বর্ণিব পটমণ্ডপকুল মুণ্ড বিঘূর্ণিত অত্রে!
রত্নবিমণ্ডিতকনকদণ্ড'পরি মণ্ডপকুল কমগাত্রে,
চন্দ্রসূর্য্য জিনি অধিকসমুজ্জ্বল ঝলমলি ঝলসই নেত্রে!
মণিচুনিবিথচিতসুবৃহৎ-ধ্বজকুল বিদুলিত মণ্ডপশীর্ষে,
ঝকমকি চৌদিশি সজ্জিত-সৈনিক বিস্ময়ভয় অভিবর্ষে!

ক্বচিৎ নৃপতিগণ চলিতসদলবল রঘুপতি-পুরবরলক্ষ্যে,
উজ্জ্বলি ভবতল রঞ্জি নভস্থল, নৈশনিমন্ত্রণরক্ষে।
কনকরত্নময়-বসনবিমণ্ডিত-হস্তি-অশ্বকুল হর্ষে
চলিত পংক্তি রচি সুললিতগতিসহ ঝলমলকিরণবিবর্ষে।
প্রশস্তপথকুল উজ্জ্বলি সজ্জিত-যন্ত্রিনিচয় সুখহর্ষে
মুরজবংশ লই মধুরবাদ্য করি চলিত অমৃত-অভিবর্ষে।
ক্বচিৎ যুবতিগণ অতুলনৃত্যরত বিমত্ত করি জনবৃন্দে,
ঝুনু ঝুনু কিঙ্কিণি-কঙ্কণঝঙ্কতি অমরযন্ত্র পরিনিন্দে!
ক্বচিৎ কুহকিবর চিত্তভৃপ্তিকর-অতুলকুহক পরিদর্শে,
চিত্রপুতলিসম চৌদিশি জনগণ সংস্থিত বিস্ময়হর্ষে!
ক্বচিৎ বিবিধমত-আগ্নিককৌতুক উজ্জ্বলি গগনসমগ্রে,
উড়ুকুলসন্নিভ-অনলপুষ্পকুল ঝলমল কিরণ উদগ্রে!
মুহূর্ত্ত উজলি নভস্তল ঝলমলি নিন্দি ইন্দ্রধনু'অঙ্গে,
কৃতশতকৃত্রিমশিখিকুল নর্ত্তিত পুচ্ছ সমুচ্ছসি রঙ্গে!
'ধাবিত মুহুর্মুহু' অনল-অস্ত্রকুল জলদ বিরচি গগনাঙ্গে,
হর্ষমত্তচিত অখিল-অমরনর নর্ত্তনরত চিতরঙ্গে!
ত্রিদশ সমুজ্জ্বলি অপ্সর'গণ মিলি নৃত্যনিরত সুখসঙ্গে,
বিধিহরিহরপুর-অতলবিতলসব আপ্লুত হর্ষতরঙ্গে!
অতুলমহোৎসবমগ্ন জগজ্জন বিস্মরি সমস্তকার্য্যে,
চতুর্ব্বর্গসহ চরমশান্তিসুখ সমুদিত সমুদয়-আর্য্যে।

ইতি শ্রীহরগোবিন্দলস্করচৌধুরি-বিরচিতে
দশাননবধে মহাকাব্যে পূর্ণমনস্কামো
নাম দশমঃ সর্গঃ।